সংশোধিত ও পরিবর্দ্ধিত।

A

NOTE BOOK OF MATERIA MEDICA

IN BENGALI

ভৈষজ্য-বোধ।

১৮৯৮ সালের নূতন ব্রিটিশ ফার্ম্মাকোপিয়া অনুসারে ইংরাজী ঔষধ সকলের প্রস্তুত প্রণালী প্রয়োগরূপ ও মাত্রা এবং গ্যারড় সাহেবের মেটিরিয়া মেডিকা অনুসারে ঔষধ সকলের শ্রেণীবিভাগ, ক্রিয়া ও ব্যবহারের সংক্ষিপ্ত বিবরণ।

প্রথম ভাগ।

(ধাতু ও উপধাতুঘটিত ঔষধ সকল।)

ঢাকাকলেজের ভূতপূর্ব্ব লেবরেটরি এসিষ্টাণ্ট ও
ঢাকা মেডিকেল স্কুলের ভূতপূর্ব্ব কেমিকেল এসিষ্টাণ্ট,
রামধনু ও বৈজ্ঞানিক দাম্পত্য প্রণালী প্রণেতা।

শ্রীসূর্য্যনারায়ণ ঘোষকর্ত্তৃক
প্রণীত ও প্রকাশিত।

চতুর্থ সংস্করণ।

ওরিয়েণ্টাল প্রেস—ঢাকা।

প্রিণ্টার শ্রীরজনীকান্ত শীল দ্বারা মুদ্রিত।

সন ১৮৯৯ ৩০শে ডিসেম্বর।

মূল্য ১।০ আনা। একটাকা চারি আনা।

সূচীপত্র।

ভৈষজ্য বোধ।

প্রথমভাগ।

১৮৯৮ সনের ব্রিটিশ ফার্ম্মাকোপিয়া অনুসারে সংশোধিত ও পরিবর্দ্ধিত।

লাইকর হাইড্রোজিনাই পেরক্সাইডম। সলিউশন অফ্ হাইড্রোজেন পেরক্সাইড Liquor Hydrogeni Peroxidi. Solution of Hydrogen Peroxide.

হাইড্রোজেন পারক্সাইডের জলিয় দ্রব, জল, বেরিয়ম পেরক্সাইড ও কোন ডাইলিউট মিনারেল এসিডের ৫০ ফা (১০ সে) কম তাপে প্রতিক্রিয়া দ্বারা প্রস্তুত হয়।

বর্ণহীন, গন্ধহীন তরল দ্রব্য, অম্ল অম্লাস্বাদ লালা সংযোগে ফেন হয়।

ক্রিয়া।—উত্তেজক, পচন নিবারক, প্রবল অক্সিডাইজিং দ্রব্য, Stimulant Disinfectant, Power fully Oxidizing body.

ব্যবহার—ব্রঙ্কাইটিস, হুপিংকফ, ষ্ট্রুমা, রিউমাটিজম, ভারে-বিটিস্ স্থানিক—সেঙ্কার, ডিপ্থিরিটিক অল্সারস।

মাত্রা ॥০—২ তং ড্রাম।

Carbo Ligni. Wood Charcoal কার্ব্বোলিগনাই। উড্ চার কোল।

উৎপত্তি।—আবদ্ধস্থানে কাষ্ঠ লোহিতোত্তপ্ত করিলে প্রস্তুত হয়। কাষ্ঠ দগ্ধ করিয়া শতকরা ১৭—২৩ অংশ অঙ্গার পাওয়া যায়। বায়ুতে লোহিতোত্তাপে দগ্ধ করিলে শতকরা ৭॥০ ভাগের বেশী ভস্ম থাকা উচিত নহে।

গুণধর্ম্ম।—কৃষ্ণবর্ণ, গন্ধাস্বাদহীন, শুষ্কাবস্থায় বিবিধবাষ্প ও গন্ধ প্রচুর পরিমাণে শোষণ করে। সদ্য অবস্থায় এইক্রিয়া অতিশয় প্রবল, জলে অদ্রবনীয়, আবদ্ধ পাত্রে অতিশয় উষ্ণ করিলে উড়িয়া বা গলিয়া যায় না।

ক্রিয়া।—শোষক, দুর্গন্ধনাসক, পচন নিবারক বায়ু ও অম্ল নাশক। Absorbent, Deodouriser, Antiseptic, Carminative and Antacid.

মাত্রা—৬০—১২০ গ্রেণ।

ব্যবহার।—ষ্টমাক ও ইন্টেস্টাইনে অম্লাধিক্য ও অধিক বায়ু জন্মিলে এবং ব্যাধি বিশেষে মলের অবস্থা সংশোধনজন্য ব্যবহৃত হয়।

স্থানিক।—অঙ্গারচূর্ণ পুলটীস সহিত ক্ষতাদির দুর্গন্ধ হরণজন্য, দুষ্ট বায়ুতে অবস্থান কালে ইহার রেস্পিরেটার বা বায়ু পরিশোধক যন্ত্র এবং ইহার দন্তমঞ্জন ব্যবহার হয়। বিসকুট Bragg's biscuits ও লোজেঞ্জ আকারে কখন২ ব্যবহৃত হয়। সদ্য দগ্ধাঙ্গারই

ঔষধার্থে ব্যবহার্য্য। প্রস্তুত হইবামাত্র ষ্টপার বোতলে রাখা উচিত।

সলফর Sulphur. গন্ধক (ব্রিমষ্টোন (S...৩২)

গন্ধক একটী মূল পদার্থ। অমিশ্র অবস্থায় ভার্জিন সল্‌ফর নামে সভাবতঃ খনি ও আগ্নেয় গিরি হইতে পাওয়া যায়। মিশ্র অবস্থায় বিবিধ ধাতুর সলফাইড বা সলফিউরেট সকলে বিদ্যমান আছে, ঔষধার্থে ১। সবলাইমড্ সল্‌ফর। ২। প্রিসিপিটেড্ সল্‌ফর এই দুই প্রকার ব্যবহার হয়।

Sulphur Sublimatum. Sublimed Sulphur. Flowers of Sulphur.

সলফর্ সবলিমেটম। সব লাইমড সলফর। ফাওরাস অফ্ সলফর।

উৎপত্তি।—খনিজ গন্ধক কিম্বা সলফাইড সকল হইতে নূন্যাধিক সাক্ষাৎ রূপে প্রস্তুত হয়। সচরাচর উর্দ্ধপাদন বা তাপ-দ্বারা চুয়াইয়া প্রস্তুত হয়।

গুণধর্ম্ম।—অম্ল রেণুময়, উজ্জ্বল হরিতাভ পীতবর্ণ। গন্ধাস্বাদ হীন দাহ্য নীলশিখায় দগ্ধহয়। লিট্‌মসে সমক্ষারাম্ল। দগ্ধ করিলে কিছুই অবশিষ্ট থাকেনা।

ক্রিয়া—অল্প মাত্রায় চর্ম্ম ও বিশেষ ২ মিউকস মেমব্রেনের উত্তেজক, পরিবর্ত্তক, বলকারক, কফঃ নিঃ সারক, ঘর্ম্মকারক অধিক মাত্রায় মৃদুবিরেচক। (লাক্‌সেটিভ)।

স্থানিক।—মৃদু উত্তেজক, পাচরাকীট নাশক ও চর্ম্মের সকল প্রকার উদ্ভিদ পরাঙ্গপুষ্ট নাশক। মাত্রা—২০—৬০ গ্রেণ।

ব্যবহার।—ইম্পিটাইগো, প্রেরাইগো প্রভৃতি চর্ম্মরোগে, ক্রনিক ব্রঙ্কাইটীস, বাতরোগ, মৃদুবিরেচন জন্য বালক ও দুর্ব্বল ব্যক্তিকে, অর্শ, পারদসেবনে মুখ আসা। মলম আকারে পাঁচড়া, খোস ও দাউদ, টিনিয়া প্রভৃতি উদ্ভিদ পরাঙ্গপুষ্টরোগে।

মাত্রা। ২০ হইতে ৬০ গ্রেণ। (উত্তেজক ৫ হইতে ১০ গ্রেণ ও তদূর্দ্ধ। মৃদুবিরেচক ৩০—৬০ গ্রেণ ও তদূর্দ্ধ।

১। কন্ ফেকসিও সল্‌ফিউরিস। কন্‌ফেকসন অব্ সল্‌ফর

সব্‌লাইমড্ সল্‌ফর	৪ ঔন্স	১০০ গ্রামস
এস্লিড পটাসিয়মটার্টেট চূর্ণ	১ ,,	২৫ ,,
ট্রেগেকান্থা চূর্ণ	১৮ গ্রেণ	১ ,,
সিরপ	২ তং ঔন্স	৫০ কি, সে, মি
টিংচার অফ্ অরেঞ্জ	॥০ তং ঔন্স	১১৫ ,,
গ্লিসিরিন	১॥০ তং ,,	৩৭.৫ ,,

মিশ্রিত কর॥

মাত্রা। ৬০—১২০ গ্রেণ। অর্শরোগের বিশেষ উপকারী।

২। অঙ্গুয়েণ্টম সল্‌ফিউরিস। সল্‌ফর অয়েণ্টমেণ্ট। সব্-

লাইমড্ সল্‌ফর সূক্ষ্মছাঁকা	১ ঔন্স	৩০ গ্রাম
বেনজোয়েটেড্ লার্ড	৯ ,,	২৭০ ,,

উত্তমরূপে মিলিত কর।

(৫) সল্‌ফার প্রিসিপিটেটম Sulphur præcipitatum প্রিসিপিটেটেড্ সল্‌ফর। Precipitated Sulphur নামান্তর মিল্ক অফ্ সল্‌ফর।

সল্‌ফর ও লাইম একত্রে জলে ফুটাইয়া কেল্‌সিয়ম সল্‌ফাইড্‌স্ ও থিওসল্‌ফেট প্রস্তুত হয়, এইদ্রব্যের সলিউশনে হাইড্রো

ক্লোরিক এসিড্ যোগ করিলে সল্ফর অধঃ ক্ষিপ্ত হয়।

আকার প্রকার।—ধূসরাভ পীতবর্ণ, কোমল মসৃণ চূর্ণ, গন্ধহীন, দাহ্য।

ক্রিয়া ও ব্যবহার।—সব্লাইমড্ সল্ফরের ন্যায়।

মাত্রা ২০ হইতে ৬০ গ্রেণ।

(উত্তেজক ৫—১০ গ্রেণ, ও তদূর্দ্ধ। বিরেচক ৩০—৬০ গ্রেণ ও তদূর্দ্ধ।)

ট্রোচিসকস্ সল্‌ফিউরিস।

সলফর লোজেঞ্জ।

প্রিসিপিটেটেড সলফর	২৫০০ গ্রেণ	১৬২ গ্রাম।
এসিডপটাসিয়ম টার্ট্রেট চূর্ণ	৫০০ ,,	৩২·৪ ,,
রিফাইণ্ড সুগার চূর্ণ ...	৪০০০ ,,	২৫৯·২ ,,
গম একেসিয়া চূর্ণ ...	৫০০ ,,	৩২·৪ ,,
টিংচার অফ্ অরেঞ্জ ...	৫০০ মিনিম	২৯·৫ কি, সে মি,
মিউসিলেজ অফ্ গম একেসিয়া	৫০০ মিনিম	২৯·৫ কি, সে, মি,

টিংচার অফ্ অরেঞ্জ পাউডার গুলির সহিত মিশ্রিতকর মিউসিলেজ অফ্ গম একেসিয়া মিলিত করিয়া উপযুক্ত চাপ প্রস্তুত কর। ৫০০ লোজেঞ্জে বিভক্ত কর। মধ্যমরূপতাপে হট-এয়ার চেম্বারে শুষ্ক করিবে। প্রতি লোজেঞ্জ ৫ গ্রেণ (০·৩২৪ গ্রাম) প্রিসিপিটেটেড্ সলফ্র আছে।

ফস্ফরস Phosphorus দীপক (P=31).

ফস্ফরস—কঠিন অধাতব মূলপদার্থ।

প্রস্তুত।—কে লসিয়ম ফস্ফেট হইতে প্রস্তুত হয়।

মাত্রা—পিল কিম্বা সলিউশন ($\frac{১}{১০০}$ হইতে $\frac{১}{৩০}$ গ্রেণ)।

আকারাদি—অর্দ্ধ স্বচ্ছ, বর্ণহীন, মোমের ন্যায় কোমল অতিশয় দাহ্য, বায়ুতে রাখিলে ধূমোদ্গম হয়, স্বতঃ জ্বলিয়া উঠে এজন্য জলে মগ্ন করিয়া রাখা হয়। আঃ গুঃ ১.৭৭ জলে অদ্রবনীয় ঈথর ও স্ফুটিত তার্পিন তৈলে দ্রবনীয়। তূঁতে ও তার্পিন তৈল ইহার বিষঘ্ন।

ক্রিয়া।——প্রবল উত্তেজক, কামোদ্দীপক। Powerful Stimulant. Aphrodisiac—ব্যবহার। লো—ফিভার, কলরা, থাইসিস, ইণ্টার কষ্টেল ও ট্রেই জেমিনেল নিউরালজিয়া, সোরায়েসিস, একজিমা, গইটার, ধ্বজভঙ্গ, নিক্রোসিস, মানসিক শ্রমাধিক্য জনিত শীরোপীড়া।

প্রয়োগরূপ।

১। এসিডম ফস্ফরিকম কনসেণ্ট্রেটম। ৩। ওলিয়ম ফস্ফরেটম
২। এসিডম ফস্ফরিকম ডাইলিউটম। ৪। পাইলিউলা ফস্ফোরাই।

ওলিয়ম ফস্ফরেটম্। ফস্ফরেটেড অয়েল।

একটি পর্শিলেন ডিসে বাদামতৈল ৩০০ ফাঃ (১৪৯ সেঃ) তাপাংশে উষ্ণ করিয়া ১৫ মিনিট পর্য্যন্ত উক্ত তাপে উষ্ণ করিতে থাকিবে। শীতল হইলে কাগজদিয়া ফিল্টার করিবে। একটী প্রয়োজন অপেক্ষা অল্প বড় ষ্টপার্ড শিশিতে এই তৈলের ওজনে ৯৯ ভাগ লইয়া ইহাতে ১ ভাগ ওজন শুষ্ক ফস্ফরস যোগ করিবে, শিশিটিকে ১৮০ ফাঃ (৮২.২ সেঃ) তাপাংশের উষ্ণজলে মগ্ন করিয়া রাখিবে, শিশির তৈল ১৮০ তাপাংশ পর্য্যন্ত উষ্ণ হইলে, মধ্যে ২ দুই তিনবার ছিপি খুলিয়া মধ্যের প্রসারিত বায়ু বাহির হইতে

দিবে। ফস্ফরস ও তৈল নাড়িয়া ফস্ফরস সম্পূর্ণ দ্রব করিবে। ইহাতে শতকরা প্রায় ১ ভাগ ফস্ফরস আছে।

মাত্রা। ১—৫ মিনিম।

পাইলিউলা ফস্ফোরাই। ফস্ফরস পিল।

ফস্ফোরস	১০	গ্রেণ	১	গ্রাম
শ্বেত মোম দ্রব	১২৫	,,	১২·৫	,,
লার্ড দ্রব	১২৫	,,	১২·৫	,,
কেওলিন	১১৫	,,	১১·৫	,,

কার্ব্বন বাইসল্‌ফাইড ৩৩ মিনিম ৩ কি, সে, মি, বা যথা প্রয়োজন।

অল্প উষ্ণ মর্টারে দ্রব মোম ও মেদ রাখিয়া, উত্তমরূপে নাড়িয়া দুগ্ধের শরের মত করিবে। কার্ব্বন বাইসলফাইডে ফস্ফরস দ্রব করিবে এবং সাবধানে দ্রব মেদের সহিত মিলিত করিবে। কেওলিন যোগ করিবে, উত্তমরূপে মিলাইবে। অন্ধকারস্থানে শীতল জলমগ্ন বোতলে রাখিবে।

ঔষধ প্রস্তুতকালে ঐ মিশ্রদ্রব্যের প্রতি তিন গ্রেণ এক গ্রেণ গম একেসিয়া চূর্ণ সহ মিলাইয়া বটীকা প্রস্তুত করিবে, বড়িটী ভার্নিস করিবে। ফস্ফরস পিলে গম একেসিয়া সহ শতকরা ২ ভাগ ফস্ফরস থাকে, এজন্য ১৮৮৫ সালের ব্রিঃ ফাঃ পিল অপেক্ষা ২ গুণ প্রবল।

মাত্রা। ১—২ গ্রেণ।

আইওডম Iodum। আইওডাইন। Iodine. (I=127.)

আইওডিন, অধাতব মূলপদার্থ। স্কটলণ্ডের উত্তর ও আয়ার-

লণ্ড প্রভৃতি স্থানে সিউইডস বা সির‍্যাক Seawrack নামক ক্ষুদ্র২ সামদ্রিক উদ্ভিদ ভস্মকরিলে যে ক্ষার প্রস্তুত হয় তাহাকে কেল্প কহে। এই কেল্প হইতে এবং খনিজ আইওডাইড্ ও আইওডেট্ লবণ হইতে আইওডিন প্রস্তুত হয়। শোধিত কেল্পে আইওডাইড্ অফ্ সোডিয়ম, পটাসিয়ম ও মেগনেশিয়ম থাকে, ইহাতে সলফিউরিক এসিড যোগকরিয়া পেরক্সাইড মেনগেনিজ সহ উপযুক্ত পাত্রে উষ্ণ করিলে আওডাইন উর্দ্ধপাতিত হয়। আকারাদি। চেপটা পাত বা সস্তর দানাদার, গন্ধ বিশেষপ্রকার উগ্র, তীক্ষ্ণ ও কটু আস্বাদ, বর্ণগাঢ় বেগুনি বা কৃষ্ণ, ধাতুবৎ উজ্জল, উদ্বায়ী, আঃ গুঃ ৪·৯৫, জলে সামান্য দ্রবনীয়, ঈথার ও রেক্টিফাইড স্পিরিটে সহজে দ্রবহয়। আইওডাইড অব্ পটাস মিশ্রজল ও সামান্য লবণ মিশ্রজলে দ্রবনীয়। ষ্টার্চসলিউশন সহ ঘোরনীল বর্ণহয়। বিষঘ্ন—ষ্টার্চ ও ময়দা, আরারুট, প্রভৃতি দ্রব্য।

ক্রিয়া—স্থানিক।—শোষক, উগ্রতাসাধক, ফোস্কাকারক। Absorbent, Irritent, Vesicant.

আভ্যন্তরিক।—পরিবর্ত্তক, মুত্রকারক, লালনিঃসারক, রজঃনিঃসারক, ঘর্ম্মকারক, শোষক।

Alterative, Diuretic, Sialagogue Emmenagogue, Diaphoratic, Absorbent.

ব্যবহার। স্থানিক।—নানাবিধ চর্ম্মরোগ, বিবর্দ্ধিত ও ইনডিউরেটেড (প্রদাহ জনিত দৃঢ়) স্থানে, পীড়িত সন্ধিস্থান, রিউমাটিজম, গাউট, বিশেষ প্রকার ব্রঙ্কাইটিস ও থাইসিস রোগে ভেপর আইওডাইন ব্যবহৃত হয়। পেরিয়সটাইটিস, হাইড্রোসিলে পিচকারি, নালিক্ষতাদিতে লোসন বা তুলাতে মাখাইয়া, প্লীহা

ও যকৃত বিবর্দ্ধন, ব্রঙ্কসিল, গ্রন্থিবর্দ্ধন।

আভ্যন্তরিক।—ড্রপ্সি, লিকোরিয়া, এমিনরিয়া, সিফিলিস, স্ক্রফিউলা, ব্রঙ্কসিল, বিবিধ গ্রন্থি বর্দ্ধন, কোন যন্ত্র ও বিধানের প্রদাহ জন্য বিবর্দ্ধন ও দৃঢ়তা, যথা হাইপারট্রফি অফ্ দি স্পিলিন, ইউট্রাস ও লিভার, উপদংশজ ও অন্যপ্রকার চর্ম্মরোগ, টার্সিয়ারি সিফিলিস রোগের গমেটা, নোডস্ ও ক্ষতাদির অবস্থা, পুরাতন বাত ও গাউট।

১। লাইকোয়ার আইওডাই ফোর্টিস। ষ্ট্রং সলিউশন অফ্ আইওডাইন (লিনিমেণ্ট অফ্ আইওডাইন)।

আইওডাইন	১।০ আং	৫০ গ্রাম।
পটাসিয়ম আইওডাইড	৮০ ,,	৩০ ,,
ডিষ্টিল্ডওয়াটার	১০ তং আং	৫০ কি, সে, মি,
এলকোহল (শতকরা ৯০ ভাগ)	৯ তং আং	৩৬০ ,,

একটী বোতলে পটাসিয়ম আইওডাইড ও আইওডাইন ডিষ্টিল্ড জলে দ্রবকর এলকোহল যোগকরিয়া নাড়িয়া লও।

২। টিংচুরাআইওডাই। টিংচার অফ্ আইওডিন।

আইওডিন	॥০ আউন্স	২৫ গ্রাম।
পটাসিয়ম আইওডাইড	॥০ ,,	১৫ ,,
ডিষ্টিল্ডওয়াটার ...	॥০ তং আউন্স	২৫ কি, সে, মি,

ডিষ্টিল্ডওয়াটার সহ আইওডাইন ও পটাসিয়ম আইওডাইড একটী বোতলে রাখ দ্রব হইলে যথাবশ্যক এলকোহল যোগকরিয়া এক পাইণ্ট (একহাজার কিউবিক সেণ্টিমিটার পূর্ণ করিবে)।

মাত্রা। ২—৫ মিনিম।

৬। অঙ্গুয়েণ্টম আইওডাই। আইওডাইন অয়েণ্টমেণ্ট।

আইওডাইন	২০ গ্রেণ	১ গ্রাম।
পটাসিয়ম আইওডাইড	২০ ,,	১ ,,
গ্লিশিরিন ...	৬০ ,,	৩ ,,
লার্ড	৪০০ ,,	২০ ,,

একটী গ্লাশ কিম্বা পোর্সিলেন মর্টারে আইওডিন, পটাসিয়ম আইওডাইড ও গ্লিশিরিন একত্রে মিলিত করিবে, লার্ড ক্রমেঃ যোগ করিয়া, মিশ্রিত করিবে।

সলফিউরিস আইওডাইডম। সলফর আইওডাইড।

Sulphur Iodide. (S_2 I_2)

প্রস্তুত।—আইওডাইন	৪ আউন্স	১০০ গ্রাম।
সবলাইমড্ সল্‌ফর ..	১ ,,	২৫ ,,

আইওডিন ও সবলাইমড সলফর উত্তমরূপ মিলিত করিবে, আলগা ছিপিযুক্ত একটী ফ্লাস্কে মৃদু তাপ দিবে যে পর্য্যন্ত না সমুদায় ঘোরবর্ণ হয়, তাবপর তাপ বৃদ্ধি করিয়া তরল অবস্থা প্রাপ্ত হইলেই, শীতল হইতে দিবে, ফ্লাস্ক ভাঙ্গিয়া মধ্যস্থ দ্রব্য পৃথক ও চূর্ণ করিয়া ষ্টপার্ড বোতলে আবদ্ধ রাখিবে। ধূশরাভ কৃষ্ণবর্ণ, দানাময়, দেখিতে ধাতুবৎ, সুর্ম্মার ন্যায় দেখাযায়, আইডিনের গন্ধ বিশিষ্ট, গাত্রে লাগিলে পাণ্ডুবর্ণ দাগ হয। ৬০ ভাগ গ্লিশরিনে ১ ভাগ দ্রব হয়, জলে অদ্রবনীয়।

ক্রিয়া।—স্থানিক ক্রিয়া প্রায় আইওডিনের মত।

ব্যবহার। লেপ্রা, একনি ইনডিউরেটা প্রভৃতি দুরারোগ্য চর্ম্মরোগে ইহার মলম ব্যবহৃত হয়। কদাচ পরিবর্ত্তন ক্রিয়া জন্য

আভ্যন্তরিক ব্যবহার হয়।

(মাত্রা। ৷৹—২ গ্রেণ ও তদূর্দ্ধ)।

প্রয়োগরূপ।—অঙ্গুয়েণ্টম সল্‌ফিউরিস আইওডিডাই।

সাল্ফর আইওডাইড অয়েণ্টমেণ্ট।

সল্‌ফর আইওডাইড	২০ গ্রেণ	২ গ্রাম।
গ্লিশরিণ ...	২০ ,,	২ ,,
বেনজোয়েটেড্‌ লার্ড	৪৬০ ,,	৪৬ ,,

অল্পউষ্ণ মর্টারে সল্‌ফর আইওডাইড ও গ্লিশরিণ মর্দ্দন করিয়া লেইবৎ করিবে। বেনজোয়েটেড্‌লার্ড ক্রমে ক্রমে যোগ করিবে শীতল হওয়া পর্য্যন্ত নাড়িবে।

পটাশি ব্রোমাইডম Potassii Bromidum পটাশিয়ম ব্রোমাইড Potassium Bromide।

ষ্ট্রং সলিউশন অফ্‌ পটাসিয়ম হাইড্রেটাইডে, কিঞ্চিদধিক ব্রোমিন যোগকরিয়া, লব্ধ পটাশিয়ম ব্রোমাইড ও ব্রোমেট সলিউ-শনকে শুষ্ক করিবে। চারকোল সহ উষ্ণ করিয়া ব্রোমেটকে ব্রোমাইড করিবে, ও ক্রিষ্টেলাইজেশন দ্বারা শোধন করিবে।

আকারাদি—শ্বেতবর্ণ, স্বচ্ছ, সমষট্‌ প্রদেশযুক্ত (cubical) দানা বিশিষ্ট, গন্ধহীন, তীব্রলবণাস্বাদ, জলে দ্রবনিয় ক্রিয়া পরি-বর্ত্তক, স্নায়বিয় অবসাদক, শোষক, জননেন্দ্রিয়ের ও গলনলীর শৈষ্মিক-ঝিল্লির অবসাদক, Alterative, Absorbent.

১। পরিবর্ত্তন জন্য উপদংশজ চর্ম্ম রোগে, রোগীর আইও-ডাইন ঘটিত ঔষধ সহ না হইলে ব্রোমাইড প্রধান অবলম্বন, গ্রন্থি বর্দ্ধন, প্লীহা বিবর্দ্ধন।

২। স্নায়বিয় পীড়ায়, অনিদ্রা বিশেষতঃ কোন একিউট

ব্যাধির পর, যখন অহিফেন সেবনে নিদ্রার পরিবর্ত্তে উত্তেজনা জন্মে ও হায়েসায়েমস এবং বেলেডোনা নিদ্রা উৎপাদন করিতে বিফল হয়। কোরিয়া, কনভল্‌সনস্‌, ইপিলেপ্সি। টিটেনস প্রভৃতি আক্ষেপিক ব্যধি সকল। হিষ্টিরিয়া সহিত ইপিলেপ্টি ফরম কন্‌ভল্‌সনে ইহা প্রায় অব্যর্থ। ডিলিরিয়ম ট্রিমেন্স ও স্পেসিফিক ফিভার সকলে অনুরূপ অবস্থায়, নিম্ফোমেনিয়া, প্রায়েপিজম, মেনরহেজিয়া, ডায়েবিটিস, লেরিংসের বিবিধ ব্যাধি, স্পার্মেটোরিয়া।

মাত্রা। ৫—৩০ গ্রেণ।

একোয়া। ওয়াটার। জল Aqua, Water.

ফার্ম্মাকোপিয়ায় চুয়ানজল বা ডিষ্টিলড্‌ ওয়াটার ব্যবহৃত হয়। বকযন্ত্র বা ষ্টিল নামক যন্ত্র দ্বারা জল চুয়ান যায়। ঔষধ প্রস্তুত করিতে চুয়ান জল বা ডিষ্টলড্‌ ওয়াটার স্থলে সাধারণ জল ব্যবহার করিলে অনেক সময় অনেক ঔষধের গুণ নষ্ট হয় এবং অনেক ঔষধ দ্রব্য ও উহার সারাংশ চুয়ান জলে যেরূপ দ্রব হয় সাধারণ জলে সেরূপ হয় না।

মিনারেল ওয়াটার Mineral waters. প্রস্রবণের জল।

৭ প্রকার জল সচরাচর ঔষধার্থে ব্যবহৃত হয়। ১ম ফেরুজিনিস বা কেলিবিয়েট ওয়াটার। (লৌহাক্ত)—Ferruginous or chaly beate waters হেরগেট, বক্সটন, স্পা ইত্যাদি কার্ব্বনেট অব্‌ আয়রণ অধিক কার্ব্বনিক এসিড প্রভাবে দ্রব থাকে। এনিমিয়া রোগে ব্যবহার হয়।

২ সল্‌ফর ওয়াটার, সলফিউরেটেড বা হিপাটিক্‌ ওয়াটার (গন্ধকযুক্ত) Sulphur water, or Sulphuretted or Hepa-

tic waters. এই সকল জলে সলফিউরেটেড হাইড্রোজন বাষ্প দ্রব থাকে। কখন২ সলফাইড লবণ ও থাকে।—হেরোগেট ষ্ট্রাথপেফার, মফাট, লিসডনভার্ণা, ল্যানড্রিডনড ইত্যাদি।

ক্রিয়া।—লিভার, ইউট্রাস, বিবিধ মিউকসমেমব্রেণ ও চর্ম্মের উত্তেজক ও পরিবর্ত্তক।

ব্যবহার। সোরায়েসিস, একজিমা, রিউমাটয়েড অর্থাৎ রাইটিস, ক্রনিক লেরিঞ্জিয়েল ও ব্রঙ্কিয়েল ব্যাধি।

৩। এলেকেলাইন ওয়াটার Alkaline waters ক্ষার জল। ভিসি, ভালস, এনস্ ইত্যাদি।

ক্রিয়া। রক্তের ক্ষারত্ব বৃদ্ধি করিতে ব্যবহার হয়। যকৃত ও পাক যন্ত্রের পরিবর্ত্তক, মূত্রের অম্লত্ব দূর করিতে ব্যবহার হয়। ভিসিওয়াটার, গাউট ও ইউরিক এসিড্ গ্রেভেল মূত্রযন্ত্র ও মূত্রাশয়ের উত্তেজনা।

৪। সেলাইন ওয়াটার Acedulous or cabonated saline waters. বাথ, নিউনেহার, কিসিনজেন, ওয়েসবাডেন, টেরাম্প এইগুলি প্রধান। ইহাতে অত্যধির কার্ব্বনিক এসিড বাষ্প থাকাতে এইগুলি অম্লগুণ বিশিষ্ট, কার্ব্বনেট অবসোডিয়ম, মেগনেসিয়ম ও কেলসিয়ম এই অম্লের প্রভাবে দ্রব থাকে।

ব্যবহার। এটনিক ডিসপেপসিয়া, (কিসিন জেন বিলিন, বাডেন বাডেন) বাডেন২ মধ্যে লিথিয়ম লবণ থাকে। পরিবর্ত্তক, মূত্রকারক, ঘর্ম্মকারক, গাউট, রিউমাটীজম ও পাথরি।

৫। সেলাইন এপিরিয়েন্ট ওয়াটার Saline Aperient Waters. এই জলে সল্‌ফেট অব্ সোডিয়ম এবং মেগনেসিয়ম ক্লোরাইড অব্ সোডিয়ম ও মেগনেশিয়ম কার্ব্বনেট অব্ কেল্-

সিয়ম ও সোডিয়ম থাকে। চেল টেনহাম, লেমিঙ্গটন, কেল্সবাড মেরিনবাড, হোমবর্গ, ফ্রাঙ্কেন্স বাড প্রধান। ব্যবহার—পোর্টাল কন্‌জেশ্চন, যকৃত পীড়া, গাউট, প্লিথরা, ইউরিক এসিডের আধিক্য।

৬। ইন্‌ডি ফারেণ্ট থারমেল ওয়াটার In different Thermal woters এই জলে লবণাদি অতি অল্প থাকে, নাইট্রোজেন, বাষ্প অনেক থাকে, এই জলের তাপ ৭০—১৫০ ফাঃ। গ্যাসটিয়েন উয়াইল্‌ডবাড, স্কেলেনজেন বাড্‌, টেপলিজ, প্লাম্বায়ারস, বক্সটন ইত্যাদি।

এই সকল জল বাথ জন্য ব্যবহার হয়। ক্রিয়া—অবসাদক ব্যবহার—নিউরালজিয়া, হিষ্টিরিয়া, পেরালিসিস, গাউট, রিউ মাটিজম, জরায়ুপীড়া।

৭। মিসিলেনিয়স ওয়াটার, Miscellaneous waters এই সকল জলে আইওডিন ও ব্রোমিন এবং আর্সিনিক প্রভৃতি থাকে।

এসিড বা অম্ল ঔষধ সকল।

এসিডম অসিটিকম। Acidum Aciticum. এসিটিক এসিড। Acitic Acid. কাষ্ঠকে "ডেষ্ট্রকটিভ ডিষ্টিলেশন" ও ইথাইলিক এলকোহলের অক্সিডেশন দ্বারা প্রস্তুত হয়। ১০০ ভাগে, ওজনে ৩৩ ভাগ হাইড্রজেন এসিটেট ও ৬৭ ভাগ জল থাকে।

পরিষ্কার, বর্ণহীন তরল, গন্ধতীব্র স্পেঃ গ্রাঃ ১·০৪৪।

ক্রিয়া।—প্রচুর পরিমাণ জল মিশ্রিত করিয়া সেবন করিলে শৈত্যকারক, ধামনিক অবসাদক, ক্ষার নাশক, সঙ্কোচক, কিন্তু এই জন্য ব্যবহার অল্প।

স্থানিক—অমিশ্রাবস্থায় উগ্রতা সাধক কখনং ক্ষোস্কাকারক ও দাহকরূপে ব্যবহার হয়। কিন্তু এই কার্য্য জন্য গ্রেশিয়েল এসিটীক এসিড শ্রেষ্ঠ।

ব্যবহার—অতি ঘর্ম্মরোগে ও জ্বরাদির তাপাধিক্যে জলের সহিত স্পঞ্জিং করিতে ব্যবহৃত হয়।

স্থানিক।——প্রদাহ ও আঘাতাদিতে শৈত্যকারক জন্য লোশনরূপে ব্যবহার হয়। কিন্তু ইহার প্রধান ব্যবহার নানা প্রকার ঔষধ দ্রব্যকে দ্রব করা।

এসিডম্ এসিটিকম্ ডাইলিউটম। ডাইলিউট্ এসিটিক্ এসিড।

Acidum Aciticum dilutum　　Diluted Acitic acid.

১০০ ভাগ ওজনে ৪·২৭ ভাগ হাইড্রোজেন এসিটেট থাকে।

এসিটিক এসিড ২॥০ তং আউন্স (ঠিক ২·৪৯) বা ১১৩৭ গ্রেণ।	১২৪·৭ কি, সে, মি, বা ১৩০·২ গ্রাম।
ডিষ্টল্ড ওয়াটার	যথাবশ্যক।

এসিটিক এসিডকে উপযুক্ত পরিমাণ ডিষ্টল্ড জল যোগে এক পাইণ্ট (বা এক হাজার কিঃ, সেঃ মিঃ) ডাইলিউটেড্ এসিটিক এসিড পূর্ণ করিবে।

গুণধর্ম্ম—আপেক্ষিক গুরুত্ব ১·০০৬।

মাত্রা। ॥০—২ তং ড্রাম।

Acidum Aciticum Glacial

এসিড এসিটিকম গ্লেসিয়েল। গ্লেসিয়েল এসিটিক এসিড।

নির্জ্জল এসিটেট্ অব্ সোডা কিম্বা পটাস, সল্‌ফিউরিক এসিড সহ চুয়াইয়া প্রস্তুত হয়।

ঘনীভূত এসিটিক্ এসিড মাত্র। শতকরা প্রায় ৯৯ ভাগ বিশুদ্ধ এসিটিক্ এসিড আছে। গুণধর্ম্ম—শীতল হইলে দানাকার কঠিন অবস্থা প্রাপ্ত হয়। ৬০ ফাঃ তাপপর্য্যন্ত কঠিন থাকে, স্পেঃ গ্রাঃ ১ ৫৮ সাধারণ তাপে বর্ণহীন তরল উগ্রদ্রব।

স্থানিক—দাহক, উগ্রতাসাধক, ফোস্কাকারক

(কষ্টিক, ইরিটেণ্ট, ভেসিকেণ্ট, স্কেরোটিক্)।

স্থানিক প্রয়োগ জন্য ব্যবহার হয়।

এসিডম বেনজোইকম—উদ্ভিদ ঔষধ মধ্যে উক্ত হইবে।

Acidum Boricum (Boric Acid) Boracic acid, Hydrogen Borate.

এসিডম বোরিকম। বোরাসিক এসিড (বোরিক এসিড) (হমবর্গস সিডেটিভ্ সল্ট)।

সোহাগা ও সলফিউরিক্ এসিড যোগে প্রস্তুত হয়, এবং ইটালির টস্কানিতে স্বভাবজ বোরিক এসিড বিশুদ্ধ করিয়া ও প্রস্তুত হয়। গুন ও ধর্ম্ম=বর্ণহীন কঠিন, মুক্তার ন্যায় শ্বেতবর্ণ ও উজ্জল সস্তর চেপটা দানাকার, কখন বিষম দানাকার, সহজে চূর্ণহয়, হাতে তেলা বোধহয়, আস্বাদ ঈশৎ অম্ল ও তিক্ত, আস্বাদ গ্রহণের পর মুখে মিষ্টাস্বাদ থাকে, ২৫ ভাগ জলে ৫ ভাগ গ্লিশরিনে

১৬ ভাগ রেক্টিফাইড স্পিরিটে অথবা ৩ ভাগ উষ্ণ জলে দ্রবনীয় সুরাযুক্ত দ্রব হরিতাভ শিখায় দগ্ধ হয়।

ক্রিয়া।—পচন নিবারক, সংক্রমণ নিবারক, দুর্গন্ধহারক। (এণ্টিসেপ্‌টিক্‌, ডিস্‌ইনফেক্‌টেণ্ট, ডিওডরেণ্ট)।

ব্যবহার—ক্ষতাদি ড্রেস করিতে ব্যবহার হয়।

মাত্রা। ৫—১৫ গ্রেণ।

প্রয়োগরূপ—অঙ্গুয়েণ্টম্‌ এসিডাই বোরেসাই। বোরিক এসিড অয়েণ্টমেণ্ট।

বোরিক এসিড সূক্ষ্মচূর্ণ	১ আউন্স	৩০ গ্রাম
(সাবধানে ছাঁকা)।		
পেরাফিন অয়েণ্টমেণ্ট হোয়াইট—	৯ আউন্স	২৭০ গ্রাম
মিশ্রিত কর।		

এসিডম কার্ব্বলিকম—স্থানান্তরে উক্ত হইবে।

এসিডম কার্ব্বনিকম কার্ব্বনিক এসিড।

Carbonic Acid.

কার্ব্বনিক এসিড বাষ্প জলে দ্রবকরিয়া অরেটেড্‌ ওয়াটার, সোডাওয়াটার প্রভৃতিনামে প্রসিদ্ধ।

মার্ব্বেল পাথর কিম্বা চাখড়ি ও হাইড্রোক্লোরিক এসিড মিশ্রণে উৎপন্ন বাষ্প বিশেষ প্রকার যন্ত্রদ্বারা (গেজোজেন) শুদৃঢ় বোতলে জলে চাপদ্বারা দ্রব করিয়া প্রস্তুত হয়। বাজারে চাখড়ি ও সলফিউরিক এসিড ব্যবহার করে।

ক্রিয়া।—পাকযন্ত্রের উগ্রতাহারক, বমন নিবারক।

ব্যবহার:—পিপাসাধিক্য, বমন ও বিবমিশা, পাকযন্ত্রের উগ্রতা

জর, অজীর্ণ, ওলাউঠা ইত্যাদি। কার্ব্বনেট অব্ মেগনেসিয়া, কার্ব্বনেট অব্ লিথিয়ম প্রভৃতি নানাপ্রকার লবণ কার্ব্বনিক এসিড যুক্ত জলে দ্রব করিয়া ব্যবহার হয়। এফারভেসিংড্রাফট্ এবং গ্রাণুল্লার এফার্ভেসিং ঔষধ সকল যথা সোডাসাইট্রোটাটাস এফার ভেসেন্স প্রভৃতি কার্ব্বনিক এসিড সংযুক্ত ঔষধ।

সোডাওয়াটারের মাত্রা। যথেচ্ছা।

এসিডম ক্রোমিকম। ক্রোমিক এনহাইড্রাইড।

Acidum Chromicum Chromic Acid. (Cr 03)

বাই ক্রোমেট অব্ পটাস উগ্র সল্‌ফিউরিক এসিড যোগে প্রস্তুত হয়।

ক্রিয়া।—দাহক, দুর্গন্ধহারক, সংক্রমণ নিবারক।

কষ্টিক, ডিওডরাইজার, ডিসইন্‌ফেকটেণ্ট।

ব্যবহার—এসিড ১ ভাগ, জল ৪ ভাগ—কণ্ডিলোমেটা দগ্ধ করিতে এসিড ১ ভাগ, জল ৪০ ভাগ লোশন—মাড়িতে ক্ষত, জিহ্বা, ল্যারিংস ও ফ্যারিংসের উপদংশজ ক্ষতে ব্যবহার হয়।

প্রয়োগরূপ—লাইকর এসিডাই ক্রোমিসাই। সলিউশন অব্ ক্রোমিক এসিড শতকরা ২৫ ভাগ এন্‌হাইড্রাস ক্রোমিক এসিড জলে দ্রব আছে।

প্রস্তুত—ক্রোমিক এসিড ... ... ১ আন্স ২৫ গ্রাম

ডিষ্টিল্ড ওয়াটার ... ৩ তং আউন্স্ ৭৫ কি, মে, সি,

দ্রবকর।

আপেক্ষিক গুরুত্ব ১·১৮৫।

---

* চিহ্নিত এসিডগুলি মিনারেল এসিড।

এসিডম সাইট্রিকম। সাইট্রিক এসিড (জম্বিরাম্ল)

Acidum Citricum. Citric Acid.

নানা জাতীয় নেবুর (সাট্রস) রস হইতে প্রস্তুত হয়।

ক্রিয়া। জ্বরাদিরোগে শৈত্যকারক, পিপাসা নিবারক, স্কার্ভি নিবারক। (রিফ্রিজেরন্ট, এন্টিস্কর্বিউটীক)।

মাত্রা। ৫—২০ গ্রেণ।

এসিডম হাইড্রোব্রোমিকম্ ডাইলিউটম। ডাইলিউ-টেড্ হাইড্রোব্রোমিক এসিড *

Acidum Hydrobromicum dilutum

Dilute Hydrobromic Acid.

শতকরা ১০ ভাগ ওজন হাইড্রোজেন ব্রোমাইডের জলীয় দ্রব। পটাসিয়ম ব্রোমাইড, কন্সেনট্রেটেড্ ফস্ফরিক এসিড সহ চুয়াইয়া প্রস্তুত হয়। আপেক্ষিক গুরুত্ব ৬০ ফাং তাং ১.০৭৭।

ক্রিয়া। নিদ্রা কারক' অবসাদক আক্ষেপ নিবারক, বেদনা নিবারক, পরিবর্ত্তক, শোষক।

ব্যবহার—ইহাতে কুইনাইন দ্রব করিয়া মিক্শ্চার করা হয়। কুইনাইন সহিত ব্যবহার করিলে কান ভোঁ২, মাথাধরা ইত্যাদি মাস্তিস্কীয় উপদ্রব হইতে দেয় না, কুইনাইন জনিত ও অন্যবিধ কান ভোঁ২ এবং শীরোপীড়া, মৃগী, হিষ্টিরিয়া, নিউরালজিয়া নার্ভস এক্সজস্চন, পালপিটেশন্ অফ দি হার্ট।

মাত্রা ১৫—৬০ মিনিম।

এসিডমহাইড্রোক্লোরিকম। হাইড্রোক্লোরিক এসিড (মিউরিয়েটিক এসিড।

Acidum Hydrochloricum Hydro Chloric Acid

স্পিরিটস অব্ সণ্ট (লবণ দ্রাবণ। ইহাতে শতকরা ৩১·৭৯ ভাগ ওজন হাইড্রোজেন ক্লোরাইড্ জলে দ্রব আছে।

প্রস্তত।—সোডিয়ম ক্লোরাইড ও সল্‌ফিউরিক এসিডের প্রতি ক্রিয়াদ্বারা লব্ধ গ্যাস জলে দ্রব করিয়া প্রস্তত হয়।

গুণধর্ম্ম, বর্ণহীন উগ্র অম্ল দ্রব শুভ্র তীব্র ধুম নির্গত হয়। স্পেঃ গ্রাঃ ১·১৬০।

এসিডম হাইড্রোক্লোরিকম ডাইলিউটম। ডাইলিউটেড হাইড্রোক্লোরিক এসিড।

Acidum Hydrochloricum dilutum

Diluted Hydrochloric acid.

প্রস্তত। হাইড্রোক্লোরিক এসিড ৬ তং আউন্স		৩০১·৮
(ঠিক ৬·০৩৫)	}	কি, সে, মি,
কিম্বা		অথবা
৩০৬৭ গ্রেণ।		৩৫০·১ গ্রাম।

ডিষ্টিল্ড ওয়াটার যথাপ্রয়োজন।

একটী ১ পাইণ্ট বা ১ সহস্র কিউবিক সেণ্টিমিটার আয়তনের গ্রাশ ফ্লাস্কে হাইড্রোক্লোরিক এসিড রাখিয়া, উহাতে এ পরিমাণ ডিষ্টিল্ড ওয়াটার যোগ করিবে যেন ৬০° ফাঃ (১৫·৫ সেঃ) তাপে,

সঞ্চালন করিবার পর ১ পাইন্ট বা এক সহস্র কিউবিক সেন্টি-মেটার হয়। আঃ গুঃ ১·০৫২।

মাত্রা। ৫—২০ মিনিম।

ক্রিয়া।—ষ্ট্রং হাড্রোক্লোরিক এসিড স্থানিক প্রয়োগে প্রবল দাহক, চর্ম্মের উপর সাদা দাগ উৎপন্ন হয়, ঐ স্থান পরে পচিয়া যায়। আভ্যন্তরিক ব্যবহারে উগ্রবিষ (এক্রিড্ পয়জন)

ডাইলিউট এসিড জলমিশ্র করিয়া ব্যবহারে,—

শৈত্যকারক, বলকারক, সঙ্কোচক, ক্ষারনাশক, কৃমিনাশক। (রিফ্রিজরেন্ট, টনীক, এষ্ট্রীনজেন্ট, এন্টিএল্কেলাইন, ভার্মিফিউজ।

ব্যবহার—এটনিক ডিস্‌পেপসিয়া, দৈহিক সাধারণ দুর্ব্বলতা একজেনথিমেটস্। গার্গলরূপে—সোরথ্রোট, ডিপথিরিয়া প্রভৃতিতে ব্যবহার হয়।

এসিডম হাইড্রোসিয়ানিকম ডাইলিউটম। ডাইলিউট্ হাইড্রোসিয়ানিক এসিড বা প্রুসিক এসিড।

Acidum Hydrocyanicum dilutum.

Diluted Hydrocyanic Acid.

শতকরা ২ ভাগ ওজন হাইড্রোজেন সায়েনাইডের জলিয় দ্রাবণ।

প্রস্তুত—ডাইলিউটেড সলফিউরিক এসিড ও পটাসিয়ম ফেরোসায়েনাইডের পরস্পর প্রতিক্রিয়ায় প্রস্তুত হয়। ডাইলিউ-টেড্ হাইড্রোসিয়ানিক এসিড, অন্ধকারস্থানে এম্বাররঙ্গের ছোট ষ্টপার্ড বোতলে রাখিবে। ষ্টপার উত্তমরূপ আবদ্ধ করিয়া বোতল অধোমুখে রাখিবে।

ক্রিয়া। বেদনানিবারক, আক্ষেপনিবারক, বমননিবারক,

স্নায়বীয় ও ধামনিক অবসাদক। অধিক মাত্রায় ভয়ানক বিষ-ক্রিয়া হয়।

(এনোডাইন, এন্‌টিস্পাজমডিক, এন্‌টামেটীক, সিডেটিভ) স্থানিক ক্রিয়া—চর্ম্মের উগ্রতাহারক, বেদনাহারক।

ব্যবহার।—উপযুক্ত পরিমাণ জল মিলাইয়া উচিত মাত্রায় ব্যবহার করিলে বেদনা ও আক্ষেপ নিবারণ করে, মাত্রা অধিক হইলে শীরোঘূর্ণন ইত্যাদি লক্ষণ প্রকাশ পায়, ষ্টমাক ও ইন্‌টেস-টাইনের বেদনাযুক্ত ব্যাধি সকল যথা—গেষ্ট্রোডিনিয়া, এণ্টো-ডিনিয়া পাইরোসিস্ ও বমন রোগে ব্যবহার্য্য, পারটুসিস, এজ্‌মা প্রভৃতি স্নায়বিয়-বক্ষগহ্বরীর পীড়াতে উপকারক, কথন২ পাল পিটেশন অব্ দি হার্ট রোগে ব্যবহার হয়, বিশেষতঃ অজীর্ণ রোগের সহিত ইহা বর্ত্তমান থাকিলে ফলপ্রদ। ফংসনাল পাল-পিটেশন্ বা ক্রিয়া বিকার জন্য হৃদ্‌স্পন্দন রোগেই এই ঔষধ উপকার করে। কোরিয়া, হিষ্টিরিয়া, নিউরালজিয়া, ইপিলেপ্‌সি ও টেটেনস্ রোগে ও ব্যবহার হয়। ইহার বাষ্প বক্ষগহ্বরীর পীড়াতে ফুসফুসের স্থানিয় ক্রিয়া প্রকাশ জন্য ব্যবহার হয়। হুপিংকফ রোগে বিশেষ উপকারী।

যেসকল চর্ম্মরোগে অত্যন্ত চুলকানি বর্ত্তমান থাকে তাহাতে লোশনরূপে ব্যবহার করিলেও উপকার হয়।

মাত্রা। ২—৬ মিনিম।

এসিডম ল্যাকটিকম ল্যাকটিক এসিড।

Acidum Lacticum, Lactic Acid.

তক্রাম্ল। শতকরা ২৫ ভাগ জল মিশ্র ল্যাকটিক এসিড।

[চিনির সহিত ল্যাকটোজ ফর্মেন্টেশন করিয়া প্রস্তুত হয়।]

বর্ণহীন, ঘন তরল দ্রব, গন্ধহীন, আস্বাদ অম্ল, জল, ইথর ও স্পিরিটের সহিত মিলিত হয়। স্পেঃ গ্রেঃ ১ ২১

ক্রিয়া। আগ্নেয়, ক্ষারনাশক, শৈত্যকারক।

ব্যবহার—৫। ৮ অথবা আরও অধিক ভাগ জলের সহিত ১ ভাগ এসিড মিশাইয়া লোশন বা স্প্রেরূপে ডিপথিরিয়ার ফলস্ মেমব্রেণ দ্রব করিতে ব্যবহার হয়।

অজীর্ণ, ভেসাই কেলকেটাব বা মূত্রাধারের প্রদাহ, ডায়েবিটীস্।

মাত্রা।—।০ – ২ তং ড্রাম।

এসিডমনাইট্রিকম। নাইট্রিক এসিড (একোয়াফর্টিস্)

যবক্ষার-দ্রাবক।

Acidum Nitricum Nitric acid

শতকরা ৭০ ভাগ ওজন হাইড্রোজেন নাইট্রেট ও ৩০ ভাগ জলমিশ্র তরল দ্রব্য।

সাল্ফিউরিক এসিড ও পটাসিয়ম কিম্বা সোডিয়ম নাইট্রেটের প্রতি ক্রিয়াদ্বারা প্রস্তুত হয়।

ক্রিয়া স্থানিক—দাহক, ফোস্কাকারক। চর্ম্মে হরিদ্রাবর্ণ দাগ উৎপাদন করে।

ব্যবহার। স্থানিক দুষ্টক্ষত, বিষাক্ত জন্তুর দংশন, বিষাক্তক্ষত, ক্যাংক্রমরিস, পচাক্ষত ইত্যাদি দগ্ধ করিতে ব্যবহৃত হয়, এভিন্ন ওয়ার্ট, করণ, কণ্ডিলোমা, অর্শ প্রভৃতি দগ্ধ করিতে প্রয়োজন হয়।

এসিডম নাইট্রিকম ডাইলিউটম্। ডাইলিউটেড নাইট্রীক এসিড।

Acidum Nitricum dilutum. Diluted Nitric Acid

ওজনে ১০০ ভাগে ১৭.৪৪ ভাগ হাইড্রোজেন নাইট্রেট আছে।

নাইট্রিক এসিড ৩ তং আউন্স এবং ৭ তং ড্রাম (ঠিক ৩.৮৬ তং আউন্স) বা ১৮০০ গ্রেণ।	১১৩.২ কি, সে, মি, বা ২৭৪.৩ গ্রাম।

ডিষ্টিল্ড ওয়াটার যথাপ্রয়োজন এমন একটী গ্লাশ ফ্লাস্কলও যাহার গলাতে ১ পাইন্‌ট বা এক সহস্র কিউবিক সেন্‌টীমিটার লিখা আছে। অর্থাৎ ঐ আয়তনের একটী ফ্লাস্ক লইয়া উহাতে নাইট্রিক এসিড রাখ, উহাতে ডিষ্টিল্ড ওযাটার যোগ করিয়া ৬০ ফা (১৫.৫ সে) তাপে পরিমাণ এক পাইন্‌ট বা এক সহস্র কিউবিক সেন্‌টিমিটার পূর্ণ করিবে। আঃ গুঃ ১.১০১।

মাত্রা। ৫—২০ মিনিম।

ক্রিয়া। শৈত্যকারক, বলকারক, পিত্তনিঃসারক, পরিবর্ত্তক।

(রিফ্রিজরেন্ট, টনিক, কোলেগগ, অল্‌টারেটিভ,)

ব্যবহার—জ্বররোগে, ফস্ফেটীক ডিপজিটস্, অজীর্ণ, স্ক্রফিউলা, সিফলিস, টর্পিডিটি অব্ লিভার। কোন২ চর্ম্মরোগে। শোষনরূপে—ক্ষত, পিচকারিদ্বারা মূত্রাধারে পাথরি দ্রব করা।

এসিডম নাইট্রো হাইড্রোক্লোরিকম ডাইলিউটম্।

ডাইলিউটেড নাইট্রো হাইড্রোক্লোরিক এসিড।

Acidum Nitro Hydrochloricum Dilutum.

Diluted Nitro Hydrochloric Acid,

মুক্ত ক্লোরিণ, হাইড্রোক্লোরিক, নাইট্রীক, নাইট্রস্ এসিড যুক্ত জলীয়দ্রব।

নাইট্রীক এসিড	৩ তং আউন্স	৬০ কি, সে, মি,
হাইড্রোক্লোরিক এসিড	৪ তং ,,	৮০ কি, সে, মি,
ডিষ্টিল্ড ওয়াটার	২৫ তং ,,	৫০০ কি, সে, মি,

এসিড গুলিকে ডিষ্টিল্ড ওয়াটার সহ মিলাইয়া একটী গ্লাশ ষ্টপার্ড বোতলে রাখিবে, ১৪ দিন পরে ব্যবহার করা কর্ত্তব্য।

ক্রিয়া। ক্লোরিণের জলীয় দ্রাবণ বা লাইকর্ ক্লোরাইয়ের মত, এভিন্ন বলকারক, আগ্নেয়, পিত্তঃনিঃসারক, পরিবর্ত্তক।

(টনিক, ষ্টমাকিক, কোলেগগ্, অল্টারেটিভ)

ব্যবহার—অজীর্ণ, মূত্রে ফস্ফেটিক্ ডিপজিট, ক্রনিক হিপেটাইটিস্, সিফিলিস্।

স্থানিক। লোসন ও বাথরূপে সিফিলিস ও যকৃতের পীড়ায় ব্যবহার হয়। বাথজন্য প্রতি গেলন জলে ৬ তং আউন্স যোগ করিতে হয়। কাঠের পাত্র ব্যবহার্য্য।

মাত্রা। ৫—২০ মিনিম।

ওলিইক এসিড—স্থইট অয়েল দেখ।

এসিডম ফস্ফরিকম কন্‌সেণ্ট্রেটম।

কনসেণ্ট্রেটেড্ ফস্ফরিক এসিড।

Acidum Phosphoricum Concentratum.

Concentrated Phosphoric Acid.

শতকরা ৬৬·৩ ভাগ হাইড্রোজেন অর্থো ফস্ফেট ৩৩·৭ ভাগ জল মিশ্র।

ফস্ফরস	৪১৩ গ্রেণ।
নাইট্রীক এসিড	৬ তং আউন্স।
ডিষ্টিল্ড ওয়াটার	যথাপ্রয়োজন।

ফস্ফরস বায়ুতে দগ্ধ করিলে, যে দ্রব্য অবশিষ্ট থাকে তাহাকে জল ও নাইট্রীক এসিড সহ মিলাইয়া প্রস্তুত হয়।

এসিডম ফস্ফরিকম্ ডাইলিউটম্।

ডাইলিউটেড ফস্ফরিক এসিড।

Acidum Phosphoricum Dilutum.

Diluted Phosphoric Acid.

শতকরা ১৩·৮ ভাগ ওজন হাইড্রোজেন অর্থো ফস্ফেট ৮৬·২ ভাগ জল মিশ্র।

কন্‌সেন্‌ট্রেটেড্ ফস্ফরিক এসিড ৩ তং আং বা ৪·৫ আউন্স।	১৫০ কি, সে, মি, বা ২২৫ গ্রাম।
ডিষ্টিল্ড ওয়াটার	যথাবশ্যক।

কন্‌সেন্‌ট্রেটেড ফস্ফরিক এসিডকে যথাবশ্যক ডিষ্টিল্ড ওয়াটার যোগে ৬০ ফাং (১৫ ৫ সেঃ) তাপে এক পাইন্ট বা এক সহস্র

কি, সে, মি. পরিমাণ পূর্ণ করিবে।

মাত্রা। ৫—২০ মিনিম।

ক্রিয়া। সল্‌ফিউরিক এসিডের ন্যায়, কিন্তু সঙ্কোচক গুণ অনেক কম। বলকারক, শৈত্যকারক, পরিবর্ত্তক।

ব্যবহার—ডায়েবিটিস্ রোগে পিপাসাধিক্য, মূত্রের ক্ষারত্ব, স্ক্রফিউলা।

এসিডম সল্‌ফিউরিকম। সল্‌ফিউরিক এসিড।

Acidum Sulphuricum. Sulphuric Acid.

অয়েল অফ্ ভিট্রিয়ল (গন্ধক দ্রাবক, মহাদ্রাবক)

পাইরাইটিস কিম্বা গন্ধক দগ্ধ করিয়া সল্‌ফরস্ এনহাইড্রাইড প্রস্তুত হয়। এই সল্‌ফরস্ এনহাইড্রাইড নাইট্রস ও জলীয় বাষ্পের অক্সিডেশন ও হাইড্রেশন দ্বারা গন্ধকদ্রাবক প্রস্তুত হয়।

শতকরা ৯৮ ভাগ ওজন বিশুদ্ধ গন্ধকদ্রাবক ইহাতে আছে।

ক্রিয়া। নির্জ্জল এসিড ভয়ানক দাহক, উদ্ভিদ ও জান্তব দ্রব্যে সংযুক্ত হইলে দগ্ধ হইয়া অঙ্গারবৎ কাল হয়। দাহকরূপে ইহা ব্যবহার হয় না।

এসিডম্ সল্‌ফিউরিকম এরোমেটীকম।

এরোমেটীক সল্‌ফিউরিক এসিড।

Acidum Sulphuricum Aromaticum

Aromatic Sulphuric Acid,

নামান্তর Elixirs of Vitriol.

প্রস্তুত।—টিংচার অফ্ জিঞ্জার ১০ তং আউন্স ২৫০ কি, সে, মি,
স্পিরিট অফ্ সিনেমন ॥০ তং „ ১২·৫ কি, সে, মি,

এলকোহল (শতকরা ৯০ ভাগ) ২৯৷৷০ তং আউন্স
৭৩৭·৫ কি, সে, মি,

সল্‌ফিউরিক এসিড ৩ তং আউন্স বা ২৪১৯ গ্রেণ ৭৫
কি, সে, মি, বা ১৩৮·২ গ্রাম।

সল্‌ফিউরিক এসিক ক্রমেং এলকোহল সহ মিলিত কর, স্পিরিট অফ্ সিনেমন ও টিংচার অফ্ জিঞ্জার যোগকর।

স্পেং গ্রেঃ ০·৯২২—০·৯২৬।

মাত্রা। ৫—২০ মিনিম।

ক্রিয়া ও ব্যবহার।—সলফিউরিক এসিডের ন্যায়, স্পিরিট থাকাতে উত্তেজক, সুগন্ধ দ্রব্য থাকাতে বায়ু নাসক ও আগ্নেয়।

মাত্রা। ৫—২০ মিনিম।

এসিডম্ সল্‌ফিউরিকম ডাইলিউটম্।

ডাইলিউট্ সলফিউরিক্ এসিড।

ওজনে ১০০ ভাগে ১৩·৬৫ ভাগ হাইড্রোজেন সল্‌ফেট আছে।

সল্‌ফিউরিক এসিড ১ তং আউন্স ও ৫৷০ তং ড্রাম, ঠিক ১·৬৫ তং আং বা ১৩৩৩ গ্রেণ।	৪২·৭ কি, সে, মি, বা ১৫২·৪ গ্রাম।
ডিষ্টিল্ড ওয়াটার	যথাবশ্যক।

১ পাইন্‌ট বিস্তৃত অর্থাৎ গলাপর্য্যন্ত ১ পাইন্ট ধরে (বা এক হাজার কি, সে, মি,) এ পরিমাণ একটী গ্লাশ ফ্লাস্ক লইয়া উহাতে ক্রমেং ডিষ্টিল্ড ওয়াটার যোগ করিবে, যে পর্য্যন্ত ফ্লাস্ক নাড়িয়া দিয়া ৬০ ফাঃ (১৫·৫ সেঃ) শীতল হইলে ১ পাইন্ট (এক সহস্র

কিউবিক সেন্টিমিটার) পরিমাণ হয়। আ: গু: ১·০৯৪।

মাত্রা। ৫—২০ মিনিম।

ব্যবহার।—পিপাসা নিবারণার্থে—জ্বররোগে বিশেষতঃ হেক্‌টীক্ বা সপূজজ্বরে, থাইসিস্ রোগে অতি ঘর্ম্ম নিবারণ জন্য, প্যাসিভ্ মিউকস্, ডিসচার্য, বিবিধ রক্তস্রাব, অজীর্ণ, দুর্ব্বলতা মূত্রে ফস্ফেটিক, ডিপজিট, সর্ব্বাঙ্গিক, দুর্ব্বলতা সংযুক্ত চর্ম্মরোগ, উদরাময়, কলেরা।

এসিডম সলফিউরোসম। সলফিউরস এসিড।

Acidum Sulphurosum. Sulphurous acid.

শতকরা ৬ ৪ ভাগ ওজন হাইড্রোজেন সলফাইট জলিয় দ্রব। সলফিউরস এন্‌হাইড্রাইড, গন্ধক বায়ু বা অক্সিজেনে দগ্ধ করিয়া প্রস্তুত হয় অথবা সলফিউরিক এসিড অঙ্গার পারদ বা তাম্র সহ চুয়াইলে বাষ্প নির্গত হয়।

ক্রিয়া। উদ্ভিদ জীবন নষ্টকরে, এই গুণের উপরই ইহার রোগ নাশক ক্রিয়া প্রধানতঃ নির্ভর করে। স্থানিক প্রয়োগে উগ্রতাসাধন ও ঐস্থান লাল হয়, পেরাসিটিক্ চর্ম্ম রোগে ব্যবহৃত হয়। নানাপ্রকার টিনিয়া, পিটিরায়েসিস্ ভার্সিকোলার, ফেবস ইত্যাদি এভিন্ন পচাক্ষতে প্রয়োগে উপকার হয়, ভেপর আকারে অথবা গ্লিশরিণ কিম্বা জলের সহিত লোসন আকারে ব্যবহৃত হয়। মুক্ত অবস্থায় আভ্যন্তরিক ব্যবহার হয় না, জলমিশ্র করিয়া ইহার স্প্রে সোরথ্রোট, অলসারেটিভ ষ্টমেটাইটিস্ টনসি লাইটীস ও নানাপ্রকার মুখ ও গলার ক্ষতে মেলিগমেন্ট জ্বরে দুর্গন্ধযুক্ত সর্দ্দিতে বড় উপকারী।

মাত্রা। ।।০—১ তং ড্রাম।

গ্লিশিরিনাই এসিডাই বোরেসাই।

গ্লিশিরিণ অফ্ বোরিক এসিড।

Glycerinum Acidi Borici. Glycerin of Boric acid

বোরিক এসিড	৬ আউন্স	৩০০ গ্রাম।
গ্লিশিরিণ		যথা প্রয়োজন।

৯ আউন্স (বা ৪৫০ গ্রাম) গ্লিশিরিণ একটী ওজন করা পোসি-লেনডিসে ৩০২ ফাং (১৫০ সেঃ) তাপে উষ্ণকর, বোরিক এসিড ক্রমেং যোগকর, অনবরত নাড়িতে থাক। সমুদয় দ্রব হইলে উক্ত তাপে উষ্ণ রাখিবে ও উপরে যে সরপড়ে তাহা ঘন ঘন নাড়িয়া ভাঙ্গিয়া দিবে। মিশ্রদ্রব্য ওজনে ১০ আউন্স (৫০০ গ্রাম) হইলে ১০ আউন্স বা ৫০০ গ্রাম গ্লিশরিন যোগ করিয়া উত্তমরূপ মিশ্রিত করিবে, মিশ্র দ্রব্য ওজনে ২০ আউন্স বা এক সহস্র গ্রাম হইবে।

এসিডম টার্টারিকম। টার্টারিক এসিড (দ্রাক্ষাম্ল)।

Acidum Tartaricum. Tartaric acid.

টার্টারিক এসিড বা ডেক্সট্রো রোটোটারি হাইড্রজেন টার্ট্রেট, এসিড পটাসিয়ম টার্ট্রেট হইতে প্রস্তুত হয়।

ক্রিয়া। শৈত্যকারক, ধামনিক, অবসাদক, ক্ষারনাশক, পিপাসানিবারক। (রিফ্রিজরেন্ট, সিডেটিভ, এক্কেলাইন)।

ব্যবহার।—জ্বররোগে পিপাসানিবারণ করিতে এফারভেসিং ড্রাফ্‌ট্ রূপে, এজন্ত ক্রিম অব্ টার্টার বা বাইকার্ব্বনেট অব্ সোডা সহিত উচ্ছলন অবস্থায় ব্যবহৃত হয়।

মাত্রা। ৫—২০ গ্রেণ।

এমোনিয়ম ও ইহার লবণ।

এমোনিয়া একপ্রকার বাষ্প, বিবিধ অম্লের সহিত লবণ প্রস্তুত করে বলিয়া ইহাকে বিশেষ প্রকার ধাতু কল্পনা করতঃ ইহার নাম এমোনিয়ম দেওয়া হইয়াছে।

লাইকার এমোনিয়া ফর্টিস।

ষ্ট্রংসলিউসন অফ্ এমোনিয়া (কষ্টিক এমোনিয়া)।

Liquor Ammoniæ Fortis. Strong Solution of Ammoniæ

শতকরা ৩২.৫ ভাগ ওজন এমোনিয়া আছে। এমোনিয়ম ক্লোরাইড ও শ্লেকড্ লাইম মিশ্রণ উষ্ণ করিয়া প্রস্তুত হয়। উদ্ভূত এমোনিয়া বাষ্প ডিষ্টিল্ড জলে দ্রব করিয়া প্রস্তুত হয়।

ক্রিয়া। মুক্ত এমোনিয়া যুক্ত ঔষধ সকল ঔষধ মাত্রায় অম্লনাশক, ধামনিক উত্তেজক, আক্ষেপ নিবারক, কফঃনিঃসারক, ঘর্ম্মকারক, ইপিগ্যাষ্ট্রীরম প্রদেশ গরম বোধ হয়। অধিক মাত্রায় শীরোপীড়া, মাথায় ধপ২ বোধ, মাথাঘোরা, তদপেক্ষা অধিক মাত্রায় বমন হয়। ইহা অপেক্ষা অধিক মাত্রায় উগ্র বিষ লক্ষণ প্রকাশ পায়।

বাহ্যপ্রয়োগে, উগ্রতা সাধক, ফোস্কাকারক।

ব্যবহার।—সিঙ্কোপ বা মুর্চ্ছা, হিষ্টিরিয়ার্ আক্ষেপ, নার্ভস-হেডেক, টাইফয়েড লক্ষণাক্রান্ত জ্বরে, দৈহিক অবসন্নতা, নিমোনিয়া, ব্রঙ্কাইটীস, আদ্মান ও অম্লসংযুক্ত অজীর্ণ। এই সকল কার্য্যে লাইকর এমোনিয়া ব্যবহার্য্য।

স্থানিক—মুর্চ্ছা ও অজ্ঞান অবস্থায় ঘ্রাণ লওয়া, ক্রনিকব্রঙ্কাইটিস রোগেও ঘ্রাণ লওয়া যায়। তৈল ও বাদাম তৈল সহিত

মিশাইয়া বেদনাযুক্ত স্থান, দৃঢ় সন্ধিস্থান। লাইকর এমোনিয়া মেদের সহিত মিশাইয়া কোনস্থানে সংযুক্ত করত আবৃত রাখিলে ফোস্কাহয়।

হাইড্রোসিয়ানিক এসিড, ডিজিটেলিস, তামাক কল্‌চিকম প্রভৃতি অবসাদক বিষপানের চিকিৎসার্থে এমোনিয়া ব্যবহার হয়।

লাইকর এমোনি। সলিউসন অফ এমোনিয়া।

Liquor Ammoniæ. Solution of Ammoniæ.

শতকরা ১০ ভাগ ওজন এমোনিয়া বাষ্পের জলিয় দ্রাবণ।

ষ্ট্রংসলিউশন অফ্ এমোনিয়া	১ পাইণ্ট	৫০০ কি, সে, মি,
ডিষ্টিল্ড ওয়াটার	২ ,,	১০০০ কি, সে, মি,

মিশ্রিত কর।

আপেক্ষিক গুরুত্ব ০৯৫৯

মাত্রা। ১০—৩০ মিনিম।

যথাযোগ্য জলের সহিত সেব্য। প্রয়োগরূপ—লিনিমেন্‌টাম এমোনিই। লিনিমেণ্ট অব্ এমোনিয়া।

সলিউশন অফ এমোনিয়া	১ তং আং	২৫ কি, সে, মি,
আমণ্ড অয়েল ...	১ তং আং	২৫ কি, সে, মি,
ওলিভ অয়েল ...	২ তং আং	৫০ কি, সে, মি,

একত্রে মিশ্রিত কর।

৪ ভাগের একভাগ লাইকর এমোনিয়া আছে।

এমোনাই কার্ব্বনাস। এমোনিয়া কার্ব্বনেট।

Ammonii Carbonas, Ammonia Carbonate.

নামান্তর।—এমোনিয়া সেস্কুইকার্ব্বনাস, কার্ব্বনেট অব্ এমো

মিয়া। (স্মেলিংসল্ট) এমোনিয়া হাইড্রোজেন কার্ব্বনেট ও এমোনিয়া কার্ব্বনেটের মিশ্রণ।

প্রস্তুত। সলফেট কিম্বা ক্লোরাইড অব্ এমোনিয়া চাখড়ির সহিত উষ্ণ করিয়া প্রস্তুত হয়।

ক্রিয়া। কার্ব্বনেট বা সেস্কুইকার্ব্বনেট সদ্যাবস্থায় স্থানিক ও সর্ব্বাঙ্গিক লাইকর এমোনিয়ার মত ক্রিয়া প্রকাশ করে। পুরাতন হইলে উত্তেজক গুণ নষ্ট হয়, তখন অন্যান্য এমোনিয়া লবণের মত কার্য্য করে। সদ্যাবস্থায় অম্লনাশক, ধামনিক উত্তেজক, ঘর্ম্মকারক, কফ নিঃসারক, আক্ষেপ নিবারক।

(এন্টাসিড, আর্টিরিয়েল ষ্টিমুলেণ্ট, ডায়েফোরেটিক্, এক্সপেক-টোরেণ্ট, এণ্টিস্পেজমডিক্স)।

কিঞ্চিৎ অধিক মাত্রায় বমনকারক তদপেক্ষা অধিক মাত্রায় বিষক্রিয়া করে।

স্থানিক—উগ্রতাসাধক, (রুবিফেসিয়েণ্ট)।

ব্যবহার।—হিষ্টিরিয়া, মূর্চ্ছা, অবসন্ন অবস্থা, নার্ভসহেডেক, ডিলিরিয়মট্রিমেন্স, টাইফয়েড লক্ষণাক্রান্তজ্বর, নিমোনিয়া, ব্রঙ্কাই-টীস, অম্লাধিক্য ও উদরাধ্মান সংযুক্ত অজীর্ণ।

স্থানিক প্রয়োগ।—সিনকোপ ও অচৈতন্য অবস্থায় ঘ্রাণ লওয়া যায়।

২০ গ্রেণক র্ব্বনেট অব্ এমোনিয়া	সমক্ষারাম্ল করিতে	২৬৮০ গ্রেণ সাইট্রিক এসিড বা ২৮৮০ গ্রেণ টার্টারিক এসিড

মাত্রা। উত্তেজক ৩—১০ গ্রেণ।

(বমন কারক ১০—৩০) গ্রেণ যথাযোগ্য জল যোগে সেব্য।

স্পিরিটস্ এমোনি এরোমাটীকস্।
এরোমাটীক স্পিরিট অফ এমোনিয়া।

Spiritus Ammoniæ Aromaticus
Aromatic Spirit of Ammonia.

নামান্তর, — স্পিরিটস এমোনাই কম্পজিটস। স্ত সভলেটাইল।

এমোনিয়ম কার্ব্বনেট	৪ আউন্স	১০০ গ্রাম
ট্রংসলিউশন অব্ এমোনিয়া	৮ তং আং	২০০ কি সে, মি,
অয়েল অফ্ নট্‌মেগ	৪॥০ তং ড্রাম	১৪ ১ কি, সে মি,
অয়েল অফ্ লিমন	৬।০ তং ড্রাম	২০.৩ কি, সে, মি,
এলকোহল	৬ পাইন্ট	৩০০ কি, সে, মি,
ডিষ্টিল্ড ওয়াটার	৩ ,,	১৫০০ কি, সে, মি,

অয়েল অফ্ লিমন অয়েল অফ্ নট্‌মেগ ও এলকোহল ডিষ্টিল ওয়াটার সহ একটী রিটর্টে রাখিবে। সাত পাইন্ট (৩৫০০ কিউবিক সেঃ মিঃ) ডিষ্টিল করিবে। পরে আর ৯ তং আং (২২৫ কি, সে, মি,) ডিষ্টিল করিয়া স্বতন্ত্র রাখিবে। এই শেষ বারে চুয়ান দ্রব্য এমোনিয়ম কার্ব্বনেট ও ট্রংসলিউশন অফ্ এমোনিয়া সহ, ১ পাইন্ট (অর্দ্ধ লিটার অপেক্ষা বেশী) অপেক্ষা অধিক ধরিতে পারে এমনআয়তন বিশিষ্ট বোতলে রাখিয়া ভালরূপ কাক বন্ধ করিবে, ১৪০ ফাঃ (৬০ সেঃ) ওয়াটার বা থেরতাপে অল্প উষ্ণ করিবে, মধ্যে২ নাড়িবে যে পর্য্যন্ত না সমস্ত দ্রবহয়। শীতল হইলে কটন উলদিয়া ফিল্টার করিবে, প্রথমে ডিষ্টিলকরা দ্রব্যের সহিত ক্রমে ক্রমে মিশ্রিত করিবে, আপেক্ষিক গুঃ ০ ৮৮৮ হইতে ০ ৮৯৩। মাত্রা। ২০ হইতে ৪০ মিনিম।

১ মাত্রা হইলে ৬০ হইতে ৯০ মিনিম।

এমোনাই ক্লোরাইডম। এমোনিয়ম ক্লোরাইড।

Ammonii Chloridum. Ammonium Chloride.

(এমোনি মিউরাস) স্যাল এমোনিয়াক। নিশাদল।

হাইড্রোক্লোরিক এসিড, এমোনিয়া বা কার্ব্বনেট অব্ এমোনিয়া দ্বারা সমক্ষারাম্ল করিয়া প্রস্তুত হয়। সচরাচর গ্যাস লিকর হইতে প্রস্তুত করে। এবং শোধিত করিয়া লইতে হয়।

ক্রিয়া। এপর্য্যন্ত উত্তমরূপে জানা যায় নাই, চর্ম্ম ও মিউকস্ মেম্ব্রেণের ক্রিয়া বৃদ্ধি করে, এজন্য ঘর্ম্মকারক ও কফঃ নিঃসারক কেহ২ ইহাকে পিত্তনিঃসারক বলিয়া থাকেন, এবং কেহ২ বা রজঃনিসারকও কহিয়া থাকেন, স্নায়ুর উপরও ইহার ক্রিয়া আছে। পূর্ব্বে পর্য্যায় নিবারণ জন্য ব্যবহার হইত। ইহা শোষক ও পরিবর্ত্তক। স্নায়ু শূল নাশক।

স্থানিক।—উত্তেজক, শোষক, জলের সহিত স্থানিক শৈত্যকারক।

ব্যবহার।——নিউরালজিয়া, যকৃতপীড়া, পারদের পরিবর্ত্তে পুরাতন প্রদাহে, ক্রনিক ব্রঙ্কাইটিস রোগে অধিক শ্লেষ্মা নির্গমন রোধার্থে। পূর্ব্বে পর্য্যায়নিবারণ জন্য ব্যবহার হইত।

স্থানিক।——প্রদাহাদিতে লোসনরূপে। গলনলী ও শ্বাস নলীর বিবিধ পীড়ায় ইহার ভেপার স্থানিক ব্যবহার হয়।

মাত্রা। ৫—২০ গ্রেণ। (পর্য্যায় নিবারক ২০—৩০ গ্রেণ।

এক্ষ্ট্রাক্ট লিকরিস লিকুইডা সহ প্রয়োগে ইহার লাবনীক কদস্বাদ খর্ব্ব হয়। ২টী ঔষধ প্রস্তুত করিতে ক্লোরাইড্ অব্ এমোনিয়া ব্যবহৃত হয়।

এমোনাই ব্রোমাইডম। ব্রোমাইড্ অব্ এমোনিয়া।

Ammonii Bromidum. Ammonia Bromide NH_4Br.

হাইড্রোব্রোমিক এসিড এমোনিয়া দ্বারা সমক্ষারাম্ল করত ঘন করিয়া দানা বান্ধিয়া লইতে হয়।

ক্রিয়া। পরিবর্ত্তক, শোষক।

ব্যবহার। ব্রোমাইড্ অব্ পটাসের ন্যায়।

মাত্রা। ৫—৩০ গ্রেণ।

লাইকর এমোনাই এসিটেটীস।

সলিউসন অব্ এমোনিয়ম এসিটেট।

এমোনিয়ম কার্ব্বনেট	১ আউন্স	৫০ গ্রাম
এসিটিক এসিড ডিষ্টিল্ড ওয়াটার	} যথাবশ্যক।	

দশগুণ পরিমাণ ওজন ডিষ্টিল্ড জলে কার্ব্বনেট অব্ এমোনিয়া দ্রব করিবে, এসিটিক এসিড যোগে সমক্ষারাম্ল করত ডিষ্টিল্ড ওয়াটার যোগে ১ পাইণ্ট। (বা ১ হাজার কিউবিক্ সেন্টিমেটার) পূর্ণ করিবে। মাত্রা। ২—৬ ড্রাম।

ক্রিয়া। ঘর্ম্মকারক, শৈত্যকারক, মূত্রকারক।

ব্যবহবার।—জ্বর, প্রদাহ, কষ্টরজঃ।

মাত্রা। ২—৬ তং ড্রাম।

লাইকর এনোনাই সাইট্রেটীস্।

ষ্ট্রং সলিউশন্ অব্ এমোনিয়ম সাইট্রেট।

এমোনিয়ম কার্ব্বনেট	১৮০ আং	৮৭.৫ গ্রাম
		বা যথাপ্রয়োজন।

সাইট্রীক এসিড	২।।০ আং	১২৫ গ্রাম বা যথা প্রয়োজন।

সাইট্রীক এসিড ৫ গুণ ওজন ডিষ্টিল্ড ওয়াটারে দ্রব করিয়া কার্ব্বনেট অফ্ এমোনিয়া দ্বারা সমক্ষারাম্ল করিবে। ডিষ্টিল্ড ওয়াটার যোগে ১ পাইণ্ট বা ১ সহস্র কিউবিক সেন্‌টিমিটার পূর্ণ করিবে।

ক্রিয়া ও ব্যবহার।—এসিটেট অফ্ এমোনিয়ার ন্যায়।

মাত্রা। ২—৬ ড্রাম।

এমোনাই বেনজোয়াস। এমোনিয়া বেনজোয়েট।

Ammonii Benzoas, Ammonium Benzoate.

সলিউশন অব্ এমোনিয়া বেনজোয়িক এসিড দ্বারা সমক্ষারাম্ল করিয়া প্রস্তুত হয়।

ক্রিয়া মূত্রকারক, ঈষৎ উত্তেজক। মূত্র যন্ত্রের শ্লৈষ্মিক ঝিল্লির উত্তেজক।

ব্যবহার।—ক্রনিক সিষ্টাইটিস ফস্ফেটিক ডিপজিট।

মাত্রা। ৫—১৫ গ্রেণ।

এমোনাই ফস্ফাস। এমোনিয়ম ফস্ফেট।

Ammonii Phosphas. Ammonium Phosphate.

ডাইলিউট ফস্ফরিক এসিড দ্বং সলিউশন্ অব্ এমোনিয়া দ্বারা সমক্ষারাম্ল করিয়া প্রস্তুত হয়।

মাত্রা। ৫—২০ গ্রেণ।

ক্রিয়া ও ব্যবহার।—ফস্ফেট অব্ এমোনিয়া অধিক পরিমাণ ইউরেট অব্ সোডা দ্রব করিতে সক্ষম, এজন্য মূত্রে ইউরিক

৪—

এসিড পাথরি জন্মিবার সম্ভাবনায় ইহা উপকারী গাউট রোগের কোন২ অবস্থায় ব্যবহার্য্য।

ধাতু ঘটিত ঔষধ সকল।

এলুমেন Alumen এলম্। Alum (ফিটকারি)।

Al2 3S04, K2 S04, 24H20 or Al2 3S04 (NH4) 2S04 24H20.

সলফেট অফ্ এলুমিনিয়ম এবং সলফেট অফ্ পটাসিয়ম একত্র মিশ্রিত করিয়া দানা বান্ধিলে পটাস এলম্ হয়। সলফেট অফ এলুমিনিয়ম ও সলফেট অব্ এমোনিয়ম একত্র মিশ্রিত করিয়া দানা বান্ধিলে এমোনিয়ম এলম্ হয়। এই প্রকার মিশ্র লবণ বলিয়া ইহাকে দৈধ লবণ কহে। ফার্ম্মাকোপিয়ায় উভয়প্রকার এলম্ প্রচলিত।

গুণধর্ম্ম — বর্ণহীন স্বচ্ছ রেগুলার অক্টোহিড্রন দানাকার, মিষ্ট, অম্লাক্ত কষায় আস্বাদ। শীতল জলের ১০ বা ১১ ভাগে ১ ভাগ দ্রব হয়।

সচরাচর এলম্‌শিষ্ট Alum Schist দগ্ধ করিয়া প্রস্তুত হয়।

অসম্মিলন ক্ষার ও ক্ষার কার্ব্বনেট সকল, টেনিক এসিড ও তদ্বটিত ঔষধ, টার্ট্রেট লবণ সকল, সীস ঘটিত লবণ, বেরিয়ম ও লাইম।

ক্রিয়া। সঙ্কোচক, অধিকমাত্রায় বিরেচক। (এষ্ট্রীনজেণ্ট, পার্গেটিভ)।

স্থানিক ক্রিয়া। সঙ্কোচক।

ব্যবহার। স্থানিক। সোরথ্রোট, লিউকোরিয়া, একিউট অপথালমিয়া। আভ্যন্তরিক—পেসিভ হেমরেজ এবং ডিসচার্য, লেড্ কলিক রোগে বিরেচন জন্য, হুপিংকফ।

মাত্রা। ৫—১০ গ্রেণ। (বিরেচক) ৩০—৬০ গ্রেণ।

প্রয়োগরূপ। ১ এলুমেন এক্সিকেটম। এক্সিকেটেড্ এলম্।

পটাসিয়ম এলম্ ... ... ৪ আউন্স ১০০ গ্রাম।

উষ্ণ করতঃ জলীয়বাষ্প নির্গমন বন্ধ হইয়া শতকরা ৪৫ কি ৪৬ ভাগ ওজন কম হইলেই চূর্ণ করিলে প্রস্তুত হয়।

ক্রিয়া। মৃদুদাহক। ব্যবহার—স্থানিক ব্যবহার হয়।

২। গ্লিশিরিনম এলুমিনিস। গ্লিশিরিণ অব্ এলম্।

এলম্ চূর্ণ	১ আউন্স	২০ গ্রাম
ডিষ্টিল্ড ওয়াটার	৩ ড্রাম	৭.৫ কি, সে, মি,
গ্লিশিরিণ যথাবশ্যক		
একত্রে মোট	৬ তং আং	১২০ কি, সে, মি,

দ্রবহওয়া পর্য্যন্ত মর্দ্দন করিবে, প্রয়োজন হইলে অল্প উষ্ণ করিবে, স্থির ভাবে রাখিয়া, উপরের পরিষ্কার অংশ ঢালিয়া লইবে।

Kaolinum, Kaolin China clay.

কেওলিনম, কেওলিন।

এলুমিনিয়ম্ সিলিকেট যুক্ত খনিজ দ্রব্য চূর্ণ করিয়া ইলুট্রিয়েশন (জলে ধৌত) দ্বারা কঙ্করবৎ দ্রব্য পৃথক করিয়া প্রস্তুত হয়।

ক্রিয়া—ডিমলসেণ্ট ও ইমোলিয়েণ্ট।

ব্যবহার।—ডস্টিং পাউডাররূপে বাহ্য প্রয়োগ হয় ও পিল্ প্রস্তুত করিতে ব্যবহার হয়।

এণ্টিমনিয়ম নাইগ্রম পিউরিফিকেটম।

Antimonium Nigrum purificatum.

Antimonius Sulphide

রসাঞ্জন। সুর্ম্মা।

খনিজ সলফাইড অব্ এনটিমনি উপযুক্তরূপ উষ্ণ করিয়া উহার বালুকাদি পৃথক করিলে প্রস্তুত হয়, এই দ্রব্য চূর্ণ করত: পরিক্ষা করিয়া আর্সিনিক প্রভৃতি থাকিলে ইহার ওজনের অর্দ্ধেক পরিমাণ এমোনিয়া মধ্যে কয়েক দিন ভিজাইয়া ধৌত করত শুষ্ক করিয়া লইবে।

এইদ্রব্য ঔষধার্থে ব্যবহার হয় না। নিম্নলিখিত ঔষধ প্রস্তত করিতে ব্যবহার হয়।

এণ্টিমনিয়ম সলফিউরেটম। সলফিউরেটেড্ এণ্টিমনি।

Antimonium Sulphuratum, Sulphuretted Antimony.

সলফাইড ও অক্সাইড অব্ এনটিমনি মিশ্র দ্রব্য।

এনটিমনিয়স সলফাইড	১০ আং	২০০ গ্রাম
সব্লাইমড্ সলফার	১০ আং	২০০ গ্রাম
কষ্টিক সোডা অফ্ কমার্শ	৫ আং	১০০ গ্রাম
ডাইলিউটেড্ সলফিউরিক এসিড		
ডিষ্টিল্ড ওয়াটার	প্রত্যেক যথাবশ্যক।	

কষ্টিক সোডা ৫ পাইণ্ট বা ২০০০ কি, সে, মি, ডিষ্টিল্ড জলে দ্রব করিয়া ইহার সহিত এনটিমনিয়ম সলফাইড ও সব্লাইমড্ সলফার মিলিত করিবে, ২ ঘণ্টাকাল ফুটাইবে ও ঘন২ নাড়িবে, মধ্যে২ ডিষ্টিল্ড ওয়টার যোগ করিয়া জলের পরিমাণ ঠিক রাখিবে,

সমুদায় উষ্ণ থাকিতে ৯ পাইণ্ট (অথবা ৩৩০০ শত কি, সে, মি,) বয়েলিং ডিস্‌টিল্ড ওয়াটার যোগ করিবে কেলিকো দিয়া ছাকিয়া সেই ছাকা তরল দ্রব্য শীতল হইবার পূর্ব্বে ক্রমে২ ইহাতে ডাইলুট সলফিউরিক এসিড এ পরিমাণ যোগ করিবে যেন ইহা কিঞ্চিৎ বেশী হয়, অধঃক্ষিপ্ত দ্রব্যকে কেলিকো ফিল্টারে একত্র করিবে, ধৌত জলে সলফেট বিরহিত হওয়া পর্য্যন্ত ডিস্‌টিল্ড ওয়াটারে ধৌত করিতে থাকিবে ২১২ ফাঃ হিঃ অধিক তাপে শুষ্ক করিবে।

গুণধর্ম্ম—ফিকে লালবর্ণ চূর্ণ।

ক্রিয়া। অন্যান্য এন্‌টিমনি লবণের ন্যায়, কিন্তু অনিশ্চিত। পরিবর্ত্তক গুণ থাকাতে কমপাউণ্ড কেলমেল পিলের সহিত পরিবর্ত্তন ক্রিয়াজন্য ব্যবহার হয়, এভিন্ন ইহা প্রায় ব্যবহৃত হয় না।

মাত্রা পরিবর্ত্তক ১—২ গ্রেণ। (বমনকারক ৫—২০ গ্রেণ)

প্রয়োগরূপ।

পাইলিউলা হাইড্রারর্জাইরাই সবক্লোরিডাই কম্পজিটা।

এন্‌টিমনিয়ম টার্টারেটম। টার্টারেটেড এন্‌টিমনি।

Antimonium Tartaratum, Tartarated Antimony

Potassio tartrate of Antimony, Tartar Emetic.

নামান্তর-এণ্টিমনাই পটাসি ও টার্ট্রেট অফ্‌ এন্‌টিমনি, টার্টার এমেটিক্।

এন্‌টিমনি অকসাইড ও এসিড পটাসিয়ম টার্টেট অল্প জলের সহিত কাদার মত করিয়া রাখিয়া দিবে যে পর্য্যন্ত না মিলিত হয়, পরে দানা বান্ধিয়া শোধিত করিয়া লইলে টার্টারেটেড্ এন্‌টিমনি প্রস্তুত হয়।

গুণধর্ম্ম – বর্ণহীন স্বচ্ছদানা, অষ্ট প্রদেশ যুক্ত ঈষৎমিষ্ট কষায় ধাতবআস্বাদ, জলে দ্রবনীয়।

অসম্মিলন। অম্ল ও ক্ষার এবং ক্ষার কার্ব্বনেট সকল, লাইম ও লেডসল্ট সকল, উদ্ভিদ সঙ্কোচক সকল।

ক্রিয়া। অল্পমাত্রায় ঘর্ম্মকারক, কফঃনিঃসারক, সম্ভবতঃ পিত্তনিঃসারক, অধিক মাত্রায় বমনকারক, ধামনিক অবসাদক। এবং কখন বিরেচক। বিবমিসাজনক, স্বেদজনক। ডায়েফোরে-টীক, এক্সপেক্টোরেন্ট, এমেটিক, আর্টিরিয়েল সিডেটিভ্।

স্থানিক ক্রিয়া—প্রবল উগ্রতাসাধক, পূয়পূর্ণ উদ্ভেদ উৎপা-দন করে।

ব্যবহার। জ্বর, প্রদাহ যথা একিউট নিমোনিয়া ব্রঙ্কাইটীস, বমনকরণ জন্য, কিন্তু আজকাল ইহার ব্যবহার নিতান্ত কম।

স্থানিক। মলম আকারে—মস্তক, বক্ষ ও উদর গহ্বরের, পীড়াতে প্রত্যুগ্রতাসাধন জন্য, সন্ধিস্থানের ব্যাধি ও অন্যান্য পুরাতন প্রদাহে স্থানিক ব্যবহার হয়।

মাত্রা। ঘর্ম্মকরণ কফঃনিঃসারণ জন্য $\frac{১}{২৪}$—$\frac{১}{৮}$গ্রেণ বমন, জন্য—১—২ গ্রেণ। (ধামনিক অবসাদক $\frac{১}{৬}$ হইতে ২ গ্রেণ)।

ভাইনম এণ্টিমনিয়েল। এণ্টিমনিয়েল ওয়াইন।

টার্টারেটেড এন্টিমনি ...	৪০ গ্রেণ	৪ গ্রাম
ডিষ্টীল ওয়াটার বয়েলিং	১ ভং আং	৪৪ কি, সে, মি,
সেরি	যথাবশ্যক।	

টার্টারেটেড এন্টিমনি ডিষ্টিল ওয়াটারে দ্রব করিবে, এইদ্রবে যথাবশ্যক সেরি মিলিত করিয়া ১ পাইন্ট (৮৭৫ কি, সে, মি,) পূর্ণ করিবে।

মাত্রা। ১০—৩০ মিনিম। বমনকারক ২—৪ ডং ড্রাম।
(কফ নিঃসারক, ঘর্ম্মকারক ১০ — ৩০ মিনিম।
বিবমিষাজনক ... ॥০ — ২ ড্রাম।

এণ্টিমনিয়ম অক্সাইডম। অক্সাইড অব্ এণ্টিমনি।

Antimonii Oxidum, Antimonious Oxide.

এন্‌টিমনিয়স ক্লোরাইড জলের সহিত মিলাইলে এন্‌টিমনি অক্সি ক্লোরাইড অধঃক্ষিপ্ত হয় উহাকে সোডিয়ম কার্ব্বনেট দ্বারা বিকৃত করিলে এন্‌টিমনিয়স অক্সাইড প্রস্তুত হয়।

মাত্রা। ১—২ গ্রেণ।

ক্রিয়া। টার্টার এমেটিকের ন্যায়, ইহাকে ক্রমে ক্রমে দ্রব হওয়াতে স্থানিক উত্তেজনা মৃদু। ঘর্ম্মকারক ও মৃদু পরিবর্ত্তক।

(ডায়েফোরেটীক্, অল্টারেটীভ।) ব্যবহার। জ্বর, কাশ, ইত্যাদি। মাত্রা। ১ — ২ গ্রেণ।

পলভিস্ এন্‌টিমোনিয়েলিস। জেমস্ পাউডারের অনুরূপ।

(পলভিস জেকোবাই)।

অক্সাইড অব্ এন্‌টিমনি ...	...	১ আং	২৫ গ্রাম
ফস্ফেট অব্ কেলসিয়ম্ ...	...	২ আং	৫০ গ্রাম

মাত্রা ৩ — ৬ গ্রেণ।

আর্জেণ্টাই নাইট্রাস Argenti Nitras নাইট্রেট অব্ সিলভার.(লুনার কষ্টিক) Nitrate of Silver. Ag No 3

Lunar Caustic.

এক প্রকার লবণ Ag No 3. নাইট্রিক এসিড ও রৌপ্য প্রতিক্রিয়া দ্বারা প্রস্তুত হয়।

গুণধর্ম্ম—বর্ণহীন চেপ্‌টাদানা অথবা স্তম্ভাকার খণ্ড ডিষ্টীল্ড ওয়াটার ও রেক্টিফাইড্‌স্পিরিটে দ্রবনীয়।

অসম্মিলন—ডিষ্টিল্ডজল ব্যতিত অন্যজল, উদ্ভিদ সঙ্কোচক, ক্লোরাইডস।

স্থানিক ক্রিয়া——সঙ্কোচক, উগ্রতাসাধক, ফোস্কাকারক, দাহক, রক্তরোধক।

(এষ্ট্রিনজেণ্ট, ইরিটেণ্ট, ভেসিকেণ্ট, স্কেরটিক, ষ্টিপটিক)।

আভ্যন্তরিক—সঙ্কোচক, অন্নবহা নালীর অবসাদক, স্নায়বিয় বলকারক, ইণ্টেস্‌টাইন ও ষ্টমাকের মিউকস মেমব্রেণের পরিবর্ত্তক। (এষ্ট্রীনজেণ্ট, নার্ভাসটনিক)।

ব্যবহার—স্থানিক—বিষাক্তক্ষত, পষ্টীউলস, গরমি প্রভৃতি ক্ষত, ইরিসিপেলাস, আঁচিল, কণ্ডিলোমা, পলিপস্‌ প্রভৃতি ছোট ছোট টিউমার নষ্ট করিতে, লোশনরূপে গনরিয়া, চক্ষুপ্রদাহ, লিকোরিয়া টনসিলাইটীস, বাঘি, পিউরলেণ্ট অফ্‌ থালমিয়া।

আভ্যন্তরিক—ক্রনিক গ্যাসটাইটিস্‌, ঐ সঙ্গে গ্যাষ্টোডিনিয়া, পাইরোসিস্‌, ভমিটিং এমনকি অর্গ্যানিক ও মেলিগনেণ্ট ডিজিজ অফ্‌ দি ষ্টমাক কতকটা উপসমিত হয়। উদরাময় মৃগী, ক্রনিক ডিসেন্‌ট্রি।

মাত্রা। ¼—½ গ্রেণ। পাঁওরুটীর শস্যের সহিত বটিকাকারে। নাইট্রেট অব্‌ সিলভার যুক্ত ঔষধ ৩টী।

Argenti Nitrus Induratus. Toughened Caustic.

আর্জেন্‌টাই নাইট্রাস ইনডিউরেটস, টফনড্‌ কষ্টিক।

সিলভার নাইট্রেট	৪৭৫ গ্রেণ	৯৫ গ্রাম
পটাসিয়ম নাইট্রেট	২৫ গ্রেণ	৫ গ্রাম

পাতলা প্লাটিনম কিম্বা পর্সিলেন বাটীতে গলাইয়া উত্তমরূপে মিশ্রিত কর, এবং ঐ দ্রব পদার্থকে উপযুক্ত ছাচে ঢালিয়া দেও।

নামান্তর—মিটিগেটেড কষ্টীক। (মৃদুদাহক)।

নাইট্রেট অব্ সিলভার	...	১ আং	২০ গ্রাম
নাইট্রেট অব্ পটাস	...	২ আং	৪০ গ্রাম

পাতলা পোর্সিলেন কিম্বা প্লাটিনম পাত্রে একত্রে লইয়া গলাইয়া প্রস্তুত হয়। বাতির মত ছাঁচে ঢালিয়া পেনসিলের মত বিক্রয় হয়।

আর্জেনটাই অক্সাইডম। অক্সাইড্ অব্ সিলভার।

Argenti oxidum. Silver oxide, Ag 20.

সলিউশন অফ্ সিলভার নাইট্রেট ও কোলসিয়ম হাইড্রক্সাইড মিলিত করিয়া সিলভার অক্সাইড প্রস্তুত হয়।

গুণধর্ম্ম—কটাবর্ণ চূর্ণ, জলে অদ্রবনীয় নাইট্রীক এসিডে দ্রবনীয়।

ক্রিয়া। নাইট্রেট অব্ সিলভারের ন্যায় বিশেষ এই যে ইহার স্থানিক ক্রিয়া অল্প।

ব্যবহার।—বিবিধ রক্তস্রাব, ডিসপেপসিয়া, নার্ভাস ডিজিজেস। কোরিয়া, ইপিলেপ্সি।

মাত্রা। ॥০—২ গ্রেণ।

আর্সিনিক (মূলধাতু) Arsenic.

আর্সিনিক ধাতু লৌহ নিকেল কোবল্ট ইত্যাদির সহিত মিশ্রিতভাবে খনিতে জন্মে। আর্সিনিক ধাতু ঔষধার্থে ব্যবহার হয় না।

এসিডম আর্সিনিওসম Acidum Arseniosum আর্সিনিয়স্ এনহাইড্রাইড Arsenious anhydride

(সিমুলক্ষার, দারমুজ, সঙ্খবিষ, সোঁকোবিষ।

নামান্তর।——আর্সিনিক, হোয়াইট আর্সিনিক, আর্সিনিয়স্ এসিড, আর্সিনিয়স্ এনহাইড্রাইড বা আর্সিনিয়স অক্সাইড।

প্রস্তুত——আর্সিনিকমিশ্র খনিজদ্রব্য দগ্ধ করিয়া বিনিশ্র আর্সিনিয়স্ এসিড পাওয়া যায়, উহাকে সবলিমেসন্ দ্বারা শোধিত করিলে প্রস্তুত হয়।

গুণধর্ম্ম—শ্বেতবর্ণ, ভারী চূর্ণ শঙ্খচূর্ণের ন্যায় বা দানাকার, জলে দ্রবনীয়।

ক্রিয়া। পরিবর্ত্তক (চর্ম্ম,) বলকারক, (স্নায়ু,) পর্য্যায় নিবারক। (অলটারেটিভ, টনিক, এন্টিপিরিয়ডিক)।

স্থানিক—দাহক।

ব্যবহার।—ক্রনিক একজিমা, সোরায়েসিস, পেমফাইগস্, লাইকেন, পর্য্যায়জ্বর, সপর্য্যায় স্নায়ুশূল, নানাবিধ স্নায়ুশূল, ইপিলেপ্সী, ফুসফুসীয় পুরাতন পীড়া। কোরিয়া রোগের উৎকৃষ্ট ঔষধ।

মাত্রা। ১/৬০—১/১৫ গ্রেণ।

আর্সিনিয়স্ এনহাইড্রাইডযুক্ত ঔষধ ২টী।

১। লাইকর আর্সিনিকেলিস (১১০ মিনিমে ১ গ্রেণ)

২। লাইকর আর্সিনিসাই হাইড্রোক্লোরিকস্ (১১০ মিনিমে গ্রেণ)।

(১) লাইকর্ আর্সিনিকেলিস্। আর্সিনিকেল সলিউশন।

নামান্তর।—লাইকর্ পটাসি আর্সিনাইটীস্। ফাউলারস্ সলিউশন্।

আর্সিনিয়স এন্‌হাইড্রাইড্ চূর্ণ	৮৭৷৷৹ গ্রেণ	১০ গ্রাম
কার্ব্বনেট অব্ পটাসিয়ম	৮৭৷৷৹ ,,	১০ ,,
কম্পাউণ্ড টিংচার অব্ লেভেণ্ডার	৫ ড্রাম	৩১·২৫ কি,সে,মি,
ডিষ্টীল্ড ওয়াটার ...	...	যথাপ্রয়োজন।

১ পাইণ্ট বা লিটারফ্লাস্কে আর্সিনিয়স এসিড ও কার্ব্বনেট অফ্ পটাস অর্দ্ধ পাইণ্ট (৫০০ কি, সে, মি,) জলের সহিত ফুটাইতে থাকিবে যে পর্য্যন্ত না দ্রব হয়, শীতল হইলে টিংচার অফ্ লেভেণ্ডার যোগ করিয়া ডিষ্টীল্ড ওয়াটার যোগে ১ পাইণ্ট (১০০০ কি, সে, মি,) পূর্ণ করিবে।

১১০ মিনিমে ১ গ্রেণ অথবা ১০০ কি, সে, মি, র ১ গ্রাম আছে।

মাত্রা। ২—৮ মিনিম। শূন্যোদরে সেবন নিষেধ।

(২) লাকইর্ আর্সিনিসাই হাইড্রোক্লোরিকস। হাইড্রোক্লোরিক সলিউসন অব্ আর্সিনিক। (ড্যামনয়েড সলিউশন)

আর্সিনিয়স এনহাইড্রাইড্ চূর্ণ	৮৭৷৷৹ গ্রেণ	১০ গ্রাম
হাইড্রোক্লোরিক এসিড	২ তং ড্রাম	১২·৫ কি,সে,মি,
ডিষ্টীল্ড ওয়াটার ...	...	যথাপ্রয়োজন।

১ পাইণ্ট বা ১ লিটারফ্লাস্কে আর্সিনিয়স্ এনহাইড্রাইড্ ও হাইড্রোক্লোরিক এসিড ১০ তং আং বা ৫০০ কিঃ সেঃ মিঃ ডিষ্টীল্ড জলে উষ্ণ করিতে থাকিবে, যে পর্য্যন্ত না পরিষ্কার দ্রব প্রস্তুত হয় উপযুক্ত পরিমান ডিঃ জল যোগ করিয়া ১ পাইট বা ১ হাজার কিঃ সেঃ মিঃ প্রস্তুত করিবে।

মাত্রা। ২—৮ মিনিম।

১১০ মিনিমে ১ গ্রেণ আর্সিনিয়স্ এনহাইড্রাইড বা
১০০ কিঃ সেঃ মিঃ ১ গ্রাম।

সোডি আর্সিনাস। আর্সিনিয়েট অব্ সোডিয়ম।

Sodii arsenias. Sodium arsenate.

আর্সিনিয়স্ এনহাইড্রাইড সোডিয়ম নাইট্রেট্ ও সোডিয়ম কার্ব্বনেট সহিত উষ্ণ করিয়া জলে দ্রব করত ক্রিষ্টেলাইজড্ সোডিয়ম আর্সিনেট প্রস্তত হয়, ইহাকে ৩০০ ফাঃ হিঃ তাপে উষ্ণ করিলে সোডিয়ম হাইড্রোজেন আর্সেনাইট প্রস্তত হয়।

মাত্রা। $\frac{1}{৪০}$—$\frac{1}{১০}$ গ্রেণ।

ক্রিয়া ও ব্যবহার—আর্সিনিয়স্ এসিডের ন্যায়। ক্রিয়া কিছু অনুগ্র।

প্রয়োগরূপ।

লাইকর সোডাই অর্সিনেটীস। সলিউশন অফ্ সোডিয়ম আর্সিনেট।

সদ্য শুষ্ককরা সোডিয়ম আর্সিনেট ১৭৷৷০ গ্রেণ ১ গ্রাম
ডিষ্টীল্ড ওয়াটার ... ... যথা প্রয়োজন।

এনহাইড্রাস সোডিয়ম আর্সিনেট যথা আবশ্যক ডিঃ জলে দ্রব করিয়া ৪ তং আং বা ১০০ কি, সে, মি, সলিউসন প্রস্তত করিবে।

মাত্রা। ২—৮ মিনিম।

১১০ মিনিমে ১ ৭৭ গ্রেণ ক্রিষ্টেলাইজ সোডিয়ম আর্সেনাইট (১০০ কি, সে, মি,) ১ গ্রেণ এন্হাইড্রাস সল্ট আছে।

ফেরি আর্সিনিয়াস—লৌহ ঘটিত লবণ দেখ।

আর্সিনাই আইওডাইডম, আর্সিনিয়স আইওডাইড।

Arsenii Iodidum arsenious Iodide.

নামান্তর——আইওডাইড অব্ আর্সিনিক, আর্সিনিয়স্ আইওডাইড।

আইওডিন ও আর্সিনিক ধাতু একত্রে মিলাইয়া প্রস্তুত হয়।

ক্রিয়া। পরিবর্ত্তক, বলকারক অধিক মাত্রায় উগ্রবিষ। ব্যবহার-সোরায়েসিস, ক্রনিক একজিমা প্রভৃতি পুরাতন চর্ম্ম রোগে কথন২ ব্যবহার হয়।

মাত্রা। ১/৮—১/৪ গ্রেণ।

লাইকর আর্সিনাইএট হাইড্রারর্জাইরাই আইওডিডাই। সলিউশন অফ্ আর্সিনিয়স এণ্ড মার্কিউরিক আইওডাইডস

Liquor arsenii et Hydrargyri Iodidi.

Solution of arsenious and Mercuric Iodides.

নামান্তর—ডনোভানস্ সলিউসন

আর্সিনিয়স আইওডাইড	৮৭৷৷০ গ্রেণ	১০ গ্রাম।
মার্কিউরিক আইওডাইড	৮৭৷৷০ ,,	১০ ,,
ডিষ্টীল্ড ওয়াটার	...	যথা প্রয়োজন।

ক্রিয়া। পরিবর্ত্তক।

ব্যবহার—দুরারোগ্য চর্ম্মরোগ, বিশেষত উপদংশ ঘটিত চর্ম্মরোগে মহোপকারী, প্রচুর জলমিশ্র করিয়া ঐ সকল ব্যাধিতে লোসনরূপেও কথন২ ব্যবহার হয়। আর্সিনিক ঘটিত যাবতীয় ঔষধ আহারান্তে সেব্য। সেবন করিতে২ পাকস্থলীতে বেদনা, চাপিলে বেদনা বৃদ্ধি, বমন ও বিবমিষা, ডায়েরিয়া ও চক্ষু উঠিলে বিষাক্ত হওয়া লক্ষণ জানিবে, এবং তৎক্ষণাৎ সেবন

বন্ধ করিবে।

মাত্রা। ৫—২০ মিনিম।

বিসমথাই অক্সাইডম। অক্সাইড অব বিসমথ।

Bismuthi oxidum. Oxide of Bismuth.

বিস্‌মথ্‌ অক্সিনাইট্রেট সলিউসন অফ্‌ সোডিয়ম হাইড্রক্সাইড সহ ফুটাইয়া বিষমথ অক্সাইড প্রস্তুত হয়।

ক্রিয়া। স্নায়বিয় বলকারক, বমননিবারক।

মাত্রা। ৫—২০ গ্রেণ।

বিসমথাইসবনাইট্রাস। বিসমথ অক্সিনাইট্রেট।

Bismuthi Sub nitras. Bismuth. Oxynitrate.

নামান্তর—হুয়াইট বিষমথ। বিষমথ এলবম। সব্‌নাইট্রেট অফ্‌ বিসমথ।

বিসমথ নাইট্রেট ও জল পরস্পর প্রতিক্রিয়া দ্বারা বিষমথ অক্সিনাইট্রেট প্রস্তুত হয়।

ক্রিয়া। পাকস্থলির ও অন্ত্রের অবসাদক, এজন্য বমন নিবারক, স্নায়বীয় বলকারক। সঙ্কোচক, পরিবর্ত্তক আক্ষেপ নিবারক।

ব্যবহার—ইরিটেটিভ্‌ ডিসপেপসিয়া, পাইরোসিস, গ্যাসট্রালজিয়া, ক্রনিক ভ'মটিং, অলসার অব্‌ ষ্টমাক, ডায়েরিয়া ডিসেণ্টি্‌, থাইসিস সংযুক্ত ডায়েরিয়া।

স্থানিক—স্থানিক অবসাদক ও উত্তেজনা হ্রাস জন্য এক্‌জিমা প্রভৃতি চর্ম্মরোগে, লিউকোরিয়া, গ্লিট, ওজিনা।

মাত্রা। ৫—২০ গ্রেণ।

লাইকর বিসমথাই এট এমোনাই সাইট্রেটিস।

সলিউশন অফ্ বিসমথ এণ্ড এমোনিয়ম সাইট্রেট।

নামান্তর —লাইকর বিসমথ।

বিসমথ অক্সিনাইট্রেট	৬১৩ গ্রেণ	৭০ গ্রাম।
পটাসিয়ম সাইট্রেট	৬.৩ ,,	৭০ ,,
পটাসিয়ম কার্ব্বনেট	১৭৫ ,,	২০ ,,
নাইট্রিক এসিড	১ তং আউন্স	৫০ কি, সে, মি,
সলিউশন অফ্ এমোনিয়া ডিষ্টিল্ড ওয়াটার	প্রত্যেক যথাবশ্যক।	

বিসমথ অক্সিনাইট্রেট নাইট্রিক এসিডে দ্রবকর সমপরিমাণ ডিষ্টিল্ড ওয়াটার যোগে ডাইলিউট কর, ঘন২ নাড়িয়া দাও যে পর্য্যন্ত না দ্রব ঈষৎ অস্বচ্ছ হয়। পটাসিয়ম সাইট্রেট ও কার্ব্বনেট অল্প ডিষ্টিল্ড ওয়াটারে দ্রব করিয়া উহাতে যোগকরিবে। উহাতে তাপদিয়া ফুটাইবে শীতল করিয়া, অধঃক্ষেপ পৃথক করিবে। নাইট্রেট সম্পূর্ণ অন্তর হওয়াপর্য্যন্ত ডিষ্টিল্ড ওয়াটারে ধৌত করিবে। অর্দ্র প্রিসিপিটেটেড এমোনিয়া যোগ করিবে যে পর্য্যন্ত না দ্রব হয় ডিষ্টিল্ড ওয়াটার যোগে ১ পাইণ্ট (এক হাজার কিউবিক সেণ্টিমিটার) পূর্ণ করিবে। ফিল্টার করিবে।

বিস্মথাই কার্ব্বনাস। বিসমথ অক্সিকার্ব্বনেট।

Bismuthi Carbonas. Bismuth Oxicarbonate.

বিসমথ নাইট্রেট ও এমোনিয়া কার্ব্বনেটের প্রতি ক্রিয়া দ্বারা প্রস্তুত হয়।

ক্রিয়া ও ব্যবহার সব্ নাইট্রেট অব্ বিসমথের ন্যায়।

মাত্রা। ৫—২০ গ্রেণ।

বিসমথ ঘটিত ঔষধ ব্যবহার কালিন মল কৃষ্ণবর্ণ হয়।

বিস্মথাই সেলিসিলাস। বিস্মথ সেলিসিলেট।

Bismuthi Salicylas. Bismuth Salicylate.

বিস্মথ সেলিসিলেট বা অক্সি সেলিসিলেট, বিস্মথ নাইট্রেট ও সোডিয়ম সেলিসিলেটের প্রতিক্রিয়া দ্বারা প্রস্তুত হয়।

শ্বেত বা প্রায় শ্বেতবর্ণ, দানাহীন চূর্ণ জলে দ্রব হয় না।

মাত্রা। ৫—২০ গ্রেণ।

ক্রিয়া। ষ্টমাক ও ইনটেসটাইনের অবসাদক ও পচন নিবারক। Sedative and antiseptic to mucous membrane of stomach and intestine.

ব্যবহার—ডায়েরিয়া, ডিসেণ্ট্রী, অলসারেশন, বিবমিষা, বমন, গেস্ট্রিক কেটার, ইরিটেটিভ ডিস্পেপসিয়া।

কেলক্স Calx লাইম (চূণ)। কুইক লাইম। Lime.

বিমিশ্র অক্সাইড অব্ কেলসিয়ম, (এক প্রকার এলকেলাইন আর্থ)।

চাথড়ি বা লাইমষ্টোন দগ্ধ করিয়া উহার কার্ব্বনিক এসিড অন্তরিত করিলে অক্সাইড অব্ লাইম প্রস্তুত হয়।

প্রয়োগরূপ—ক্যালসাই হাইড্রাস বা হাইড্রেট অব্ কেলসিয়ম।

কেলসিস হাইড্রাস। হাইড্রেট অব্ কেলসিয়ম্।

Calcis Hydras. Hydrate of calcium.

চুন একটী ধাতু পাত্রে রাখিয়া উহাতে জল ঢালিয়া দিবে বাষ্প উঠাশেষ হইলে পাত্র আবৃত করিয়া শীতল হইতে দিবে,

শীতল হইলে, আর্দ্রচূর্ণকে লৌহতার নির্ম্মিত চালনিতে চালিয়া লইবে, চালনি মধ্যস্থ মোটাদানা সকলকে পরিত্যাগ করিবে। চালা সূক্ষ্ম চূর্ণ একটী ষ্টপার বোতলে বায়ু রোধ ভাবে আবৃত রাখিবে। শ্লেকড্ লাইম সদা প্রস্তুত করা কর্ত্তব্য।

ক্রিয়া। জলিয় দ্রব অর্থাৎ লাইকর কেলসিসই সচরাচর ব্যবহৃত হয়—সঙ্কোচক, ধারক। অম্লনাশক (অন্ত্রপথে স্থানিক ও শোষিত হইয়া রক্ত ও নিস্রব সকলে)।

চূর্ণ। স্থানিক—দাহক। কেশঘ্ন। জল শুষ্ককারক।

ব্যবহার—লাইকর কেলসিস অম্লসংযুক্ত উদরাময়, কোন ২ অজীর্ণ, পাথরি রোগেও কখনং ব্যবহৃত হয়। শিশুদের বমন, উদরাময়, অজীর্ণরোগে অধিক ব্যবহার হয়।

স্থানিক—কেরন অয়েল পোড়াঘায়ে ব্যবহার হয়।

প্রয়োগরূপ।

১। লাইকর কেলসিস্। সলিউশন অব্ লাইম।

নামান্তর—একোয়া কেলসিস, লাইম ওয়াটার, চূনের জল।

কেলসিয়ম হাইড্রঅক্সাইড	২ আউন্স	৫০ গ্রাম
ডিষ্টিল্ড ওয়াটার	যথা প্রয়োজন।	

ক্লোরাইড সকল দূরহওয়া পর্য্যন্ত ডিঃ ওয়াটারে ধৌত করিবে, এক গেলেন ৪ লিটার ডিঃ জলের সহিত ২।৩ মিনিট সঞ্চালন করিয়া ১২ ঘণ্টা স্থিরভাবে রাখিবে, উপরের পরিষ্কার অংশ ব্যবহার করিবে।

মাত্রা। ১—৪ তং আউন্স।

ইহার ১ আউন্সে ॥০ গ্রেণ বা হাজার কি, সে, মি, ১ গ্রামের অধিক লাইম থাকে।

(প্রতি আউন্সে অর্দ্ধগ্রেণ চূর্ণ আছে।) ১০০ কি, সে, মি, ১ গ্রামের কিছু বেশী লাইম আছে।

মাত্রা। ১—৪ তংআউন্স।

সলিউশন অব্ লাইম ৪টী ঔষধ প্রস্তুত করিতে ব্যবহৃত হয়।

১। আর্জেন্টাই অক্সাইডম, ২। লিনিমেন্টম কেলসিস,

৩। লোসিও হাইড্রারর্জাইরাইফ্লেভা,

৪। লোসিও হাইড্রারর্জাইরাই নাইগ্রা।

২। লাইকর্ কেলসিস সাকারেটস। স্যাকারেটেড্ সলিউশন অফ্ লাইম।

Liquor calcis Saccahartus.

Saccharated solution of Lime.

কেলসিয়ম হাইড্রক্সাইড্		১ আউন্স বা ৫০ গ্রাম
রিফাইণ্ড সুগারচূর্ণ	...	২ ,, বা ১০০ ,,
ডিষ্টিল্ড ওয়াটার ...	...	১ পাইণ্ট বা ১০০০ কি, সে, মি,

ডিঃ ওয়াটারে রিফাইণ্ড শুগার দ্রব করিয়া তাহার সহিত কেলসিয়ম হাইড্রক্সাইড্ মিলিত করিবে, ষ্টপার যুক্ত সবুজ গ্লাশ বোতলে কএক ঘণ্টা রাখিবে এবং মধ্যে২ নাড়িবে, পরিস্কার দ্রব সাইফন দ্বারা অন্তর করিবে অধিক বায়ু লাগাইবে না।

মাত্রা। ২০—৬০ মিনিম।

ওজনে শতকরা ২ ভাগ বা ১ আউন্সে ৮ গ্রেণ।

৩। লিনিমেন্টম্ কেলসিস। বা লিনিমেন্ট অব্ লাইম, কেরণ অয়েল।

সলিউশন অব্ লাইম্ ... ২ তং আউন্স বা ৫০ কি, সে, মি,

অলিভ অয়েল ... ২ ড্রং ,, বা ৫০ কি, সে, মি,

একত্রে সঞ্চালন করিবে।

কেলসিস কার্ব্বনাস প্রিসিপিটেটা। প্রিসিপিটেটেড্ কেলসিয়ম কার্ব্বনেট বা প্রিসিপিটেটেড্ চক্।

Calcis carbonas Precipitata, Precipitated Calcium carbonate.

কেলসিয়ম ক্লোরাইড্ ও সোডিয়ম কার্ব্বনেটের প্রতি ক্রিয়া দ্বারা প্রস্তুত হয়।

মাত্রা। ১০—৬০ গ্রেণ। ক্রিয়া। অম্লনাশক, সঙ্কোচক।

ব্যবহার—ডায়েরিয়া। ক্রমাগত দীর্ঘকাল ব্যবহার অকর্ত্তব্য।

মাত্রা। ১০—৬০ গ্রেণ।

ক্রিটা প্রিপারেটা (প্রিপেয়ার্ড চক্)। শোধিত খটিকা

Creta præparata Prepared chalk.

খড়ি চূর্ণ করিয়া জলে ধৌত করতঃ অধিকাংশ ময়লা দুর করিয়া প্রস্তুত হয়।

গুণধর্ম্ম—শ্বেতবর্ণ চূর্ণ, গন্ধহীন, স্বাদহীন জলে অদ্রবনীয়।

ক্রিয়া ও ব্যবহার—প্রিসিপিটেটেড্ কার্ব্বনেট অব্ লাইমের মত। মাত্রা। ১০—৬০ গ্রেণ।

প্রয়োগরূপ ৪টী।

১।	হাইড্রারর্জাইরাই কমক্রিটা	৩ ভাগের ২ ভাগ।
২।	মিসচুরাক্রিটা	৩২ ভাগের ১ ভাগ।
৩।	পলভিসক্রিটি এরোমাটিকস্	৪ ভাগের ১ ভাগ।
৪।	,, ,, কমওপিও প্রায়	৪ ভাগের ১ ভাগ।

মিস্‌চুরা ক্রিটি। চক্‌ মিক্সচার। খটিকা মিশ্র।

প্রিপেয়ার্ড চক্‌ ...	৪ আউন্স	বা ৫ গ্রাম।
ট্রাগেকান্থ	১৫ গ্রেণ	৩ ,,
রিফাইণ্ড স্থগার ...	॥০ তং আউন্স	১০ ,,
সিনেমন ওয়াটার	যথা প্রয়োজন।	

প্রিপেয়ার্ড চক্‌ ট্রাগেকান্থ রিফাইণ্ড সুগার একত্রে মিলাইয়া দারচিনির জল ক্রমেং মিলাইয়া ৮ তং আং বা ১৬০ কি, সে, মি, হইবেক।

মাত্রা। ॥০—১ তং আউন্স।

পলভিসক্রিটি এরোমাটিক্‌স। এরোমাটিক পাউডার অফ্‌ চক্‌

নামান্তর—কন্‌ফেক্‌সিও এরোমেটিকা। চা খড়ির সুগন্ধ মিশ্র চূর্ণ।

১।	সিনেমনবার্কচূর্ণ (দারুচিনি)	৪ আউন্স	৮০ গ্রাম।
২।	নটমেগ চূর্ণ (জায়ফল)	৩ ,,	৬০ ,,
৩।	ক্লোভস্‌ চূর্ণ (লবঙ্গ)	১৷৷০ ,,	৩০ ,,
৪।	কার্ডেমমসিডস্‌ চুর্ণ (এলাচ)	১ ,,	২০ ,,
৫।	রিফাইণ্ড স্থগার চূর্ণ (চিনি)	২৫ ,,	৫০০ ,,
৬।	প্রিপেয়ার্ড চক্‌ (চা খড়ি)	১১ ,,	২২০ ,,

মিশ্রিত করিয়া লইবে।

মাত্রা। ১০—৬০ গ্রেণ।

কেলসাই ক্লোরাইডম। কেলসিয়ম ক্লোরাইড।

Calcii chloridum, Calcium chloride.

কেলসিয়ম কার্ব্বনেট হাইড্রক্লোরিক এসিড দ্বারা সম ক্ষারাম্ল করিয়া প্রস্তুত হয়।

৩৯২ ডিঃ তাপে শুষ্ক করিয়া প্রস্তুত হয়।

মাত্রা। ৫—১৫ গ্রেণ।

ক্রিয়া—শোষক। ব্যবহার—স্ক্রফিউলা ও বিবিধ গ্রন্থির ব্যাধিতে ব্যবহৃত হয়। কোন২ বমন রোগে উপকারী।

কেলক্স ক্লোরিনেটা। ক্লোরিনেটেড্ লাইম। ব্লিচিং পাউডার।

Calx chlorinata. Chlorenated Lime.

(সম্ভবতঃ কেলসিয়ম হাইপো ক্লোরাইড্ ও কেলসিয়ম ক্লোরাইড মিশ্র)। যে পর্য্যন্ত শোষন করিতে পারে ততক্ষণ পর্য্যন্ত শ্লেকডলাইমে ক্লোরিণবাষ্প প্রয়োগ করিলে প্রস্তুত হয়।

ক্রিয়া। দুর্গন্ধ হারক, পচন নিবারক।

মাত্রা। ২—১০ গ্রেণ।

ব্যবহার—ক্লোরোফরম প্রস্তুত করিতে, এভিন্ন দুর্গন্ধ হরণ জন্য ব্যবহৃত হয়। ইহা বাহ্য বা আভ্যন্তরিক সচরাচর ব্যবহার হয় না। ক্লোরিনেটেড্ সোডা ইহার পরিবর্ত্তে ব্যবহার হয়। ক্লোরোফরম্। ভেপর্ ক্লোরাই। লাইকার কেলসাই ক্লোরিনেটা

লাইকর কেলসাই ক্লোরিনেটি। সলিউশন অব্ ক্লোরিনেটেড্ লাইম।

ক্লোরিনেটেড্ লাইম	১ পাউণ্ড বা ৫০০ গ্রাম।
ডিষ্টিল্ড ওয়াটার	১ গ্যালন বা ৫ লিটার।

মাত্রা। ১০ মিনিম—১ ড্রাম।

সদা অবস্থায় ইহাতে শতকরা ৩ ভাগ ক্লোরিণ পাওয়া আবশ্যক।

কেলক্স সলফিউরেটা। সলফিউরেটেড লাইম।

Calx Sulphurata, Sulphurated Lime.

শতকরা ৫০ ভাগ সলফাইড অব্ কেলসিয়ম।

কেলসিয়ম সলফেট এবং কার্ব্বন মিশ্র শতকরা কিঞ্চিৎ ন্যূন ৫০ ভাগ কেলসিয়ম সলফাইড্ আছে।

মাত্রা। ।০—১ গ্রেণ।

ক্রিয়া ও ব্যবহার—স্ক্রুফিউলার ক্ষত, বয়েল, কার্ব্বঙ্কল ইত্যাদিতে শীঘ্র পুঁজ উৎপাদন করে। প্রদাহের প্রথম অবস্থায় ব্যবহার করিলে পূয় উৎপন্ন নিবারণ করে।

ক্যালসাই ফস্ফাস। কেলসিয়ম ফস্ফেট।

Calcii Phosphas, Calcium Phosphate.

ডাইলুট হাইড্রক্লোরিক এসিডে বোন্এস দ্রব করিয়া উহাতে ডাইলুট সলিউশন অব্ এমোনিয়া যোগ কর, যাহা অধঃক্ষেপ হইবে তাহাইতে জলে ধৌত করিয়া ২১২ তাপে শুষ্ক কর। অথবা সোডিয়ম ফস্ফেট ও কেলসিয়ম ক্লোরাইডের প্রতিক্রিয়া দ্বারা প্রস্তুত হইতে পারে।

মাত্রা। ৫—১৫ গ্রেণ।

ক্রিয়া। পরিবর্ত্তক, অম্লনাশক।

ব্যবহার—কদাচ ব্যবহার হয়, কোন২ চিকিৎসক স্ক্রফিউলা ও রিকেট রোগে ব্যবহার করেন।

ফস্ফেট অব্ লাইম যোগে প্রস্তুত ঔষধ একটী।

পল্ভিস্ এন্টিমনিয়েলিস্ ৩ ভাগের ২ ভাগ।

কেলসাই হাইপোফস্ফিস। কেলসিয়ম হাইপো ফস্ফাইট।

Calcii Hypophosphis, Calcium Hypophosphite.

ফস্ফরাস, কেলসিয়ম হাইড্রক্সাইড ও জলের প্রতিক্রিয়া দ্বারা প্রস্তুত হয়।

ক্রিয়া। ফস্ফরসের ন্যায় কিন্তু নিরাপদ। উত্তেজক, বলকারক ও পরিবর্ত্তক। (ষ্টিমুলেণ্ট, টনিক, অল্‌টারেটিভ)

ব্যবহার—ফস্ফরসের ন্যায়। বিশেষতঃ থাইসিস ও ব্রঙ্কাইটিস, নার্ভাস ডিবিলিটি।

মাত্রা। ৩—১০ গ্রেণ।

সিরপস কেলসিস লেক্টো ফস্ফেটিস। সিরপ অফ্ কেলসিয়ম লেক্টো ফস্ফেট।

প্রিসিপিটেটেড্ কেলসিয়ম কার্ব্বনেট	২॥০ আউন্স	২৫ গ্রাম
কন্‌সেন্‌ট্রেটেড্ ফস্ফরিক এসিড	৪ তং আং ও ২৬২ মিনিম	৪৬ কি,সে,মি,
ল্যাকটিক্ এসিড্	৬ তং আং	৬০ কি, সে, মি,
রিফাইণ্ড সুগার	৭০ আং	৭০০ গ্রাম
অরেঞ্জ ফ্লাওয়ার ওয়াটার কমার্সিয়েল) অমিশ্র	২॥০ তং আং	২৫ কি, সে, মি,
ডিষ্টিল্ড ওয়াটার		যথা প্রয়োজন।

ল্যাক্‌টিক এসিডে ৪ আয়তন জল মিলাইয়া উহাতে ক্যাল্‌সিয়ম কার্ব্বনেট ক্রমে ক্রমে যোগ করিবে। সম্পূর্ণ দ্রব হইলে কন্‌সেন্‌ট্রেটেড্ ফস্ফরিক এসিড যোগ করিবে, এবং প্রথমে যে

অধঃক্ষেপ হইয়াছিল তাহা দ্রব না হওয়া পর্য্যন্ত নাড়িতে থাকিবে, অল্প ডিঃ ওয়াটার সহ ডাইলিউট করিয়া অমিশ্র অরেঞ্জ ফ্লাওয়ার ওয়াটার যোগ করিবে, ফিল্টার করিয়া, রিফাইণ্ড সুগার উক্ত মিশ্রণে বিনাতাপে দ্রব করিবে, ছাঁকিবে, উপযুক্ত পরিমাণ ডিঃ ওয়াটার যোগে ৫ পাইণ্ট বা এক সহস্র কিউবিক সেণ্টিমিটার সিরাপ পূর্ণ করিবে।

মাত্রা। ৷৷০—১ ড্রাম।

ক্রিয়া। বলকারক।

ব্যবহার—শিশুদের ক্রনিক ডায়েরিয়া ডিবিলিটি, ক্রনিক এব্‌সেস্‌ লুকোরিয়া, থাইসিস, ক্রনিক ব্রঙ্কাইটিস।

সিরিয়ম্‌।

সিরিয়ম্‌ এক প্রকার ধাতু, সিরাইট পাথর হইতে পাওয়া যায়। সিরিয়ম্‌ অকজেলেট ফার্ম্মাকোপিয়ার গৃহিত হইয়াছে।

সিরাই অক্‌জেলাস। সিরিয়ম অক্‌জেলেট।

Cerii oxalas. Cerium oxalate.

সিরিয়ম্‌ ধাতুর কোন লবণের জলিয় দ্রাবণে কোন দ্রবনীয় অক্‌জেলেট সল্ট যোগ করিয়া প্রস্তুত হয়। ইহাতে সচরাচর কিছু ল্যান্থেনম অক্‌জেলেট ও ডিডিমিয়ম অক্‌জেলেট থাকে।

ক্রিয়া। পাকস্থলির স্থানিক অবসাদক, স্নায়বিয় বলকারক।

ব্যবহার—গ্যাস্‌ট্রোডিনিয়া, বমন, পাইরোসিস্‌ ইত্যাদি পাকস্থলীর উগ্র অবস্থায় ইহা বিসমথনাইট্রাস ও সিলভার নাইট্রাসের মত। গর্ভাবস্থায় বমন নিবারক। ইপিলেপ্সি, কোরিয়া আক্ষেপ যুক্ত কাশি, নার্ভস্‌ পাল্‌পিটেশন্‌ অফ্‌ দি হার্ট।

মাত্রা।‥ ২—১০ গ্রেণ।

কুপ্রাইসলফাস। কপার সলফেট, ব্লুষ্টোন তুঁতিয়া।

Cupri sulphas. Copper sulphate.

কুপ্রিক অক্সাইড বা কপার, সলফিউরিক এসিড ও জলের প্রতিক্রিয়া দ্বারা প্রস্তুত হয়।

ক্রিয়া। অল্পমাত্রায় সঙ্কোচক ও স্নায়বীয় বলকারক অধিক মাত্রায় দ্রুত ও প্রবল বমন কারক।

স্থানিক—দাহক, উত্তেজক, সঙ্কোচক।

ব্যবহার—পুরাতন উদরাময়, আমাশয়, কোরিয়া, ইপিলেপ্সী। বিষাক্ত হইলে এবং অন্য কারণে বমন করাইতে, দুর্ব্বলও বালক-দের জন্য ভাল, কারণ অবসাদক গুণ নাই।

স্থানিক—উন্নত অঙ্কুরযুক্ত ক্ষত, পুরাতন ক্ষত, অপথালমিয়া, গ্লীট।

মাত্রা—সঙ্কোচক ও বলকারক	...	।০—২ গ্রেণ।
বমন জন্য	... ...	৫—১০ ,,

ফিরম, আয়রণ, লৌহ।

Ferrum, Iron.

লৌহ একটী মূলধাতু। ৩৫ নং লোহার তার প্রায় ·০০৫ ইঞ্চি বা (১ মিলিমিটার) অথবা পেটালোহার মরিচা শূন্য পরিষ্কার পেরেক লৌহঘটিত ঔষধ প্রস্তুত করিতে ব্যবহার হয়।

১। ভাইনম্ ফেরি। আয়রণ ওয়াইন। (লৌহাসব)।

আয়রণ ওয়ার	১ আউন্স	৫০ গ্রাম
সেরি	১ পাইণ্ট	১০০০ কি,সে,মি,

লৌহ তার, আবদ্ধ পাত্রে ৩০ দিন সেরি মধ্যে ভিজাইয়া মধ্যে মধ্যে নাড়িয়া দিবে ও ছিপি খুলিবে। লৌহ তার সেরিতে

প্রায় সম্পূর্ণ মগ্ন থাকিবে। ৩০ দিন পর ফিল্টার করিবে। পরিমাণ ১ পাইণ্ট হইবে।

মাত্রা। ১—৪ ফ্লুং ড্রাম।

ক্রিয়া। রক্তজনক, স্নায়বিয় বলকারক, সঙ্কোচক, রজঃ-নিঃসারক।

ব্যবহার—এনিমিয়া, কোরিয়া, নিউরালজিয়া, হিষ্টিরিয়া, ইপিলেপ্সি, পেসিভহেমরেজ, পেসিভমিউকসডিস্চার্য্য, এমিনোরিয়া।

লৌহের পারসল্ট সকল—অধিক সঙ্কোচক।

উদ্ভিদ অম্লসংযুক্ত লৌহের সঙ্কোচক ক্রিয়া নিতান্ত অল্প। লৌহ ঘটিত ঔষধ সেবনকালে রোগীর জিহ্বা, দন্ত ও মল কৃষ্ণ বর্ণ হয়।

ফেরম রিডক্টম, রিডিউসড আয়রণ, ফেরি পলভিস।

Ferrum Redactum, Reduced Iron.

সূক্ষ্ম লৌহচুর্ণ, শতকরা অনূ্যন ৭৫ ভাগ ধাতব লৌহ, আয়রণ অক্সাইড মিশ্রিত। ফেরিক হাইড্রক্সাইড, হাইড্রজেন বাষ্প পরিচালিত স্থানে লোহিতোত্তাপে উষ্ণ করিয়া প্রস্তুত হয়।

ক্রিয়া। লৌহঘটিত সাধারণ ঔষধের ন্যায়, ইহার সঙ্কোচক ক্রিয়া নাই। রক্তজনক ক্রিয়া প্রবল, উগ্রতাগুণ নাই, সেবনে কখন২ দুর্গন্ধ উদ্গার উৎপন্ন হয়।

ব্যবহার—কোরিয়া, প্লীহা ইত্যাদি।

মাত্রা। ১—৫ গ্রেণ।

প্রয়োগরূপ ট্রচিসকস্ ফেরিরিড্যাকটাই। রিডিউসড আয়রণ লোজেঞ্জ।

রিডিউসড আয়রণ	১ গ্রেণ	·০৬৪৮ গ্রাম।

সিম্পল বেসিস সহিত একটী লোজেঞ্জ প্রস্তুত করিবে।

মাত্রা। ১—৫ লোজেঞ্জ।

ফেরি কার্ব্বনাস স্যাকারেটা। স্যাকারেটেড্ কার্ব্বনেট অব্ আয়রণ।

Ferri carbo saccharatus, Saccharated Iron carbonate.

ফেরস অক্সি কার্ব্বনেট, ন্যূনাধিক অক্সিডাইজড্ ও শর্করা মিলিত। কার্ব্বনেটের পরিমাণ প্রায় এক তৃতীয়াংশ।

ফেরস সলফেট	২ আউন্স	৪০ গ্রাম
এমোনিয়ম কার্ব্বনেট	১।০ ,,	২৫ ,,
বয়েলিং ডিষ্টিল্ড ওয়াটার	২ গেলন	৬৪০০ কি, সে, মি
রিফাইণ্ড সুগার	১ আং	২০ গ্রাম।

ফেরস সল্‌ফেট ও এমোনিয়ম কার্ব্বনেট প্রত্যেক একচতুর্থাংশ ডিঃ ওয়াটারে দ্রব কর। ফেরস সলফেট সলিউশন কার্ব্বনেট অফ আয়রণ সলিউশনে যোগ কর একটী স্তম্ভাকৃতি গভীর পাত্রে উত্তমরূপে নাড়িয়া দাও। বায়ু না লাগে এরূপভাবে আবৃত রাখ। ২৪ঘণ্টা স্থির রাখ। সাইফন দ্বারা উপরের জলীয়ভাগ অন্তর কর, অবশিষ্ট ডিঃ জল অধঃক্ষিপ্ত দ্রব্যে দিয়া নাড়িয়া দিবে, স্থির হইলে, পরিষ্কার, তরল ভাগ অন্তর করিয়া, প্রিসিপিটেট, কেলিকো ফিল্টারে সংগ্রহ করিয়া, চাপিয়া নিরস করত পর্সিলেন মর্টারে রিফাইণ্ড সুগার মিশ্র করত ২১২ অনধিক তাপে শুষ্ক করিবে।

ক্রিয়া। রক্তজনক, বলকারক, সঙ্কোচক গুণ নাই।

ব্যবহার—লৌহ ঘটিত অন্যান্য ঔষধের ন্যায় বিশেষতঃ এনিমিক এমিনোরিয়া শিশু ও স্ত্রীলোকদের জন্য ভাল।

মাত্রা। ১০—৩০ গ্রেণ।

প্রয়োগরূপ।—মিস্‌চুরা ফেরি কম্পজিটা কম্পাউণ্ড মিকশ্চার অফ্ আয়রণ। (গ্রিফিথস্ মিকশ্চার)।

এন্‌টিহেকটিক মিকশ্চার।

ফেরস সলফেট		২৫ গ্রেণ	২·৫ গ্রাম
পটাসিয়ম কার্ব্বনেট ...		৩০ ,,	৩ ,,
মার		৬০ ,,	৬ ,,
রিফাইণ্ড সুগার ...		৬০ ,,	৬ ,,
স্পিরিট অব্ নট্‌মেগ ...		৫০ মিনিম	৪·৫ কি, সে, মি
রোজ ওয়াটার ...		১০ তং আং	৪৩৭·৫ কি, সে, মি

বা যথাবশ্যক।

মার চূর্ণ করিবে, পটাসিয়ম কার্ব্বনেট ও রিফাইণ্ড সুগার যোগ করিবে, অল্প রোজ ওয়াটার সহ মর্দ্দন করিয়া পাতলা লেইবৎ করিবে। ক্রমে আরও রোজ ওয়াটার ও স্পিরিট অফ্ নট্‌মেগ যোগ করিয়া মর্দ্দন করিবে। রোজ ওয়াটার যোগ করিয়া মর্দ্দন করিতে থাকিবে, যে পর্য্যন্ত না ৭ তং আং বা ৩০৬৷০ কি, সে, মি, পূর্ণ হয়।

ফেরস সলফেট ৩ তং আউন্স (১৩১৷০ কি, সে, মি,) রোজ ওয়াটারে দ্রব করিয়া উক্ত দ্রবে যোগ করিবে।

মাত্রা। ৷৷০—১ তং আউন্স।

ক্রিয়া।—রক্তজনক, বলকারক, রজঃ নিঃসারক।

Ferri Iodidum ফেরি আইওডাইডম্। Iodide of Iron.

লৌহ তার ...	...	১৷০ আউন্স
আইওডাইন ...	...	৩ আং
ডিষ্টিল্ড ওয়াটার ...	...	১৫ আং

আইওডাইড অফ্ আয়রণ ফার্ম্মাকোপিয়ায় গৃহীত হয় নাই ইহার দুইটী প্রয়োগরূপ গৃহীত হইয়াছে।

প্রয়োগরূপ—পাইলিউলা ফেরি আইওডিডাই, সিরপ ফেরি আইওডিডাই।

সিরপস্ ফেরি আইওডিডাই।

সিরপ অফ্ ফেরস আইওডাইড।

আয়রণ ওয়ার	... ...	॥০ আউন্স	২৫ গ্রাম।
আইওডিন	... ...	৭২৬ গ্রেণ	৮৩ ,,
রিফাইণ্ড সুগার	... ...	১৬॥০ আং	৮২৫ ,,
ডিষ্টিল্ড ওয়াটার			যথা প্রয়োজন।

রিফাইণ্ড সুগার ৬ তং আং (৩০০ কি, সে, মি,) বয়েলিং ডিঃ ওয়াটারে মিলিত করিয়া তাপদ্বারা দ্রব করিবে। উহার ॥০ আউন্স বা ২৫ কি, সে, মি, সম পরিমাণ ডিঃ ওয়াটার সহিত মিলিত করিয়া রাখিয়া দেও ২॥০ আং (১২৫ কি, সে, মি,) একটী ফ্লাস্ক লইয়া উহাতে আওডিন ও আয়রণ মিলিত করিয়া মৃদু তাপ দিবে এবং শেষে অল্প ফুটাইবে যে পর্য্যন্ত না ফেনাগুলি পিতবর্ণ বিরোহিত হয় গরম থাকিতে ২ সিরাপের মধ্যে ফিল্টার করিবে, ফ্লাস্ক ও ফিল্টার পূর্ব্বের ডাইলুট সিরাপ দিয়া ধৌত করিবে এবং ইহাকে ফুটাইতে থাকিবে, বয়েলিং ডিঃ ওয়াটার ফিল্টারের মধ্যে দিয়া যোগ করিবে। শীতল হইলে যেন পরিমাণ ১ পাইণ্ট বা এক হাজার কি, সে, মি, হয়।

আপেক্ষিক গুরুত্ব ১·৩৮০ হইতে ১·৩৮৭ পর্য্যন্ত।

মাত্রা। ॥০—১ ড্রাম।

ইহার ১১ মিনিমে ১ গ্রেণ ফেরস্ আওডাইড আছে।

ক্রিয়া। আইওডিন ও আয়রণের মিলিত ক্রিয়ার ন্যায়। পরিবর্ত্তক, শোষক, রক্তজনক, বলকারক।

ব্যবহার—স্ক্রফিউলা, থাইসিস্, রিউমাটিক আর্থারাইটিস্ সেকেণ্ডারি ও টার্সিয়ারি সিফিলিস।

ফেরি সলফাস। ফেরাস সলফেট (হীরাকস)।

নামান্তর—কোপেরাস, গ্রীন ভিট্রিয়ল।

Ferri Sulphus. Farrous Sulphate.

ডাইলুট সলফিউরিক এসিড্ ও আয়রণের প্রতিক্রিয়া দ্বারা প্রস্তুত হয়।

মাত্রা। ১—৫ গ্রেণ।

ক্রিয়া। রক্তজনক, বলকারক, রজ নিঃসারক, পর্য্যায় নিবারক, কৃমিনাশক।

স্থানিক—সঙ্কোচক, উগ্রতাসাধক।

ব্যবহার।—এনিমিয়া, এমিনোরিয়া। প্লীহা, দুর্ব্বলতা পেসিভ হেমরেজ।

প্রয়োগরূপ ১। ফেরি সলফার এক্সিকেটাস্।

২। পাইলিউলা এলোজএট্ ফেরি।

৩। পাইলুলা ফেরি (ব্লড্পিল Blaud Pill) আয়রণপিল।

এক্সিকেটেড্ ফেরস সলফেট সূক্ষ্মচূর্ণ		১৫০ গ্রেণ	১৫ গ্রাম
এক্সিকেটেড্ সোডিয়ম কার্ব্বনেট		৯৫ ,,	৯.৫ ,,
গমএকেসিয়া চূর্ণ	...	১৫ ,,	.৫ ,,
ট্রেগেকান্থা চূর্ণ	...	১৫ ,,	১.৫ ,,

সিরপ	... ...	১৫০ ,,	১৫ ,,
গ্লিশরিন	... ...	১০ ,,	১ ,,
ডিষ্টিল্ড ওয়াটার	...	২০ ,,	২ ,,

বা যথা আবশ্যক।

গ্লিশিরিন, সিরপ ও ডিঃ ওয়াটার একত্রে মিলিত করিয়া উহাতে ফেরস সলফেট যোগ করিয়া মিশ্রিত করিবে, সোডিয়ম কার্ব্বনেট শীঘ্র যোগ করিয়া মিশ্রিত করিবে, ১৫ মিনিট বা যতক্ষণ না প্রতিক্রিয়া শেষ হয় রাখিয়া দিবে। ট্রেগেকান্থা ও গম একেসিয়া যোগ করিয়া উত্তমরূপে মিলিত করিবে। ৫ গ্রেণ পরিমাণ পিল বিভক্ত করিবে, প্রতি পিল ১ গ্রেণ ফেরস কার্ব্বনেট থাকে। মাত্রা। ৫—১৫ গ্রেণ।

ফেরি সলফাস এক্সিকেটস, এক্সিকেটেড্ ফেরস সলফেট, ড্রায়েড সলফেট অফ্ আয়রণ।

(দগ্ধহিরাকস)।

সলফেট অব্ আয়রণ, ২১২ ফাঃ তাপে শুষ্ক করিয়া ইহাকে চূর্ণ করিয়া ওজন করিলে শতকরা ৬০ ভাগ হওয়া আবশ্যক।

মাত্রা। ৷৷০—৩ গ্রেণ।

ফেরি আর্সিনাস। আয়রণ আর্সিনিয়েট।

Ferri arsenas, Iron arseniate.

অক্সাইড মিলিত ফেরস আর্সিনেট ও ফেরিক আর্সিনেট।

ফেরস সল্ফেট	২০৷৵০ আউন্স	৪১৫ গ্রাম।
সোডিয়ম আর্সিনেট	২৬৷৷০ আং	৫৩০ ,,
সোডিয়ম বাইকার্ব্বনেট	৪৷৷০ আং	৯০ ,,
ডিঃ ওয়াটার বয়েলিং		যথাবশ্যক।

সোডিয়ম আর্সিনেট প্রায় ৫ পাইণ্ট (২ লিটার) জলে দ্রবকর এবং ফেরস সলফেট ৬ পাইণ্ট (২৪০০ কি, সে, মি,) ডিঃ জলে দ্রব করিবে, উভয় দ্রব মিলিত করিবে, সোডিয়ম বাইকার্ব্বনেট অল্প শীতল ডিঃ জলে দ্রব করিয়া উহাতে যোগকরিবে, উত্তমরূপে নাড়িবে, অধঃক্ষেপ কেলিকো ফিল্টারে একত্র করিয়া, সল্‌ফেটস্ অন্তর হওয়াপর্য্যন্ত ধৌত করিবে, স্ক্রুপ্রেসে রাখিয়া দৃঢ় পাতলা কাপড় মধ্যে চাপিবে, উষ্ণ এয়ার চেম্বারে পোরস ব্রিকে রাখিয়া অনধিক ১০০ ফাঃ (৩৭·৮ সে) তাপে শুষ্ক করিবে।

ক্রিয়া। আর্সিনিকেরন্যায়, ইহাতে লৌহ থাকিলেও এত কম মাত্রায় ব্যবহার করিতে হয় যে তাহাতে লৌহের কোন বিশেষ ক্রিয়া হয় না। রক্তজনক, বলকারক, পরিবর্ত্তক।

মাত্রা। $\frac{1}{16}$—$\frac{1}{4}$ গ্রেণ।

ফেরিফস্ফাস। আয়রণ ফস্ফেট।

Ferri phosphas, Iron phosphate.

শতকরা অন্যূন ৪৭ ভাগ ফেরসফস্ফেট, ফেরিকফস্ফেট ও কিছু আয়রণ অক্সাইড সহিত মিলিত।

ফেরস সল্‌ফেট ...	...	৩ আউন্স	৬০ গ্রাম।
সোডিয়ম্ ফস্ফেট	...	২৮০ আং	৫৫ ,,
সোডিয়ম্ বাইকার্ব্বনেট	...	৮০ আং	১৫ ,,
বয়েলিং ডিঃ ওয়াটার	...		যথাপ্রয়োজন।

ফস্ফেট অফ্ সোডাও সল্‌ফেট অফ্ আয়রণ প্রত্যেককে ৩০ আউন্স (৬০০ কি, সে, মি,) জলে পৃথক২ দ্রব করিবে, ১০০ হইতে ১৩০ ফাঃ শীতল হইলে একত্র করিবে, উহাতে কার্ব্বনেট অফ্ সোডার দ্রাবণ যোগ করিবে। অধঃক্ষিপ্ত ফস্ফেট অফ

আয়রণ। ছাঁকিয়া সল্‌ফেট শূন্য হওয়া পর্য্যন্ত ধৌত ও ১২০ ফাঃ (৪৮.৯ সে) তাপে শুষ্ক করিবে।

ক্রিয়া। লৌহঘটিত সাধারণ ঔষধের ন্যায়। রক্তজনক, বলকারক পরিবর্ত্তক।

ব্যবহার—ডায়েবিটিস, রেকাইটীস।

মাত্রা। ৫—১০ গ্রেণ।

প্রয়োগরূপ

সিরপস ফেরিফস্ফেটিস। সিরপ অফ্ ফেরস ফস্ফেট।

Syrupus ferri phopsphates,

Syrup of ferrous phosphate.

লৌহতার	...	...	৭৫ গ্রেণ	৪৮.৬ গ্রাম।
কন্‌সেনট্রেটেড ফস্ফোরিক এসিড			১।০ তং আং	৬২.৫ কি, সে, মি
সিরপ	...	...	১৬ তং আং	৭০০ কি, সে, মি
ডিষ্টিল্ড ওয়াটার		...	যথাবশ্যক	

ফস্ফরিক এসিড সমপরিমাণ ডিঃ ওয়াটার সহ ডাইলিউট করিয়া লৌহতার সহ একটী ফ্লাস্কে রাখিবে, মুখটী কটন উলদ্বারা আবদ্ধ করিবে, মৃদু তাপ দিবে যে পর্য্যন্ত না লৌহ দ্রবহয়, শীতল হইলে সিরপে ফিল্টার কর এবং উপযুক্ত পরিমাণ ডিঃ ওয়াটার ফিল্‌টার দিয়া চুয়াইয়া পরিমাণ ১ পাইণ্ট বা ১০০০ কি, সে, মি, করিবে।

মাত্রা। ৷৷০—১ ড্রাম।

প্রতিড্রামে ১ গ্রেণ এনহাইড্রস ফেরস্ ফস্ফেট আছে।

Syrupus ferri phosphatis cum Quinina et Strychnina Syrup of phosphate of Iron

with Quinine and Stychuine.

লৌহতার		৭৫ গ্রেণ	৮ ৬ গ্রাম
কন্সেনট্রেটেড্ ফসফরিক এসিড		১১/২ তং আং	৬২·৫ কি,সে,মি
ষ্ট্রীকনাইন চূর্ণ	...	৫ গ্রেণ	০ ৫৭ গ্রাম
কুইনাইন সল্‌ফেট	...	১৩০ ,,	১৪·৮ ,,
সিরপ ...	...	১৪ তং আং	৭০০ কি,সে,মি
ডিষ্টিল্ড ওয়াটার	...	যথাবশ্যক।	

সমপরিমাণ ডিঃ ওয়াটার যোগ করিয়া ফসফরিক এসিড ও লৌহতার একটী ছোট ফ্লাস্কে রাখ মুখ তূলাদ্বারা বন্ধকর, লৌহ দ্রব হওয়া পর্য্যন্ত মৃদু তাপদাও, ঐ দ্রবে ষ্ট্রীকনাইন ও কুইনাইন দ্রবকর, সিরপে ফিল্টার কর উপযুক্ত পরিমাণ ডিঃ ওযাটার ফিল্টার মধ্যে দিয়া এক পাইন্ট (১ সহস্র কি, সে, মি,) পূর্ণ করিবে।

মাত্রা। ॥০—১ ড্রাম।

এক তরলড্রামে ১ গ্রেণ এন্‌হাইড্রস ফেরস সলফেট ৪/৫ গ্রেণ কুইনাইন ১/৩২ গ্রেণ ষ্ট্রীকনাইন আছে।

ক্রিয়া—টনিক ব্যবহার—নার্ভাস ডিবিলিটি, এনিমিয়া।

লাইকর ফেরিপার ক্লোরিডাই ফোর্টিস

ষ্ট্রং সলিউশন অফ্ ফেরিক ক্লোরাইড।

Liquor Ferri perchloredi fortis,
Strong solution of ferric chloride.

আয়রণ	...	৪ আউন্স	৮০ গ্রাম
হাইড্রোক্লোরিক এসিড		২০॥০ আং	৪১০ কি, সে, মি,
নাইট্রিক এসিড	...	১॥০ আং	৩০ কি, সে, মি,
ডিষ্টিল্ড ওয়াটার	...	যথাপ্রয়োজন।	

লৌহ একটী ফ্লাস্কে রাখিয়া উহাতে ১২॥০ আং (২৫০ কি,সে,মি,) হাইড্রোক্লোরিক এসিড ও ৭ আউন্স (১৪০ কি, সে. মি,) ডিঃ ওয়াটার যোগকরিবে। মৃদু তাপদিবে যে পর্য্যন্ত উচ্ছলন শেষ না হয়। তারপর স্ফুটিতকর, অদ্রব আয়রণ হইতে ফিল্টার কর, ফ্লাস্ক ও তন্মধ্যস্থ দ্রব্য অল্প ডিঃ ওয়াটারে ধৌত করিয়া, উহাকে ফিল্টারে রাখিবে, ফিল্টার লব্ধদ্রব্যে ৭ তং আং বা (১৪০ কি, সে, মি,) হাইড্রোক্লোরিক এসিড যোগকর, মিশ্রিত করিয়া ঐ মিশ্রদ্রব্য অল্পে২ ক্রমাগত নাইট্রিক এসিডে যোগ করিবে, প্রয়োজন হইলে মৃদু তাপদ্বারা রাসায়নিক ক্রিয়া উত্তেজিত করিবে। তাপদ্বারা শুষ্ক করিবে, যে পর্য্যন্ত নাইট্রস ধূমনির্গত না হয় ও অধঃক্ষেপ হইতে আরম্ভ হয়। ১ তং আং (বা ২০ কি, সে, মি,) হাইড্রোক্লোরিক এসিড ও যথাবশ্যক ডিঃ ওয়াটার যোগে ১৭॥০ আং (বা ৩৫০ কি, সে, মি,) পূর্ণ করিবে।

ক্রিয়া। প্রবল সঙ্কোচক, রক্ত রোধক, দাহক।

সলিউশন অব্ ফেরিক ক্লোরাইড।

ষ্ট্রং সলিউশন অব্ ফেরিক ক্লোরাইড	৫ আং	২৫০ কি, সে,
ডিষ্টিল্ড ওয়াটার	...	যথাপ্রয়োজন।

মিলাইয়া ১ পাইন্ট বা ১০০০ কি, সে, মি, পূর্ণ করিবে।

মাত্রা। ৫—১৫ মিনিম।

টিংচুরা ফেরি পারক্লোরিডাই।

টিংচার অফ্ ফেরিক ক্লোরাইড।

নামান্তর—টিংচার ফেরি সেস্কুই ক্লোরাইড, টিংচারষ্টিল।

ষ্ট্রং সলিউশন অব্ ফেরিক ক্লোরাইড	৫ তং আং	২৫০ কি,সে,মি
এল্‌কোহল শতকরা ৯০ ভাগ		২৫০ কি, সে, মি,

ডিষ্টিল্ড ওয়াটার	...	যথাবশ্যক।

মাত্রা। ৫—১৫ মিনিম।

লাইকর ও টিংচার ফেরি পারক্লোরাইডের।

ক্রিয়া। প্রবল সঙ্কোচক, রক্তজনক, বলকারক, মূত্রকারক। স্থানিক—উত্তেজক, রক্তরোধক, সঙ্কোচক, দাহক।

ব্যবহার—পেসিভ হেমরেজ, দুর্ব্বল ও নিরক্তাবস্থা, ইরিসিপেলাস। স্থানিক—ইরিসিপেলাস, রক্তস্রাব।

লাইকর ফেরিপার নাইট্রেটিস সলিউশন অফ্ ফেরিক নাইট্রেট।

Liquor ferri pernitras. Solution of ferric nitrate

আয়রণ	...	১ আউন্স	বা ২০ গ্রাম।
নাইট্রিক এসিড		৪৷৷০ তং আং	৯০ কি, সে, মি,
ডিষ্টিল্ড ওয়াটার	...	...	যথাপ্রয়োজন।

১৷৷০ পাইণ্ট পূর্ণ করিবে।

১৬ আউন্স জলে নাইট্রিক এসিড মিলাইয়া ইহাতে লৌহতার মগ্ন করিবে। দ্রব না হওয়া পর্য্যন্ত রাখিবে, অতি দ্রুত গতিতে দ্রব হইতে থাকিলে ও ক্রিয়া প্রবল হইলে ডিঃ জল যোগে তাহা বন্ধ করিবে। ফিল্টার করিয়া যথা আবশ্যক জল যোগে ৩০ আং (৬০০ কি, সে, মি) পূর্ণ করিবে।

ক্রিয়া। প্রবল সঙ্কোচক, রক্তজনক, বলকারক।

ব্যবহার—পারক্লোরাইড অব্ আয়রণের ন্যায়, দুর্ব্বল অবস্থায় ডায়েরিয়া, পেসিভ মিউকস ডিস্চার্য্য।

মাত্রা। ৫—১৫ মিনিম।

১১০ মিনিম ৩১/২ গ্রেণ আয়রণ (১০০ কি, সে, মি, ৩৩ গ্রাম।

লাইকারফেরি পারসলফেটিস। সলিউশন অফ্ ফেরিক সলফেট।

Liquor ferri persulphatis,
Solution of ferric sulphate.

নামান্তর—সলিউশন অব্ ফেরিক সল্ফেট।

সলফিউরিক এসিড ১০ আং ডিঃ ওয়াটারে যোগকর তাপদ্বারা ফেরস সল্ফেট উহাতে যোগকর, নাইট্রিক এসিড ২ আউন্স ডিঃ ওয়াটারের সহিত যোগ কর, এই ডাইলুট এসিড্ গরম থাকিতে উহাতে সলিউশন অব্ ফেরস সল্ফেট যোগ কর তৎপর ফুটাইয়া ঘন করিতে থাকিবে, যে পর্য্যন্ত না লালধুম নির্গমন শেষ হইয়া উহার কালবর্ণ পরিবর্ত্তিত হইয়া লাল হয়, যদি ঐ সলিউশন ফেরস সল্ট থাকে তাহাহইলে কএক ফোঁটা নাইট্রিক এসিড যোগ করিয়া ফুটাইবে শীতল হইলে ডিঃ জলযোগে ১১আং পুর্ণ করিবে।

ফেরস সলফেট	৮ আউন্স	বা ৪০০ গ্রাম।
সলফিউরিক এসিড }	প্রত্যেক ...	৬ ৩ং ড্রাম (অথবা
নাইট্রিক এসিড }		৩৩ ৫ কি, সে, সি,)
ডিষ্টিল্ড জল		যথাপ্রয়োজন।

ব্যবহার—প্রবল সঙ্কোচক কিন্তু ঔষধরূপে ব্যবহৃত হয় না, অন্যান্য ঔষধ প্রস্তুত করিতে ব্যবহৃত হয়।

লাইকারফেরি পারসল্ফেট্যুক্ত ঔষধ ৪টী।

১। ফেরিএট এমনাই সাইট্রাস। ২। ফেরিএট কোয়াইনি সাইট্রাস। ৩। ফেরি পারক্সাইডম হাইড্রেটম। ৪। ফেরম টার্টারেটম।

ফেরিএট এমনাই সাইট্রাস।

আয়রণ এণ্ড এমোনিয়া সাইট্রেট।

Ferri et ammonii citras. Iron and Ammonia Citrate.

সলিউশন অব্ ফেরিক সল্‌ফেট	১০ তং আং	২০০ কি, সে, মি, বা যথাপ্রয়োজন।
সলিউশন অব্ এমোনিয়া	২৩ তং আং	৪৬০ কি, সে, মি, বা যথা প্রয়োজন।
সাইট্রিক এসিড	৪ আং	৮০ গ্রাম।
ডিষ্টিল্ড ওয়াটার		যথাপ্রয়োজন।

ক্রিয়া। রক্তজনক, বলকারক, সঙ্কোচক গুণ প্রায় নাই।

ব্যবহার—রক্তহীনতায় অতি উৎকৃষ্ট ঔষধ, পাকস্থলির উগ্রতা থাকিলে উচ্ছলন পানীয় সহিত ব্যবহার করা যায়। ইহা বিস্বাদ নয় বলিয়া শিশুদের জন্য বিশেষ উপকারী।

মাত্রা। ৫—১০ গ্রেণ।

ভাইনম ফেরি সাইট্রেটিস্ ওয়াইন অফ্ আয়রন সাইট্রেট।

আয়রণ এবং এমোনিয়ম সাইট্রেট	১৬০ গ্রেণ	১৮·৩ গ্রাম।
অরেঞ্জ ওয়াইন		যথাবশ্যক।

আয়রণ ও এমোনিয়ম সাইট্রেট যথাবশ্যক অরেঞ্জ ওয়াইনে দ্রব কর এক পাইণ্ট (১০০০ কি, সে, মি,) পূর্ণকর। তিন দিন পর্য্যন্ত মধ্যে২ নাড়িয়া দাও। ফিল্‌টার কর।

মাত্রা। ১—৪ ড্রাম।

ফিরম টার্টারেটম। টার্টারেটেড আয়রণ।

Ferrum Tartaratum. Tartarated Iron.

ফেরি এট পটাসি টার্ট্রেট, টার্ট্রেট অব্ আয়রণ এণ্ড পটাস।

নামান্তর—ফেরি পটাসি ও টার্টাস, ফিরম টার্টারেটম।

সলিউশন অব্ ফেরিক সলফেট	১০ আং	২০০ কি, সে, মি,
সলিউশন অব্ এমোনিয়া	১৬ আং	৩২০ কি, সে, মি, বা যথাবশ্যক।
এসিড টার্ট্রেট অব্ পটাস চূর্ণ	৩ আং এবং ১৪৬ গ্রেণ	৬৬·৫ গ্রাম
ডিষ্টিল্ড ওয়াটার		যথা প্রয়োজন।

ক্রিয়া। রক্তজনক, বল কারক, মূত্রকারক। অধিক মাত্রায় ক্রিমি নাশক।

ব্যবহার—এল্কেলাইন কার্ব্বনেটের সহিত ব্যবহার করা যাইতে পারে। লৌহ ঘটিত অন্যান্য ঔষধের ন্যায়।

মাত্রা। ৫—১০ গ্রেণ। (ক্রিমি নাশক ৩০—৬০ গ্রেণ।)

ফেরি এটকুইনাইনি সাইট্রাস। আয়রণ এণ্ড কুইনাইন সাইট্রেট।

সলিউশন্ অব্ ফেরিক সলফেট	৯ ত্ৎ আং	১৮০ কি, সে, মি,
সলফেট অব্ কুইনাইন	২ আং	৪০ গ্রাম
ডাইলিউট সলফিউরিক এসিড	৩ আং	৬০ কি, সে, মি,
সাইট্রিক এসিড ...	৬ আং এবং ৬০ গ্রেণ	১২৩ গ্রাম
সলিউশন্ অব্ এমোনিয়া } ডিষ্টিল্ড ওয়াটার }		যথা প্রয়োজন।

ক্রিয়া। রক্তজনক, বলকারক, পর্য্যায় নিবারক।

ব্যবহার—এনিমিয়া, পুরাতনজ্বর, প্লীহাবর্দ্ধন, দুর্ব্বলতা, স্নায়ুশূল ইত্যাদি। মাত্রা। ৫—১০ গ্রেণ।

লাইকর ফেরি এসিটেটিস। সলিউশন অফ্ ফেরিক এসিটেট।

Liquor Ferri Acetatis. Solution of Ferric Acetate.

সলিউশন্ অব্ ফেরিক সলফেট	২॥০ আং	১২৫ কি, সে, মি
সলিউশন্ অব্ এমোনিয়া	৪ তং আং	২০০ কি, সে, মি
গ্লেশিয়েল এসিটিক এসিড	১॥০ তং আং	৭৫ কি, সে, মি
		বা যথাবশ্যক
ডিষ্টিল্ড ওয়াটার ...		যথাবশ্যক।

১ পাইণ্ট ডিঃ ওয়াটার সহ সলিউশন্ অফ্ এমোনিয়া যোগ কর। ১ পাইণ্ট ডিঃ ওয়াটারে ফেরিক সলফেট দ্রব করিয়া উহা ক্রমে যোগকর, যেন শেষ পর্য্যন্ত এমোনিয়া কিছু বেশীহয়। দুই ঘণ্টা স্থিরভাবে রাখিবে, মধ্যে২ নাড়িবে, কেলিকো ফিল্টারে রাখিবে, অধঃক্ষিপ্ত ফেরিক হাইড্রক্সাইড ডিঃ ওয়াটারে ধৌত কর, যে পর্য্যন্ত না সলফেট বিরহিত হয়। জল পড়িয়া গেলে, চাপিয়া নিরস করিবে, গ্লেশিয়েল এসিটিক এসিডে দ্রব করিবে, ডিষ্টিল্ড জল যোগে ১ পাইণ্ট করিবে, স্থিরভাবে রাখিয়া অদ্রব অংশ নীচে পড়িতেদিয়া উপরের পরিষ্কার ভাগ অন্তর করিবে।

Hydrargyrum.

হাইড্রার্জাইরম, মার্কুরি, কুইকসিলভার, পারদ।

উজ্জ্বল তরল মুল ধাতু। (Mercury.) Hg.

খনিজ মার্কিউরিক সলফাইড হইতে প্রস্তুত হয়।

সাধারণ পারদ তরল ধাতুর আকারে ঔষধার্থে ব্যবহৃত হয় না, কিন্তু কৌশলক্রমে ইহার সূক্ষ্মচূর্ণ করিয়া ব্যবহার হয়।

ক্রিয়া। লালনিঃসারক, পিত্তনিঃসারক, মূত্রকারক, রক্তঃ-নিঃসারক, শোষক, অধিক মাত্রায় বিরেচক। তদধিক মাত্রায় মুখ আইসে। (সায়েলেগগ্, কোলেগগ্, ডাইউরেটিক, এমি-নেগগ্, এবসরবেণ্ট, পর্গেটীভ।) পারসল্ট গুলি প্রটোসল্ট অপেক্ষা অধিক উগ্র।

স্থানিক—উত্তেজক, শোষক, (সার্ব্বাঙ্গিক ক্রিয়াজন্ত ও স্থানিক প্রয়োগ হয়)।

ব্যবহার—ইণ্টারনেল কনজেশ্চন (আভ্যন্তরিক রক্তাধিক্য) যথা—যকৃত, কিড্‌নি ইত্যাদি।

একিউড ইনফ্লামেশন্—যে কোন যন্ত্রের তরুণ প্রদাহ হউকনা কেন (ইরিশিপেলাস, স্ক্রফিউলা ও দুর্ব্বল অবস্থায় নিষিদ্ধ)।

ক্রনিক ইনফ্লামেশন্ এবং ইন্‌ডিউরেশন্।

সিরস মেম্ব্রেণ ও যকৃত পীড়াজন্য ড্রপ্সি, ইডিওপেথিক ফিবার, সিফিলিস।

১। হাইড্রারর্জাইবাই কমক্রিটা। (৩ ভাগে ১ ভাগ)।

মার্করিউইথচক, নামান্তর—গ্রেপাউড্যার।

পারদ ও[illegible]	...	...	১ আউন্স	২০ গ্রাম
প্রিপেয়ার্ড চক	...	...	২ আং	৪০ ,,

মার্ক্যুরি ও প্রিপেয়ার্ডচক একত্রে মর্দ্দন করিবে যেপর্য্যন্ত পারদ নিশ্চল্র হয় ও মিশ্রণ সমান ধূসরবর্ণ না হয়।

মাত্রা। ১—৫ গ্রেণ।

২। পাইলিউলা হাইড্রারজ্যাইরাই মার্ক্যুরিপিল (ব্লুপিল)।

মার্কুরি ...	...	২ আং	৪০ গ্রাম.
কনফেকশন্ অব্ রোজেস ...		৩ আং	৬০ ,,
লিকরিসরুট চূর্ণ ...	...	১ আং	২০ ,,

মার্কুরি কনফেকশন্ অফ্ রোজ সহ উত্তমরূপ মিলিত করিয়া, লিকরিসরুট যোগ করিবে, উত্তমরূপ মিলিত হওয়া পর্য্যন্ত পিটিবে।

মাত্রা। ৪—৮ গ্রেণ। (৩ ভাগে ১ ভাগ)।

(বিরেচক ৪—১৫ গ্রেণ)। ক্রিয়া—পরিবর্ত্তক, লালনিঃসারক, বিরেচক।

৩। এমপ্লাষ্ট্রম্ হাইড্রারর্জাইরাই। মার্কুরিয়েল প্লাষ্টার। (৩ ভাগে ১ ভাগ)।

মার্কুরি ..	..	৩ আউন্স	৮২ গ্রাম।
ওলিভ্ অয়েল	.	৫৬ গ্রেণ	৩·৫ ,,

ওলিভ্ অয়েল উষ্ণ করিয়া গন্ধক ক্রমেং যোগ করিবে, সমান ভাবে মিলিত হওয়া পর্য্যন্ত নাড়িবে, এই মিশ্রণ সহ ধাতব পারদ মর্দ্দন করিবে, যেপর্য্যন্ত না নিশ্চন্দ্র হয়।

সবলাইমড্ সলফর ...	...	৮ গ্রেণ	৫ গ্রাম
লেড্ প্লাষ্টর ...	...	৬ আং	১৬৪ গ্রাম

লেডপ্লাষ্টার দ্রব করিয়া উহাতে যোগ করিয়া মিলিত করিবে। ক্রিয়া। শোষক, পরিবর্ত্তক, বেদনা নিবারক।

৪। এমপ্লাষ্ট্রম এমোনিয়াসাই কমহাইড্রারর্জাইরাই। (৪) এমোনায়েকম ও মার্কুরি প্লাষ্টার

এমোনায়েকম্ ...		১২ আউন্স	৩২৮ গ্রাম
মার্কুরি ...	...	৩ আং	৮২

ওলিভ অয়েল ...	৫৬ গ্রেণ	৩ ৫	,,
সবলাইমড্ সলফর ...	৮ ,,	০৫	

ক্রিয়া। শোষক, পরিবর্ত্তক, বেদনা নিবারক।

৫। অঙ্গুয়েণ্টম্ হাইড্রারর্জাইরাই। (ই) ব্লু অয়েণ্টমেণ্ট। মার্কুরি অয়েণ্টমেণ্ট।

পারদ ...	১ পাউণ্ড বা ১৮০ গ্রাম।	
লার্ড	১ ,, বা ১৬০	,,
প্রিপেয়ার্ড স্যুয়েট (মেষের বসা)	১ আউন্স বা ১০	,,

ক্রিয়া। শোষক, পরিবর্ত্তক, লালনিঃসাবক। স্থানিক-শোষক।

প্রয়োগরূপ—লিনিমেণ্টম্ হাইড্রারর্জাইরাই, সপজিটরিয়া হাইড্রারর্জাইরাই, অঙ্গুয়েণ্টম্ হাইড্রাবর্জাইরাই কম্পজিটা।

। অঙ্গুয়েণ্টম হাইড্রারর্জাইবাই কম্পজিটা (স্কটসঅয়েণ্টমেণ্ট) কম্পাউণ্ড মার্কুরি অয়েণ্টমেণ্ট।

মার্কুরি অয়েণ্টমেণ্ট ..	১০ আউন্স	১৫০ গ্রাম।	
ইওলোওয়াক্স · ·	৬ আং	৯০	,,
ওলিভ্ অয়েল · ..	৬ আং	৯০	,,
কেম্ফর ইন্ ফ্লাওয়ার্শ ·	৩ আং	৪৫	,,

৭। লিনিমেণ্টম্ হাইড্রাবর্জাইরাই লিনিমেণ্ট অব্ মার্কুরি।

অয়েণ্টমেণ্ট অব্ মার্কুরি ...	১ আউন্স বা ৩০ গ্রাম।
ষ্ট্রং সলিউশন্ অব্ এমোনিয়া	১৬০ মিনিম ১০ কি, সে, মি,
লিনিমেণ্ট অব্ কেম্ফর .	যথা প্রয়োজন।

ষ্ট্রং সলিউশন অব্ এমোনিয়া উপযুক্ত পরিমাণ কেম্ফর লিনিমেণ্ট যোগ করিয়া দেড় তরল আউন্স করিবে, (৪৫ কি, সে, মি,) অয়েণ্টমেণ্ট অফ্ মার্কুরি যথাবশ্যক লিনিমেণ্ট অফ্ কেম্ফর সহ

মিলিত করিয়া দেড় তরল আউন্স করিবে (৪৫ কি, সে, মি,) উভয় তরল দ্রব্য মিলিত করিবে।

হাইড্রারর্জাইরাই সবক্লোরাইডম মার্কিউরস ক্লোরাইড

Hydiargyri Subchloridum Mercurious Chloride.

নামন্তর—কেলমেল, হাইড্রারর্জারাই ক্লোরাইডম, সব্‌ক্লোরাইড অফ্‌ মার্কুরি।

একপ্রকার লবণ। মার্কিউরস সল্‌ফেট ও সোডিয়ম ক্লোরাইড একত্রে উষ্ণ করিয়া প্রস্তুত হয়।

ক্রিয়া। পারদ ধাতুর সাধারণ ক্রিয়ার ন্যায়, বিশেষ মধ্যে ইহার স্থানিক উগ্রতা গুণ অল্প, ইহা বিরেচক, পিত্ত নিঃসারক, কৃমিনাশক, লালনিঃসারক, পরিবর্ত্তক, শোষক, প্রদাহ নাশক, অবসাদক।

ব্যবহার—পোর্টেল কনজেশ্চন, কোষ্ঠবদ্ধ, কলেরা, পুরাতন চর্ম্মরোগ, উপদংশ।

স্থানিক—চক্ষুপীড়া, উপদংশ, শোষিত হইয়া সার্ব্বাঙ্গিক ক্রিয়া জন্য।

মাত্রা। ॥০—৫ গ্রেণ।

(পরিবর্ত্তক ও লালনিঃসারক ॥০—১ গ্রেণ পুনঃ পুনঃ ব্যবহার্য্য)। (বিরেচক, পিত্ত নিঃসারক; ক্রিমিনাশক, অবসাদক, ৫—১০ গ্রেণ)।

লোসিও হাইড্রারর্জাইরাই নাইগ্রা, ব্লাক মার্কুরিয়েল লোশন। ব্লাকওয়াস।

মার্কিউরস ক্লোরাইড	...		৩০ গ্রেণ	০·৬৮৫ গ্রাম।
গ্লিশিরিণ	...	...	॥০ তং আং	৫ কি, সে মি,

নিউশিলেজ অব্ ট্রগেকান্থা ১০ তং আং ১২৫ কি, সেঁ, মি
সলিউশন অফ্ লাইম যথাবশ্যক।

মার্কিউরস ক্লোরাইড গ্লিশিরিণ ও ট্রগেকান্থা সহ মর্দ্দন করিবে, একটী বোতলে রাখিয়া ২ তং আং সলিউশন অফ্ লাইম যোগ করিবে, উত্তমরূপে নাড়িয়া সলিউশন অফ্ লাইম যোগে ১০ তরল আউন্স পূর্ণ করিবে।

পাইলিউলা হাইড্রারর্জ্জাইরাই সবক্লোরিডাই কম্পজিটা।
কম্পাউণ্ড পিল অফ্ মার্কিউরস ক্লোরাইড।
কম্পাউণ্ড কেলমেল পিল।

সবক্লোরাইড অব্ মার্কুরি	...	১ আং বা ১ ভাগ।
সল্‌ফিউরেটেড এণ্টিমনি	...	১ আং বা ১ ভাগ।
গোয়েকম রেজিনচূর্ণ	...	২ আং বা ২ ভাগ।

কেষ্টর অয়েল ১ তং আউন্স বা ১ তং ভাগ বা যথা প্রয়োজন।

মাত্রা। ৫—১০ গ্রেণ (৫ ভাগে ১ ভাগ কেলমেল)।

অঙ্গুয়েণ্টম হাইড্রারর্জ্জাইরাই সব্ ক্লোরিডাই। মার্কুরিয়াস ক্লোরাইড অয়েণ্টমেণ্ট, কেলমেল অয়েণ্টমেণ্ট।

মার্কুরিয়াস ক্লোরাইড	...	।০ আউন্স	১০ গ্রাম।
বেনজোয়েটেড লার্ড	...	২।০ আং	৯০ ,,

হাইড্রারর্জ্জাইরাই পারক্লোরাইডম। (রসকর্পূর)
মার্কুরিক ক্লোরাইড।

Hydaragyri perchloridum, Mercuric chloride.

নামন্তর—বাইক্লোরাইড অব্ মার্কুরি, করসিভ সবলিমেট্, পার ক্লোরাইড অব্ মার্কুরি।

একপ্রকার লবণ, মার্কিউরিক সল্‌ফেট, সোডিয়ম ক্লোরাইড

ও অল্প ব্লাকঅক্সাইড অফ্ মেনগেনিজ মিশ্রণ উষ্ণ করিয়া ঊর্দ্ধপাতিত হইয়া প্রস্তুত হয়।

ভারী বর্ণহীন প্রিজমেটিক দানা, উগ্র ধাতবআস্বাদ। ১৬ ভাগ শীতল ও ২ ভাগ উষ্ণ জল, ৩ ভাগ আলকোল ও ২ ভাগ ঈথরে দ্রবহয়, মর্দ্দন করিলে ২ ভাগ শীতল গ্লিশরিনে দ্রবহয়।

ক্রিয়া। অত্যন্ত উগ্র, অতি অল্পমাত্রার পরিবর্ত্তক। স্থানিক-দাহক। স্থানিক—লোসন—পচন নিবারক, রক্তরোধক।

ব্যবহার—স্কেলি স্কিনডিজিজ, পেরিঅষ্টিয়মের ব্যাধি, উপদংশ।

স্থানিক—গার্গল, লোসন, ইনজেকশন, অয়েণ্টমেণ্ট আকারে ও এন্টিসেপ্টিক ড্রেসিং ব্যবহার হয়।

পুরাতন চর্ম্মরোগ, সোরথ্রোট, এবং মিউকস মেমব্রেনের ক্রনিক ডিসচার্য্য।

মাত্রা। ১/৩২—১/১৬ গ্রেণ।

লাইকর হাইড্রারর্জাইরাই পারক্লোরিডাই। সলিউশন অফ্ মার্কিউরিক ক্লোরাইড।

পারক্লোরাইড অব্ মার্কুরি	...	১০ গ্রেণ বা ১ গ্রাম।
ডিষ্টিল্ড ওয়াটার	...	১ পাইন্ট ৮৭৫ কি, সে, মি,

মাত্রা। ||০—১ তং ড্রাম।

১ তং ড্রামে ১/১৬ গ্রেণ মার্কিউরিক ক্লোরাইড বা ০·১১২ গ্রাম ১০০. কি, সে, মি, আছে।

লোসিও হাইড্রারর্জাইরাই ফ্লেভা। ইওলো মার্কুরিএল লোসন। ইওলো ওয়াস।

মার্কুরিক ক্লোরাইড	...	২০ গ্রেণ বা ০·৪৬ গ্রাম।
সলিউশন্ অব্ লাইম		১০ তং আং বা ১০০ কি, সে, মি,

হাইড্রার্জ্জাইরম এমোনিয়েটম। এমোনিয়েটেড মার্কুরি।

নামান্তর—এমোনিও ক্লোরাইডম অফ্ মার্কুরি মার্কুরিক এমেনিয়ম ক্লোরাইড, হোয়াইট্ প্রিসিপিটেড্।

মার্কিউরিক ক্লোরাইড	...	৩ আঃ	৬০ গ্রাম।
সলিউশন্ অব্ এমোনিয়া	...	৪ তং আং	৮০ কি,সে,মি
ডিষ্টিল্ড ওয়াটার	..	যথা প্রয়োজন।	

৩ পাইট ডিঃ ওয়াটারে মার্কিউরিক ক্লোরাইড তাপদ্বারা দ্রব করিবে। সলিউশন অফ্ এমোনিয়া ১ পাইন্ট জলে মিশ্র করিয়া উহাতে যোগ করিবে, অনবরত নাড়িবে, প্রিসিপিটেট ফিল্টারে সংগ্রহ করিবে, ধৌত করিয়া মৃদুতাপে শুষ্ক করিবে।

ক্রিয়া। আভ্যন্তরিক ব্যবহার হয় না। পরাঙ্গপুষ্টাদি নষ্ট করিতে ও পুরাতন চর্ম্মরোগে মলম আকারে ব্যবহার হয়।

প্রয়োগরূপ।

অঙ্গুয়েন্টম হাইড্রার্জ্জাইরাই এমোনিয়েটাই (এমোনিয়েটেড মার্কুরি অয়েন্টমেন্ট, হুয়াইট প্রিসিপিটেট অয়েন্টমেন্ট।

এমোনিয়েটেড মার্কুরি	...	১ আং	৩০ গ্রাম।
পেরাফিন অয়েন্টমেন্ট হুয়াইট		৯ আং	২৭০ ,,

ব্যবহার—পুরাতন চর্ম্মরোগে উত্তেজক ক্রিয়া জন্য ও উকুননষ্ট করিতে ব্যবহার হয়।

হাইড্রার্জ্জাইরাই আইওডীডম্ রুব্রম। মার্কুরিক আইওডাইড্।

Hydrargyri Iodidum Rubrum. Mercuric Iodide.

নামান্তর—বিনআইওডাইড অফ্ মার্কুরি।

ইহা প্রিসিপিটেটেড মার্কুরিক আইওডাইড।

মার্করিক ক্লোরাইড ও পটাসিয়ম আইওডাইড প্রতিক্রিয়া দ্বারা প্রস্তুত হয়।

ক্রিয়া। পরিবর্ত্তক, শোষক, দাহক।

ব্যবহার—প্রধানতঃ মলম আকারে উপদংশজ পেরি অষ্টিয়েল নোডস্, গলগণ্ড, পুরাতন বাবী, বিবর্দ্ধিত প্লীহা ইত্যাদিতে মলম আকারে ব্যবহৃত হয়; কিছুদিন সেবন করিলে মুখ আইসে।

মাত্রা। $\frac{1}{32}$—$\frac{1}{8}$ গ্রেণ।

মার্কিউরিক আইওডাইড সূক্ষ্মচূর্ণ	২০ গ্রেণ	২ গ্রাম।
বেনজোয়েটেড লার্ড	৪৮০ ,,	৪৮ ,,

মিশ্রিত কর।

অঙ্গুয়েন্টম হাইড্রারর্জাইরাই আইওডিডাই রুব্রাই, মার্কিউরিক আইওডাইড অয়েন্টমেন্ট, অয়েন্টমেণ্ট অফ্ রেড আইওডাইড অফ্ মার্কুরি।

হাইড্রার্জাইরাই অক্সাইডম ফ্লেভম্। ইউলো মার্কিউরিক অক্সাইড।

Hydrargyri oxidum flavum. Yellow mercuric oxide.

প্রিসিপিটেটেড মার্কিউরিক অক্সাইড মার্কিউরিক ক্লোরাইড ও সোডিয়ম হাইড্রক্সাইডের প্রতিক্রিয়া দ্বারা প্রস্তুত হয়।

ক্রিয়া। উগ্রতা সাধক, দাহক।

ব্যবহার—ইহার মলম স্থানিক ব্যবহার হয়। ওলিয়েট অব্ মার্করি প্রস্তুত ও ইওলোওয়াস ইহার গুণে হয়।

হাইড্রারজাইরাই অক্সাইডম্ রুব্রম। রেড মার্কিউরিক অক্সাইড।

Hydrargyri oxidum rubrum. Red mercuric oxide.

নামান্তর—মার্কিউরস নাইট্রেট যেপর্য্যন্ত লালধূম নির্গমন না হয়, সেপর্য্যন্ত উষ্ণ করিয়া প্রস্তুত হয়।

ক্রিয়া। প্রবল উগ্রতাসাধক, ও দাহক।

(পাওয়ারফুল ইরিটেন্‌ট, কেরটীক্)।

ব্যবহার—তরল (ডাইলিউট) মলম অফথালমিয়া, ইনডলেণ্ট অলসার, ইহার চূর্ণ অমিশ্র বা চিনির সহিত মিলাইয়া উচ্চাঙ্কুর ক্ষত, কর্ণিয়ার অস্বচ্ছ দাগ, গরমি ঘা, ফঙ্গস্ অলসার।

প্রয়োগরূপ।

অঙ্গুয়েনটম হাইড্রারর্জাইরাই অক্সিডাই রুব্রাই।

রেড মার্কিউরিক অক্সাইড অয়েণ্টমেন্‌ট। রেড প্রিসিপিটেট অয়েন্‌টমেন্‌ট।

রেড মার্কিউরিক অক্সাইড সূক্ষ্মচূর্ণ	।০ আং	১০ গ্রাম।
পেরাফিন অয়েন্‌টমেন্‌ট ইওলো	২।০ আং	৯০ গ্রাম।

মিশ্রিত কর।

লাইকর হাইড্রারজাইরাই নাইট্রেটিস্ এসিডস্।

Liquor Hydrargyri Nitratis Acidus

নামান্তর—এসিড সলিউশন অব্ মার্কিউরিক নাইট্রেট।

এসিড সলিউশন অব্ পারনাইট্রেট অব্ মার্কুরি।

মার্কুরি	... ..	৪ আউন্স	১২০ গ্রাম।
নাইট্রীক এসিড	.	৫ তং আং	১৫০ কি, সে, মি
ডিষ্টিল্ড ওয়াটার	...	১॥০ তং আং	৪৫ কি, সে, মি

ক্রিয়া। প্রবল দাহক। মলম—উত্তেজক।
(পাওয়ারফুল কষ্টিক)।

আভ্যন্তরিক ব্যবহার হয় না।

ব্যবহার—স্থানিক—ক্যানসার্, লুপস্, কণ্ডিলোমেটা।

মলম—চর্ম্মরোগ, অফথালমিয়াটার্সাই।

অঙ্গুয়েন্টম্ হাইড্রারর্জাইরাই নাইট্রেটিস্।

মার্কুরিক নাইট্রেট অয়েন্টমেন্ট। অয়েন্টমেন্ট অফ্ নাইট্রেট অফ্ মার্কুরি।

নামান্তর—অঙ্গুয়েন্টম সিট্রিনম্।

মার্কুরি	... ...	১ আউন্স বা ১০০ গ্রাম।
নাইট্রীক এসিড	...	৩ তং আং বা ৩০০ কি, সে, মি
লার্ড	... ...	৪ আউন্স বা ৪০০ গ্রাম।
ওলিভ অয়েল	...	৭ আউন্স বা ৭০০ ,,

অঙ্গুয়েন্টম হাইড্রারর্জাইরাই নাইট্রেটিস ডাইলিউটম।

ডাইলিউটেড্ মার্কুরিক নাইট্রেট অয়েন্টমেন্ট। ডাইলিউটেড অয়েন্টমেন্ট অফ্ মার্কুরি।

মার্কুরিক নাইট্রেট অয়েন্টমেন্ট	...	১ আং বা ২৫ গ্রাম।
সফটপেরাফিণ ইওলো	... ...	৪ আং বা ১০০ ,,

হাইড্রারর্জাইরাই সলফিউরেটম। সলফাইড অফ্ মার্কুরি। কর্জ্জলি; কৃত্রিম হিঙ্গুল।

সম পরিমাণ পারদ ও গন্ধক একত্র করিয়া অগ্নির তাপে উষ্ণ করিবে, ফুটিয়া উঠিলে অগ্নি হইতে নামাইয়া দৃঢ়রূপে আবৃত করিবে নচেৎ জ্বলিয়া উঠিবে। শীতল হইলে মর্দ্দন করিয়া উপযুক্ত পাত্রে উর্দ্ধপাতিত করিলে কৃত্রিম হিঙ্গুল প্রস্তুত হয়।

ব্যবহার—আভ্যন্তরিক ব্যবহার প্রায় হয় না। ইহার ক্রিয়া পারদ ঘটিত অন্যান্য ঔষধের ন্যায়, উপদংশজ চর্ম্ম রোগে ইহার ফিউমিগেশন ও উপদংশজ সোরথ্রোট রোগে ইন্‌হেলেশন ব্যবহার হয়।

মাত্রা—ফিউমিগেশন জন্য ৩০ গ্রেণ। একটী টীন প্লেটে রাখিয়া কোম্বলাবৃত রোগীর আবরণ মধ্যে এরূপ ভাবে উষ্ণ করিবে যেন রোগীর গাত্রে ধূম লাগে। অথবা ইন্‌হেলেশন জন্য উদ্ভূত ধূম ফনেলদ্বারা রোগীর মুখ ও গলার ভিতর প্রয়োগ করিবে।

হাইড্রারর্জাইরাই ওলিয়াস। মার্কিউরিক ওলিয়েট।

Hydrargyri oleas. Mercuric oleate.

মার্কিউরিক ক্লোরাইড ও সোডিয়ম ওলিয়েটের প্রতিক্রিয়া দ্বারা প্রস্তুত হয়।

প্রিসিপিটেটেড্ মার্কিউরিক ওলিয়েট।

মার্কিউরিক ক্লোরাইড	...	১ আং	৩২ গ্রাম।
হার্ডসোপ, পাউডার	...	২ আং	৬৪ ,,
ওলিইক এসিড	...	১ তং ড্রাম	৪ কি, সে, মি
বয়েলিং ডিষ্টিল্ড ওয়াটার	...	যথা প্রয়োজন।	

মার্কিউরিক ক্লোরাইড ১০ তং আউন্স (বা ৩২০ কি, সে, মি) ডিঃ ওয়াটারে দ্রব কর; ওলিয়িক এসিড হার্ড সোপ সহ মিশ্রিত কর, এই দ্রব্যকে ১১ তং আং (বা ৩৫২ কি, সে, মি,) ডিষ্টিল্ড ওয়াটারে দ্রবকর। দ্রব দ্রব্য গুলিকে মিশ্রিত কর। ১০ মিনিট ফুটাইবে, মার্কিউরিক ওলিয়েট ডিপজিট হইবার জন্য স্থির ভাবে রাখিয়া দিবে। উপরের তরল দ্রব্য ডিকেন্ট দ্বারা অন্তর করিবে।

যেপর্য্যন্ত ধৌতজলে ক্লোরাইড থাকে সেপর্য্যন্ত উষ্ণ ডিঃ ওয়াটার দিয়া প্রিসিপিটেটকে ধৌত করিতে থাকিবে।

ধূসরাক্ত পীতবর্ণ, ঘন তরল পদার্থ সাবানের ন্যায় গন্ধ বিশিষ্ট, পুরাতন হইলে ঘোরবর্ণ হয়।

ক্রিয়া। শোষক, (Absorbent).

ব্যবহার—ইহার মলম (ব্রশদিয়া পাতলারূপ) বাহ্য প্রয়োগ করিলে, ক্রনিক ইনফ্লেমড্ জয়েন্টস, গ্লাণ্ডস্ ও ইনডিউরেশনে উপকার হয়।

লিথিয়ম।

একপ্রকার ধাতু, স্বভাবতঃ ধাতুর আকারে পাওয়া যায় না লিপিডোলাইট, টাইফাইলিন ইত্যাদি খনিজ দ্রব্য হইতে প্রস্তুত হয়।

লিথাই কার্ব্বনাস। লিথিয়ম কার্ব্বনেট।

Lithii Carbonas, Lithium Carbonate.

খনিজ সিলিকেট অফ্ লিথিয়ম হইতে প্রস্তুত হয়।

ক্রিয়া। প্রবল মূত্রকারক, ইউরিক এসিড পাথরি দ্রাবক, অম্লনাশক।

(পাওয়ারফুল ডাইউরেটীক, এন্টাসিড)।

ব্যবহার—মূত্রে অধিক ইউরিক এসিড থাকিলে, দ্রব করিয়া নির্গমন জন্য, মূত্র ক্ষারধর্ম্ম করিতে একিউট ও ক্রনিক গাউট।

ইউরিক এসিড গ্রাভেল ও রিনেলক্যালকিউলি।

স্থানিক—লোসনরূপে একিউট ও ক্রনিক গাউট।

ক্রনিকগাউট দ্বারা বদ্ধ সন্ধিস্থানে, গাউটি অবসার যাহা

হইতে ইউরেট্ অব্ সোডা নির্গত হয়, চর্ম্মের নিম্নস্থ চূণযুক্ত পাথরিতে।

মাত্রা। ২—৫ গ্রেণ।

লিথি সাইট্রাস। লিথিয়ম সাইট্রেট।

Lithii citras, Lithium citrate.

সাইট্রিক এসিড লিথিয়ম কার্ব্বনেট দ্বারা সমক্ষারাম্ল করিয়া প্রস্তুত হয়।

ক্রিয়া। মূত্রকারক, ইউরিক এসিড পাথরি দ্রাবক, ইহার সাক্ষাৎ ক্ষারগুণ নাই।

ব্যবহার—মূত্রে ইউরিক এসিডের আধিক্য, গাউট।

মাত্রা। ৫—১০ গ্রেণ।

লিথি সাইট্রাস এফার্ভেসেন্স। এফারভেসেন্ট লিথিয়ম সাইট্রেট।

সোডিয়ম বাইকার্ব্বনেট চূর্ণ		৫৮ আং	৫৮০ গ্রাম।
টার্টারিক এসিড চূর্ণ	...	৩১ আং	৩১০ ,,
সাইট্রিক এসিড চূর্ণ	...	২১ আং	২১০ ,,
লিথিয়ম সাইট্রেট	...	৫ আং	৫০ ,,

লিথিয়ম সাইট্রেট, সাইট্রিক এসিড সহ মিশ্রিত করিবে। টার্টারিক এসিড যোগ করিবে, শেষে সোডিয়ম বাই কার্ব্বনেট যোগ করিবে, উত্তমরূপে মিশ্রিত করিবে, উপযুক্ত প্যান বা ডিসে সমুদয় দ্রব্য রাখিয়া ২০০—২২০ তাপাংশে উষ্ণ করিবে। নাড়িয়া দিলে যখন দানা বান্ধিবে, উপযুক্ত চালনিতে ছাঁকিবে ১৩০ ফাঃ অনধিক তাপে শুষ্ক করিবে। ওজনে ১০০ আউন্স (বা ১০০০ গ্রাম হইবে। মাত্রা। ৬০—১২০ গ্রেণ।

মেগনেসিয়া পণ্ডিরোসা। হেভি মেগনেসিয়া।

Magnesia ponderosa. Heavy magnesia.

Heavy calcined magnesia, Heavy magnesium oxide.

নামান্তর—হেভি ক্যালসাইণ্ড মেগনেসিয়া, হেভি মেগনেসিয়ম অক্সাইড।

হেভি মেগনেসিয়ম কার্ব্বনেট লোহিতোত্তপ্ত করিয়া প্রস্তুত হয়।

মাত্রা। পুনঃ২ ব্যবহারজন্য ৫—৩০ গ্রেণ।
একমাত্রাজন্য ৩০—৬০ গ্রেণ।

মেগনেসিয়া লেভিস্। লাইট মেগনেসিয়া।

Magnesia Lives. Light Magnesia.

Synonym-light calcined magnesia, Light magnesium Oxide.

নামান্তর—লাইট ক্যালসাইণ্ড মেগনেসিয়া, লাইট মেগনেসিয়ম অক্সাইড।

লোহিতোত্তপ্ত করত প্রস্তুত হয়।

প্রয়োজন—পলভিস রিয়াই কম্পজিটস (৩ ভাগে ২ ভাগ)।

উভয় মেগনেসিয়ার ক্রিয়া—অম্লনাশক, বিরেচক।

ব্যবহার—অজীর্ণ, অম্লাধিক্য, কোষ্ঠবদ্ধ, গাউট, পাথরি, ডায়েরিয়ার প্রথম অবস্থা।

মাত্রা। পুনঃ২ ব্যবহারজন্য ৫—৩০ গ্রেণ।
একমাত্রা ৩০—৬০ গ্রেণ।

মেগনেসাই কার্ব্বনাস লিভিস, লাইট মেগনেসিয়ম কার্ব্বনেট।

Magnesii carbonas levis, Light magnesium carbonate

মেগনেসিয়ম সলফেট	১০ আউন্স	১২৫ গ্রাম।
সোডিয়ম কার্ব্বনেট	১২ আং	১৫০ ,,
ডিষ্টিল্ড ওয়াটার ফ্‌টিত	...	যথা প্রয়োজন।

মেগনেসিয়ম সলফেট ও সোডিয়ম কার্ব্বনেট প্রত্যেককে ১ পাইণ্ট (১৫০ কি, সে, মি,) ডিষ্টিল্ড ওয়াটারেদ্রব করিয়া একত্র মিলাইবে। পর্সিলেন ডিসে ১৫ মিনিট ফুটাইয়া অধঃক্ষিপ্ত দ্রব্যকে কেলিকো ফিল্টারে রাখিয়া ফ্‌টিত ডিঃ জলে পুনঃ২ ধৌত করিয়া ২১২ তাপে শুষ্ক করিবে।

ক্রিয়া—অম্লনাশক, বিরেচক।

ব্যবহার—মেগনেসিয়ার ন্যায়।

মাত্রা। ১০—৬০ গ্রেণ।

লাইট কার্ব্বনেট অব্‌ মেগনেসিয়া যোগে প্রস্তুত ঔষধ ১টী।

১। ভেপার ওলিয়াই পাইনাই সিলভেসট্রিস।

মেগনেসি কার্ব্বনাস পণ্ডিরোসা হেবিকার্ব্বনেট অফ্‌ মেগনেসিয়া।

Magnesii Carbonas Ponderosa Heavy Carbonate of Magnesium.

সলফেট অব্‌ মেগনেসিয়ম	...	...	১০ আং।
কার্ব্বনেট অব্‌ সোডিয়ম	...	...	১২ আং।
বয়েলিং ডিঃ ওয়াটার	...		যথা প্রয়োজন।

কার্ব্বনেট অফ্‌ সোডা সলফেট অফ্‌ মেগনেসিয়া প্রত্যেক ১ পাইণ্ট জলে পৃথক পৃথক দ্রব করিবে, উভয় জল একত্র মিলাইয়া সেণ্ডবাথের তাপে সম্পূর্ণ শুষ্ক করিবে, উহাকে ২পাইণ্ট জলে অর্দ্ধ

ঘণ্টা উষ্ণ করিয়া, অদ্রব অংশ কেলিকো ফিল্টারে রাখিয়া পুনঃ২ ডিঃ জলে ধৌত করত ২১২ তাপে শুষ্ক করিবে।

ক্রিয়া ও ব্যবহার—মেগনেসিয়ার ন্যায়।

মাত্রা। ১০—৬০ গ্রেণ।

কার্ব্বনেট অফ্ মেগনেসিয়াযুক্ত ঔষধ।

লাইকর মেগনেসি কার্ব্বনেটিস্ (১তং আউন্সে ১০ গ্রেণ)।
ট্রোচিসাই বিষমথাই (প্রতি লোজেঞ্জে প্রায় ১॥০ গ্রেণ)।

লাইকর মেগনেসি কার্ব্বনেটিস্

সলিউশন অফ্ কার্ব্বনেট অফ্ মেগনেসিয়া।

Liquor Magnesii Carbonatis

Solution of Carbonate of Magnesia.

নামান্তর—ফ্লুইড মেগনেসিয়া।

সলফেট অব্ মেগনেসিয়া	...	...	২ আং।
কার্ব্বনেট অব্ সোডিয়ম	...	...	২॥০ আং।
ডিষ্টিল্ড ওয়াটার	...		যথা প্রয়োজন।

পূর্ব্বোক্ত উপায়ে কার্ব্বনেট অফ্ মেগনেসিয়া প্রস্তুত করিয়া ১ পাইণ্ট ডিঃ ওয়াটার সহিত মিলাইয়া উপযুক্ত পাত্রে বিশুদ্ধ কার্ব্বনিক এসিড বাষ্প সহিত মিলাইবে। ৩ ভূবায়ু চাপে বাষ্প প্রয়োগ করিয়া ২৪ ঘণ্টা রাখিবে, ফিল্টার করিয়া পুনরায় কার্ব্বনিক এসিড গ্যাস প্রয়োগ করত উত্তমরূপে আবদ্ধ বোতলে রাখিবে। প্রতি আউন্সে ১০ গ্রেণ কার্ব্বনেট বা শতকরা ২ ভাগ।

মাত্রা। ১—২ তং আউন্স।

কার্ব্বনেট সকলের ক্রিয়া ও ব্যবহার—মেগনেসিয়ার ন্যায় বিশেষ এই যে ইহা অন্ত্র ও পাকস্থলিতে গ্যাস জন্মায়।

মেগনেসি সলফাস। সলফেট অফ মেগনেসিয়া (এপসম্ সল্ট)।

Magnesii Sulphas Sulphate of Magnesium.

বিটার পর্জিংসল্ট। সেনাসল্ট। স্যালএমেরাস।

সমুদ্র জল হইতে সামান্য লবণ প্রস্তুত করিয়া লইলে যে জল অবশিষ্ট থাকে তাহাকে বিটরণ কহে। এই বিটরণ হইতে পূর্ব্বে প্রস্তুত হইত কিন্তু অধুনা ডলমাইট পাথর হইতে প্রস্তুত হয়, ডলমাইট পাথরে কার্ব্বনেট অফ্ লাইম ও কার্ব্বনেট অফ্ মেগনিসিয়া আছে, উহাকে সলফিউরিক এসিডে দ্রব করিলে সলফেট অফ্ লাইম অদ্রব অবস্থায় পৃথক হয়, সলফেট অফ্ মেগনিসিয়া দ্রব থাকে, দ্রব অংশ ঘন করিয়া দানা বান্ধিতে হয়। কার্ব্বনিক এসিড উড়িয়া যায়।

অকারাদি—বর্ণহীন স্বচ্ছদানা, তিক্তাস্বাদ জলে দ্রবনীয়।

ক্রিয়া—অতি অল্পমাত্রায় মূত্রকারক, উচিত মাত্রায় বিরেচক।

ব্যবহার—জ্বর, পোর্টেল কনজেশ্চন।

মাত্রা। বিরেচক ৬০ গ্রেণ—৷৷০ আউন্স।

(মূত্রকারক ২০—৬০ গ্রেণ।

প্রয়োগরূপ।

মেগনিসিয়াই সল্ফাস এফারভসেন্স। এফারভেসেণ্ট মেগনেসিয়ম সল্ফেট।

নামান্তর—এফার্ভেসেণ্ট এপ্সম সল্ট।

সলফেট অফ্ ম্যাগ্নিসিয়াম দানা	২৫ আং বা ১০০ ভাগ।
বাইকার্ব্বনেট অফ্ সোডিয়াম চূর্ণ	১৮ আং বা ৭২ ভাগ।
টার্টারিক এসিড চূর্ণ	৯৷৷০ আং বা ৩৮ ভাগ।

সাইট্রিক এসিড চূর্ণ	৬।০ আং বা ২৫ ভাগ।
রিফাইণ্ড সুগার চূর্ণ	৫।০ আং বা ২১ ভাগ।

প্রস্তুত দ্রব্য ওজনে প্রায় ৫০ আং বা ২০০ ভাগ হইবে।

সালফেট অফ্ ম্যাগ্নিসিয়ামকে প্রায় ১৩০ ফাং তাপে শুষ্ক করিবে। ইহার ওজনের প্রায় চতুর্থাংশ (শতকরা ২৩) হ্রাস হইলে উহাকে চূর্ণ করিয়া শর্করার সহিত মিশ্রিত করিবে। পরে অন্যান্য দ্রব্যের সহিত মিলাইয়া লইবে। এই মিশ্রকে উপযুক্ত পাত্রে। শুষ্ক ও আলোড়ণ করত দানাবান্ধিলে চালনীতে ছাঁকিয়া বোতলে আবদ্ধ রাখিবে।

প্লম্বাই অক্সাইডম, লেড অক্সাইড লিথার্জ।

Litharge মুদ্রাশঙ্খ।

নামান্তর।

Plumbi oxidum, Lead oxide.

দ্রব সীস বায়ুদ্বারা অক্সিডাইজড করিয়া প্রস্তুত হয়। ইহার আভ্যন্তরিক ব্যবহার হয় না।

এমপ্লাষ্ট্রমপ্লম্বাই। লেড প্লাষ্টার। লিথার্জ প্লাষ্টার। সীস পলস্তা।

লেড অকসাইড	১ পাউণ্ড বা	৪০০ গ্রাম।
ওলিভ অয়েল	২ পাউণ্ড বা	৮০০ ,,
ডিষ্টিল্ড ওয়াটার	১৬ তং আউন্স	৪০০ কি, সে, মি, বা যথাবশ্যক।

ষ্টিমবাথ বা বাষ্পতাপে ৪। ৫ ঘণ্টা একত্রে উষ্ণ করিবে ক্রমাগত নাড়িতে থাকিবে, প্রয়োজন হইলে ফুটিত জল যোগ করিবে ইহা পলস্তার উপযুক্ত হইবে।

আবরণ জন্য পীড়িতস্থানে ব্যবহৃত হয়, অন্যান্য প্লাষ্টারের ন্যায় ইহার উগ্রতা গুণ নাই, ইহা মৃদু সঙ্কোচক।

প্লম্বাই আইওডাইডম। লেড আইওডাইড।

Plumbi Iodidum, Lead Iodide.

অধঃক্ষিপ্ত লেড আইওডাইড।

লেড নাইট্রেট বা এসিটেট ও পটাসিয়ম আইওডাইডের প্রতিক্রিয়ায় প্রস্তুত হয়।

ক্রিয়া। স্থানিক মৃদু উত্তেজক।

আভ্যন্তরিক—সঙ্কোচক, পরিবর্ত্তক, শোষক।

ব্যবহার—মলম ও প্লাষ্টার আকারে স্ক্রফিউলা ঘটীত স্ফীত-সন্ধিস্থান ইত্যাদিতে ব্যবহার হয়।

মাত্রা। ।০—২ গ্রেণ।

প্রয়োগরূপ।

এমপ্লাষ্ট্রম প্লম্বাই আইওডিডাই লেড আইওডাইড প্লাষ্টার।

লেড আইওডাইড	...	২ আং	৫০ গ্রাম।
লেড প্লাষ্টার	... ...	১ পৌং	৪০০ ,,
রেজিন	... ...	২ আং	৫০ ,,

লেড প্লাষ্টার ও রেজিন মৃদুতাপে দ্রব করিয়া লেড আইওডাইড চূর্ণ যোগ করিবে।

অঙ্গুয়েন্টম প্লম্বাই আইওডিডাই। লেড আইওডাইড অয়েণ্টমেণ্ট।

লেড আইওডাইড সূক্ষ্ম চূর্ণ	...	।০ আং	১০ গ্রাম
পেরাফিন অয়েণ্টমেণ্ট ইওলো	...	২।০ আং	৯০ ,,

মিশ্রিত কর।

প্লম্বাই এসিটাস, লেড এসিটেট, সুগার অব্ লেড। (সীস শর্করা)।

Plumbi Acetas, Lead Acetate.

এক প্রকার লবণ। লেড অক্সাইড বা লেড কার্ব্বনেট এসিটিক এসিডে দ্রব করিয়া প্রস্তুত হয়।

ক্রিয়া। অবসাদক, সঙ্কোচক, রক্তরোধক।

(সিডেটিভ, এষ্ট্রীনজেন্‌ট, হিমোষ্ট্যাটিক্স)।

ব্যবহার—রক্তস্রাব, ক্রনিক ডায়েরিয়া এবং ডিসেন্‌ট্রি, থাইসিস, (অতিঘর্ম্ম ও অত্যধিক কফনিঃসরন)।

স্থানিক—প্রদাহ ও চর্ম্মরোগে।

মাত্রা। ১—৫ গ্রেণ।

১। পাইলিউলা প্লম্বাই কম্‌ওপিও। পিল অফ্‌ লেড উইথ ওপিয়ম

লেড এসিটেট সূক্ষ্মচূর্ণ ...	...	৩৬ গ্রেণ ৬ গ্রাম।
ওপিয়ম চূর্ণ ...	...	৬ গ্রেণ ১ গ্রাম।
সিরপ অফ্‌ গ্লুকোজ ...	...	৪ গ্রেণ বা যথাবশ্যক।

মাত্রা। ২—৪ গ্রেণ। (শতকরা ১২॥০ ভাগ অহিফেন আছে।

২। সপজিটরিয়া প্লম্বাই কম্পজিটা। কম্পাউণ্ড লেড সপজিটরি।

লেড এসিটেট	...	৩৬ গ্রেণ ২·৪ গ্রাম।
অহিফেন চূর্ণ	...	১২ গ্রেণ ০·৮ গ্রাম।
অয়েল অব্‌ থিওব্রোমা	...	১২টী সপজিটরির উপযুক্ত।

১২টী সপজিটরি প্রস্তুত করিবে।

প্রতি সপজিটরিতে ৩ গ্রেণ (বা ৫·২ গ্রাম) এসিটেট অব্‌ লেড ও ১ গ্রেণ (০·০৬৭) অহিফেন আছে।

৩। অঙ্গুয়েণ্টম প্লম্বাই এসিটেটিস। লেড এসিটেট অয়েণ্টমেণ্ট।

লেড এসিটেট সূক্ষ্মচূর্ণ	...	২০ গ্রেণ ২ গ্রাম।
পেরাফিন অয়েণ্টমেণ্ট হয়াইট		৪৮০ গ্রেণ ৪৮ গ্রাম।

লাইকর প্লম্বাই সব্এসিটেটিস ফোর্টিস।

গোলার্ডস এক্সট্রাক্ট।

Liquor Plumbi Subacetatis Fortis. Strong Solution of Lead Subacetate Goulard's Extract.

ষ্ট্রং সলিউশন অফ্ লেড সবএসিটেট্।

লেড এসিটেট	৫ আউন্স	২৫০ গ্রাম।
লেড অক্সাইড চূর্ণ	৩॥০ ,,	১৭৫ ,,
ডিষ্টিল্ড ওয়াটার		যথাপ্রয়োজন।

লেড্ এসিটেট ও লেড্ অক্সাইড ১ পাইন্ট (১ সহস্র কি, সে, মি,) ডিঃ ওয়াটারে অর্দ্ধঘণ্টা ফুটাবে, ক্রমাগত নাড়িবে, মধ্যে২ ডিঃ ওয়াটার যোগে জলের পরিমাণ পূর্ণ রাখিবে। ফিল্টার করিবে। শীতল হইলে যথাবশ্যক জল জোগে ১ পাইন্ট (১০০০ কি, সে, মি) পূর্ণ করিবে। স্পেঃ গ্রাঃ ১·২৭৫। বর্ণহীন, ক্ষারগুণ বিশিষ্ট, মিষ্ট, কষায় আস্বাদ।

ক্রিয়া—সঙ্কোচক, অবসাদক।

ব্যবহার—স্থানিক ব্যবহার হয় মাত্র।

প্রয়োগরূপ।

১। লাইকর প্লম্বাই সব্এসিটেটিস ডাইলিউটস। ডাইলিউটেড্ সলিউশন্ অব্ লেড সবএসিটেট। Liquor Plumbi Subacetatis dilutus. Diluted solution of Lead Subacetate Syn-Goulard's Lotion, Goulard's water.

ষ্ট্রং সলিউশন অফ্ লেড সব্এসিটেট	২ ফ্লুং ড্রাম	৫ কি, সে, মি,

এলকোহল শতকরা ৯০		২ ড্রং ,,	৫ ,,
ডিষ্টিল্ড ওয়াটার			যথাবশ্যক।

এলকোহল সাড়ে উনিশ আউন্স (৩৯০ কি, সে, মি,) সদ্য ফুটান ও শীতল ডিঃ ওয়াটার সহ যোগ করিয়া, উহাতে ষ্ট্রং সলিউশন অফ্ লেড সব্এটিটেট যোগ করিয়া নাড়িয়া দিবে।

২। গ্লিশরাইনম প্লম্বাই সব এসিটেটিস। গ্লিশরিণ অফ্ লেড সবএসিটেট।

লেড এসিটেট	...	৫ আউন্স	...	১০০ গ্রাম।
লেড অক্সাইড চূর্ণ		৩॥০ ,,	...	৭০ ,,
গ্লিশরিণ	...	১ পাইণ্ট		৪০০ কি, সে, মি
ডিষ্টিল্ড ওয়াটার		১২ আউন্স		২৪০ কি, সে, মি

একত্রে মিলিত করিয়া ১৫ মিনিটকাল ফুটাইবে, পরে ফিল্টার করিয়া জল শুষ্ক হওয়া পর্য্যন্ত ২২২ ফাং তাপ দিবে। যে পর্য্যন্ত না ৩২৫০ আং (৬৫৫ গ্রাম) ওজন ও আং গুঃ ১·৪৮ হয়।

প্রয়োগরূপ। অঙ্গুয়েণ্টম গ্লিশরাইনম প্লম্বাই সবএসিটেটিস। লেড সবএসিটেট ওয়েণ্টমেণ্ট।

গ্লিশরিণ অব্ লেড সব্এসিটেট	১ আউন্স	৩০ গ্রাম।
পেরাফিণ অয়েণ্টমেণ্ট হুয়াইট	৫ ,,	৫০ ,,

মিশ্রিত কর। ইহাকে গুলার্ড'স সিরেট কহে।

প্লম্বাই কার্ব্বনাস। কার্ব্বনেট অব লেড্। সবেদা।

Plumbi Carbonas. Lead Carbonate.

লেড কার্ব্বনেট বা হাইড্রক্সি কার্ব্বনেট, এসিটিকএসিড বাষ্পের বিদ্যমানতা সহ লেড্, জল ও কার্ব্বনিক এন্হাইড্রাইডের প্রতিক্রিয়ায় প্রস্তুত হয়।

ক্রিয়া—সঙ্কোচক, প্রবসাদক।

ব্যবহার——কেবল স্থানিক ব্যবহার হয়, এবং মলমরূপেই ব্যবহার হয়।

প্রয়োগরূপ—

অঙ্গুয়েণ্টম প্লম্বাই কার্ব্বনেটিস। লেড কার্ব্বনেট অয়েণ্টমেণ্ট।

লেড কার্ব্বনেট সূক্ষ্মচূর্ণ ... ।০ আউন্স বা ১০ গ্রাম।
পেরাফিন অয়েণ্টমেণ্ট হুয়াইট ... ২।০ ,, বা ৯০ ,,
মিশ্রিতকর।

লাইকর পটাসি। সলিউশন অফ্ পটাস।

Liquor Potassae. Solution of Potash.

পটাসিয়ম হাইড্রক্সাইডের জলিয় দ্রাবণ ১১০ মিনিমে ৬.২ গ্রেণ বা ১ তং আউন্সে ২৭ গ্রেণ পটাসিয়ম হাইড্রক্সাইড আছে K. H. O.

ক্রিয়া—অম্লনাশক, পাকযন্ত্রের মিউকস মেমব্রেনের প্রবল অবসাদক, পরিবর্ত্তক, মূত্রকারক।

ব্যবহার—ডিসপেপসিয়া, চর্ম্মরোগ, সিরসমেমব্রেণের প্রদাহ যথা——প্লুরাইটীস, পেরিকার্ডাইটীস, এবং পেরিঅসটাইটিস, সিষ্টাইটিস, ক্রনিক ব্রঙ্কাইটিস্, স্ক্রফিউলা সিফিলিস ও ক্রনিক রিউমাটীজম্।

স্থানিক—লোশনরূপে চর্ম্মরোগে।

মাত্রা। ১০—৩০ মিনিম। জল মিশ্রকরিয়া সেব্য।

পটাসা কষ্টিকা। পটাসিয়ম হাইড্রক্সাইড।

Potassa Caustica. Potassium Hydroxide. K. H. O.

নামান্তর—কষ্টিকপটাস, পটাসিয়ম হাইড্রেট।

পটাসিয়ম হাইড্রক্সাইড শতকরা অনধিক দশভাগ মিলিতজল ও ময়লা। পটাসিয়ম কার্ব্বনেট ও কেলসিয়ম হাইড্রক্সাইডের প্রতিক্রিয়াদ্বারা প্রস্তুত হয়।

ক্রিয়া—দাহক।

ব্যবহার—কোন স্থান দগ্ধ করিতে ব্যবহার হয়।

পটাসি কার্ব্বনাস। পটাসিয়ম কার্ব্বনেট।

Potassi Carbonas. Potassium Carbonate. K 2 Co3.

নামান্তর—Salt of Tartar সল্ট অফ্ টার্টার।

১ বা দুই অনু জল মিশ্রিত পটাসিয়ম কার্ব্বনেট। উড্এস হইতে প্রস্তুত হইতে পারে অথবা সাধারণ পটাসিয়ম সল্ফেট ও সাধারণ পটাসিয়ম কার্ব্বনেট ও কার্ব্বনের প্রতিক্রিয়া দ্বারাও প্রস্তুত হইতে পারে।

ক্রিয়া—লাইকর পটাসের ন্যায়।

ব্যবহার—লাইকর পটাসের ন্যায়।

২০ গ্রেণ পটাসিয়ম কার্ব্বনেট সমক্ষারাম্ল করিতে	}	১৭ গ্রেণ সাইট্রিক এসিড বা ১৮ গ্রেণ টার্টারিক এসিড। প্রয়োজন।

মাত্রা। ৫—২০ গ্রেণ।

পটাসি বাইকার্ব্বনাস। পটাসিয়ম বাইকার্ব্বনেট (এসিড কার্ব্বনেট অব্ পটাস)।

Postassi Bicarbonas. Potassium Bicarbonate KHCO3.

নামান্তর—Potassium hydrogen carbonate, পটাসিয়ম হাইড্রজেন কার্ব্বনেট, কার্ব্বনেট অব্ পটাসের ঘনজলীয়দ্রাবণে

কার্ব্বনিক এনহাইড্রাইড গ্যাস স্যাচুরেটেড করিয়া প্রস্তুত হয়।

ক্রিয়া—অম্লনাশক, কিন্তু লাইকর পটাসের ন্যায় পাকস্থলির মিউকস মেমব্রেনের উপর অবসাদন ক্রিয়া নাই, প্রবল পরিবর্ত্তক, মূত্রকারক।

ব্যবহার—ডিস্পেপসিয়া, ইউরিক এসিড ডিপজিটস, একিউট রিউমাটিজম।

২০ গ্রেণ বাইকার্ব্বনেট অব্ পটাস সমক্ষারায় করিতে	১৪ গ্রেণ সাইট্রিক এসিড কিম্বা ১৫ গ্রেণ টার্টারিক এসিড প্রয়োজন।

মাত্রা। ৫—৩০ গ্রেণ।

(তরুণ বাতরোগে মাত্রা। ৩০—৬০ গ্রেণ।

পটাসি এসিটাস। পটাসিয়ম এসিটেট।

Potassii Acetas. Potassium Acetate.

পটাসিয়ম কার্ব্বনেট ও এসিটিক এসিডের প্রতিক্রিয়ায় লব্ধদ্রব্যকে তাপে উষ্ণ করিয়া প্রস্তুত হয়।

ক্রিয়া—মূত্রকারক। অধিক মাত্রায় বিরেচক।

ব্যবহার—নানাপ্রকার শোথ, রিউমাটিজম, চর্ম্মরোগ, ক্রনিক এন্‌লার্জমেণ্ট অব্ গ্লাণ্ডস, লিথিক এসিড পাথুরী মূত্রকরণ জন্যই ইহা বিস্তীর্ণভাবে ব্যবহার হয়।

মাত্রা। ১০—৬০ গ্রেণ, (বিরেচক ১২০ গ্রেণ।)

পটাসি সাইট্রাস। পটাসিয়ম সাইট্রেট।

Potassii citras. Potassium citrate.

কার্ব্বনেট অব্ পটাস .. ৮ আউন্স বা যথাপ্রয়োজন।

সাইট্রিক এসিড ও পটাসিয়ম কার্ব্বনেটের প্রতিক্রিয়া দ্বারা প্রস্তুত হয়।

ক্রিয়া—শৈত্যকারক, মূত্রকারক, ঘর্ম্মকারক, প্রবল স্কর্ভি-নিবারক। (রিফ্রিজরেণ্ট ডাইউরেটিক, ডায়েফোরেটিক, এণ্টি-স্কর্ভিউটিক।)

ব্যবহার—জ্বর, ইউরিক, এসিড গ্রাভেল, স্কর্ভি।

মাত্রা। ১০—৪০ গ্রেণ।

পটাসি টার্ট্রাস। পটাসিয়ম টার্ট্রেট।

Potassii Tartras. Potassium Tartrate.

নর্ম্মেল পটাসিয়ম টার্ট্রেট, এসিড পটাসিয়ম টার্ট্রেট পটাসিয়ম কার্ব্বনেট দ্বারা সমক্ষারাম্ল করিয়া প্রস্তুত হয়।

ক্রিয়া—অল্পমাত্রায় মূত্রকারক, অধিক মাত্রায় বিরেচক।

ব্যবহার—জ্বর, শোথ।

মৃদুবিরেচক জন্য রুবার্ব, জালাপ প্রভৃতির সহিত ব্যবহৃত হয়।

মাত্রা। ৩০—২৪০ গ্রেণ।

পটাসি টার্ট্রাস এসিডা। এসিড পটাসিয়ম টার্ট্রেট।

Potassii Tartras Acidus. Acid Potassium Tartrate.

Synonyms—Bitartrate of potassium, Purified cream of Tartar.

আঙ্গুর হইতে সুরা প্রস্তুতকালে যে গাদ (আর্গল) বা ময়লা পড়ে তাহা বিশুদ্ধ করিয়া প্রস্তুত হয়।

ক্রিয়া—অল্পমাত্রায় শৈত্যকারক, মূত্রকারক।

(রিফ্রিজরেণ্ট, ডাইউরেটিক)।

অধিকমাত্রায় বিরেচক, জলবৎ ভেদ হয়।

ব্যবহার—শোথ ও জ্বর।

মাত্রা। ২০—৬০ গ্রেণ।

(বিরেচক ১২০—৩০০ গ্রেণ। (জলবৎ ভেদ হয়)।

পটাসি সলফাস। পটাসিয়ম সলফেট।

Potassii Sulphas. Potassium Sulphate.

বিমিশ্র পটাসিয়ম সলফেট লবণ শোধিত করিয়া, অথবা সল্‌ফিউরিক এসিড ও পটাসিয়ম ক্লোরাইড বা অন্যান্য পটাসিয়ম সল্টের প্রতিক্রিয়া দ্বারা প্রস্তুত হয়।

ক্রিয়া—মৃদু বিরেচক। অল্পমাত্রায় পরিবর্ত্তক।

ব্যবহার—ঔষধ দ্রব্যাদি সূক্ষ্মচূর্ণ করিতেই সচরাচর ব্যবহৃত হয়।

মাত্রা। ১০—৪০ গ্রেণ।

পটাসি নাইট্রাস। পটাসিয়ম নাইট্রেট। নাইটার। সোরা। সল্ট পিটার। কলমি সোরা।

Potassii Nitras. Potassium Nitrate. K. N. 03.

Synonyms—Nitre. Salt Petar.

সাধারণ সোরা শোধিত করিয়া অথবা সোডিয়ম নাইট্রেট ও পটাসিয়ম ক্লোরাইডের প্রতিক্রিয়া দ্বারা প্রস্তুত হয়।

আকারাদি—ষড়পার্শ্ববিশিষ্ট প্রিজমাকার দানা, স্বচ্ছ, আস্বাদ শীতল-লাবণিক, জলে দ্রবনীয়।

ক্রিয়া—শৈত্যকারক, মূত্রকারক, অবসাদক।

ব্যবহার—জ্বর, ইনফ্লামেটরি ডিসপেপসিয়া, একিউট রিউমাটিজম, ড্রপ্সি।

মাত্রা। ৫—২০ গ্রেণ।

পটাসি ক্লোরাস। পটাসিয়ম ক্লোরেট।

Potassi Chloras. Potassium Chlorate.

জলের সহিত লাইম কিম্বা মেগনেসিয়া মিশ্রিত করিয়া উহাতে ক্লোরিনবাষ্প চালাইবে। ঐ জল ছাকিয়া তাহাতে পটাসিয়ম ক্লোরাইড যোগ করিবে। লব্ধ পটাসিয়ম ক্লোরেটকে দানাবান্ধিয়া লইবে।

ক্রিয়া—শৈত্যকারক, মূত্রকারক।

স্থানিক—মিউকস মেমব্রেনের উপর বিশেষ ক্রিয়া।

ব্যবহার—টনসিলাইটিস্, ষ্টমেটাইটিস্, কেনক্রম অরিস, মার্কুরিয়েল টায়েলিজম্, স্কার্লেটিনামেলিগ্না ইত্যাদিতে কুল্লি রূপে অতিশয় উপকারী।

আভ্যন্তরিক—টাইফস ও টাইফয়েড জ্বর, স্কার্লেটজ্বর।

মাত্রা ৫—১৫ গ্রেণ।

প্রয়োগরূপ।

ট্রচিস্কাই পটাসি ক্লোরেটিস। পটাসিয়ম ক্লোরেট্ লোজেঞ্জ।

পটাসিয়ম ক্লোরেট	...	৩ গ্রেণ	..	.১৯৪৪ গ্রাম।

রোজ বেসিস সহিত মিশ্রিত করিয়া ১টী লোজেঞ্জ করিবে।

পটাসিপারমেনগনাস। পটাসিয়ম পারমেনগনেট্।

Potassii Permangonas. Potassium Permangonate.

পটাসিয়ম ক্লোরেট পটাসিয়ম হাইড্রক্সাইড্ ও মেনগেনিসডাই অক্সাইডের প্রতিক্রিয়া দ্বারা প্রস্তুত হয়।

ক্রিয়া—প্রবল অক্সিডাইজিং দ্রব্য এজন্য পচন নিবারক, দুর্গন্ধ হারক। (এণ্টিসেপটীক্, ডিওডরাইজার।)

ব্যবহার—পচাক্ষত, গেংগ্রিণ। কুল্লি ও লোসনরূপে।

আজকাল সর্পদংশন ও উন্মত্ত কুকুর দংশনে ইহার দ্রাবণের হাইপোডার্ম্মিক ব্যবহার পরীক্ষা হইতেছে *। অহিফেন ও মর্ফিনির বিষঘ্ন গুণ আছে।

মাত্রা। ১—৩ গ্রেণ।

প্রয়োগরূপ—লাইকর পটাসি পারমেনগেনেটিস (১ আউন্স প্রায় ৪৷৷০ গ্রেণ।) সলিউশন অব্ পটাসিয়ম পারমেনগেনেটিস।

---

* গোয়ালন্দের মেডিকেল অফিসার ভি, রিচার্ডস সাহেবের প্রবর্ত্তিত ক্ষিপ্ত শৃগাল, কুকুর ও বিষাক্ত সর্পদষ্টব্যক্তির পার্মেনগনেট দ্বারা চিকিৎসা।

প্রথমে উষ্ণজল ও কণ্ডিসফ্লুইড দ্বারাক্ষত উত্তমরূপে পরিষ্কার করিবে। পংচার্ডউণ্ড গুলিকে চিরিয়া দিবে, ক্ষত মুছিয়া শুষ্ক করিবে, উহার উপর পর্মেনগনেট অফ্ পটাসচূর্ণ ছড়াইয়া দিয়া নেকড়া বা লিণ্টদ্বারা আবৃত করিবে। পারমেনগনেট অফ্ পটাসচূর্ণ ক্ষতে ঘষিয়া মাথান যাইতে পারে। হাইপোডার্ম্মিক সিরিঞ্জি মধ্যে পারমেনগনেট অফ্ পটাস সলিউশন [পারমেনগনেট অফ্ পটাস ৫ ভাগ ডিষ্টিল্ড জল ৯৫ ভাগ] লইয়া সূচী [নল] ক্ষতের নানাস্থান ।০ ইঞ্চি গভীর বিদ্ধ করিয়া ক্রমেং পিচকারী দিবে। কখনং পারমেনগনেট দ্রব পিচকারী দেওয়াতে বিদ্ধস্থান গুলি বিস্তীর্ণভাবে শ্লফ হয় বা পচিয়া যায়। অধিক পরিমাণ লোশন বহুস্থান ব্যাপিয়া পিচকারী দিলে এরূপ ঘটনা হয়। বিবেচনা পূর্ব্বক উচিত পরিমাণ পরিমিত স্থানে ব্যবহার করিলে এপ্রকার অনিষ্ট হয় না। কখনং পিচকারী দেওয়াতে অত্যন্ত বেদনা হয়, ইহা পরিহার জন্য [শতকরা ৪ ভাগ] কোকেইনি দ্রাবণ হাইপোডার্ম্মিক ইনজেকশন দিলে নিবারণ হয়।

পটাস পারম্যানগনেট	...	৮৭॥০ গ্রেণ বা ১০ গ্রাম।
ডিষ্টিল্ড ওয়াটার		যথা প্রয়োজন।

১ পাইন্ট বা ১০০০ হাজার কি, সে, মি, পূর্ণ করিবে।

১১০ মিনিমে ১ গ্রেণ।

১০০ কি, সে, মি, ১ গ্রাম।

মাত্রা। ২—৪ ড্রাম।

পটাসি আইওডাইডম্। পটাসিয়ম আইওডাইড।

Potassii Iodidum. Potossium Iodide. K I.

ব্রোমাইড অব্ পটাসিয়মের মত প্রস্তুত করিবে, ব্রোমিনের স্থলে আইওডিন ব্যবহার করিবে।

ক্রিয়া—আইওডিনের ন্যায় কিন্তু স্থানিক উগ্রতাগুণ নাই।

ব্যবহার—পারদ ও সীস, রক্ত হইতে দূর করা এওরটিক এনিউরিজম, উপদংশ, ক্রনিক রিউম্যাটিজম, পুরাতন প্রদাহ, স্ক্রফিউলা ইত্যাদি।

মাত্রা। ৫—২০ গ্রেণ।

অঙ্গুয়েন্টম পটাসি আইওডিডাই। পটাসিয়ম আইওডাইড্ অয়েন্টমেণ্ট।

পটাসিয়ম আইওডাইড	...	৫০ গ্রেণ বা ৫ গ্রাম।
পটাসিয়ম কার্ব্বনেট	...	৩ ,, বা ৩ ,,
ডিঃ ওয়াটার ...	...	৪৭ ড্রাম বা ৪·৭ ,,
বেনজোয়েটেড লার্ড	...	৪০০ ,, বা ৪০ ,,

পটাসিয়ম আইওডাইড এবং পটাসিয়ম কার্ব্বনেট ডিঃ জলে দ্রব কর অল্প উষ্ণ মার্টারে বেঞ্জোয়েটেডলার্ড রাখিয়া তাহার সহিত ক্রমে২ মিলিত কর।

লিনিমেণ্টম পটাসি আইওডিডাই কমসেপোনিস।

লিনিমেণ্ট অফ্ পটাসিয়ম আইওডাইড উইথসোপ।

কার্ড সোপ সদ্য প্রস্তুত ও ক্ষুদ্র২ খণ্ড	২ আউন্স	৪০ গ্রাম
আইওডাইড অব্ পটাসিয়ম	১॥০ আং	৩০ ,,
গ্লিশরিণ	১ তং আং	২০ কি, সে, মি
অয়েল অব্ লেমন ...	১ তং ড্রাম	২·৫ কি, সে, মি
পরিশ্রুত জল ...	১০ তং আং	২০০ কি, সে, মি

কার্ডসোপ ক্ষুদ্র খণ্ডে বিভক্ত করিবে, ডিষ্টিল্ড ওয়াটার ও গ্লিশরিন সহ মিশিত করিবে, পর্সিলেনডিসে ওয়াটার বাথের তাপ দিবে। সাবান দ্রব হইলে একটী মর্টারে আইওডাইড অফ্ পটাসিয়ম চুর্ণ রাখিয়া মর্দ্দন দ্বারা দ্রুত মিশিত করিবে, শীতল হওয় পর্য্যন্ত মর্দ্দন করিবে ১ ঘণ্টা রাখিয়া উহার সহিত অয়েল অফ্ লেমন মিশিত করিবে।

পটাসি ব্রোমাইডম। পটাসিয়ম ব্রোমাইড।

Potassii Bromidum. Potassium Bromide. K. Br.

ষ্ট্রং সলিউশন অফ্ হাইড্রস্নাইডে, ব্রোমিন প্রয়োজন অপেক্ষা কিঞ্চিদধিক যোগ করিয়া লব্ধ পটাসিয়ম ব্রোমাইড ও ব্রোমেটকে তাপে শুষ্ক করিবে। চারকোল সহ উত্তপ্ত করিয়া ব্রোমেটকে ব্রোমাইডে পরিবর্ত্তিত করিবে। কি্ষ্টেলাইজেশন দ্বারা শোধিত করিবে।

মাত্রা। ৫—৩০ গ্রেণ।

১। পরিবর্ত্তনজন্ম উপদংশাদি চর্ম্মরোগে রোগীর আইওডাইন ঘটিত ঔষধ সহ্য না হইলে ব্রোমাইড প্রধান অবলম্বন, গ্রন্থি বর্দ্ধন প্লীহা বিবর্দ্ধন।

২। স্নায়বীয় পীড়ায়, অনিদ্রা বিশেষতঃ কোন একিউট ব্যাধির পর যথা অহিফেন সেবনে নিদ্রার পরিবর্ত্তে উত্তেজনা জন্মে, হায়েসায়েমস ও বেলেডনা নিদ্রা উৎপাদন করিতে বিফল হয় কোরিয়া কন্‌ভালসন, ইপিলেপ্সি, টিটেনস প্রভৃতি আক্ষেপিক ব্যাধি সকল, হিষ্টিরিয়া সহ ইপিলেপটি ফরম কন্‌ভল্‌শনে ইহা প্রায় অব্যর্থ, ডিলিরিয়ম ট্রিমেন্স স্পেসিফিক ফিবার সকলে, অনুরূপ অবস্থা নিম্ফোমেনিয়া, প্রায়ে পিজম, মেনরহেজিয়া ডায়েবিটিস, লোরিংসের বিবিধ ব্যাধি, স্পার্ম্মেটোরিয়া।

পটাসি বাইক্রোমাস। পটাসিয়ম বাইক্রোমেট।

Potassii Bichromas. Potassium Bichromate.

Synonyms—Potassium Bichromate

Red Chromate of Potassium.

বায়ুতে ক্রোম আয়রণ ষ্টোন লাইম সহ উষ্ণ করিয়া, প্রাপ্ত ক্রোমেট কোন পটাসিয়ম সল্টসহ ও পরে কোন এসিডসহ মিলিত করিয়া পটাসিয়ম বাইক্রোমেট প্রস্তুত হয়।

মাত্রা। $\frac{১}{৮}$—$\frac{১}{২}$ গ্রেণ।

পটাসা সলফিউরেটা সলফিউরেটেড পটাস (পিহার সলফিউরিস)। লিবর অফ্ সলফর।

Potassa Sulphurata, Sulphurated Potash

(Liver of Sulphur).

বিবিধ পটাস সল্টের সহিত মিলিত পটাসিয়ম সলফাইড।

পটাসিয়ম কার্ব্বনেট চূর্ণ	...	১০ আউন্স	১০০ গ্রাম।
সবলাইমড সলফার	...	৫ ,,	৫০ ,,

একত্রে মিশ্রিত করিয়া মুষিকায় উত্তপ্ত করিবে।

ক্রিয়া—অল্পমাত্রায় উত্তেজক, ঘর্ম্মকারক, কফনিঃসারক।

(ষ্টিমুলেন্ট, ডায়েফোরেটীক, এক্সপেক্টোরেন্ট)।

ব্যবহার—স্কেবিস ও সোরাএসিস প্রভৃতি চর্ম্মরোগে ব্যবহার হয়। (ক্রনিক রিউমাটিজম্, ব্রঙ্কাইটিস)।

স্থানিক—রিউমাটিজম্, পুরাতন চর্ম্মরোগ।

মাত্রা। ২—৮ গ্রেণ বটিকাকারে।

সেপো মোলিস, সফট্ সোপ—অলিভ অয়েল দেখ।

সোডিয়ম। Sodium.

এক প্রকার মূলধাতু, ন্যাপথা মধ্যে ষ্টপার্ড বোতলে রাখা হয়। মোমের ন্যায় কোমল ধাতু, বর্ণ সাদা বায়ুতে রাখিলে শীঘ্র কষ্টিকসোডা হইয়া যায়।

সোডাই কার্ব্বনাস। কার্ব্বনেট অব্ সোডিয়ম।

Sodii Cabonas. Sodium Carbonate.

$Na2\ CO3,\ 10\ H2\ 0.$

সোডিয়ম কার্ব্বনেট, সোডিয়ম ক্লোরাইড হইতে প্রস্তুত হইতে পারে। এমোনিয়ম বাইকার্ব্বনেট সহিত প্রতিক্রিয়া ও পরে উষ্ণ করিয়া অথবা সোডিয়ম সলফেট পরিবর্ত্তিত করিয়া উহার সহিত কার্ব্বণ ও কেলসিয়ম কার্ব্বনেট মিলিত করিয়া তাপদ্বারা প্রস্তুত করিতে হয়।

ক্রিয়া—অম্লনাশক, পাকস্থলির অবসাদক, পরিবর্ত্তক।

ব্যবহার—অজীর্ণ, চর্ম্মরোগ। মাত্রা। ৫—৩০ গ্রেণ।

২০ ভাগ কার্ব্বনেট অফ্ সোডিয়ম সমক্ষারাম্ল করিতে } ৯·৮ ভাগ সাইট্রিক এসিড এবং ১০·৫ ভাগ টার্টারিক এসিড।

Sodii Carbonas Exsiccatus. Exsiccated Sodium Carbonate.

সোডাই কার্ব্বনাস এক্সিকেটা। ড্রায়েড কার্ব্বনেট অফ্ সোডিয়ম।

তাপে উষ্ণ করিবে, পরিমাণ প্রায় শতকরা ৬৩ ভাগ ওজন কম হইবে।

পাউডার ও পিল আকারে কার্ব্বনেট অব্ সোডা ব্যবহার করা ইচ্ছা হইলে এই প্রয়োগরূপ ব্যবহার্য্য।

মাত্রা। ৩—১০ গ্রেণ।

সোডাই বাইকার্ব্বনাস। সোডিয়ম বাইকার্ব্বনেট।

Sodii Bicarbonas. Sodium Bicarbonate. Na H. CO3.

কার্ব্বনেট অব্ সোডা দ্রবে কার্ব্বনিক এসিড বাষ্প চালাইয়া প্রস্তুত হয়।

ক্রিয়া—বাইকার্ব্বনেট অব্ পটাসের ন্যায়, কেবল ইউরেট অব্ সোডা তত দ্রবনীয় নহে এজন্য ইউরিক এসিড ডায়াথিসিসে ভাল নহে। কার্ব্বনেট অব্ পটাস অপেক্ষা সোডা ভাল সহ্য হয়। কারণ ইহার ক্রিয়া প্রখর নয়। বাত, অজীর্ণ, বমন।

২০ ভাগ বাইকার্ব্বনেট অব্ সোডা সমক্ষারাম্ল করিতে } ১৬·৭ গ্রেণ সাইট্রিক এসিড বা ১৭·৮ গ্রেণ টার্টারিক এসিড।

মাত্রা। ৫—৩০ গ্রেণ।

ট্রোচিসকস সোডি বাইকার্ব্বনেটীস। সোডিয়ম বাইকার্ব্বনেট লোজেঞ্জ।

বাইকার্ব্বনেট অব্ সোডিয়ম চুর্ণ ৩ গ্রেণ ·১৯৪৪ গ্রাম।

রোজ বেসিন সহিত একটী লোসেঞ্জ প্রস্তুত করিবে।
সোডি আর্সিনয়াস-আর্সিনিকের সহিত উক্ত হইয়াছে।

সোডাই সলফাস। সোডিয়ম সলফেট
(গ্লোবার্স সল্ট)।

সোডিয়ম ক্লোরাইড ও অন্যান্য সোডিয়ম সল্ট ও হাইড্রো ক্লোরিক এসিডের প্রতিক্রিয়ায় প্রস্তুত হয়।

ক্রিয়া—লাবণিক বিরেচক, অল্পমাত্রায় মূত্রকারক শৈত্যকারক।

ব্যবহার—স্বাদের উৎকর্ষতাজন্য ইহার পরিবর্ত্তে আজকাল সলফেট অব্ মেগনেসিয়াই ব্যবহার হয়।

মাত্রা। পুনঃ ২ ব্যবহারার্থে ৩০—১২০ গ্রেণ।

একমাত্রা ।০—॥০ আউন্স।

Sodii Sulphas Effervescens. Effervescent Sodium Sulphate.

সোডাই সল্‌ফাস এফার্ভেসেন্স, এফার্ভেসেন্ট সোডিয়ম সল্‌ফেট

নামান্তর—সোডি সলফাস্ এফার্ভেসেন্স।

সালফেট অব্ সোডিয়ম দানা		৫০ আং	৫০০ গ্রাম।
বাইকার্ব্বনেট অব্ সোডিয়ম চূর্ণ		৫০ আং	৫০০ ,,
টার্টারিক এসিড চূর্ণ	...	২৭ আং	২৭০ ,,
সাইট্রিক এসিড চূর্ণ	...	১৮ আং	১৮০ ,,

যাহা প্রস্তুত হইবে তাহার ওজন প্রায় ১০০ আউন্স বা ১০০০ গ্রাম হওয়া আবশ্যক।

সালফেট অফ্ সোডিয়মকে শুষ্ক করিয়া ওজন শতকরা ৫৮ হ্রাস করিবে। উহাকে চূর্ণ করিয়া অন্যান্য দ্রব্যের সহিত মিশ্রিত

করিবে, এই মিশ্রণকে উপযুক্তপাত্রে রাখিয়া ২০০ হইতে ২২০ ফাঃ তাপে উষ্ণ করিবে, চূর্ণ চাপ বান্ধিতে আরম্ভ হইলে অনবরত আলোড়ন করিলে, গ্রান্যুলার বা দানাকার ধারণ করিলে, উপযুক্ত চালনীদিয়া উপযুক্ত আকারের দানাসকল পৃথক করিয়া ১৩০ ফাঃ অনধিক তাপে শুষ্ক করিবে ওজন ১০০০ গ্রাম হইবে। বোতলে উত্তমরূপ আবদ্ধ রাখিবে।

মাত্রা। পুনঃ২ ব্যবহারার্থে ৬০—১২০ গ্রেণ।

একমাত্রা ।০—।৷০ আউন্স।

সোডাই সলফিস। সোডিয়ম সলফাইট।

Sodii Sulphis. Sodium Sulphite.

সোডিয়ম কার্ব্বনেট সলফরস এসিড মিলাইয়া দানা বান্ধিয়া প্রস্তুত হয়।

ক্রিয়া—পচননিবারক। পরিবর্ত্তক, বিরেচক।

ব্যবহার——পর্য্যায় জ্বর এন্টিরিক ফিবার, সেপ্টিসেমিয়া, ক্রনিক ভমিটিং।

মাত্রা। ৫—২০ গ্রেণ।

সোডিয়াই নাইটি স। সোডিয়াম নাইট্রাইট।

Sodii Nitris. Sodium Nitrite.

নামান্তর—সোডিনাইট্রিস, নাইট্রাইট অফ্ সোডা।

একপ্রকার লবণ Na NO2, সোডিয়ম নাইট্রেট মেটেল-লেডের সহিত উষ্ণ করিয়া প্রস্তুত হয়।

আকারাদি—শ্বেতবর্ণ বা পীতাভ শ্বেতবর্ণ দানাযুক্ত লবণ, জলে অতিশয় দ্রবনীয়। মাত্রা। ১—২ গ্রেণ।

ক্রিয়া। মানবদেহে ইহা নাইট্রো গ্লিশরিণ ও নাইট্রাইট অব্ এমিলেরন্যায় কার্য্য করে।

ব্যবহার——এঞ্জাইনা পেক্টোরিস, ইপিলেপ্সি (গ্রানুলার) ব্রাইটসডিজিজ। হেমিক্রেনিয়া।

সোডাইফসফাস। সোডিয়ম ফস্ফেট।
(টেষ্টলেসপর্জিং সল্ট।)

Sodii Phosphas. Sodium Phosphate, Na_2HPO_4.

বোনয়্যাস ও সলফিউরিক এসিড যোগে প্রস্তুত হয়।

এই লবণ ডাইসোডিয়ম হাইড্রোজেন ফস্ফেট Na_2HPO_4 $12H_2O$ সোডিয়ম কার্ব্বনেট ও সলিউসন অফ্ এসিড কেলসিয়ম ফস্ফেটের (বোনয়্যাস ও সলফিউরিক এসিড যোগে প্রস্তুত) প্রতিক্রিয়ায় প্রস্তুত হয়।

ক্রিয়া——বৃহৎ মাত্রায় লাবণিক মৃদুবিরেচক, অল্পমাত্রায় মূত্রকারক, পরিবর্ত্তক।

ব্যবহার—মৃদু বিরেচক জন্য শিশু ও দুর্ব্বল ব্যক্তির। ইউরিক এসিড ডায়েথিসিস্।

মাত্রা। পুনঃ২ ব্যবহারজন্য ৩০—১২০ গ্রেণ।

একমাত্রায় ।০—॥০ গ্রেণ।

Sodii Phosphas Effervescence Effervescent Sodium Phosphate

সোডিয়াই ফস্ফাস এফার্ভেসেন্স। এফার্ভেসেন্ট ফস্ফেট অব্ সোডিয়ম।

নামান্তর—সোডি ফস্ফাস এফার্ভেসেন্স।

ফস্ফেট অব্ সোডিয়ম দানা ৫০ আং ৫০০ গ্রাম।

বাইকার্ব্বনেট্ অব্ সোডিয়ম চূর্ণ ৫০ আং ৫০০ ,,

টার্টারিক এসিড চূর্ণ ২৭ আং বা ২৭০ গ্রাম সাইট্রিক এসিড চূর্ণ ১৮ আং বা ১৮০ গ্রাম।

যাহা প্রস্তুত হইবে তাহার ওজন প্রায় ১০০ আউন্স বা ১০০০ গ্রাম হইবে।

ফস্ফেট অব্ সোডিয়মকে শুষ্ক করিয়া উহার শতকরা ৬০ভাগ কম করিবে। উহাকে চূর্ণ করিয়া অন্যান্য দ্রব্যের সহিত মিলিত করিবে। এই মিশ্রকে উপর্য্যুক্তপাত্রে রাখিয়া ২০০ হইতে ২২০ তাপাংশ ফাং তাপে উষ্ণ করিবে, চূর্ণ চাপ বাঁদ্ধিতে আরম্ভ হইলে, অনবরত আলোড়ন করিবে, গ্রানুলার বা দানাময় অবস্থাপ্রাপ্ত হইলে নামাইয়া চালনীদ্বারা উপযুক্ত আকারের দানাসকল পৃথক করিয়া ১৩০ ফাং তাপে শুষ্ক করিয়া লইবে। আবদ্ধ বোতলে রাখিবে।

মাত্রা। পুনঃ২ ব্যবহারজন্য ৬০—১২০ গ্রেণ।

একমাত্রা ।০—॥০ আউন্স।

সোডি হাইপোফসফিস্। সোডিয়ম হাইপোফসফাইট

Sodii Hypophosphis. Sodium Hypophosphite.

ক্যালসিয়ম হাইপোফসফাইট সোডিয়ম কার্ব্বনেট প্রতিক্রিয়ায় প্রস্তুত হয়।

ক্রিয়া—উত্তেজক, বলকারক, পরিবর্ত্তক।

ব্যবহার—থাইসিস, ব্রঙ্কাইটিস, নার্ভাসডিবিলিটি।

মাত্রা। ৩—১০ গ্রেণ।

বোরাক্স, বাইবোরেট অব্ সোডিয়ম, সোহাগা। সিডেটিভ সল্ট। Borax.

নামান্তর Sodæ Biboras, Pyro borate of Sodium.

Na2 B407, 10 H20.

স্বভাবতঃ পাওয়া যায়। বোরিক এসিড ও কার্ব্বনেট অব্ সোডা উপযুক্ত পরিমাণ একত্র করিয়াও প্রস্তুত হইতে পারে।

আকারাদি—স্বচ্ছ বর্ণহীন দানা, জলে দ্রবনীয়।

ক্রিয়া——মূত্রকারক, জরায়ুসঙ্কোচক, পচন নিবারক, অম্ল নাশক, শৈত্যকারক, রজোনিঃসারক।

*ব্যবহার—কখন মূত্রকারক ও অম্লনাশক জন্য ব্যবহার হয়, আর্গট সহিত মিলাইয়া প্লাসেন্টা নির্গমন জন্য এবং রজঃলোপ রোগে ব্যবহার্য্য।

স্থানিক——আফথা, মার্কুরিয়েল সেলিভেশন্, ইউট্রাস ও ভেজাইনার উত্তেজনা অবস্থা ইহার জলের পিচকারি, লোশন প্রুরাইটস এনাই ও পিউডেনডাই।

মাত্রা। ৫—২০ গ্রেণ।

প্রয়োগরূপ দুইটী।

১। গ্লিশিরিণম বোরেসিস (৬ ভাগে ১ ভাগ ওজন)।

২। মেল বোরেসিস (১ আউন্সে ৫৬ গ্রেণ)।

এসিডম বোরিকম প্রস্তুত করিতে বোরাক্স ব্যবহার হয়।

মেল বোরেসাই। বোরাক্স হানি।

বোরাক্স সূক্ষ্মচূর্ণ	....	১ আউন্স	৫০ গ্রাম।
গ্লিশরিণ	...	॥০ ,,	২৫ ,,

ক্লারিফায়েড হানি	...	৮ ,,	৪০০ ,,

মিশ্রিত কর।

গ্লাইশরাইনম বোরেসিস। গ্লিসিরিণ অফ্ বোরাক্স।

বোরাক্স	...	১ আউন্স	২০ গ্রাম।
গ্লিশরিণ	...	৬ তং আং	১২০ কি, সে, মি,

বোরাক্স গ্লিশরিণ সহ মর্দ্দন করিয়া মিলিত কর।

লাইকর সোডি ক্লোরিনেটি। সলিউশন অব্ ক্লোরিনেটেড সোডা।

Liquor Sodae Chlorinate. Solution of Chlorinated Soda.

ক্লোরিনেটেড্ লাইম	১৬ আউন্স	৪০০ গ্রাম।
সোডিয়ম কার্ব্বনেট	২৪ ,,	৬০০ ,,
ডিষ্টিল্ড ওয়াটার	১ গ্যালন	৪ লিটার।

$\frac{1}{2}$ ভাগ ডিঃ জলে সোডিয়ম কার্ব্বনেট দ্রব করিবে। ৮ পাইণ্ট ডিঃ জলে ক্লোরিনেটেড লাইম উত্তমরূপে মিলিত করিয়া ফিল্টার করিবে। উভয় দ্রব একত্র করিয়া ফিল্টার করিবে।

ক্রিয়া—আভ্যন্তরিক—উত্তেজক, পচন নিবারক, অম্লনাশক, পরিবর্ত্তক, দুর্গন্ধহারক।

ব্যবহার—স্কার্লেটিনা ইত্যাদি মেলিগনেণ্ট ফিভার।

স্থানিক——পচাঘা, আলসারেটেড সোরথ্রোট, মার্কুরিয়েল সোরথ্রোট।

মাত্রা। ১০—২০ মিনিম।

সোডিয়াই বেঞ্জোয়াস, সোডিয়ম বেঞ্জোয়েট।

Sodii Benzoas, Sodium Benzoate.

বেনজোয়িক এসিডকে সোডিয়ম কার্ব্বনেট সলিউশন সহ সমক্ষারাম্ল করতঃ শুষ্ক করিয়া লইলে এই লবণ প্রস্তুত হয়।

আকারাদি—শ্বেতবর্ণ, দানাহীন বা অস্পষ্টদানা বিশিষ্ট, গন্ধহীন বা ঈষৎ লোবান গন্ধ বিশিষ্ট, মিষ্টক্ষার আস্বাদ, ঈষৎক্ষার গুণ বিশিষ্ট, জলে অতিশয় দ্রবনীয়। রেক্‌টিফাইড স্পিরিটে অল্প দ্রবনীয়। মাত্রা। ৫—৩০ গ্রেণ।

ক্রিয়া—উৎকৃষ্ট পচননিবারক, ও জার্ম্মনাশক।

ব্যবহার——থাইসিস, রিউমাটিক আর্থারাইটিস, হুপিংকফ, স্কার্লেট ফিভার এবং ডিফ্‌থিরিয়া, বালকদের ডায়েরিয়া, ইউরিমিয়া পিওরার পারল কন্‌ভালসন স্থানিক স্প্রে (১০০ ভাগ জলে ৫ ভাগ) থাইসিস ডিপথিরিয়া।

সোডিয়াই ক্লোরাইডম, সোডিয়ম ক্লোরাইড।

Sodii Chloridum, Sodium Chloride.

Common Salt $Na\,Cl$

রকসল্ট, কিচেন সল্ট, টেবেল সল্ট, স্থাল মেরিনম, ক্লোরনেট্রিয়ম, মিউরিয়েট অফ্ সোডা। কমন সল্ট, লবণ।

সমুদ্রজল, লাবনিক প্রস্রবণ ও ভূগর্ভে স্বভাবতঃ পাওয়া যায়। উহাকে শোধিত করিয়া প্রস্তুত হয়।

আকারাদি—ক্ষুদ্র শ্বেতবর্ণ দানাকার, অথবা স্বচ্ছ কিউবিকেল দানা, শুষ্ক, বিশুদ্ধ লবণ আস্বাদ জলে—দ্রবনীয়।

ক্রিয়া—অল্পমাত্রায় উত্তেজক পরিবর্ত্তক, অধিক মাত্রায় ক্রিমি

নাশক বিরেচক, বমনকারক।

স্থানিক ক্রিয়া—উত্তেজক ও উগ্রতা সাধক, ক্রিমিনাশক।

ব্যবহার—খাদ্যের সহিত নিত্য ব্যবহার হয়। বমনকরান জন্য কখন২ ব্যবহার্য্য, থ্রেডওয়ারমে পিচকারি, বাত ইত্যাদিতে লবণ জলের স্পঞ্জিং।

মাত্রা। ২০—৬০ গ্রেণ পরিবর্ত্তক বলকারক। ॥০ আউন্স ও তদূর্দ্ধ বমনকারক ও বিরেচক। স্নানার্থ ৪—৮ আউন্স জল ১ গ্যালন।

সোডিয়াই ব্রোমাইডম। সোডিয়ম ব্রোমাইড।

Sodii Bromidum. Sodium Bromide. Na Br.

সলিউশন অফ্ সোডা ২ পাইণ্ট। ব্রোমিন—৪ আউন্স।

পটাসিয়ম ব্রোমাইড প্রস্তুতের ন্যায় সোডিয়ম ব্রোমাইড প্রস্তুত করিতে হয়। পটাসিয়ম হাইড্রক্সাইড স্থলে সোডিয়ম হাইড্রক্সাইড ব্যবহার্য্য।

ক্রিয়া ও ব্যবহার—ব্রোমাইড অব্ পটাসের ন্যায়, বিশেষের মধ্যে পাকযন্ত্রের কম উগ্রতা ও হৃদ্‌পিণ্ডের সামান্য ক্রিয়া প্রকাশ করে।

মাত্রা। ৫—৩০ গ্রেণ।

সোডিয়াই আইওডাইডম। সোডিয়ম আইওডাইড।

Sodii Iodidum. Sodium Iodide.

সলিউশন অফ্ সোডা ১গেলন। আইওডাইন ২১ আউন্স। কাষ্টাঙ্গার চূর্ণ ৩ আং। বয়েলিং ডিষ্টিল্ড ওয়াটার যথাপ্রয়োজন।

আইওডাইড অব্ পটাসের প্রস্তুত প্রক্রিয়ার মত প্রস্তুত হয়।

ক্রিয়া ও ব্যবহার—আইওডাইড অব্ পটাসের ন্যায়, কেবল স্থানীয় উগ্রতা ক্রিয়া অল্প অতএব বৃহৎমাত্রায় দেওয়া যায়।

মাত্রা। ৫—২০ গ্রেণ।

সোডা টার্টারেটা। সোডিয়ম পটাসিয়ম টার্ট্রেট।

Soda Tartarata. Sedium Potasseum Tartrate.

নামান্তর—টার্টারেটেড্ সোডা, টার্ট্রেট অফ্ পটাসিয়ম এবং সোডিয়ম, রোসেল সল্ট।

এসিড পটাসিয়ম টার্ট্রেট সোডিয়ম কার্ব্বনেট দ্বারা সমক্ষারায় করিয়া প্রস্তুত হয়।

ক্রিয়া—অল্পমাত্রায় মূত্রকারক, শৈত্যকারক, অধিকমাত্রায় বিরেচক।

ব্যবহার—কোষ্টবদ্ধ, পোর্টেল কন্জেশ্চন, শোথ ও উদরি।

মাত্রা। ১২০—২৪০ গ্রেণ।

সোডাই সাইট্রো টার্ট্রাস এফারভেসেন্স। এফারভেসেণ্ট সোডিয়ম সাইট্রোটার্ট্রেট।

Sodii Citro Tartras Effervescens, Effervescent Sodium Citrotartrate.

সোডিয়ম বাইকার্ব্বনেট চূর্ণ	…	৫১ আং	৫১০ গ্রাম
টার্টারিক এসিড চূর্ণ	…	২৭ আং	২৭০ ,,
সাইট্রিক এসিড চূর্ণ	…	১৮ আং	১৮০ ,,
রিফাইণ্ড সুগার চূর্ণ	…	১৫ আং	১৫০ ,,

এই চূর্ণগুলিকে উত্তমরূপে মিশাইবে, একটি উপযুক্ত আকারের ডিস কিম্বা পাত্রে রাখিয়া ২০০—২২০ ফাং তাপ দিবে মিশ্রণ স্পু-

কৌশলে নাড়াচাড়া করিলে যখন দানাকার হইবে, তখন চালনি দ্বারা দানাসকলকে পৃথক করিয়া, ১৩০ ফাং তাপের অনধিক সন্তাপে শুষ্ক করিবে। ওজন ১০০ আং বা ১০০০ গ্রাম হইবে।

ক্রিয়া ও ব্যবহার—টার্ট্রেট অব্ সোডার ন্যায় মূত্রকারক, বিরেচক, শৈত্যকারক, আস্বাদ তৃপ্তিকর।

মাত্রা। ৬০ গ্রেণ হইতে ১২০ গ্রেণ।

Pulvis sodæ Tartaratæ Effervescens,
Effervescent Tartarated Soda Powder.

পলভিসসোডি টর্টারেটী এফারর্ভেসেন্স। এফারভেসেণ্ট টার্টারেটেড সোডা পাউডার। সাধারণ নাম—সিড্‌লিজ পাউডার। Seidlitz Powder.

সোডিয়ম পটাসিয়ম টার্ট্রেট শুষ্ক চূর্ণ	১২০ গ্রেণ	৭·৭৭ গ্রাম
সোডিয়ম বাইকার্ব্বনেট শুষ্ক চূর্ণ	৪০ ,,	২·৫৯ ,,
মিশ্রিত করিয়া, নীলবর্ণ কাগজে মুড়িবে।		
টার্টারিক এসিড শুষ্কচূর্ণ ...	৩৮ ,,	২ ৪৬ ,,
সাদাকাগজে প্যাক করিবে।		

পূর্ণবয়স্কের জন্য ১ মাত্রা। নীলবর্ণ কাগজের এলকেলাইন পাউডার প্রায় অর্দ্ধ পাইণ্ট শীতল বা উষ্ণজলে দ্রবকর, পরে সাদা কাগজের এসিড চূর্ণ যোগ করিবে।

লাইকর সোডিয়াই ঈথাইলেটিস্। সলিউশন্ অব্ সোডিয়ম ঈথাইলেট।

Liquor Sodii Ethylatis, Solution of Sodium Ethylate.

সোডিয়ম ধাতু পরিষ্কার ও উজ্জ্বল	২২ গ্রেণ	১ গ্রাম।
এবসলিউট এলকোহল ...	১ তং আং ২০	কি, সেং, মি,

একটী কাচকুপী (ফ্লাস্ক) মধ্যে এবসলিউট এলকোহল রাখিয়া সোডিয়ম সাবধানে দ্রবকরিবে, ফ্লাস্কটী শীতল জলের উপর বসাইয়া শীতল রাখিবে। এই সলিউশন সদ্য প্রস্তুত করা কর্ত্তব্য। শতকরা ১৮ ভাগ কঠিনদ্রব্য থাকে।

ভৌতিক ও রাসায়নিক গুণ—বর্ণহীন তরল, মধুরমত ঘন পুরাতন হইলে কটাবর্ণ হয়।

ক্রিয়া—দাহক, ইহা বেশ আয়ত্বাধীন ও ইহার ক্রিয়া নিশ্চত।

ব্যবহার—নিভস্ ও অন্যান্য ভাসকিউলার গ্রোথ দগ্ধ করিতে, ইহা ব্যবহারে জ্বালা যন্ত্রণা অতিঅল্প বা একবারেই হয় না, সূক্ষ্মাগ্র কাচদণ্ডদ্বারা প্রয়োগ করা কর্ত্তব্য।

সাবান, ভেলিরিয়েনেট অব্ সোডিয়ম, সলফো কার্ব্বলেট অব্ সোডিয়ম স্থানান্তরে উক্ত হইবে।

জিনসাই অক্সাইডম্। জিঙ্ক্ অক্সাইড।

ফ্লাওয়ার অফ্ জিঙ্ক্।

Zinci oxidum, Zinc Oxide.

জিঙ্ক কার্ব্বনেট লোহিতোত্তাপে উষ্ণ করিয়া অথবা জিঙ্কধাতু দগ্ধকরিয়া প্রস্তুত হয়। প্রায় শ্বেতবর্ণ কোমল, স্বাদহীন, গন্ধ হীন চুর্ণ।

ক্রিয়া।—অধিক মাত্রায় বমনকারক, অল্পমাত্রায়, সঙ্কোচক, স্নায়ুবীর বলকারক।

ব্যবহার—কোরিয়া, হিষ্টিরিয়া, ইপিলেপ্সী, নিউর‍্যালজিয়া, হুপিংকফ, কলিকোয়েটিভ সোয়েটীং।

স্থানিক—শুষ্ককারক ও সঙ্কোচক জন্য ক্ষত ও চর্ম্মরোগ।*

মাত্রা। ৩—১০ গ্রেণ।

প্রয়োগরূপ—

অঙ্গুয়েণ্টম জিনসাই। জিঙ্ক অয়েণ্টমেণ্ট।

জিঙ্ক অক্সাইড সূক্ষ্মচালা (Sieved)	৩ আউন্স	বা	৭৫ গ্রাম।
বেনজোয়েটেড লার্ড	১৭ আং	বা	৪২৫ ,,

মৃদুতাপে বেনজোয়েটেড লার্ড দ্রবকরিয়া জিঙ্ক অক্সাইড ক্রমে ক্রমে যোগ করিবে শীতল হওয়া পর্য্যন্ত নাড়িবে।

জিনসাই ক্লোরাইডম। জিঙ্ক ক্লোরাইড।

(বটার অফ্ জিঙ্ক্)।

Zinci Chloridum. Zinc Chloride.

জিঙ্ক্ ও হাইড্রোক্লোরিক এসিডের প্রতিক্রিয়ায় প্রস্তুত হয়।

বর্ণহীন অসচ্ছ বাতি বা চাক্তির আকার, অত্যন্ত জলশোষক ও দাহক, জল এলকোহল ও ঈথরে দ্রবনীয়।

ক্রিয়া। স্থানিক—প্রবল দাহক। (মাত্রা ॥০—১ গ্রেণ) দ্রবাকারে সঙ্কোচক, উত্তেজক ও দুর্গন্ধহারক।

ব্যবহার—আভ্যন্তরিক কদাচ ব্যবহার হয়।

স্থানিক—মেলিগনেণ্ট ক্ষত, কেনসার, নিভস্, দুর্গন্ধস্থান।

প্রয়োগরূপ—

লাইকর জিনসাই ক্লোরাইডাই। সলিউশন অফ্ জিঙ্ক ক্লোরাইড। (বার্ণেট সলিউশন)।

গ্রান্যুলেটেড্ জিঙ্ক্ …	১ পাউণ্ড	৪০০ গ্রাম।
হাইড্রোক্লোরিক এসিড …	৪৪ তং আং	১১০০ কি, সে, মি
ডিষ্টিল্ড ওয়াটার …	…	যথাবশ্যক।

হাইড্রোক্লোরিক এসিড ১ পাইন্ট ডিষ্টিল্ড ওয়াটার সহ যোগ করিয়া পর্শিলেন ডিসে রাখিয়া দস্তা যোগ করিয়া মৃদু তাপ দিবে, ফুটাইবে (আয়রণ) লৌহ মিশ্রিত থাকিলে সলিউশন অফ্ ক্লোরিন ও জিঙ্ক কার্ব্বনেটদ্বারা শোধন করিবে।

জিনসাই সলফাস (জিঙ্ক সলফেট) শ্বেত তুতিয়া।

Zinci Sulphas. Zinc Sulphate.

জিঙ্ক্ ও ডাইলিউট সলফিউরিক এসিডের প্রতিক্রিয়াদ্বারা প্রস্তুত হয়।

ক্রিয়া—অল্পমাত্রায় সঙ্কোচক ও স্নায়বীয় বলকারক। অধিক-মাত্রায় বমন কারক। ইহার বমন কারক ক্রিয়া সাক্ষাৎ ও দ্রুত। ইহা উত্তেজক দ্রুত বমন কারক।

মাত্রা। বলকারক ১—৩ গ্রেণ। বমনকারক ১০—৩০ গ্রেণ (লোশন ১—১০ গ্রেণ জল ১ আং)।

স্থানিক—প্রবল সঙ্কোচক।

ব্যবহার—কোরিয়া, ইপিলেপ্সী, হিষ্টিরিয়া।

স্থানিক—লিউকোরিয়া, গনরিয়া, গ্লিট, ব্রঙ্করিয়া, অপথালমিয়া

বমন জন্য—নার্কটীক পয়েজনিং, থাইসিস্, ডিসপেপসিয়া।

জিনসাই কার্ব্বনাস। জিঙ্ক কার্ব্বনেট।

Zinci Carbonas. Zinc Carbonate.

জিঙ্ক্ কার্ব্বনেট বা জিঙ্ক্ হাইড্রস্নি কার্ব্বনেট জিঙ্ক্ সলফেট ও সোডিয়ম কার্ব্বনেটের প্রতিক্রিয়ায় প্রস্তুত হয়।

ক্রিয়া—অক্সাইড অব্ জিঙ্কেরন্যায় কিন্তু ব্যবহার বড় অল্প। বাহ্য প্রয়োগে সঙ্কোচক ও শুষ্ক কারক।

জিনসাই এসিটাস। জিঙ্ক এসিটেট্।

Zinci Acetas. Zinc Acetate.

এসিটিক এসিড্ জিঙ্ক্ কার্ব্বনেট দ্বারা সমক্ষারাম্ল করিয়া প্রস্তুত হয়।

ক্রিয়া—বমন কারক, স্নায়বীয় বলকারক, সঙ্কোচক।

ব্যবহার—স্থানিক ব্যবহার হয়, গনরিয়াতে লোসন ভাল।

মাত্রা। ১—২ গ্রেণ বলকারক। ১০—২০ গ্রেণ বমনকারক। লোশন ও ইনজেকশন জন্য ১—১০ গ্রেণ জল ১ আউন্স।

ভেলিরিয়েনেট, ওলিয়েট ও সলফো কার্ব্বলেট অব্ জিঙ্ক স্থানান্তরে উক্ত হইবে।

এলকোহল, ঈথার ও ক্লোরোফর্ম প্রভৃতি।

এলকোহল ঈথাইলিকম। ঈথাইলিক এলকোহল, এলকোহল এবসলিউটম। সুরাসার, সুরাবীর্য্য।

Alcohol Absolutum. Absolute Alcohol.

ঈথাইল হাইড্রোক্সাইড শতকরা অনধিক ১ ভাগ ওজন জল মিশ্র। অপেক্ষাকৃত অল্প উগ্র ঈথাইলিক এলকোহল হইতে জল অন্তর করত পরে ডিষ্টিল করিয়া প্রস্তুত হয়।

ঔষধজন্য ব্যবহার হয়না, অন্যান্য ঔষধ প্রস্তুত করিতে প্রয়োজন

স্পিরিটস্ রেক্টিফিকেটস্। রেক্টিফাইট স্পিরিট। শোধিত সুরা। (এলকোহল ৯০ পারসেণ্ট)।

Spiritus Rectificatus, Alcohol (90 per cent)

Synonym—Rectified Spirit.

আয়তনে ৯০ পারসেণ্ট ঈথাইল হাইড্রক্সাইড ও ১০ পারসেণ্ট

জলযুক্ত তরল দ্রব্য। উৎশেচিত শর্করাযুক্ত তরলদ্রব্য চুয়াইয়া প্রস্তুত হয়। বর্ণহীন, স্বচ্ছ, দাহ্য, মনোরম গন্ধ, তীব্রাস্বাদ, স্পেঃ গ্রা ০·৮৩৪০ ওজনে ৮৫·৬৫ পারসেণ্ট ঈথাইল হাইড্রক্সাইড এবং ১৪·৩৫ পারসেণ্ট জল আছে।

৯০ পারসেণ্ট এলকোহল, ১৮৮৫ সনের ফার্ম্মা কোপিয়ার রেক্টিফাইড স্পিরিট অপেক্ষা অল্প উগ্র (ষ্ট্রং)। ১·৩৫ পারসেণ্ট অথবা ওজনে ১·৬৫ পারসেণ্ট অধিক ঈথাইল হাইড্রক্সাইড।

ডাইলিউটেড্ এলকোহল Diluted Alcohol—এলকোহল (৯০ পারসেণ্ট) ডিঃ ওয়াটার সহ মিলাইয়া ৪ প্রকার ডাইলিউট এলকোহল প্রস্তুত হয়। এইগুলি ক্রমান্বয়ে ঈথাইল হাড্রক্সাইড আয়তনে ৭০, ৬০ ৪৫ এবং ২০ পারসেণ্ট মিলাইয়া প্রস্তুত হয়।

১। এলকোহল (শতকরা ৭০ ভাগ) ১০০ তং আউন্স এলকোহল (শতকরা ৯০) (৩১ ঠিক ৩১·০৫) তং আঃ ডিষ্টিল্ড ওয়াটার যোগকর। অথবা ১০০০ কি, সে, মি, এলকোহল (শতকরা ৯০) ৩১·০৫ কি, সে, মি, ডিঃ ওয়াটার যোগকর (স্পেঃ গ্রেঃ ·৮৯০০)।

২। এলকোহল (৬০ পারসেণ্ট) ১০০ তরল আং এলকোহল (৯০ পারসেণ্ট) ৩১ বা ঠিক ৩১·০৫ তরল আং ডিঃ ওয়াটার যোগকর অথবা ১০০০ কি, সে, মি এলকোহলসহ (৯০ পারসেণ্ট) ৩১০·৫ কি, সে, মি ডিঃ ওয়টার যোগকর (স্পেঃ গ্রাঃ ·৮৯০০)।

৩। এলকোহল (৪৫ পারসেণ্ট) ১০০ তং আউন্স এলকোহল (৯০ পারসেণ্ট) ১০৫৳ (ঠিক ১০৫·৩৪) তং আং ডিঃ ওয়াটার যোগকর অথবা ১০০০ কি, সে, মি এলকোহল সহ (৯০ পারসেণ্ট) ১০৫৩৷৷০ ঠিক ১০৫৩·৪ কি, সে, মি ডিঃ ওয়াটার যোগকর

স্পেঃ গ্রাঃ ·৯৪৩৬)।

৪। এলকোহল (২০ পারসেণ্ট) ১০০ তং আউন্স এলকোহল সহ (৯০ পারসেণ্ট) ৩৫৫¼ (ঠিক ৩৫৫·৮) তং আউন্স ডিঃ ওয়াটার যোগকর অথবা এক হাজার কি, সে, মি এলকোহল (৯০ পারসেণ্ট) ৩৫৫৮ কি, সে, মি ডিষ্টিল্ড ওয়াটার যোগকর (স্পেঃ গ্রেঃ ৯৭৬০)।

স্পিরিট জলের সহিত মিলাইয়া লোসন আকারে, উত্তেজক শৈত্যকারক।

ব্যবহার—বিবিধ প্রদাহ, আঘাতজনিত প্রদাহ স্তনবৃন্ত বিদারণ, শিরোপীড়া, এইসকল কার্য্য জন্য সুবাসিত স্পিরিট বা ইউডিকলন লোসনই সচরাচর ব্যবহৃত হয়। বেড্‌সোর, মুখে ঘা।

স্পিরিটস ভাইনাই গেলিসাই, ব্রাণ্ডি।

Spiritus Vini Gallici, Brandy.

ওরাইন চুয়াইয়া প্রস্তুত হয়। পুরাতন হইলে ব্যবহার উপযোগীহয়। ইহাতে শতকরা অন্যূণ ৩৬॥০ ভাগ ওজন বা ৪৩॥০ আয়তন ঈথাইল হাইড্রকসাইড আছে।

* ইহার গন্ধ বিশেষ প্রকার, বর্ণ ঈষৎ কটা।

সুস্থদেহে এলকোহলের ক্রিয়া তিনভাগে বিভক্ত করা যাইতে পারে।

১। মুখ রক্তবর্ণ ও উজ্বল, নাড়ি ও স্বাসপ্রশ্বাস দ্রুত, সর্ব্বাঙ্গে উষ্ণতানুভব, পৈশীক ও মানসিক, শক্তির উদ্দিপনা।

২। উদ্দীপিত অবস্থা মাদক অবস্থায় পরিণত হয় কখনং অতিশয় ডিলিরিয়ম, পেশী সঞ্চালন শক্তির সামঞ্জস্য ব্যতিক্রম

ঘটে, জিহ্বা, চক্ষু গোলক ও হস্তপদের পৈশীক ক্রিয়া বিশেষ ব্যতিক্রম ঘটে। চর্ম্মের স্পর্শশক্তি খর্ব্ব, কখন বমন হয়।

৩। উত্তেজনা তন্দ্রাতেপরিণত হয় পরে কোমা অবস্থা হইয়া নিশ্বাসে ঘড় ঘড় শব্দ শুনাযায়, মোটর ও সেনসরি পেরালিসিস উপস্থিত হয় নাড়ি মন্দগামিনী ও সঙ্কাপ্য। রেসপিরেটরি সেণ্টারের পেরালিসিস বশতঃ এসফেকসিয়া দ্বারা মৃত্যু হইতে পারে।

ক্রিয়া—উত্তেজক। বলকারক পোষক, মাদক, বেদনানিবারক নিদ্রা কারক।

ব্যবহার—(১) যে কোন কারণে দেহ অবসন্ন কোলাপ্সের পূর্ব্বাবস্থায় উপস্থিত হউক না কেন।

(২) বেদনা নিবারণ ও নিদ্রা উৎপাদন।

(৩) তরুণ প্রদাহ ও জ্বরাদি রোগে দৈহিক তাপ হ্রাস জন্য।

(৪) ইরিসিপেলাস, পাইমিয়া প্রভৃতি রোগে পূযোৎপাদন খর্ব্ব বা নিবারণ জন্য।

(৫) অল্পমাত্রায় পরিপাক বৃদ্ধি।

(৬) ব্রুইজ বা পেসিত আঘাত, স্তনবৃন্ত বিদারণ, বেড্‌সোর মুখে ঘা ইত্যাদিতে স্থানিক প্রয়োগ হয়।

মাত্রা। ২—৪ ড্রাম, জল মিশ্র করিয়া ব্যবহার্য্য।

প্রয়োগরূপ—মিসচুরা স্পিরিটস ভাইনাই গেলিসাই।

মিকশ্চার অব্ ব্রাণ্ডি। এগ্ মিকশ্চার, এগ্ ফিলিপ।

ব্রাণ্ডি ...	...	৪ তং আউন্স	১১৩ কি, সে, মি
সিনেমন ওয়াটার	...	৪ তং আং	১১৩ কি, সে, মি
রিফাইণ্ড সুগার	...	॥০ আউন্স	১৪ গ্রাম।

অণ্ডের কুসুম। (ইওকস অফ্ এগ্) দুইটী

অণ্ডকুসুম ও চিনি একত্রে মর্দ্দন করিয়া দারুচিনির জল ও ব্রাণ্ডি যোগ করিবে।

মাত্রা। ১—২তং আউন্স।

ভাইনম জেরিকম, সেরি (স্পেনদেশীয় ওয়াইন)।

Vinum xericum. Sherry.

ইহাতে অণ্যূন শতকরা ১৬ ভাগ ঈথাইল হাইড্রক্সাইড আছে।

ক্রিয়া ও ব্যবহার ব্রাণ্ডির ন্যায়, অবসন্ন অবস্থা, অজীর্ণ কিন্তু ইহা সহজে অম্লত্ব প্রাপ্ত হয় বলিয়া ব্রাণ্ডি অপেক্ষা অধম।

ভাইনম অরেনসিয়াই। অরেঞ্জ ওয়াইন।

Vinum Aurantii. Orange wine.

শর্করাযুক্ত তরল দ্রব্যে বিটার অরেঞ্জ নামক জম্বিরের সদা ত্বকযোগ করতঃ উৎসেচন করিয়া প্রস্তুত হয়।

প্রয়োগরূপ—ভাইনম ফেরি সাইট্রেটিস। ভাইনম কুইনাইনি।

ভাইনমরুব্রম, পোর্ট ওয়াইন।

Vinum Rubrum. Port Wine.

ক্রিয়া। বলকারক, উত্তেজক, সঙ্কোচক।

স্পিরিট ভাইনাই জুনিপেরাই। জিনসরাপ।

Spirits Vini Juniperai.

ক্রিয়া। উত্তেজক, বলকারক, মূত্রকারক।

ঈথর। ঈথর।

ÆTHER. Ether.

উদ্বায়ীদ্রব্য, ঈথাইলিক এলকোহল ও সলফিউরিক এসিডের

প্রতিক্রিয়া দ্বারা প্রস্তুত হয় শতকরা অন্যূন ৯২ ভাগ (মাপ) ঈথাইল অক্সাইড আছে, ইহাকে পূর্ব্বে সলফিউরিক ঈথর বলা হইত।

ক্রিয়া—প্রবল ডিফিউসিবল ষ্টিমুলেণ্ট, ক্রিয়া দ্রুত, বায়ুনাশক, আক্ষেপ নিবারক, চৈতন্যহারক, মাদক।

স্থানিক—বেদনা নিবারক, স্পর্শহারক, শৈত্যকারক।

ব্যবহার—অবসন্ন অবস্থা, এসমা, এনজাইনা পেক্টরিস হিষ্টিরিয়া বিবিধ আক্ষেপ। স্থানিক—হার্ণিয়া।

মাত্রা। পুনঃ২ ব্যবহারের জন্য ১০—৩০ মিনিম এবং এক মাত্র ব্যবহারের জন্য ৪০—৬০ মিনিম।

ঈথর পিউরিফিকেটস। পিউরিফাইড ঈথর।

Æther Purificatus. Purified Ether.

ঈথর হইতে অধিকাংশ ঈথাইলিক এলকোহল ডিষ্টিল্ড ওয়াটার দ্বারা ধৌত করিয়া পৃথক করা হইয়াছে, এবং অধিকাংশ জল ক্লোরাইড অফ্ কেলসিয়ম ও সদ্য প্রস্তুত চূর্ণ যোগে ডিষ্টিল্ড করিয়া পৃথক করা হইয়াছে।

ঔষধ প্রস্তুত করিতে ও রাসায়নিক পরীক্ষায় ব্যবহৃত হয়।

স্পিরিটস ঈথরিস, স্পিরিট অব্ ঈথর।

Spiritus Etheris. Spirit of Ether.

ঈথর	১০ তং আউন্স	৫০০ কি, সে, মি	
এলকোহল (শতকরা ৯০)	১ পাইন্ট	১০০ কি, সে, মি,	

মিশ্রিত কর।

মাত্রা। পুনঃ২ ব্যবহার জন্য ২০—৪০ মিনিম। একমাত্রায় ৬০—৯০ মিনিম।

স্পিরিটস ঈথারিস কম্পজিটস। কম্পাউণ্ড স্পিরিট অফ ঈথর (হফ্ মেন্স এনোডাইন।

ঈথর ...	৫॥০ তং আউন্স	১৩৭.৫ কি, সে, মি
এলকোহল (শতকরা ৯০)	৭৮ তং আং	১৯৫০ কি, সে, মি
সালফিউরিক এসিড	৩৬ তং আং	৯০০ কি, সে, মি
ডিষ্টিল্ড ওয়াটার	১॥০ তং আং	৩৭.৫ কি, সে, মি
সোডিয়ম বাইকার্ব্বনেট		যথাবশ্যক।

৪০ তং আউন্স (১০০০ কি, সে, মি) এলকোহল সহ ক্রমেং সলফিউরিক এসিড যোগকর। মিশ্রণ ২৪ ঘণ্টা স্থিরভাবে রাখ, আস্তেং ডিষ্টিল কর। যেপর্য্যন্ত না (তরল দ্রব্যমধ্যে মগ্ন রাখ) থার্ম্মমিটারে ৩৪১ ফাং (১৭১.৬ সেঃ) তাপ দেখাযায়। চুয়ান দ্রব্যকে সেপারেটারে রাখ সেপারেশন শেষ হইলে নীচের স্তরস্থ তরল দ্রব্য পৃথক কর। উপরের স্তরে ডিঃ ওয়াটার যোগ করিবে ও ক্রমেং সোডিয়ম বাইকার্ব্বনেট যোগকর যেপর্য্যন্ত না নাড়িয়া দিলে ঐ তরল দ্রব্য লিটমসদ্বারা সমক্ষারাম্ল জানাযায়। ঈথরযুক্ত তরল দ্রব্যকে পৃথক কর ইহাতে ঈথার ও ৩৮ তরল আং (বা ৯৫০ কি, সে, মি) এলকোহল যোগকরিয়া ফিল্টার কর।

মাত্রা। পুনঃ২ ব্যবহার জন্য ২০—৪০ মিনিম, একমাত্রা ৬০—৯০ মিনিম।

ঈথর এসিটীকস। এসিটিক ঈথার।

Ether Aceticus. Acetic Ether.

ঈথরযুক্ত তরলদ্রব্য—ইহাতে ইথাইল এসিটেট আছে, অতি অল্প পরিমাণ ইথাইলিক এলকোহল, অন্যান্যদ্রব্য মিশ্রিত। ঈথাইলিক এলকোহলে সলফিউরিক এসিড ও শুষ্ক সোডিয়ম এসিটেট সহ চুয়াইয়া প্রস্তুত হয়। চুয়ানদ্রব্য শুষ্ক পটাসিয়ম কার্ব্বনেট সহ উষ্ণ করিয়া। উহার যে অংশ ১৬৫—১৭২ ফাং তাপে স্ফুটিত হয় তাহাকে ডিষ্টিলেশনদ্বারা পৃথক করিবে।

মাত্রা। পুনঃ২ ব্যবহারজন্য ২০—৪০ মিনিম,
একমাত্রাজন্য ৬০—৯০ মিনিম।

স্পিরিট ঈথরিস নাইট্রোসাই, স্পিরিট অব্ নাইট্রাস ইথর (সুইট্ স্পিরিটস অব্ নাইটার)।

Spiritus Etheris Nitrosi Spirit of Nitrous Ether.

নাইট্রিক এসিড	...	৩ তং আং	১৫০ কি, সে, মি
সলফিউরিক এসিড	...	২ তং আং	১০০ কি, সে, মি
তাম্র	... ...	২ আং	১০০ কি, সে, মি
এলকোহল (শতকরা ৯০)			যথা প্রয়োজন।

এক পাইণ্ট স্পিরিট সহিত ক্রমে২ সলফিউরিক এসিড যোগ করিয়া উত্তমরূপে নাড়িয়াদিবে। ঐ নিয়মে ২॥ আউন্স নাইট্রিক এসিড যোগ করিবে। মিশ্রণটী একটী রিটর্টে বা ফ্লাস্কে রাখিয়া তাম্র মিলিত করিবে, রিটর্টে একটী থার্ম্মমিটার সংযুক্ত করিবে। একটী আধার পাত্র সংযুক্ত করিয়া চুয়াইতে থাকিবে, ১৭০ ফাং তাপে আরম্ভ করিয়া ১৭৫ ফাং পর্য্যন্ত তাপবৃদ্ধি করিবে। (১৮০ অপেক্ষা বেশী না হয়) ৩২ আউন্স চুয়াইয়া একটী বোতলে সংগ্রহ করিবে। এই বোতলে ও আধার বরফমিশ্র জলমধ্যে শীতল

রাখিতে হইবে। অবশিষ্ট অর্দ্ধ আউন্স নাইট্রিক এসিড রিটর্টে দিয়া পূর্ব্বেরমত পুনরায় চুয়াইতে থাকিবে যেপর্য্যন্ত না সমুদয়ে ৩৪ আউন্স চুয়ান হয়, ইহাকে ১ পাইন্ট বা যথাপ্রয়োজন এলকোহল সহ মিলাইবে যেন ঈথাইল নাইট্রেট শতকরা ২॥ ভাগ টেষ্টের উপযুক্ত করিবে।

ক্রিয়া—উত্তেজক, ঘর্ম্মকারক, মূত্রকারক ও শৈত্যকারক।

(ষ্টিমুলেণ্ট, ডায়েফোরেটিক, ডাইউরেটিক, রিফ্রিজেরাণ্ট)।

ব্যবহার—জ্বর, প্রদাহ, শোথ, মূত্ররোগ, মূত্রকৃচ্ছ।

মাত্রা। পুনঃ২ ব্যবহারজন্য ২০—৪০ মিনিম,

একমাত্রাজন্য ৬০—৯০ মিনিম।

ক্লোরোফর্ম্মম। Chloroformum ক্লোরোফরম।

Chloroform. C H. CL3.

ক্লোরোফরম বা ট্রাই ক্লোরোমিথেন যাহাতে উপযুক্ত এবসলিউট এলকোহল যোগ করিয়া একটা তরল পদার্থ প্রস্তুত হয়। যাহার আপেক্ষিক গুরুত্ব অন্যূন ১·৪৯০ ও অনধিক ১·৪৯৫। ট্রাই ক্লোরেমিথেন ক্লোরিনেটেড্ লাইম, শ্লেকড্ লাইম ঈথাইলিক এলকোহল ও ডিষ্টিল্ড ওয়াটার মিশ্রণ উষ্ণ করিয়া প্রস্তুত হয়।

গুণধর্ম্ম—ঘন বর্ণহীন তরল, মিষ্ট বিশেষ প্রকার গন্ধ, আস্বাদ মিষ্ট ঈথর ও এলকোহলে দ্রবহয়, ২০০ ভাগ জলে ১ ভাগ দ্রবনীয় আং গুঃ ১·৪৯৭।

ক্রিয়া—আভ্যন্তরিক ব্যবহারে—মাদক, আক্ষেপ নিবারক, অবসাদক। (নার্কটিক, এন্টিস্পাজমডিক, সিডেটিভ)

ব্যবহার—আক্ষেপযুক্ত কাশ, এসমা, কলেরা, লেড্‌কলিক, হিষ্টিরিয়া, ক্যানসার, নিউরালজিয়া, সপর্য্যায় জ্বর, বমন, হিক্কা।

স্থানিক ক্রিয়া—বেদনা নিবারক, উত্তেজক, উগ্রতাসাধক।

ব্যবহার—নিউরালজিয়া, কণ্ডুয়নযুক্ত চর্ম্মরোগ, বাত, দন্তরোগ ইত্যাদি।

ঘ্রাণদ্বারা ক্লোরোফরম ব্যবহার সর্ব্বাপেক্ষা অধিক।

ক্রিয়া—ঘ্রাণ লইলে বেদনা নিবারক, আক্ষেপ নিবারক, নিদ্রাকারক, চৈতন্যহারক।

ক্লোরোফরম আঘ্রাণের অবস্থাকে ৪ ভাগে বিভক্ত করা হয়।

১। অল্প মাত্রায় আঘ্রাণ করিলে, অল্প মাদক ক্রিয়া প্রকাশ পায়, দৃষ্টি ও স্পর্শ শক্তির কিঞ্চিৎ লাঘব হয়, কিন্তু সম্পূর্ণ চৈতন্য থাকে মনোমধ্যে আনন্দ উদয় হয়, আক্ষেপ নিবারণ ও স্নায়ুশূলে এইমাত্রা ব্যবহার্য্য।

২। এতদপেক্ষা অধিক প্রয়োগ সপ্নবৎ অবস্থা উদয় হয়, প্রলাপাদি উপস্থিত হয়, স্পর্শ শক্তির লোপ হয়, কখন কখন মানসিক উত্তেজনা অধিক হয়। প্রয়োগ বন্ধকরিলে শীঘ্র চৈতন্যোদয় হয়। প্রসব বেদনার উগ্রতা লাঘবাদি কার্য্যে এই পর্য্যন্ত ব্যবহার্য্য।

৩। আরও প্রয়োগ করিলে পেশী শঞ্চালন শক্তি লোপ হয় স্পর্শবোধ কিছুমাত্র থাকেনা, ঊর্দ্ধ দৃষ্টি হয়, জ্ঞান সম্পূর্ণ লোপ হয় অঙ্গ সকলের সামান্য সঙ্কোচণ ও দৃঢ়তা জন্মে, এই লক্ষণ সচরাচর এত সামান্য যে প্রায় জানাযায় না, কিন্তু সবল যুবাব্যক্তির দেহে বিশেষতঃ রোগী আঘ্রাণের পূর্ব্বে মদ্যপান করিয়া থাকিলে এবং যে সকল রোগী ঘ্রাণকালে ভয় প্রযুক্ত শ্বাস রোধ করিয়া থাকে

তাহাদের দেহে প্রবলভাবে প্রকাশ পাইয়া থাকে। এই অবস্থায় সাধারণ স্পর্শ বোধ লোপ হইলেও দেহের ভাবভঙ্গিতে অস্ত্র-কার্য্যের যাতনা অনুভবসূচক চিহ্ন প্রকাশ পায়। এমনকি অব্যক্তকাতরস্বর এবং অস্পষ্ট ক্রন্দনও করিয়া থাকে। এই অবস্থারপরও কিছুক্ষণ ঘ্রাণ করাইলে অক্ষিপল্লবে অঙ্গুলি স্পর্শ করিলে পলক পড়েনা এই অবস্থায় বৃহৎ অস্ত্রচিকিৎসা করাযাইতে পারে।

৪। এতদপেক্ষা আরও ঘ্রাণ করাইলে ক্রমশঃ ইচ্ছাধিন পেশী সকল সম্পূর্ণ শিথিল হইয়াপড়ে, নিশ্বাসের সহিত গলমধ্যে ঘড়২ শব্দ হইতে থাকে এবং আলোক দ্বারা কনীনিকা সম্পূর্ণ কুঞ্চিত হয় না, মুখে কোন অপারেশন করিলে যদি বেশী রক্ত-স্রাব না হয় তাহাহইলে রক্ত গলধঃরকরণ করিতে পারে। পেশী সর্কল সম্পূর্ণ শিথিল হইলে এই অবস্থা হার্নিয়া রিডিউস ও ডিস্‌লোকেশন রিডিউস করা যাইতে পারে। এতদপেক্ষা ঘ্রাণ করান হইলে বিপদজনক লক্ষণ প্রকাশ পায়। সিন্‌কোপ বা এপ-নিয়া দ্বারা মৃত্যু ঘটিতে পারে, শ্বাস প্রশ্বাস ঘড়২ বৃদ্ধি এবং সপর্য্যায় হয়। সাবধান না হইলে হঠাৎ মৃত্যু হইবার সম্ভাবনা।

ব্যবহার—টেটেনস, ইপিলেপটিফরম কনভল্‌সনস; হাইড্রো-ফোবিয়া, কলিক ও অন্যান্য বেদনাযুক্ত আক্ষেপিক ব্যাধি, পাথরি অবতরণ, অস্ত্রাদি করিতে সংগা হরণ। মাত্রা। ১—৫ মিনিম।

প্রয়োগরূপ ৪টী

একোয়া ক্লোরোফরমাই	...	৪০০ ভাগে	১ ভাগ।
লিনিমেণ্টম ক্লোরোফরমাই	...	২ ভাগে	১ ভাগ।
স্পিরিটস্ ক্লোরোফরমাই	...	২০ ভাগে	১ ভাগ।
স্পিরিটস্ ক্লোরোফরমাই এট্ মর্ফিইনি		১৩½ ভাগে	১ ভাগ।

একোয়া ক্লোরোফরমাই। ক্লোরোফরম ওয়াটার।

ক্লোরোফরম্ ... ... ৩০ মিনিম ২·৫ কি, সে, মি।
ডিঃ ওয়াটার যথাবশ্যক একত্রে মোট ২৫তং আং ১০০০ কি,সে,মি
একত্রে সঞ্চালন করিবে যে পর্য্যন্ত না ক্লোরোফরম দ্রব হয়।

লিনিমেণ্টম ক্লোরোফর্ম্মাই। লিনিমেণ্ট অফ্ ক্লোরোফরম।

ক্লোরোফরম্ ... ২ তং আং ৫০ কি, সে, মি।
লিনিমেণ্ট অব্ কেম্ফর ২ তং আং ৫০ কি, সে, মি।
মিলিত কর।

স্পিরিটস্ ক্লোরোফর্ম্মাই। স্পিরিট অফ ক্লোরোফরম

(ক্লোরিক ঈথর, স্পিরিট অব্ ক্লোরিক ঈথর।)

ক্লোরোফরম্ ... ১ তং আং ৫০ কি, সে, মি।
এলকোহল (শতকরা ৯০) যথাবশ্যক।

ক্লোরোফরমে যথাবশ্যক এলকোহল যোগ করিয়া একপাইণ্ট (এক সহস্র কি, সে, মি,) স্পিরিট অফ্ ক্লোরোফরম প্রস্তুত করিবে।

মাত্রা। ৫—২০ মিনিম। পুনঃ২ ব্যবহারজন্য
৩০—৪০ মিনিম একমাত্রা ব্যবহারজন্য।

টিংচুরা ক্লোরোফর্ম্মাই এট্ মর্ফিনি কম্পোজিটা। কম্পাউণ্ড টিংচার অফ ক্লোরোফরম এবং মর্ফাইন।

ক্লোরোফরম ... ১॥০ তং আউন্স ৭৫ কি, সে, মি,
মর্ফিনি হাইড্রোক্লোরাইড ৮৭॥০ গ্রেণ ১০ · গ্রাম।

ডাইলিউটেড হাইড্রো সিয়ানিক এসিড	১ তং আউন্স	৫০ কি, সে, মি,
টিংচার অফ্ কেপ্সিকম	॥০ তং আং	২৫ কি, সে, মি,
টিংচার অফ্ ইণ্ডিয়ানহেম্প	২ তং আং	১০০ কি, সে, মি,
অয়েল অফ্ পিপারমিণ্ট	১৪ মিনিম	১·৫ কি, সে, মি,
গ্লিসিরিন ...	৫ তং আং	২৫০ কি, সে, মি,
এলকোহল (৯০ পার্শেণ্ট)	যথাবশ্যক।	

ক্লোরোফরম, টিংচার অফ্ কেপসিকম, টিংচার অফ্ ইণ্ডিয়ান হেম্প, অয়েল অফ্ পিপারমিণ্ট ও গ্লিশরিন ৯ আউন্স (৪৫০ কি, সে, মি) এলকোহল সহ মিলিত কর, এই মিশ্রণে মর্ফাইন হাইড্রো ক্লোরাইড দ্রবকর, ডাইলিউটেড হাইড্রো সিয়ানিক এসিড যোগকর যথাবশ্যক এলকোহল যোগ করিয়া ১ পাইণ্ট (১ সহস্র কি, সে, মি) কম্পাউণ্ড টিংচার প্রস্তুত কর।

মাত্রা। ৫—১৫ মিনিম।

ইহার ১ মাত্রা ১০ মিনিমে $\frac{১}{৪}$ মিনিম, ক্লোরোফরম $\frac{১}{২}$ মিনিম ডাইলিউটেড হাইড্রো সিয়ানিক এসিড $\frac{১}{২৮}$ গ্রেণ, মর্ফাইন হাইড্রো ক্লোরাইড আছে। ১৮৪৫ সনের ব্রিটিস ফার্ম্মাকোপিয়ার এই প্রয়োগরূপের ৪ গুণ অপেক্ষা অধিক মর্ফাইন হাইড্রো ক্লোরাইড বর্ত্তমান ফার্ম্মাকোপিয়ার প্রয়োগরূপে আছে।

আইওডোফরমম। আইওডোফরম্।

Iodoformum. Iodoform. C H. I 3.

আইওডোফরম বা ট্রাই: আইওডোমিথেন, সলিউশন অফ্ পটাসিয়ম কার্ব্বনেট সহ ঈথাইলিক এলকোহল ও আইওডিন

মিশাইয়া প্রস্তুত হয়।

রাসায়নিক ও ভৌতিক ধর্ম্ম—উজ্জ্বল, পীতাভ কমলা বর্ণ; ক্ষুদ্র শল্কাকার দানা, স্থায়ী দুর্গন্ধযুক্ত, শীতলজলে অতি অল্পদ্রব হয়, রেক্টিফাইড স্পিরিটে দ্রবনীয়, ক্লোরোফরম ও ঈথারে দ্রবনীয়, সমক্ষারায়।

বিষাক্ত লক্ষণ—নিদ্রাহীনতা, শীরোপীড়া, স্মরণশক্তি হীনতা।

ক্রিয়া—পরিবর্ত্তক, বলকারক, উত্তেজক।

স্থানিক ক্রিয়া—প্রবল পচন নিবারক, দুর্গন্ধহারক, স্পর্শহারক। (পাওয়ারফুল এন্টিসেপ্টিক, ডিওডরাইর্জার, এনেসথেটিক্স)। স্থানিক স্পর্শহরণ জন্য গুঁড়া বা ঘন দ্রব ব্যবহৃত হয়।

ব্যবহার—রেক্‌টম ও ব্লাডারে কোন অপারেশন করিতে, গরমি ঘা ও উপদংশ ক্ষত, কেনসারের বেদনা নিবারণ জন্য এবং থাইসিস রোগে ইহা ইনহেলেশনরূপে ব্যবহৃত হয়, এভিন্ন পচা ঘা, নালি ঘা, ওনিকিয়া, ওজিনা, অটোরিয়া ইত্যাদিতে ইহা উপকারী। মাত্রা। ॥০—৩ গ্রেণ।

প্রয়োগরূপ—

১। সপজিটরিয়া আইওডোফর্ম্মাই। প্রতি সপজিটরিতে ৩ গ্রেণ।

২। অঙ্গুয়েণ্টম আইওডোফর্ম্মাই। ১০ ভাগে ১ ভাগ।

সপজিটরিয়া আইওডোফর্ম্মাই। আইওডোফরম সপজিটরি।

আইওডফরম চূর্ণ ... ৩৬ গ্রেণ ২.৪ গ্রাম।

অয়েল অব্ থিওব্রোমা ... ১২টী সপজিটরি জন্য যথাবশ্যক।

ট্যানিক এসিড সপজিটরি প্রস্তুতের নিয়ম অনুসারে প্রস্তুত

করিবে ; প্রত্যেক সপজিটরিতে ৩ গ্রেণ (অথবা ·২ গ্রাম আইডো ফরম আছে)।

অঙ্গুয়েণ্টম আইওডোফর্ম্মাই। আইওডোফরম অয়েন্‌টমেণ্ট।

আইওডোফর্ম ... ।০ আউন্স ১০ গ্রাম।
পেরাফিণ অয়েণ্টমেণ্ট ইওলো ২।০ আং ৯০ গ্রাম মিলিত কর।

এমাইল নাইট্রাস, এমাইল নাইট্রাইট্‌।

Amyl Nitris. Amyl Nitrite.

এক প্রকার তরল দ্রব্য, এমাইলিক এলকোহল ও নাইট্রাস এসিডের প্রতিক্রিয়ায় প্রস্তুত হয়। ইহাদের মিশ্রণ ২৬২—২৭০ ফাঃ হিঃ তাপে চুয়াইয়া প্রস্তুত হয়।

ঘ্রাণ লইলে শীঘ্র ধমনীতে রক্তচাপ অল্প, হৃদপিণ্ডের ক্রিয়া দ্রুত এবং আর্টিরিওলস প্রসারিত হয়।

গুণধর্ম্ম—পীতাক্ত উদ্বায়ী পাতলা তরলদ্রব্য, ঘ্রাণ বিশেষ প্রকার, দুরাগ্রেয় নহে, আঃ গুঃ ·৮৮০ জলে অদ্রবনীয়। রেক্টি-ফাইড স্পিরিটে দ্রবনীয়।

ক্রিয়া—আক্ষেপ নিবারক, বেদনা নিবারক।

(এণ্টিস্‌পাজমডিক, এনোডাইন)।

ব্যবহার—ইনহেলেশন্‌—এনজাইনা পেক্টরিস, স্পেজমডিক এজমা, নিউরালজিয়া, কলেরার কোলাপ্স অবস্থায়।

মাত্রা। ঘ্রাণ লইবার জন্য ২—৫ মিনিম।
সেবন জন্য ॥০—১ মিনিম বিশেষ সাবধানে ব্যবহার্য্য।
রেক্টিফাইড স্পিরিটে দ্রব করিয়া জলের সহিত ব্যবহার্য্য।

নাইট্রোগ্লিশিরাইনম। নাইট্রোগ্লিশরিণ। গ্লোনইন। ট্রাই নাইট্রিনি।

Nitroglycerinum, Nitroglyceiine, Glonoine, Tiinitrini.

নাইট্রিক ও সলফিউরিক এসিড মিশ্রণ বরফযুক্ত জলের দ্বারা শীতল রাখিয়া উহাতে গ্লিশরিণ বিন্দু২ করিয়া যোগ করতঃ পরে অধিক পরিমাণ জলে ধৌত করিয়া শুখাইয়া লইলে প্রস্তুত হয়।

ক্রিয়া—নাইট্রেট অব্ এমাইলের মত কিন্তু অধিক স্থায়ী।

ব্যবহার—এনজাইনা পেক্টরিস, শীরোপীড়া, নিউরালজিয়া, সিক্‌হেডেক, ব্রাইটসডিজিজ, কলেরার কোলাপ্স অবস্থা ও আক্ষেপ। হিষ্টিরিয়া। এজ্‌মা।

ফ্যাটিডিজনারেশন্ ও বৃদ্ধাবস্থায় হৃদপিণ্ডের দুর্ব্বলাবস্থায় ব্যবহার্য্য।

মাত্রা।—১/১০০—১/৫০ গ্রেণ। বাজারে শতকরা ১ ভাগ দ্রাবন পাওয়া যায়, মাত্রা। ॥০—২ মিনিম।

লাইকর ট্রাইনাইট্রিনি, সলিউশন অফ্ ট্রাইনাইট্রিনি।

নামান্তর—সলিউশন অফ্ নাইট্রো গ্লিশরিণ।

Liquor Tiinitiini, Solution of Tiinitrini.

Synonym—Solution of Nitii glyceiin.

ট্রাইনাইট্রো গ্লিশরিণ অফ্ কমার্স।

এলকোহল (৯০ পার্শেণ্ট)	১৭½ গ্রেণ	১ গ্রাম।
	যথাবশ্যক।	

যথাবশ্যক এলকোহলে নাইট্রো গ্লিশরিণ দ্রব করিয়া পরিমাণ ৪ তং আং (১০০ কি,:সে, মি) পূর্ণ করিবে।

পরিষ্কার, বর্ণহীন, সমক্ষারাম্ল তরলদ্রব্য। স্পে, গ্র ৮৪০।

মাত্রা। ॥০—২ মিনিম।

১১০ মিনিমে ১ গ্রেণ, ১০০ কি, সে, মিটারে ১ গ্রাম ট্রাই নাইট্রো গ্লিশরিণ আছে।

২। টেবিলি ট্রাইনাট্রিনি, ট্রাইনাইট্রিন টেব্‌লেটস।

নামান্তর—টেব্‌লেটস অফ্‌ নাইট্রোগ্লিশরিণ।

টেবেবেটস অব্‌ চকলেট প্রত্যেক ওজনে ৫ গ্রেণ (·৩২৪ গ্রাম)। এবং শতাংশের একাংশ (·০০০৬৫) গ্রাম নাইট্রোগ্লিশরিণ মিলিত।

মাত্রা। ১—২ টেবলেটস।

ক্লোরাল হাইড্রাস, ক্লোরাল হাইড্রেট।

Chloral Hydras. Chloral Hydrate.

ঈথাইলিক ক্লোরেল হাইড্রেট বা ট্রাইক্লোর ঈথাইলিডিন গ্লাই-কোল। এলকোহলের মধ্যদিয়া শুষ্ক ক্লোরিণগ্যাস যথেষ্ট পরিমাণ চালাইলে ক্লোরাল প্রস্তুত হয়, এই ক্লোরালে জল মিলাইলে ক্লোরাল হাইড্রেট প্রস্তুত হয়।

গুণধর্ম্ম—বর্ণহীনদানা, বায়ুতে খোলারাখিলে আর্দ্র হয়না, গন্ধ তীব্র তিক্তাস্বাদ, জল, ঈথার, স্পিরিট ও ক্লোরোফরমে দ্রবনীয়।

ক্রিয়া—নিদ্রাকারক, বেদনা নিবারক, আক্ষেপ নিবারক।

(হিপ্‌নটিক, এনোডাইন, এন্টিস্পেজমডিক)।

ব্যবহার—অনিদ্রা, বেদনাদি, ডিলিরিয়ম ট্রিমেন্স, একিউট-মেনিয়া, কোরিয়া, হৃদকম্পন, টেটেনস এবং ষ্টিকনিয়া দ্বারা বিষাক্ত, যক্ষারোগের অনিদ্রা, অতিঘর্ম্ম, এজমা, পারটুসিস।

মাত্রা। ৫—২০ গ্রেণ।

প্রয়োগরূপ—

সিরপস ক্লোরাল। সিরপ অফ্ ক্লোরেল।

ক্লোরাল হাইড্রেট	...	১৬০০ গ্রেণ	৯১.৪৩ গ্রাম।
ডিষ্টিল্ড ওয়াটার	...	৩০ তং ড্রাম	৯৩.৭৫ কি, সে, মি
সিম্পলসিরাপ	...	...	যথাপ্রয়োজন।

ডিষ্টিল্ড ওয়াটারে ক্লোরাল হাইড্রেট দ্রব করিবে সিরাপ যোগ করিয়া পরিমাণ ১ পাইণ্ট (৫০০ কি, সে, মি) পূর্ণ করিবে।

মাত্রা। ॥০—২ তং ড্রাম। (১ ড্রামে ১০ গ্রেণ)।

বিউটাইল ক্লোরাল হাইড্রেট, বিউটাইল ক্লোরাল। হাইড্রেট (পূর্ব্বনাম ক্লোটন ক্লোরাল হাইড্রেট)।

Butyl Chloral Hydrate Butyl Chloral Hydrate.
Formerly Known as Croton Chloral Hydrate.

বিউটাইল ক্লোরাল হাইড্রেট বা ট্রাইক্লোর বিউটাইলি ডিনগ্লাই কোল, একটী দানাকার হাইড্রেট। আল্ডি হাইড্রোক্লোরিন গ্যাসের ক্রিয়াদ্বারা লব্ধ তরল বিউটাইল ক্লোরালে জল যোগ করিয়া প্রস্তুত হয়।

গুণধর্ম্ম—মুক্তার ন্যায় শ্বেতবর্ণ, শল্কাকার দানা, গন্ধ তীব্র কিন্তু অম্ল নহে, তীব্র বিবমিশাজনক আস্বাদ, ৫০ ভাগ ওজন জলে একভাগ দ্রবনীয়। সমান ওজন গ্লিশরিণ ও রেক্টিফাইড্ স্পিরিটে দ্রবনীয়।

ক্রিয়া—ক্লোরাল হাইড্রেটের ন্যায় কিন্তু অপেক্ষাকৃত মৃদু, হৃদপিণ্ডের উপর ইহার অবসাদন ক্রিয়া অনেক কম।

ব্যবহার—হৃদপিণ্ডের ব্যাধি বা অন্য কারণে ক্লোরাল হাইড্রেট ব্যবহার করা অনুচিত বোধ হইলে তথায় ক্রোটীন ক্লোরাল হাইড্রেট ব্যবহার্য্য।

ট্রাইজেমিনেল নিউরালজিয়া, নিদ্রা উৎপাদন জন্য ক্লোরাল হাইড্রেট অধিক মাত্রায় প্রয়োজন হইলে ইহার সহিত মিলাইয়া দেওয়া হয়। মাত্রা। ৫—২০ গ্রেণ।

সিরপটলু যোগে সুস্বাদ হয়।

প্যারালডিহিডাম। প্যারালডিহিড্।

Paraldehydum Paraldehyde.

এলডিহিড একপ্রকার যৌগিক পদার্থ, এই এলডিহিডের বিবিধ অম্ল বা লবণ দ্বারা পরিমাণকে পরিবর্ত্তন সংঘটিত হয় ইহাকে "পলিমারিজেশন" বলে এই পলিমারেজেশন হইতে প্রাপ্ত পদার্থবিশেষকে প্যারাল্‌ডিহিড কহে। সচরাচর ডাইলিউট সল্‌ফিউরিক এসিড কিম্বা ডাইলিউট নাইট্রিক এসিড সহিত এল্‌ডিহিড মিশিত হইয়া প্যারালডিহি প্রস্তুত হয়।

আকারাদি—স্বচ্ছ; বর্ণহীন, তরল, গন্ধ ঈথারের ন্যায়, আস্বাদ অতিতীব্র পরে শীতল। আঃ গুঃ ·৯৯৮ উষ্ণজলে অল্প দ্রবনীয়। ঈথর ও রেক্টিফাইড স্পিরিট সহ সহজে মিলিত হয়।

মাত্রা। ॥০—২ তং ড্রাম।

ক্রিয়া—নিদ্রাকারক ও বেদনা নিবারক, ইহা ক্লোরালের ন্যায় উৎকৃষ্ট নিদ্রাকারক। প্রভেদ এইযে ইহাতে হৃৎপিণ্ডের ক্রিয়ার বলবৃদ্ধি পায় এবং স্পন্দনসংখ্যা কমহয়, ইহাতে হৃৎপিণ্ডের অবসাদন হয় না। ক্লোরাল অপেক্ষা ইহার ক্রিয়া অল্পক্ষণস্থায়ী, এজন্য পুনঃ২ প্রয়োগের প্রযোজন। অন্যান্য নিদ্রাকারিক ন্যায় প্রথমে উত্তেজনা প্রকাশ পায়না, ইহাতে প্রস্রাবের পরিমাণ বৃদ্ধি পায়, ইহাতে সুনিদ্রা উপস্থিত হয়, নিদ্রাভঙ্গে কোনপ্রকার পরিপাক বিকার, শীরোপীড়া বা অন্য কুলক্ষণ প্রকাশ পায়না।

নিদ্রাকারক ক্রিয়া দ্রুত ১০ মিনিট মধ্যে প্রকাশ পায়। নিদ্রিত রোগীকে সহজে জাগরিক করাযায়, কখন ইহা মৃদু বিরেচন ক্রিয়া প্রকাশ করে। ইহার ক্রিয়া সল্‌ফোনাল ন্যায়।

ব্যবহার—রিউমাটিজম ও গাউটরোগে নিদ্রাকরণ, প্রয়োজন হইলে ইহা শ্রেষ্ঠ। মানসিক ও স্নায়বিয়কারণ জনিত অনিদ্রায় কষ্টদায়ক, একিউট মেনিয়া, ডিমেন্‌সিয়া পক্ষাঘাত গ্রস্থ রোগীর অনিদ্রায় ব্যবহার্য্য। হৃৎপিণ্ডের পীড়ায় ক্লোরাল অবৈধস্থলে অস্থিরতা শ্বাস কাশআদি উপসর্গ দমনার্থ ব্যবহার্য্য।

স্যল্‌ফোন্যাল Sulphonal স্যল্‌ফোন্যাল Sulphonal.

স্যাল্‌ফোন্যাল বা ডাই মিথাইল মিথিন ডাই ইথাই সল্‌ফোন্ মারকেপ্টন অক্সিডেসন দ্বারা প্রস্তুত হয়। এসিটোন এবং মারকেপ্টন হইতে প্রস্তুত হইয়া থাকে।

আকারাদি—বর্ণ, গন্ধ ও প্রায় আস্বাদ বিহীন দানাকার, সমক্ষারাম্ল, স্ফুটিত জলে অল্পদ্রবনীয় শীতলজলে অতি সামান্য দ্রবনীয় রেক্টিফাইড স্পিরিটে সামান্য দ্রবনীয়। ঈথরে দ্রবনীয়।

ক্রিয়া—স্নায়বীয় উগ্রতানিবারক, নিদ্রাকারক বেদনা নিবারক

ব্যবহার—স্নায়বীয় অনিদ্রা, উন্মাদ, ইরেসিলিটি, মিলাঙ্কোলিয়া, ডিমেন্সিয়া, মৃগী, থাইসিস রোগের নিশাঘর্ম্ম, ব্রাইটসডিজিজ সেরিব্রালমেনিনজাইটিস, টাইফইড জ্বরে মৃদুপ্রলাপ, অনিদ্রায় উপকারী।

মাত্রা। ১০—৩০ গ্রেণ।

ফেনাজোনাম Phenazonam ফেনাজোন্ Phenazone.

নামান্তর—ডাইমিথিল অক্সি চিনিসিন, ফেনিল ডাইমিথিল পইরেজোলম। সাধারণ নাম এনটিপাইরিন Antipyrine।

ফেনিল হাইড্রেজাই হইতে প্রস্তুত হয়।

গুণধর্ম্ম—শল্কাকারদানা, সমক্ষারাম্ল, বর্ণহীন গন্ধহীন, তিক্ত আস্বাদ, ২৩০ ফাং তাপে গলে, জল রেক্টিফাইড স্পিরিট ও ক্লোরোফর্ম্মে সম্পূর্ণ দ্রবনীয়, ঈথারে অল্প দ্রবনীয়।

দোষ—কখন২ বিবমিষা ও বমন, কম্প, গাত্রে আমবাতের ন্যায় উদ্ভেদ, কোলাপ্স, কচিৎ মৃত্যু।

ক্রিয়া—তাপাধিক্য নিবারক, বেদনানিবারক, ঘর্ম্মকারক, অবসাদক স্থানিক স্পর্শহারক।

ব্যবহার—তাপাধিক্য নিবারণ জন্য জ্বরাদি রোগ টাইফয়েড, নিউমোনিয়া, টিউবার্কিউলোসিস তরুণবাত, সবিরাম জ্বর, হেক্টিক জ্বর সন্‌ষ্ট্রোক, রিউমেটিক ফিবার, কন্‌ভলশন্। কোরিয়া হুপিংকফ, এজমা, ইনফ্লুয়েঞ্জা, কলিক, মেগ্রিম আর্থাইটিস।

মাত্রা। ৫—২০ গ্রেণ, সচরাবর অল্প মাত্রায় ব্যবহার হয়।

এসিটেনিলাইডাম এসিটেনিলাইড।

Acetanilidum Acetanilide.

নামান্তর—ফেনিল এসিটেমাইড বা সাধারণ নাম এন্টিফেব্রিণ। Phenyl acetamide, Antifebrin,

প্রঃ। এনিলিনের সহিত গ্লেসিয়েল এসিটীক এসিড মিলাইয়া প্রস্তুত হয়। ইহাকে শোধিত করিলে দানাকার প্রাপ্ত হয়।

গুণধর্ম্ম—বর্ণহীন উজ্জল দানা, শল্কাকার ঈষৎতীব্র আস্বাদ, সমক্ষারাম্ল, শীতলজলে অতিঅল্প দ্রবনীয়। রেক্টিফাইড স্পিরিট ঈথার, বেঞ্জোল ও ক্লোরোফর্ম্মে অতিশয় দ্রবনীয়।

ক্রিয়া—বেদনাহারক ও জ্বর নাসক, ঘর্ম্মকারক এবং অবসাদক।

ব্যবহার—জ্বরাদি রোগে সন্তাপাধিক্য Hyper pyrexia নিবারণার্থে ইহা মহৌষধ, বিবেচনা পূর্ব্বক ব্যবহার করিলে বিশেষ উপকার হয়। হুপিংকফ নিউমোনিয়া, মিজ্‌লস্, স্কার্লেটিনা, রিউমাটিক ফিবার, সায়েটিকা লম্বেগো, ট্রাইফেসিয়েল নিউরাল-জিয়া, লোকোমোটার এটাক্সি ও ভেরাইটিস। বিষাক্ত হইলে সায়েনোসিস, শ্বাস কষ্ট, হৃৎপ্রদেশে বেদনা, নাড়ীক্ষীন, দৈহিক-তাপ হ্রাস, হস্তপদ শীতলাদি কোলাপ্সের লক্ষণ প্রকাশ পায়। প্রতিকারার্থে বেলেডোনা, ঈথর হাইপোডার্ম্মিক, তাপ ও অন্যান্য উত্তেজক ব্যবহার্য্য।

মাত্রা। ১—৩ গ্রেণ।

ফেনাসেটিনাম। ফেনাসেটিন।

Phenacetinum. Phenacetine.

প্রঃ। ফেনল্ হইতে প্রাপ্ত পেরাফেমেটিডিন নামক দ্রব্যের সহিত গ্লেশিয়াল এসিটিক এসিড মিলিত করিয়া প্রস্তুত হয়।

আকারাদি—উজ্জল শল্কাকার দানাযুক্ত কঠিন পদার্থ বর্ণহীন গন্ধস্বাদ হীন শীতলজলে অল্প দ্রবনীয়, স্ফুটিতজলে যথেষ্ট পরিমাণ দ্রব হয়। রেক্টিফাইড স্পিরিটে অল্প দ্রবনীয়।

মাত্রা। ৫—১০ গ্রেণ।

ক্রিয়া—উত্তাপাধিক্য নাশক, জ্বর নাশক, বেদনানিবারক, স্পর্শ হারক।

এণ্টিপাইরিণ ও এণ্টিফেব্রিণ অপেক্ষা ইহা নিরাপদ।

ব্যবহার—তাপাধিক্য হ্রাসজন্য বিবিধ জ্বর, মাইগ্রেণ রিউ-মাটিজম, নিউরালেজিয়া, এটাক্সি। এণ্টিপাইরিনে অতিশয় অব-

সাদন, অতিঘর্ম্ম ও গাত্রে উদ্ভেদ প্রকাশ পাইতে পারে স্থালিসিলেট ব্যবহারে কর্ণে শব্দ অনুভূত হইতে পারে। এণ্টিফেব্রিণ সেবনে গাত্রে শৈত্য অনুভব হইতে পারে, ফেনাশিটিনে এ সকল হয় না।

কাষ্ঠ চুয়াইয়া প্রস্তুত হাইড্রোকার্ব্বন ঔষধ সকল।

ক্রিয়োজোটম, ক্রিয়োজোট।

Creosotum, Creosote.

উড্‌টার বা কাষ্ঠজ আলকাতরা চুয়াইয়া গোয়েকোল ক্রিয়োসোল ও অন্যান্য ফিনোল মিশ্রিত দ্রব্য প্রস্তুত হয়।

গুণধর্ম্ম—বর্ণহীন বা ঈষৎপীতাক্ত তরল পদার্থ, তীব্রধুম গন্ধ বিশিষ্ট জলে সামান্য দ্রবনীয়, এলকোহল ও ঈথারে দ্রবনীয় আঃ গুঃ ১·৫৭১০।

ক্রিয়া—পাকযন্ত্রের অবসাদক, বমননিবারক, উত্তেজক, বায়ুনাশক, মূত্রকারক। উগ্রতাসাধক।

স্থানিক—রক্তরোধক, প্রবল পচননিবারক, দুর্গন্ধহারক।

ব্যবহার—বমন, ডায়েবিটিস, ডায়েরিয়া।

স্থানিক, দন্তপূত, চর্ম্মরোগ, স্থানিক রক্তস্রাব, মার্কুরিয়েল স্থালিবেসন্ ক্রনিক ব্রঙ্কাইটিস, ডাইলেটেশন্ অব্ ব্রঙ্কাই পলমনারি এবসেস এবং গ্যাংগ্রিণ।

মাত্রা। ১—৫ মিনিম। অসম্মিলন অক্সাইড অফ্ সিলভার।

প্রয়োগরূপ—

১। মিক্সচুরা ক্রিয়েজোটাই (১ আউন্সে ১ মিনিম)।

২। অঙ্গুয়েণ্টম ক্রিয়েজোটাই (৯ ভাগে ১ ভাগ)

মিসচুরা ক্রিয়েজোটাই। ক্রিয়েজোটমিক্সচার।

ক্রিয়েজোট	১৬ মিনিম বা	১ কি, সে, মি
গ্লেসিয়েল এসিটিক এসিড ...	১৬ মিনিম বা	১ কি, সে, মি
স্পিরিট অব্ জুনিপার ...	১৬ মিনিম বা	১ কি, সে, মি
সিরপ	১ তং আং	৩০ কি, সে, মি
ডিষ্টিল্ড ওয়াটার		যথাবশ্যক।

মাত্রা। ॥০—১ তং আউন্স।

অঙ্গুয়েণ্টম ক্রিয়েজোটাই। ক্রিয়েজোট অয়েণ্টমেণ্ট।

১৪ তং আউন্স (৪২০ কি, সে, মি) জলের সহিত ক্রিয়েজোট সঞ্চালন করিয়া সিরপ ও স্পিরিট জুনিপার যোগকরিবে ও যথাবশ্যক ডিঃ ওয়াটার যোগ করিয়া ১৬ আং (৪৮০ কি, সে, মি) পূর্ণ করিবে।

ক্রিয়োজোট ...	১ আউন্স	৩০ গ্রাম।
হার্ড পেরাফিণ ...	৪ আং	১২০ ,,
সফট্ পেরাফিণ হুয়াইট	৫ আং	১৫০ ,,

হার্ড ও সফট্ পেরাফিণ একত্রে দ্রবকরিয়া ক্রিয়োজোট যোগকর, শীতল হওয়া পর্য্যন্ত নাড়িবে।

এসিডম কার্ব্বলিকম। ফিনোল সাধারণ নাম কার্ব্বলিক এসিড। (ফেনিক এসিড, ফিনোল, ফিনিক এলকোহল)।

Phenol Acidum Carbolicum, Carbolic Acid.

কোলটার অয়েল ফ্রাক্সনাল ডিষ্টিলেশনে প্রস্তুত হয়।

গুণধর্ম্ম—দানাকার, গন্ধ ও আস্বাদ বিশেষ প্রকার রংহীন

বা ঈষৎ লোহিত বা কটা আভা দানা। আঃ গুঃ ১.০৬০ হইতে ১.০৩৬০ জল স্পিরিট ও গ্লিশরিণে দ্রবনীয়। ৯১ ৫ ফাঃ তাপে দ্রবাবস্থা প্রাপ্ত হয়।

স্থানিক ক্রিয়া—প্রবল দাহক, রক্তরোধক।

জলমিশ্র অবস্থায়—উত্তেজক পচননিবারক, দুর্গন্ধ নাশক, সংক্রমণ নিবারক।

আভ্যন্তরিক—ক্রিয়েজোটের ন্যায়।

ব্যবহার—স্থানিক—রক্তস্রাব, সাইনস, এবসেস নানা-প্রকার ক্ষত।

আভ্যন্তরিক—ক্রিয়েজোটের ন্যায় কিন্তু কার্ব্বলিক এসিড আভ্যন্তরিক ব্যবহার প্রয়োজন হইলে সলফোকার্ব্বলেট অব সোডাই ব্যবহৃত হয়।

মাত্রা। ১—৩ গ্রেণ।

প্রয়োগরূপ—

এসিডম কার্ব্বলিকম লিকুইফেকটম (১০০ ভাগে ৯০ ভাগ)। গ্লিশরাইনম এসিডাই কার্ব্বলিসাই (৬ ভাগে ১ ভাগ ওজন)। সপজিটোরিয়া এসিডাই কার্ব্বলিসাই। অঙ্গুয়েণ্টম এসিডাই কর্ব্বলিসাই।

Acedum Carbolicum Liquifactum Liquified Phenol.

এসিডম কার্ব্বলিকম লিকুইফেক্টম। লিকুযাইড ফিনোল।

শতকরা ২০ ভাগ জল মিলাইয়া কার্ব্বলিক এসিড তরল করাহয়।

মাত্রা। ১—৩ মিনিম।

গ্লাইশরাইনম এসিডাই কার্ব্বলিসাই। গ্লিশরিণ অফ্ ফিনোল।

কার্ব্বলিক এসিড	...	১ আং বা ২০ গ্রাম।
গ্লিশরিণ যথাবশুক।		৫ তং আং বা ১০০ কি, সে, মি

পূর্ণ করিবে।

সপোজিটোরিয়া এসিডাই কার্ব্বলিসাই।

ফিনোল সপোজিটোরিজ।

Suppositoria Acidi Carbolici.

Phenol Suppositories.

ফিনোল	...	১২ গ্রেণ	০৮ গ্রাম।
শ্বেতমোম	...	২৪ ,,	১·৬ ,,

অয়েল অফ্ থিওব্রোমা দ্রবকরা — যথা প্রয়োজন। ফিনোল ও মোম সহ ১২টী উপযুক্ত ছাঁচ পূর্ণ হইবে। প্রত্যেকটী ওজনে ১৫ হইতে ১৬ গ্রেণ বা প্রায় ১ গ্রাম অয়েল অফ্ থিওব্রোমা ধারণ করিতে পারে।

অয়েল অফ্ থিওব্রোমা ও মোম মৃদুতাপে দ্রব করিয়া উহার সহিত ফিনোল মিলিত করিবে, ঐ মিশ্রণ ছাঁচে ঢালিবে অথবা শীতল হইলে ১২টি সমান কনিকেল বা অন্ত সুবিধাজনক আকারের সপোজিটোরি প্রস্তুত করিবে। প্রত্যেক সপোজিটোরিতে ১ গ্রেণ (বা ০·০৬৭ গ্রাম) ফিনোল আছে।

অঙ্গুয়েণ্টম এসিডাই কার্ব্বলিসাই। ফিনোল অয়েণ্টমেণ্ট।

ফিনোল	...	।০ আউন্স	১৫ গ্রাম।

গ্লিশরিণ	...	১॥০ আং	৪৫ ,,
অয়েণ্টমেণ্ট হুয়াইট	...	১০॥০ আং	৩১৫ ,,

গ্লিশরিণে ফিনোল দ্রব করিয়া পেরাফিন অয়েণ্টমেণ্ট সহ মিলিত করিবে।

সোডাই সলফো কার্ব্বলাস, সোডিয়ম সলফো কার্ব্বলেট।

Sodi Sulphocarbolas, Sodium Sulphocarbolate.

সোডিয়ম সলফোকার্ব্বলেট বা সোডিয়ম ফিনোল পেরা সলফোলেট, অতিরিক্ত সলফিউরিক এসিড ফিনোল দ্রব করিয়া ফিনোল সালফনিক এসিডকে সোডিয়ম লবণদ্বারা উহাকে সোডিয়ম সলফোকার্ব্বলেটে পরিণত করিবে।

গুণধর্ম্ম—শ্বেতবর্ণ দানাকার গন্ধহীন, আস্বাদ তিক্ত ও লাবণিক, জলে দ্রবনীয়।

ক্রিয়া—পচন নিবারক।

ব্যবহার—ঔদ্ভেদিকজ্বর ও কণ্টিনিউড ফিবার এবং বিষজ পীড়া সকলে রক্তের পচনশীল অবস্থায় আভ্যন্তরিক ব্যবহার হয়।

মাত্রা। ৫—১৫ গ্রেণ।

জিনসাই সলফোকার্ব্বলাস। জিঙ্ক সলফোকার্ব্বলেট

Zinci Sulphocarbolas. Zinc Sulphocarbolate.

জিঙ্ক ফিনোল পেরাসলফোনেট সলফিউরিক এসিড ও ফিনোল একত্রে উষ্ণ করিয়া ঐ দ্রব্যে চূড়ান্তরূপে অক্সাইড অব্ জিঙ্ক দ্রব করতঃ দানা বান্ধিয়া লইলেই প্রস্তুত হয়।

দেখিতে বর্ণহীন, স্বচ্ছ, নলাকৃতি দানা, দ্বিগুণ পরিমাণ জল এবং রেক্টিফাইড স্পিরিটে দ্রব হয়।

ক্রিয়া—স্থানিক সঙ্কোচক।

ব্যবহার—গনরিয়া ও লিউকোরিয়া রোগে ইনজেকেসনরূপে ব্যবহার হয়, পরিমাণ (১—৩ গ্রেণ জল ১ আউন্স)।

এসিডম সেলিসিলিকম্। সেলিসিসিক এসিড।

Acidum Salicylicum. Salicylic Acid,

কার্ব্বলিক এসিড সহিত কার্ব্বনিক এসিড মিলিত হইয়া এই দ্রব্য প্রস্তুত হয়। অয়েল অব্ উইন্টারগ্রিণ ও সুইটবাচ্ মধ্যে স্বভাবতঃ স্যালসিলেট লবণ আছে এই দ্রব্য হইতে ও প্রস্তুত করা যায়।

ক্রিয়া—ঘর্ম্মকারক, অবসাদক, তাপাধিক্য নিবারক।

স্থানিক—পচননিবারক।

ব্যবহার—জ্বর, রিউমাটিজম, দৈহিক তাপাধিক্য।

স্থানিক—ডিপথিরিয়া, নানা প্রকার ক্ষত।

স্থানিক—অতিঘর্ম্ম রোগে ইহার মলম, দাউদ।

(এসিড ১ ভাগ ফ্লেকসেবল কলোডিয়ম ৮—১০ ভাগ)। করণ ও ওয়ার্ট রোগের উৎকৃষ্ট ঔষধ।

মাত্রা। ৫—২০ গ্রেণ।

প্রয়োগরূপ—অঙ্গুয়েণ্টম এসিড সেলিসিলিসাই।

সোডা সেলিসিলস। অঙ্গুয়েণ্টম এসিডাই সেলিসিলিসাই।

সেলিসিলিক এসিড	...	১০ গ্রেণ	·৫ গ্রাম।
পেরাফিণ অয়েণ্টমেণ্ট	...	৪৯০ ,,	২৪·৫ ,,

সোডাই সেলিসিলাস, সোডিয়ম সেলিসিলেট।

Sodii Salicylas. Sodium Salicylate.

কষ্টিক সোডা বা কার্ব্বনেট অব্ সোডার সহিত সেলিসিলিক এসিড মিলাইয়া প্রস্তুত হয়।

ক্রিয়া—সেলিসিলিক এসিডের ন্যায়।

ব্যবহার——একিউট রিউমাটিজম্, জ্বরাদির সন্তাপাধিক্য গলষ্টোন। মাত্রা। ১০—৩০ গ্রেণ।

গ্লুসাইডাম। Glusedum, গ্লুসাইড। Gluside.

নামান্তর—গ্লুকাসাইমাইড; বেঞ্জয়িল সালফোনিক্ আইমাইড সাধারণ নাম স্যাকারিন। কোলটারের (আলকাতরা) টোলুইন হইতে প্রাপ্ত মিষ্ট আইমাইড।

আকারাদি—শ্বেতবর্ণ, সূক্ষ্ম দানাযুক্ত চূর্ণ, অতিশয় মিষ্ট আস্বাদ। শীতলজলে অল্পদ্রবনীয়, গ্লিশরিণ, রেক্টিফাইড স্পিরিট ও গ্লিশরিনে অপেক্ষাকৃত অধিক দ্রবনীয়। কার্ব্বনেট অব্ সোডিয়ম সলিউশনে যথেষ্ট পরিমাণ দ্রব হয়, এই দ্রব হইতে সলিউবল গ্লুসাইড বা সলিউবল স্যাকারিন প্রস্তুত হয়। এই দ্রবনীয় স্যাকারিণ জলে অতিশয় দ্রবনীয়। সামান্য শর্করা অপেক্ষা ২৮০ গুণ অধিক মিষ্ট।

ক্রিয়া—পচন নিবারক।

ব্যবহার—বহুমূত্র, যক্ষা, টাইফয়েড জ্বর ইনটেষ্টাইনেল ক্যাটার সিষ্টাইটিস।

স্থানিক—এপ্‌থি রোগে কুল্লব্যবহার হয়।

(মাত্রা। ॥০—২ গ্রেণ বা তদূর্দ্ধ)।

পেরাফিনম ডিউরম্, হার্ডপেরাফিণ,
(পেরাফিণ, পেরাফিণ-উয়াক্স, সলিডপেরাফিণ)।

Paraffinum Durum. Hard Paraffin.

হাইড্রোকার্ব্বণ শ্রেণীর কতকগুলি কঠিন দ্রব্য একত্রে মিলিত।

সেল (Shale) (কয়লা) খাদে প্রাপ্ত শ্লেটের ন্যায় পাথর) চুয়াইয়া প্রস্তুত হয়। পিট্রলিয়ম চুয়াইয়াও প্রস্তুত হয়।

তরল তৈল শৈত্য প্রয়োগদ্বারা পৃথক করতঃ কঠিন অংশ শোধন করিয়া লওয়া হয়।

বর্ণহীন, অর্দ্ধস্বচ্ছ, দানাময়, গন্ধহীন, স্বাদহীন, জলে অদ্রবনীয়।

মলম প্রস্তুত করিতেই ইহা ব্যবহৃত হয়। ১১০—১৪৫ ফাঃ তাপে দ্রবনীয়।

পেরাফিনমমোলি, সফট পেরাফিণ।

Paraffinum Molle. Soft Paraffin.

অন্যনাম—(পিট্রলেটম, পিট্রলিয়ম, অঙ্গুয়েন্টম পেরাফিনম, ভেজিলিন, পিট্রোলিয়ম অয়েণ্টমেণ্ট)।

হাইড্রোকার্ব্বণ শ্রেণীর কতিপয় কোমল দ্রব্যদ্বারা প্রস্তুত।

পিট্রোলিয়ম চুয়াইয়া অথবা পিট্রোলিয়মের অল্প উদ্বায়ী অংশ শোধিত করিয়া সচরাচর এই দ্রব্য প্রস্তুত হয়। বাজারে নানা প্রকার সুমধুর নামে বিক্রয় হইয়া থাকে। দেখিতে সাদা বা পীতাভ, অর্দ্ধস্বচ্ছ, কোমল ও তেলা, ক্ষার ও অম্লতা নাই, গন্ধাস্বাদ হীন। ১২০ ফাঃ তাপ পর্য্যন্ত উষ্ণ করিলেও কোন প্রকার গন্ধ পাওয়া যায় না। ঈথার, ক্লোরোফরম, ও বেনজোলে দ্রব হয়। ক্ষারদ্বারা সাবান অবস্থা প্রাপ্ত হয় না।

পেরাফিনম লিকুইডম। লিকুইড পেরাফিঁন।

Paraffinum Liquidum. Liquid Paraffin.

পরিষ্কার তৈলবৎ তরলদ্রব্য, পিট্রোলিয়ম হইতে অধিক উদ্বায়ী দ্রব্য ডিষ্টিলেষন দ্বারা অদ্রবকরিয়া প্রস্তুত হয়।

গুণধর্ম্ম—বর্ণ ও গন্ধাস্বাদ হীন ৩৮০ ফাঃ তাপের নীচে দ্রব হয় না আঃ গুঃ ০৮৮৫ হইতে ০৮৯০।

ভৈষজ্য বিদ্যা শিক্ষার্থে প্রচলিত ওজন ও মাপ এবং তাপ ও আপেক্ষিক গুরুত্ব ইত্যাদি বিষয় জ্ঞাতহওয়া আবশ্যক।

১৮৫৮ খৃষ্টাব্দে মেডিকাল এক্ট নামক আইন প্রচারিত হয়, এবং তদনুসারে ব্রিটীশ ফার্ম্মাকোপিয়া প্রথম প্রকাশিত হইয়াছে। ইহারপূর্ব্বে ঔষধদ্রব্য ওজন ও মাপকরিবার জন্য এপথিকারিজ মেজার নামক পরিমাণ প্রণালী প্রচলিত ছিল। ব্রিটীশ ফার্ম্মাকোপিয়া প্রচলিত হইবার পর শুষ্ক ঔষধদ্রব্য সকল এভয়ার ডুপয়েজ ওয়েট নামক পরিমাণ প্রণালী অনুসারে ওজন হইয়া থাকে। তদবধি এভয়ার ডুপয়েজ ওজন ব্রিটিশ ফার্ম্মাকোপিয়ার প্রচলিত ওজন হইয়াছে। তরলদ্রব্য মাপিবার প্রণালী পূর্ব্ববৎ আছে। বাজারে ঔষধ খুচরা ক্রয় বিক্রয় কার্য্যে এপথিকারিজ ওয়েট এখনও ব্যবহার হয়।

—(০)—

ব্রিটিশফার্ম্মাকোপিয়ার প্রচলিত মাপ ও ওজন।

গুরুত্বের পরিমাণ বা ওজন।

১ গ্রেণ gr. ১/২৫২.৪৫৬ ঘনইঞ্চি বিশুদ্ধ জলের ওজন।

১ আং (এভওয়ার) Oz ৪৩৭॥০ গ্রেণ = ১৬ ড্রাম (২৭/৮ তোলা)

* ১ পাউণ্ড lb = ১৬ আউন্স = ৭০০০ গ্রেণ (৭১/২ ছটাক)।

মাপ।

১ মিণিম min বা m

১ তরলড্রাম fl dm = ৬০ মিনিম।

১ তরল আউন্স fl oz = ৮ তরলড্রাম (৪৮০ মিনিম)।

১ পাইণ্ট O = ২০ তরল আং (১৬০ ড্রাম)।

১ গ্যালন C = ৮ পাইণ্ট (৪ কোয়ার্টস)।

দৈর্ঘ পরিমাণার্থে প্রচলিত মাপ।

১ ইঞ্চি			in
১২ ইঞ্চি		১ ফুট।	ft
৩৬ ইঞ্চি	বা	৩ ফুটে ১ গজ।	yd

শুষ্কদ্রব্যের ওজন ও তরল দ্রব্যের মাপের সম্বন্ধ।

১ মিনিম	জল	৬২ ফাং ওজনে	০.৯১১৪৫৮৩	গ্রেণ।
১ তরলড্রাম	,,	,,	৫৪ ৬৮৭৫	,,
১ তরল আং	,,	,,	১ আউন্স বা ৪৩৭.৫	,,
১ পাইন্ট	,,	,,	১.২৫ পাউণ্ড বা ৮৭৫০০	,,
১ গ্যালন	,,	,,	১০ পাউণ্ড বা ৭০০০০.০	,,

১ ঘনইঞ্চি (cubic inch) ডিষ্টিল্ড ওয়াটার বা চুয়ানজল † ১০৯ ৭১৪৩ মিনিম জল ৬২ ফাং তাপে ওজন ১০০ গ্রেণ।

(৬২ ফাং তাপে বা ১৬.৬৬ সেণ্টিঃ তাপের) ভূবায়ুতে ওজন করিলে ২৫২ ৪৫৬ গ্রেণ হয়।

এভয়ারডুপয়েজ* ওয়েট। Avoirdupois weight.

Avoirs অর্থে goods, Poids অর্থে weight পূর্ব্বে কেবল সাধারণ মোটা ও ভারীদ্রব্য ওজন জন্য ব্যবহার হইত।

১৬ ড্রামে	১ আউন্স	1 oz
১৬ আউন্সে	১ পাউণ্ড	1 lb

---

* প্রয়োজন বশতঃ এই ওজনের ২৭ ১/৩ গ্রেণে ড্রামও ৯ ১/৯ গ্রেণে স্ক্রুপল ধরাহয়।

† ইহাকে ফার্ম্মাকোপিয়ার সর্ব্বত্র ১১০ মিনিম গণ্য করা হইয়াছে।

১৪ পাউণ্ডে	১ ষ্টোন	1 St.qrs
২ ষ্টোনে	১ কোয়াটার	Qr .
৪ কোয়াটারে	১ হাণ্ড্রেডওয়েট	1 cwt
২০ হাণ্ড্রেডওয়েটে	১ টন	1 Ton

একটন ওজনে ২৭$\frac{1}{2}$ মন।

এপথিকারিজ ওয়েট। Apothecary's weight

২০ গ্রেণে	১ স্ক্রুপল	1 Sc. or	1 ℈
৩ স্ক্রুপলে	১ ড্রাম	1 dr or	1 ʒ
৮ ড্রামে	১ আউন্স	1 OZ or	1 ℥
১২ আউন্সে	১ পাউণ্ড	1 lb or	lb

ট্রয় ওজন, Troy weight.

ফ্রান্স দেশস্থ Troye নামক নগরে সম্ভবতঃ এই ওজন প্রণালী প্রথম প্রচলিত ছিল। এজন্য ঐ স্থানের * নাম হইতে Troy ওজনবলে।

২৪ গ্রেণে	১ পেনিওয়েট	1 dwt
২০ পেনিওয়েটে	১ আউন্স	1 oz
১২ আউন্সে	১ পাউণ্ড	1 lb

ব্রিটীশ ফার্ম্মাকোপিয়ায় গৃহীত তরল মাপ 'এভরডুপয়েজ' এপথিকারিজ ও ট্রয় সকলপ্রকার ওজনের সাধারণ। অর্থাৎ তরল দ্রব্যের মাপ প্রণালী এক প্রকার।

---

* আমাদের দেশে ধান ও কুঁচেরন্যায় বিলাতে শুষ্ক গোধুম শস্যের মধ্যভাগ গ্রেণরূপে প্রথম ব্যবহার হয়।

কখন২ Drop বা বিন্দু পরিমাণে ঔষধ ব্যবস্থা দেওয়া হয়। সকল দ্রব্যের ও সকলপাত্র হইতে পতিত বিন্দু সমাননহে, মোটা মুটী ২ বিন্দুতে এক মিনিম ধরাহয়।

কবিরাজি ওজন।

৪ ধানে	এক রতি।
১০ রতিতে	এক মাসা।
১২ মাসায়	এক তোলা।

এভরডুপয়েজ, এপথিকারিজ ও ট্রয় ওজনের পরস্পর সম্বন্ধ।

ওজন	এভরডুপয়েজ	এপথিকারিজ	ট্রয়
১স্ক্রুপল	* (৯॥০ গ্রেণ)	২০ গ্রেণ	০
১ ড্রাম	(২৭.৩৪৩৭৫ গ্রেণ)	৬০ গ্রেণ	০
১ আউন্স	৪৩৭॥০ গ্রেণ	৪৮০ গ্রেণ	৪৮০ গ্রেণ
১ পাউণ্ড	৭০০০ গ্রেণ	৫৭৬০ গ্রেণ	৫৭৬০ গ্রেণ

দেশীয় ওজন সহিত বিলাতী ওজনের সম্বন্ধ।

২ ধান	=	১ গ্রেণ।

এই ওজন বিলাতী স্বর্ণকার, পোদ্দার ও জহরীগণ ব্যবহার করিয়া থাকেন।

* এভয়ারডুপয়ের ওজনে বিশেষতঃ ফার্ম্মাকোপিয়ার প্রচলিত ওজনে ড্রাম ও স্ক্রুপল নাই, তবে কোন কারণে এই ওজনে উক্ত ক্রমের উল্লেখ থাকিলে ঐরূপ ধরিতে হইবে।

১ কুঁচ বা ১ লাল	=	২ গ্রেণ।
৫ ধান বা ১ রতি	=	২ ,,
১ আনা	=	১১।০ ,,
১ তোলা	=	১৮০ ,,
২৲ তোলা	=	১ আউন্স
৩২ তোলা	=	১ পাউণ্ড ট্রয় ও এপথি
২৷৲ তোলা	=	১ আউন্স এভয়ডু
৩৮৵ তোলা	=	১ পাউণ্ড ,,
৭৷ ছটাক	=	১ পাউণ্ড ,,

বিলাতী গার্হস্থ্য মাপ।

১ চা-চামচ	Teaspoon	=	১ ড্রাম।
১ ডেজার্ট চামচ	Dessert Spoon	=	২ ড্রাম।
১ টেবল চামচ	Table Spoon	=	৪ ড্রাম।
১ ওয়াইন গ্লাশ	I Wine glass		১॥০ হইতে ২ আউন্স
১ চা-বাটী	1 Tea cup	=	৫ আউন্স।
১ ব্রেকফাষ্টকাপ	Break fast cup	=	৮ আউন্স।
১ টাম্বলার	1 Tumbler	=	১০ হইতে ১২ আং

ফরাসী দেশীয় বা মিটার মাপ (Metric System)

দৈর্ঘপরিমাণ।

এক মিটার পৃথিবীর মেরিডিয়মের চতুর্থাংশের কোটিভাগের এক ভাগ।

১ মিলিমিটার	১ মিটারের সহস্রাংশ।	·০০১	মিটার
১ সেন্টিমিটার	১ মিটারের শতাংশ।	·০১	,,
১ ডিশিমিটার	১ মিটারের দশমাংশ।	·১	,,
১ মিটার		১	,,

ওজন।

১ মিলিগ্রাম Milligramme	১ গ্রামের সহস্রাংশ	বা	০·০০১	গ্রাম
১ সেন্টিগ্রাম Centigramme	১ ,, শতাংশ	বা	০·০১	,,
১ ডেসিগ্রাম Decegramme	১ ,, দশমাংশ	বা	০·১	,,
১ গ্রাম ১ মিলিলিটার ডিঃ ওয়াটার (৪C বা ৩৯·২ F.)			১·০	,,
১ ডিকাগ্রাম Deka gramme	১০ গ্রাম	বা	১০·০	,,
১ হেকটাগ্রাম Hecta gramme	১০০ ,,	বা	১০০·০	,,
১ কিলোগ্রাম Kilo gramme	১০০০ ,,	বা	১০০০	,,

তরল মাপ।

১ মিলিলিটার 1 Millilitre ৪C তাপে ১ কিউবিক সেণ্টিমিটার বা ১ গ্রাম জলের মাপ।

১ সেন্টিলিটার 1 Centilite	১০ কিঃ সেঃ	১০ ,,	,,
১ ডিসিলিটার 1 Decelitre	১০০ ,,	১০০ ,,	,,
১ লিটার 1 Litre	১০০০ ,,	১০০০	(১ কিলো গ্রাম)

ইম্পিরিয়েলষ্টাণ্ডার্ড পরিমাণ সহিত মিট্রিক মাপের সম্বন্ধ।

ওজনের সম্বন্ধ।

১ পাউণ্ড = ৪৫৩·৫৯২৪৩ গ্রাম।

১ আউন্স = ২৮·৩৪৯৫৩ ,, বা প্রায় ২৮·৩৫ গ্রাম।

১ গ্রেণ = ০·০৬৪৭৯৮৯১৮ ,, বা প্রায় ·০৬৪৮ ,,

১ মিলিগ্রাম = ০.০১৫৪৩২ গ্রেণ।
১ সেন্টিগ্রাম = ০.১৫৪৩২ ,,
১ ডেসিগ্রাম = ১.৫৪৩২ ,,
১ গ্রাম = ১৫.৪৩২ ,,
১ কিলোগ্রাম = ২ পাউণ্ড ৩ আউন্স ১১৯.৮ গ্রেণ।

মাপের সম্বন্ধ।

১ গ্যালন = ৪.৫৪৫৯৬৩১ লিটার।
১ পাইণ্ট = ০.৫৬৮২৪৫৪ ,, বা প্রায় ৫৬৮.৩৩৬ কি, সে, মি
১ তরল আউন্স = ০.০২৮৪১২৩ লিটার বা প্রায় ২৮.৪১৭ ,,
১ তরল ড্রাম = ০.০০৩৫৫২ ,, বা প্রায় ৩.৫৫২ ,,
১ মিনিম = ০.০০০০৫৯ ,, বা প্রায় ০.০৫৯ ,,
১ পাইণ্ট ১৫ আউন্স ১ড্রাম ৪৩ মিনিম = ১ লিটার।

দৈর্ঘ মাপের সম্বন্ধ।

১ গজ = ০.৯১৪৩৯৯ মিটার।
১ ফুট = ০.৩০৪৮০ মিটার ৩০.৪৮ কি, সে, মি।
১ ইঞ্চি = ০.০২৫৪০ মিটার ২৫.৪০ মিলিমিটার।

মেট্রিক ষ্টাণ্ডার্ড পরিমাণ সহিত ইম্পিরিয়েল মাপের সম্বন্ধ।

ওজনের সম্বন্ধ।

১ মিলিগ্রাম = ০.০১৫ গ্রেণ প্রায়
১ সেন্টিগ্রাম = ০.১৫৪ ,, ,,
১ ডেসিগ্রাম = ১.৫৪৩ ,, ,,
১ গ্রাম = ১৫.৪৩২৩৫৬৪ ,,
১ কিলোগ্রাম = ২ পাউণ্ড ৩ আউন্স ১১৯.৮৫৬৪ গ্রেণ বা
১৫৪৩২.৩৫৬৪ গ্রেণ।

আয়তনের-সম্বন্ধ।

১ কিউবিক সেণ্টিমিটার = ১৬.৯ মিনিম দ্রব।

১ লিটার = ১.৭৫৯৮০ পাইণ্ট বা ১ পাইণ্ট ১৫ তং আউন্স ১ তং ড্রাম ৩৪ মিনিম প্রায়।

দৈর্ঘ মাপের সম্বন্ধ।

১ মিলিমিটার = ০.০৩৯৩৭০ ইঞ্চি।

১ সেন্‌টিমিটার = ০.৩৯৩৭০ ইঞ্চি।

১ ডেসিমিটার = ৩.৯৩৭০ ইঞ্চি

১ মিটার = ৩৯.৩৭০ ,, ১১৩ বা ১ গজ ৩.৩৭ ইঞ্চি।

ব্যবস্থা বিখিবার কালে ঔষধের পরিমাণ লিখিতে রোমিয় অঙ্ক ব্যবহার হইয়া থাকে তাহা এই :—

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
I	II	III	IV	V	VI	VII	VIII	IX

১০	১১	১২	১৩	১৪	১৫	১৬
X	XI	XII	XIII	XIV	XV	XVI
১৭	১৮	১৯	২০	৩০	৪০	৫০
XVII	XVIII	XIX	XX	XXX	XL	L
৬০	৭০	৮০	৯০	১০০	৩০০	৪০০
LX	LXX	LXXX	XC	C	CCC	CD

৫০০	৮০০	৯০০	১০০০	২০০০	১০০০০
D	DCCC	CM	M	MM	X.

যাবতীয় তরল দ্রব্য পরিমাণার্থে সচরাচর মাপ ব্যবহার হইয়া থাকে।

ফার্ম্মাকোপিয়ার ওজনে ড্রাম ও স্ক্রুপল মাপ প্রচলিত নাই, 3I ড্রাম ও Э স্ক্রুপল কুত্রাপি ব্যবহৃত হইলে ৬০ গ্রেণে ড্রাম ও ২০ গ্রেণে স্ক্রুপল বুঝিতে হইবে। এভরডুপয়েজ ওজনের ১ আউন্সের অষ্টম ভাগে ড্রাম ও ১ আউন্সের ২৪ ভাগের ১ ভাগে স্ক্রুপল ধরিতে হইবে না।

এভরডুপয়েজ ওজনের ১ তং আং ডিষ্টিল্ড জল শুষ্ক ওজনের ১ আউন্সের সমান কিন্তু ; এক মিনিম ডিঃ জল ওজনে এক গ্রেণ হইবে না। যেহেতু শুষ্ক মাপের ৪৩৭॥ গ্রেণে আউন্স এবং তরল মাপের ৪৮০ মিনিমে আউন্স হয়।

তাপমাণ।

অনেক ঔষধ দ্রব্য, বিশেষ প্রকার তাপে প্রস্তুত করিতে হয়। এজন্য প্রচলিত তাপের ক্রম ইত্যাদি বিষয় জ্ঞাত হওয়া আবশ্যক

ফার্ণহীট Fahrenheit তাপক্রম সচরাচর ব্যবহৃত হয় কিন্তু সেন্টিগ্রেড Ceute grade বিশেষ সুবিধা জনক বলিয়া বৈজ্ঞানিকেরা বিশেষ আদর করিয়া থাকেন। Fahrenheit একজন সাহেবের নাম, তাঁহার নির্দ্ধারিত তাপক্রমকে তাঁহার নাম অনুসারে ফার্ণহীটবলে আর সেন্টশব্দে ১০০ বিশেষ প্রকার তাপাংশকে ১০০ ভাগে বিভক্তকারী তাপক্রমকে Centegrade Scale বলে। জল বিশেষ প্রকার অবস্থায় নির্দ্দিষ্ট তাপে বাষ্পহয় অর্থাৎ ফুটিতে থাকে, জলের এইস্ফুটন উপযোগী তাপকে (Boilingheat) সেন্টিগ্রেড প্রণালীতে ১০০ ডিগ্রি নির্দ্দীষ্ট হইয়াছে, ফারণহীটে ২১২ ধরা হইয়াছে। জল বিশেষ অবস্থায় নির্দ্দিষ্ট তাপে জমিয়া কঠিন অবস্থা প্রাপ্ত হয় অর্থাৎ বরফ হইয়া যায়। এই তাপকে

Freezing Degree বলে। সেন্টিগ্রেড ক্রমে ইহাকে O এবং ফারণহীটে ৩২ নির্দ্ধারিত হইয়াছে। Fahrenheit সাহেব বরফ ও লবণ ব্যবহার করিয়া যে তাপক্রম পাইয়াছিলেন তাহাকে O বলিয়া নির্দ্দেশ করেন। উহা জল বরফ হইবার নির্দ্দিষ্ট তাপের (তাঁহার তাপমাণ যন্ত্রের) ৩২ ডিগ্রী নীচে। এমতে দেখা যাইতেছে ফারণহীটে ৩২ হইতে ২১২ এবং সেন্‌টিগ্রেডের O হইতে ১০০ পরস্পর সমানুপাতে সম্বন্ধ ফাং ২১২—৩২ = ১৮০ এই ১৮০: ১০০ = $\frac{১৮০}{২০}$: $\frac{১০০}{২০}$ = ৯:৫ অর্থাৎ ১৮০ এবং ১০০ কে সাধারণ হর ২০ দ্বারা বিভক্ত করিলে ৯ এবং ৫ থাকে; এজন্য সেন্‌টি ৫ ফাঃ ৯ সমানুপাতে সম্বন্ধ। একটী বিশেষ কথা এই ফাঃ ডিগ্রীকে সেন্‌টিগ্রেড ডিগ্রীতে আনিতে হইলে প্রথমে ৩২ বাদ দিয়া লইতে হইবে উপমা যথা (১) ৮৬ ডিগ্রী ফাঃ সেন্‌টিগ্রেডে কত হইবে?

৯: (৮৬—৩২)::৫: ক ($\frac{৮৬—৩২}{৯}$) × ৫ = ৩০ সেন্টি। সেন্টিগ্রেড ডিগ্রীকে ফাঃতাপে আনিতে হইলে শেষে ৩২ যোগ করিতে হইবে।

(২) ৩০ ডিগ্রী সেন্‌টিগ্রেট ফাঃ তাপে কত হইবে? ৫: ৯:: ৩০: ক ৯ × $\frac{৩০}{৫}$ + (৩২) = ৮৬ ফাঃ।

সচরাচর ফার্ণহীট তাপমাণ ব্যবহৃত হয়, এজন্য ফার্ম্মাকোপিয়ার কেবল এত ডিক্রীতাপ মাত্র উক্ত হইলে ফার্ণহীট তাপ বুঝিতে হইবে, তবে যে সকল স্থলে c চিহ্ন কিম্বা সেন্‌টিগ্রেট উল্লেখ থাকিবে তথায় তাহাই বুঝিতে হইবে।

আপেক্ষিক গুরুত্ব Specific gravity.

বিশুদ্ধ জল নির্দ্দিষ্ট তাপে সর্ব্বত্র সম আয়তন ও সমভার

বিশিষ্ট। এজন্য নির্দ্দিষ্ট তাপের ও নির্দ্দিষ্ট আয়তনের বিশুদ্ধ জলকে আদর্শ স্থির করিয়া, উহার সহিত যাবতীয় তরল ও কঠিন দ্রব্যের নির্দ্দিষ্টতাপে ভার ও আয়তন তুলনা করিয়া আপেক্ষিক ভার অবধারণ করা যায়। জল অপেক্ষা ভারী ও লঘু উভয় প্রকার দ্রব্যের আপেক্ষিক গুরুত্ব নির্ণয়ের সুবিধা জন্য জলকে একসহস্র ধরা হইয়াছে। আপেক্ষিক গুরুত্ব দ্বারা দ্রব্যের বিশুদ্ধতা যত পরিপাটী রূপে নির্ণয় করা যায়, অন্য কোন সাধারণ উপায়ে তদ্রূপ পারা যায় না, পণ্ডিত বর আর্কিমিডিসের স্বর্ণ-মুকুটের পরীক্ষা বিষয় সকলে জ্ঞাত আছেন। সচরাচর ফার্ম্মাকোপিয়ার তরল দ্রব্যের আপেক্ষিক গুরুত্ব অবধারণ করা আবশ্যক হয়। এজন্য হাইড্রোমিটার নামক যন্ত্র সচরাচর ব্যবহার হয়। ঐ যন্ত্রের গাত্রে বিশেষ বিশেষ আপেক্ষিক গুরুত্ব নির্ণায়ক ডিগ্রী চিহ্ন থাকে উহা ব্যবহার করা সহজ। মূত্র, দুগ্ধ, তৈল, দ্রাবক সকল, গ্লিশরিণ, স্পিরিটস প্রভৃতি দ্রব্যের আপেক্ষিক গুরুত্ব উহাদের বিশুদ্ধতা পরিচায়ক প্রধান ধর্ম্ম।

১৮৯০ খৃষ্টাব্দের ব্রিটিশ ফার্ম্মাকোপিয়ায় নিম্নলিখিত নূতন ঔষধগুলি গৃহীত হইয়াছে।

Acetanilidum এসিটেনিলাইডাম (এন্টিফেব্রিণ)

Acetum Ipecacuanhæ এসিটাম ইপেকাকুয়ানী

Adeps Lanæ এডেপ্সল্যানী

Adeps Lanæ Hydrosus „ „ হাইড্রোসাস (ল্যানোলিন)

Antepyrine (Phenazonum) এন্টিপাইরিন (ফেনাজোনাম)

Blands Pill (Pilula Ferri) ব্লাডসপিল (পাইলিউলা ফেরি)।

Emplastrum Menthol এমপ্লাষ্ট্রম মেন্থল।

Eucalypti Gummi ইউকেলিপ্টাই গামাই।

Euonymi Cortex ইউনিমাই কর্টেক্স।

Euonymine (Extractum Euonymine siccum) ইউনিমাই (এক্সট্রাক্টাম ইউনিমাই সিকাম)।

Extractum Hamamelidis Liquidum এক্সট্রাক্টাম হেমেমেলেডিস লিকুইডাম।

" Extractum Hydsratis Liquidum এক্সট্রাক্টাম হাইড্রাষ্টিস লিকুইডাম।

Fehlings solution ফেলিঙ্গস্ সোলিউশন।

Solution of Potassio Cupric Tartrate সোলিউশন অফ্ পটাসিও কিউপ্রিক টার্টেট্। Gelatinum জিলেটীনাম।

Glonoine solution of গ্লোনোইন সোলিউশন।

Liquor Trinitrine লাইকর ট্রাইনিট্রিনী।

Nitroglycerin solution of নাট্রোগ্লিশরিন বা সলিউশন।

Saccharin স্তাকারিন। (Glusidum)

Hamamelidis Cortex হেমেমেলেডিস কর্টেক্স।

" Folia " ফোলিয়া।

Homatropinæ Hydrobromas হোমাট্রোপাইনী হাইড্রোব্রোমাস।

Huile De Cade হুইলি ডি কেড।

Oleum Cadenum ওলিয়াম ক্যাডিনাম।

Hydrastis Rhizoma হাইড্রাষ্টিস রিজোমা।

Liquor Cocanæ Hydrochloratis লাইকর কোকেনি হাড্রোক্লোরেটিস্।

" Liquor Morphenæ Sulphatis লাইকর মর্ফিনি সল-ফেটিস।

Magnesii Sulphatis effervescence মেগ্‌নেসি সালফেটিস এফার্ভেসেন্স।

Mixtura Olei Ricini মিশ্‌চ্যুরা ওলিয়াই রিসিনাই।

Paraldehydum প্যারাল্‌ডিহিডাম্‌।

Phenactinum ফেনাসিটিনাম।

Phenazonum ফেনাজোনাম।

Picrotoxinum পাইক্রটক্সিনাম।

Pulvis Sodae Tartaratæ effervescence পলভিস সোডি টাট্রাস এফার্ভেসেন্স।

Seidlitz Powder সিডলিজ পাউডার।

Sodii Benzoas সোডিয়াই বেনজোয়াস।

" Nitris " নাইটিস।

" Phophas effervescence " ফস্ফাস এফার্ভেসেন্স

" Sulphas effervecence " সলফাস এফার্ভেসেন্স

Stramonii folia ষ্ট্র্যামোনিয়াই ফোলিয়া।

Strophanthus ষ্ট্রোফ্যান্থাস।

Sulphonal সল্‌ফোন্যাল।

Suppositoria glycerini সপোটোরিয়া গ্লিশরিনাই।

Syrupus Ferri Subchloridi সিরাপস ফেরি সাবক্লো-রিডাই।

Tinctura Hamameledis টিংচুরা হেমেমেলিডিস।

Hydrastis " হাইড্রাষ্টিস।

Strophanthi " ষ্ট্রোফ্যান্থাই।

Trochisci Sulphuris ট্রোচিসাই সালফিউরিস।

Unguentum Conii অঙ্গুয়েণ্টাম কোনিয়াই।

" Hamamelidis " হেমেমেলিডিস।

ক। ঔষধ দ্রব্যকে খণ্ড২ ও চূর্ণ করণ প্রক্রিয়া।

১। Crushing ক্রাশিং——ঔষধ দ্রব্যকে নিষ্পীড়িত বা মাড়িয়া কিম্বা ছেচিয়া লওয়া। আদা ছেচিয়া উহার রস বাহির করা ইহার দৃষ্টান্ত।

২। Communition কমিনিউশন, কুট্টত বা গুঁড়া করণ ডিকক্শন প্রস্তুত করিতে সিঙ্কোনা বার্ক কুট্টিত করা ইহার দৃষ্টান্ত। কলম্বা ও কোয়াশিয়া কর্ত্তিতকরা এই প্রক্রিয়ার অন্তর্গত।

৩। Contution কন্টিউশন, নিষ্পেশন, দৃঢ় ও কঠিন দ্রব্যকে চূর্ণ করিতে এই প্রক্রিয়া ব্যবহার হয়।

৪। Levigation লেভিগেশণ দুইটী কঠিন পদার্থ দ্বারা কোন দ্রব্যকে সূক্ষ্মচূর্ণ করণকে লেভিগেশন বলে।

৫। Pulvarisation পালভারিজেশন, চূর্ণ করণ। ময়দা প্রস্তুতের কলের ন্যায় জাঁতা কলে অধিক পরিমাণ ঔষধ চূর্ণ করা হয়, অল্প পরিমাণ চূর্ণ করিতে আমরা পেষ্টল ও মর্টার ব্যবহার করিয়া থাকি। ব্রিটিশ ফার্ম্মা কোপিয়ার চূর্ণের সূক্ষ্মতানুসারে ১০ হইতে ৬০ নং ব্যবহৃত হয়। আর নির্ম্মিত ছাঁকনি বা চালনী চূর্ণ ছাঁকিবার জন্য ব্যবহৃত হয়। ছাঁকনি প্রস্তুতের তারের জাল গুলির ছিদ্র নম্বর অনুসারে ছোট বড় হইয়া থাকে। বিলাতী তারের ছাঁক্‌না কলে প্রস্তুত সুতরাং বিশেষ২ নম্বরের তারের জাল আগাগোড়া সমান হইয়া থাকে। এই প্রকার ভিন্ন ভিন্ন

তারের জালে ছিদ্রের আকার অনুসারে প্রতিইঞ্চি স্থানে নির্দিষ্ট সংখ্যক সমান্তরাল তার থাকে এই তারের সংখ্যানুসারে জালের নং দেওয়া হয়, এমতে ৬০ নং চালনী বলিলে বুঝিতে হইবে ঐ চালনীর প্রতিইঞ্চি স্থান ৬০টী সমান্তরাল তারদ্বারা গঠিত। ১০নং বলিলে ঐ পরিমাণ স্থানে ১০টী মাত্র তার আছে অর্থাৎ এই জাল অত্যন্ত পাতলা। ব্রিটিশ ফার্মাকোপিয়ার যে পাউডারে যত নং উক্ত হয় তাহা তত নং ছাঁকনি দিয়া চালা হইয়াছে বুঝিতে হইবে।

৬। Trituration ট্রিটিউরেশন। অল্পপরিমাণ ঔষধ দ্রব্যকে (উদুখল ও মুষল) পেষ্টল ও মর্টার সাহায্যে চূর্ণ করিয়া লওয়া হয়।

৭। Granulation গ্রাণুলেশন—দস্তা ধাতু তাপে গলাইয়া ফোটা ফোটা করিয়া শীতল জলে নিক্ষেপ করিলে অথবা দস্তা গলাইয়া শীতল হওয়া পর্য্যন্ত লৌহ খলে নাড়িলে দস্তাচূর্ণ প্রস্তুত হয়। রঙ্গধাতু তাপে গলাইয়া কাষ্ঠের বাক্সে উত্তমরূপে আবদ্ধ করত কঠিন অবস্থা প্রাপ্ত না হওয়া পর্য্যন্ত সঞ্চালন করিলে রঙ্গচূর্ণ প্রস্তুত হয়।

খ। ঔষধদ্রব্যকে পরিশোধন করিবার, প্রণালী।

১। Clarification ক্লারিফিকেশন বা নির্ম্মল করণ যথা মধু ওয়াটার বাথে উষ্ণ করিয়া মন্থন করত পরিষ্কার ফ্লানেলদিয়া ছাকিয়া লওয়া। চিনি জলে গুলিয়া ফুটাইয়া দুগ্ধ মিশ্রিত করিয়া গাদ তুলিয়াফেলা, নানা প্রকার তৈলে অণ্ডলাল মিলাইয়া জলবেষ্টক যন্ত্রে বা বাষ্পের তাপে উষ্ণ করিয়া ছাকিয়া লওয়া এই প্রক্রিয়ার অন্তর্গত।

২। Crystallization ক্রিষ্ট্যালিজেশন বা দানা বান্ধন দানাবান্ধিলে ঔষধ দ্রব্য নির্ম্মল ও খাঁটি হয়। যত ভিন্নবার দানা বান্ধাযায় ততই শোধিত হয়, প্রথমবারে দানাবান্ধাকে ক্রিষ্ট্যালিজেশন, ২য় বারের দানা বান্ধানকে রিক্রিষ্ট্যালিজেশন, তৃতীয় বারের দানা বান্ধানকে টিপল ক্রিষ্ট্যালিজেশন বলে লুনার কষ্টিক বা নাইট্রেট অফ সিলভারের বাতি অবিশুদ্ধ এই দ্রব্যকে রিক্রিষ্ট্যালাইজড কিম্বা ট্রিপল ক্রিষ্ট্যালাইজড করিয়া লইলে পরিশুদ্ধ হয়। অন্যান্য দানাশীল লবণ সম্বন্ধেও এইরূপ। দানাশীল ঔষধ দ্রব্যের ঘন দ্রব হইতে ধিরে ধিরে দানা বান্ধিলে ঐসকল দানা বৃহদায়তন, সুগঠন ও বিশুদ্ধ হয়। আর তাপদিয়া এতদূর ঘন করাযায় যে উপরে সরপড়ে তদবস্থায় নামাইয়া দানা বান্ধিলে ঐ দানা শীঘ্র হয় এবং ক্ষুদ্র, অপূর্ণ গঠন ও সম্পূর্ণ নির্ম্মল হয়না। দানা সকলে কিয়ৎ পরিমাণ জলথাকে তাহাকে ওয়াটার অফ ক্রিষ্ট্যালিজেশন বলে। লবণ সকলকে তাপদ্বারা শুষ্ক করিলে এই জলভাগ অন্তর হইয়া দানা সকলের আকার প্রকার নষ্টহয় এবং ঔষধ দ্রব্য সকল অপেক্ষাকৃত তীব্রহয়, এলম এক্সিকেটম, ফেরি সলফাস এক্সিকেটা ইহার দৃষ্টান্ত। কতকগুলি লবণ জলশোষক জল বা বাষ্পের সংশ্রব পাইলে আর্দ্র হইয়া যায়, ইহাদিগকে “ডেলিকোয়েসেণ্ট” জলাকর্ষক কহে। এসিটেট্ অফ্ পটাস, ক্লোরাইড অফ্ জিঙ্ক, এই প্রকারের লবণ। কতকগুলি লবণ ইহার বিপরীত ইহারা জলভাগ ত্যাগ করিয়া শুষ্ক হইয়া যায় ইহাদিগকে ইফ্লোরেসেণ্ট বলে, বোরাক্স, ফস্ফেট অফ্ সোডা, এলম এই প্রকার কতকগুলি লবণ উক্ত দুই প্রকারের অন্তর্গত নহে ইহারা জলভাগ ত্যাগও করেনা এবং জলশোষকও নহে ইহাদের দানা বরাবর সমান থাকে

ইহাদিগকে স্থায়ী লবণ বলে নাইট্রেট অফ্ পটাশ, কার্ব্বনেট অফ জিঙ্ক, ফস্ফেট অফ্ আয়রণ এই শ্রেণীর অন্তর্গত।

৩। Distillation ডিষ্টিলেশন চুয়াণ——যে সকল দ্রব্য উত্তাপে বাষ্প হয় তাহাদিগকে তাপে অনুদ্বায়ী দ্রব্য হইতে পৃথক করিবার জন্য চুয়ান প্রক্রিয়া ব্যবহৃত হয়। সুরা, বায়ুতৈল মিনারেল এসিডস ও জল প্রভৃতি চুয়াইয়া প্রস্তুত ও শোধিত হয়। যেসকল দ্রব্য চুয়াইলে অবিকৃত ভাবে ঐ একই দ্রব্যই চুয়াইয়া আইসে, তাহাদের চুয়ানকে সিম্পল ডিষ্টিলেশন বলে। যথা জল, তার্পিনতৈল ইত্যাদি। যে সকল দ্রব্য হইতে ভিন্নং তাপে নানাপ্রকার দ্রব্য চুয়াইয়া আইসে তাহাদের চুয়ান প্রক্রিয়াকে অংশতঃ চুয়ান "ফ্রাকশনেল ডিস্‌টিলেশন বলে" পিট্রোলিয়ম চুয়াইয়া কেরসিন তৈল, সফ্‌ট্ পেরাফিন হার্ড পেরাফিন প্রাপ্ত হওয়া ইহার দৃষ্টান্ত। যেসকল দ্রব্য চুয়াইলে ঐ দ্রব্য নষ্ট হইয়া অন্যদ্রব্য চুয়াইয়া আইসে তাহাদের চুয়ানকে ডেসট্রকটিভ ডিসটিলেশন বলে, কাষ্ঠচুয়াইয়া এসিটিক এসিড এবং ক্রিয়েজোট প্রস্তুত করা ইহার দৃষ্টান্ত।

৪। Sublimation সবলিমেশন উৰ্দ্ধপতিত করণ। যেসকল কঠিন দ্রব্য উত্তাপে সূক্ষ্মং কণাকারে উড়িয়া যায় যথা কার্ব্বনেট অফ্ এমোনিয়া, কর্পূর কেলোমেল, আর্সিনিয়স এসিড পারদ প্রভৃতি দ্রব্য এই প্রক্রিয়ায় শোধিত ও প্রস্তুত করাহয়।

৫। Filtration ফিলট্রেশন, ছাঁকন, কোন দ্রব দ্রব্যে কঠিন ময়লা মিলিত থাকিলে তাহা ছাঁকিয়া পৃথক করা যায়, ফিল্টার বালু, ফ্লানেল, কেলিকো কাপড়, অঙ্গার, কাষ্ঠচূর্ণ গ্লাশউল, এসবেশটোজ প্রভৃতি দ্রব্য ফিল্টার জন্য ব্যবহার হয়।

জলে অদ্রবনীয় এবং জল সংযোগে নষ্ট হয়না এপ্রকার দ্রব্যের চূর্ণকে জলের সাহায্যে সূক্ষ্মতার তারতম্য অনুসারে পৃথক করা যায়। দ্রব্যের চূর্ণ, জলে মিশাইয়া রাখিলে চূর্ণের স্থূলতানুসারে ভারীকণা সকল অগ্রে অধঃস্থ হয় সূক্ষ্মতর কণা জলে ভাষমানথাকে উহারা অনেক বিলম্বে অধঃস্থ হয়। অতএব কিছুক্ষণ পরে উপরিস্থ জল পাত্রান্তর করিলে প্রথম পাত্রে অধঃক্ষিপ্ত মোটাকণা ও ২য় পাত্রে অধঃক্ষিপ্ত সূক্ষ্মকণা প্রাপ্ত হওয়া যায়, উপরের জলভাগ অন্তর করিয়া উহাদিগকে ব্যবহার করা যাইতে পারে। কার্ব্বনেট অফ লাইম এই প্রকারে সূক্ষ্ম চূর্ণ করা হয়। একটী চূর্ণের মধ্যে ভিন্ন২ ভার বিশিষ্ট দ্রব্য থাকিলে তাহাদিগকেও এই প্রণালীতে পৃথক করা যায়, প্রস্তর চূর্ণ ও বালু হইতে স্বর্ণ রেণু এই প্রকারে পৃথক করা হয়। চক হইতে প্রিপেয়ার্ড চক এই প্রক্রিয়ায় প্রস্তুত হয়।

Washing ধৌত করণ এই প্রক্রিয়া দ্বারা অধঃস্থ পদার্থ, ও অবিশুদ্ধ দানা ফিল্টার কাগজ করিয়া wash bottle দ্বারা ধৌত করা যায়। লম্বা কাচ পাত্রে অধঃক্ষেপ রাখিয়া জলসংযোগে পুনঃ২ ধৌত করত জল স্থিরভাবে রাখিয়া অধঃক্ষেপ নীচেসংযত হইতে দিয়া, উপরিস্থ জল ঢালিয়া ফেলা।

গ। ঔষধ দ্রব্যকে অন্য দ্রব্য হইতে পৃথক করা।

১। Decantation ডিক্যান্টেশন, কোন পাত্রের তলে কঠিন পদার্থ সঞ্চিত থাকিলে ও উপরে তরল অংশ থাকিলে ও তরল অংশকে এরূপ সাবধানে পৃথক করা যায় যেন ঐ কঠিন দ্রব্য তরল দ্রব্যের সহিত মিশাইয়া না যায়। এতদর্থে, সাইফন পিপেট ও পিচকারি এবং এস্পিরেটার ব্যবহৃত হয়।

২। Digestion ডিজেশ্চন ঔষধের সারাংশ ইত্যাদি দ্রব কারক দ্রব্যকে উহার ফুটন তাপের ন্যূন উত্তাপে নির্দ্দিষ্টকাল উষ্ণ করিয়া তাহাতে ঔষধ দ্রব্যের সারাংশ দ্রব করিয়া লওয়াকে ডিজেশ্চন বলে। ডিককশন হইতে ইহার প্রভেদ এই যে ডিকক শন প্রস্তুত করিতে দ্রবকারক দ্রব্যকে নির্দ্দিষ্ট কাল ফুটাইয়া তদ্বারা ঔষধ দ্রব্যের সারাংশ গ্রহণ করা হয়।

৩। Percolation পার্কোলেশন ঔষধ দ্রব্যের চূর্ণের মধ্য দিয়া সারাংশ দ্রব কারক দ্রব্য ক্রমে ক্রমে চালিত করিয়া উহার নীচের ছাক্‌নিবৎ সূক্ষ্মছিদ্র বা ব্লটিং কাগজাদি দ্বারা এরূপ ভাবে ছাকিবে যেন তরল অংশমাত্র চুয়াইয়া পাত্রান্তরিত হয়।

৪। Maceration ম্যাসিরেশন। সাধারণ উত্তাপে ঔষধ দ্রব্য বা তাহার সারাংশ দ্রবকারক দ্রব্য কোন তরল পদার্থে দ্রব করিয়া লওয়াকে ম্যাসারেশন্‌ বলে।

৫। Lexiviation লিক্সিভিয়েশন—ঔষধ দ্রব্যের দ্রবনীয় পদার্থ হইতে অদ্রবনীয় পদার্থ পৃথক করা যায়। এই প্রক্রিয়া জন্য সচরাচর জল ব্যবহৃত হয়।

৬। Evaporation ইভাপোরেশন। ঔষধ দ্রব্যকে উত্তাপ দ্বারা শুষ্ক করিয়া লওয়াকে ইভাপোরেশন বলে। তাপদ্বারা জল, সুরা প্রভৃতি দ্রব্য বাষ্পাকারে উড়িয়া যায়। কখন২ যন্ত্রদ্বারা বায়ুচাপ কমাইয়া অল্পতাপে অধিক বাষ্প অন্তর করা যায়।

৭। Elutriation ইলুট্রিয়েশন বা ধৌত করনদ্বারা কোন চূর্ণ দ্রব্য পৃথক করা। যেসকল চূর্ণ জলে দ্রব হয়না ও জল সংযোগে যাহারা বিকৃত হয়না এরূপ দ্রব্যের চূর্ণ জলে মিলাইয়া অল্পক্ষণ স্থিরভাবে রাখিলে অপেক্ষাকৃত বৃহৎ সুতরাং ভারি কণা

সকল পাত্রের নীচে পড়িয়া যায়, সূক্ষ্ম কণাসকল জলে ভাসমান থাকে এইরূপ অন্তর করিয়া শুষ্ক করিয়া লইলে সূক্ষ্ম দানা সকল প্রাপ্ত হওয়া যায়। স্থিতাইবার সময়ের তারতম্য অনুসারে দানা সূক্ষ্ম হইতে সূক্ষ্মতর করা যায়। ভিন্ন২ ভার বিশিষ্ট দ্রব্যের চূর্ণ এই উপায়ে পৃথক করা যায় যথা চা খড়ি হইতে প্রস্তর কঙ্কর ইত্যাদি।

৮। Precipitation প্রিসিপিটেশন। দ্রব দ্রব্যকে অদ্রব অবস্থা প্রাপ্ত হইতে দিলে তাহা দ্রাবক হইতে পৃথক হইয়া থাকে —যথা ক্লোরাইড অফ্ কেলসিয়ম দ্রবে কার্ব্বনেট অব্ সোডা যোগ করিলে কার্ব্বনেট অফ্ লাইম পৃথক হইয়া অধঃস্থ হয়। প্রিসিপিটেড্ সল্ফর ও ঐ প্রকার।

৯। Solution, সলিউশন, দ্রব। ঔষধ দ্রব্যকে দ্রবকরা হয়। জল, সুরা, শির্কা ঈথর প্রভৃতির দ্রব্যে দ্রব করিয়া ব্যবহৃত হয়।

১০। Saturation স্যাচুরেশন। চূড়ান্ত বা পূর্ণ করণ মনেকর যেরূপ একটী টাকা পূর্ণ করিতে ষোল আনা আবশ্যক ৮৵১৯৮৹ হইলেও তাহা পূর্ণ একটাকা নহে সেরূপ যদি একসের জলে তিন ছটাক চিনি দ্রব হইতে পারে তিন ছটাক অপেক্ষা কিঞ্চিৎ অধিক দিলেই তাহা আর দ্রব হইবে না এরূপ অবস্থায় একসের জলে তিন ছটাক চিনি দ্রব করিলে তাহা চিনির চূড়ান্ত দ্রব হইল। দ্রবকারি দ্রব্য যে ঔষধ যে পরিমাণ উর্দ্ধসংখ্যা দ্রব রাখিতে পারে তাহাই চূড়ান্ত দ্রব।

১২। Nutrilezation নিউট্রেলাইজেশন, সমক্ষারাম্ল করণ। ক্ষারের সহিত অম্ল ও অম্লের সহিত ক্ষার মিলাইয়া লবণ প্রস্তুত হয়। যে ক্ষারের যত টুকু অম্লের সহিত মিলিলে উহার ক্ষারত্ব

সম্পূর্ণ নষ্ট হয়, কিম্বা যে অম্লের সহিত যতটুকু ক্ষার মিলিলে উহার অম্ল ও সম্পূর্ণ নষ্ট হয় ও তাদের তত পরিমাণ মিলন অবস্থাকে সমক্ষারাম্ল বলে।

প্রয়োগরূপ সকল (Preparations).

১। একোয়া Aqua ওয়াটার Water জল। এই প্রয়োগ রূপ অতিশয় মৃদু কারণ। ঔষধ দ্রব্যের সারাংশ অতি অল্প পরিমাণে জলে দ্রব থাকে। ফার্মাকোপিয়ায় দুই প্রকার উপায়ে একোয়া প্রস্তুত হয় ১ম উদ্ভিদের ফল, ফুল, পত্র, শাখাগ্র প্রভৃতি জলের সহিত মিলাইয়া চুয়ান যন্ত্রদ্বারা ঐ জলের কিয়দংশ চুয়াইয়া লইতে হয়, অরেঞ্জ ফ্লাওয়ার ডিল, এনিসি কেরওয়ে, সিনেমন ফেনেল, চেরিলরেল পাইমেণ্টো, রোজ ও এলডার ফ্লাওয়ার ওয়াটার এই প্রকারে প্রস্তুত হয়। ২য়। উদ্ভিদ্ হইতে প্রস্তুত বায়ুতৈল জলের সহিত মিলাইয়া ঐ জলের কিয়দংশ চুয়াইতে হয়, পেপারমিণ্ট, স্পিয়রমিণ্ট এই দুইটী ঔষধের জল এই প্রকারে প্রস্তুত হয়। কর্পুর জলে ভিজাইয়া একোয়া কেম্ফর ও ক্লোরফরম জলে দ্রব করিয়া একোয়া ক্লোরোফরম প্রস্তুত হইয়া থাকে। সাধারণ জল চুয়াইলে নির্ম্মল হয়, ইহাকে ডিষ্টিল্ড ওয়াটার বা চুয়ান জল কহে।

২। কার্ট। Chart। পেপার, Paper কাগজ। ঔষধ দ্রব্যকে বিশেষ প্রকার আঠাল দ্রব্যের সহিত মিলাইয়া কাগজের একপৃষ্ঠে মাখাইয়া প্রস্তুত হয়। এই কাগজ শুষ্ক করিয়া রাখিয়া দিলে প্রয়োজন মত ব্যবহার করা চলে। একমাত্র সিনাপিসের কার্ট আছে।

৩। কনফেকশিও, Confections কনফেকশন, Confection ইলেকচুয়েরি, কনজার্ভ, খণ্ড। মধু, শর্করা ও শর্করার পাক দিয়া ঔষধের খণ্ড প্রস্তুত হয়। পিল বা বটিকা প্রস্তুত, জলে অদ্রবনীয় বা অল্প দ্রবনীয় ঔষধ সকল বৃহৎ মাত্রায় ব্যবহার প্রয়োজন হইলে কনফেকশনরূপে ব্যবহার হয়। পিপার, রোজি গেলিসি, সেনা, এই ৪টীর কনফেকশন আছে।

৪। ডিককটম, Decoctum ডিককশন, Decoction ক্বাথ, পাঁচন। ঔষধ দ্রব্য জলের সহিত ফুটাইলে সারাংশ জলে মিলিত হয়, এই জলকে ডিককশন কহে ফার্ম্মাকোপিয়ার অধিকাংশ ডিককশন ১০—২০ মিনিম ফুটাইয়া প্রস্তুত হয়, কোন ২টী ১ ঘণ্টাকাল ফুটাইবার প্রয়োজন। ডিককটম গ্রানেটাই প্রস্তুত করিতে ২ পাইণ্ট জল ফুটাইয়া ১ পাইণ্ট করিতে হয়। উষ্ণ জলে ঔষধ দ্রব্যের সার ভাগের দ্রবনীয়তানুসারে ফুটানের কালের ও উত্তাপের বিশেষ করা আবশ্যক। দীর্ঘকাল ফুটাইলে ঔষধ দ্রব্যের গুণ খর্ব্ব বা নষ্ট হয়। উষ্ণ জলে ফুটাইলে ঐ তাপে যে সকল ঔষধের গুণ নষ্ট হয় না কেবল তাহাদিগেরই ডিককশন হয়। ঔষধ দ্রব্যে উদ্বায়ী দ্রব্য থাকিলে ডিককশন প্রস্তুতকালে তাহা অন্তরিত হয়। অধিকাংশ ডিককশন উষ্ণ থাকিতে ছাঁকিতে হয়, নচেৎ শীতল হইলে সারদ্রব্য জলে দ্রব না থাকিয়া পৃথক হইয়া পড়ে। যাবতীয় ডিককশন উদ্ভিদ্ দ্রব্যদিয়া প্রস্তুত হয়। ১টী ঔষধ দিয়া ডিককশন প্রস্তুত হইলে তাহাকে সিম্পল বা অমিশ্র ক্বাথ কহে একাধিক দ্রব্য থাকিলে কম্পাউণ্ড বা মিশ্র ক্বাথ বলে। ফার্ম্মাকোপিয়ার এলোজের ক্বাথ মিশ্র। এভিন্ন গ্রানেটাই, হিমাটক্সিলাই, এই ২টী অমিশ্র ক্বাথ আছে।

৫। এমপ্লাষ্ট্রম, Emplastrum প্লাষ্টার, Plaster পলস্থা। —তেল সাবান, মোম, মুত্রাশঙ্খ প্রভৃতি দ্রব্য অগ্নিতাপে গলাইয়া আঠালদ্রব্য প্রস্তুতহয় এই আঠালদ্রব্য সহিত ঔষধ দ্রব্য মিলাইলে ঐ ঔষধের পলস্থা হয়। কোনস্থান আবৃত রাখিতে বা ঔষধ দ্রব্য ক্রমেং স্থানিক ক্রিয়া প্রকাশ করিবার প্রয়োজন হইলে কিম্বা কোনস্থানে চাপ প্রয়োগ কি কর্ত্তিত অস্ত একত্র রাখা জন্য পলস্থা ব্যবহৃত হয়। এমোনায়েসাইকম হাইড্রার্জ্জাইরো, বেলেডোনি ফে-সিকেসিয়েন্স, হাইড্রার্জ্জাইরাই, ওপিয়াই, পাইসিস, প্লম্বাই, প্লম্বাই আইওডিডাই রেজিনি, সেপোনিস, এই কয়টী এমপ্লাষ্ট্রম আছে।

৬। এক্সাট্রাক্টম, Extractum এক্সট্রাক্ট Extract সার। ইহা ৬ প্রকার। (১) ফ্রেস বা গ্রীন এক্সট্রাক্ট (সদ্য বা হরিত সার)। সরস পত্র হইতে রস বাহির করিয়া ১৩০ ফাং তাপে উষ্ণ করিবে তাহাতে হরিত বর্ণ পদার্থ সংযত হইবে ইহাকে ছাঁকিয়া স্বতন্ত্র রাখিবে রসকে ২০০ ফাং তাপে উষ্ণ করিলে এলবিউমেন (অণ্ডলাল) সংযত হইবে, অণ্ডলাল ফিল্টার করিয়া অন্তর করিবে ছাঁকারস ১৪০ ফাং অনধিক তাপে শর্করার পাকের মত ঘন ইহাকে উপযুক্তরূপ ঘন করিয়া লইবে। সরস বল্কল ও মুলাদির রস লইলে উহাকে একেবারে ২১২ ফাং তাপে উষ্ণ করিয়া সংযত এলবিউমেন পৃথক করিবে। ছাঁকিয়া ছাঁকা রস ১৬০ তাপে উপযুক্ত ঘন করিবে। একোনাইট, বেলেডোনা, কোনায়ম, হায়েসায়েমস, ল্যাকটিউকি, কলচিকম, টেরাক্সিসাই এই ঔষধ গুলির গ্রিণ এক্সট্রাক্ট আছে।

(২) ওয়াটারি এক্সট্রাক্ট জলীয় সার।—শুষ্ক ঔষধ দ্রব্যকে শীতল বা ফুটিত জলে ভিজাইলে সারভাগ জলে দ্রব হয়। এই

জল ছাঁকিয়া উপযুক্তরূপ ঘন করিলে সার প্রস্তুত হয়। বার্ব্বেডোজ এলোজ, সক্‌ট্রাইন এলোজ, এক্টিমিডিস, কেসকেরি সেগরেডি, জেনসিয়েনি, গ্লিশরহিজি, হিমাটক্সিলাই, ক্রামারি, ওপিয়ম, পেরেয়া, কুয়াসিয়া। এই ঔষধগুলির সার এই নিয়মে প্রস্তুত।

(৩) লিকুইড এক্সট্রাক্টম, তরলসার। অধিক পরিমাণ শীতল জলে ভিজাইয়া ঔষধ দ্রব্যের সারভাগ দ্রব করত ছাঁকিয়া ঐ জল ঘন করিতে হয়, ইহার সহিত স্পিরিট যোগ করিয়া রাখিয়া দিলে পচিয়া যাইতে পারে না। বেল, কেসকারা সেগরেডা, সিমিসি ফিউজি, সিঙ্কোনা, কোকে, আর্গট, ফিলিসিস, গ্লিশরহিজা, ওপিয়াই, পেরেরা রামনি ফ্রাঙ্গুলি, সার্জা, টেরাক্সিকম এই গুলির লিকুইড এক্সট্রাক্ট আছে।

(৪) সুরাঘটীত সার বা এলকোহলিক এক্সট্রাক্ট।—রেক্‌টিফাইড বা প্রুফ স্পিরিটে ভিজাইয়া ঔষধ দ্রব্যের সারভাগ দ্রব করতঃ ছাঁকিয়া সুরা চুয়াইয়া লইলে সার অবশিষ্ট থাকে। বেলেডোনা, কেনাবিসইণ্ডিকা, কেসকেরি সেগরেডি, কলোসিন্থ, জেলসিমাই, জেবরাণ্ডি, জালাপ, নক্সভমিকা, কেলেবারবিন, রিয়াই, ষ্ট্রেমোনিয়ম এই গুলির সার এই উপায়ে প্রস্তুত।

(৫) ইথারিয়েল এক্সট্রাক্ট—ঈথরে ঔষধ দ্রব্যের সারাংশ দ্রব করিয়া, ছাকিতে হয়, তারপর ঈথর চুয়াইয়া লইলে বা মৃদু তাপে উড়াইয়া দিলে সার অবশিষ্ট থাকে। ঔষধ দ্রব্যে তৈলাক্ত দ্রব্য অধিক থাকিলে এই প্রকারে সার প্রস্তুত করিতে হয়। এক্সট্রাক্ট ফিলিসিক লিকুইডা প্রস্তুত করিতে ঈথরে সারদ্রব্য দ্রব করিয়া লইতে হয়। আর এক্সট্রাক্ট ষ্ট্রামোনিয়ম প্রস্তুত করিতে উহার তৈলভাগ অন্তর করিবার জন্য ঈথর ব্যবহৃত হয়।

৭। গ্লাইশিরাইনম, Glycerinum গ্লিশিরিণ, Glycerine —গ্লিশরিণ এবং জল সহ খলে মর্দ্দন করিয়া ঔষধদ্রব্য দ্রব করিয়া লইতে হয়। প্রয়োজন হইলে মৃদুতাপ দিয়া সম্পূর্ণ দ্রব করিতে হয়। কার্ব্বলিক এসিড, টেনিক এসিড, এলম, বোরাক্স, এসিডাই বোরেসাই, পেপসিনি, সব এসিটেট অফ্ লেড, ষ্টার্চ্চ, ট্রেগেকান্থ এই ৯টীর গ্লিশরিণ আছে, এইগুলি স্থানিক ব্যবহারহয়।

৮। ইনফিউশা, Infusa, ইনফিউশন, Infusions ফাণ্ট, ঔষধ দ্রব্যকে জলে ভিজাইয়া ছাঁকিয়া লইলে, ঔষধের দ্রবনীয় অংশ জলে দ্রব হয়, এই জল ব্যবহার করা যায়। অধিকাংশ ইনফিউশন প্রস্তুত করিতে ফুটিত ডিষ্টিল্ড ওয়াটার ব্যবহার হয়, ঔষধ দ্রব্যের দ্রবনীয়তানুসারে ১০ মিনিট হইতে ৪ ঘণ্টা কাল ভিজান আবশ্যক। ইনফিউশন চিরতা ও কস্পেরিয়া প্রস্তুত করিতে ১২০ ফাং তাপে উষ্ণজল ব্যবহার হয়। ইনফিউশন কলম্বা ও কুয়াসিয়া প্রস্তুত করিতে শীতল ডিষ্টিল্ড ওয়াটার ব্যবহার করা কর্ত্তব্য। কলম্বা মধ্যে শ্বেতসার থাকে, এজন্য শীতল জলে ইনফিউশন করাতে শ্বেতসার দ্রব হইতে পারেনা। লৌহের পারসল্ট যোগে কলম্বা ও কুয়াসিয়াই ইনফিউশন ব্যতীত অন্যান্য ইনফিউশন ঘোর বর্ণ হয়। অরেনসাই, অরেনসাই কম্পজিটম, বুকু, কলম্বা কেরিওফাইলাই, কেসকেরিলা, চিরেতা, সিঙ্কোনি, এসিডম্ কস্পেরাই, ডিজিটেলিস, আর্গটি, জেনসিয়েনি কম্পজিটম, ক্রামারি, লপুলাই, কোয়াসিই, রিয়াই, রোজি এসিডম, সেনেগি সেনি সার্পেন্টরি, স্কোপেরাই, ইউভিয়র্সাই এই কয়েকটীর ইনফিউশন আছে।

৯। Injections Hypodermica ইনজেকশিয়েন হাই-

পোডার্ম্মিকা, হাইপোডার্ম্মিক ইনজেকশন, চর্ম্মাভ্যন্তরে পিচকারী। —রোগী ঔষধ খাইতে অক্ষম হইলে, অথবা শীঘ্র ঔষধের ক্রিয়া প্রকাশ আবশ্যক হইলে কিম্বা কোন স্থানে ঔষধের স্থানিক ক্রিয়া প্রকাশ প্রয়োজন হইলে এই প্রকারে ঔষধ ব্যবহার হয়। ১০—২০ মিনিম মাত্র ঔষধ এই উপায়ে একবারে প্রয়োগ করা হয়, কিন্তু প্রয়োজন হইলে পুনঃ২ ব্যবহার করা যাইতে পারে। সূক্ষ্ম কাচ নলের পিচকারিতে তীক্ষ্ণাগ্রনাল যুক্ত সূচী সংযুক্ত যন্ত্র হাইপোডার্ম্মিক সিরিঞ্জ এই জন্য ব্যবহার হয়। এপোমর্ফিনি, এট্রোপিনি (৫০ ভাগে ১ ভাগ) আর্গটীনি (২ ভাগে ১ ভাগ) কোকেনি মর্ফিনি (১০ ভাগে ১ ভাগ) এই তিনটীর হাইপোডার্ম্মিক ইনজেকশন আছে।

১০। ল্যামেলি, Lamelae ডিস্ক, Disks ক্ষুদ্র পাতলা চাক্তি গ্লিশরিণ সংযুক্ত জিলেটিনের চাক্তি। ইহা এত পাতলা ও ক্ষুদ্র যে প্রত্যেকটী ওজনে ১/৫০ গ্রেণ। এইগুলি ঔষধ দ্রব্য সংযুক্ত করা হয়। এট্রোপাইনি প্রত্যেকটীতে ১/৫০০০ গ্রেণ। কোকেইনি প্রত্যেকটীতে ১/২০০ গ্রেণ, হোমেট পাইনি ১/১০০ গ্রেণ। ফাইজসটীগমেনি (ইসেরিনি) ১/১০০০ গ্রেণ সংযুক্ত। ইহারা চক্ষু রোগের চিকিৎসায় সচরাচর ব্যবহার হয়।

১১। লিনিমেণ্টম, Linimentum লিনিমেণ্টস, Linimenta এমব্রোকেশন) মর্দ্দন।—তৈল ও সাবান যুক্ত ঔষধ গাত্রের কোন স্থানে মর্দ্দনরূপে ব্যবহারকে লিনিমেণ্ট কহে, কিন্তু স্পিরিটাদি সংযুক্ত যাবতীয় তরল বাহ্য প্রয়োগে ফার্ম্মাকোপিয়ায় লিনিমেণ্ট কহে। একোনিটাই, এমোনি, বেলাডনি, কেলসিস, কেম্ফরি, কেম্ফরি এমোনিয়েটা, ক্লোরো ফর্ম্মাই, ক্রোটনিস, হাইড্রার্জ্জাইরাই,

ওপাই, পটাসি আইওডাই কমসেপোন, সেপোনিস, সিনাপিস কম্পোজিটা, টেরিবিন্থিনি, টেরিবিন্থিনি এসিটিকম, এই ১৬টী লিনিমেণ্ট আছে।

১২। লাইকর, Liquores সলিউশন, Solutions দ্রব।—উগ্র ঔষধ সকলকে জল, সুরা প্রভৃতির সহিত বিশেষ পরিমাণে মিলাইয়া উহাদিগকে সুবিধা মত ব্যবহার করা যাইতে পারে এই প্রকার তরল প্রয়োগরূপকে লাইকর কহে। এসিডাই ক্রোমিসাই, এমোনি, এমোনি ফর্সিয়র, এমোনি এসিটেটিস, এমোনিসাইট্রেটিস, এণ্টিমনাই ক্লোরিডাই, আর্সিনিকেলিস, আর্সিনিসাই হাইড্রোক্লোরিকস, আর্সিনিসাই এট্‌হাইড্রারর্জাইরাই আইওডিডাই, এট্রোপাইনি সলফেটিস, বিসমথাই এট্ এমোনাই, সাইট্রেটিস, কেলসাই ক্লোরিডাই, কেলসিসি, কেলসিস ক্লোরিনেটি, কেলসিস, কেলসিস ক্লোরিনেটি, কেলসিস সেকোরেটম, কেলসি কনসেনট্রেটস কাউবুক, চিরেটি কনসেনট্রেটস, কসপেরাই কনসেন্ট্রেটস ফেরি এসিটেটিস, ফেরিএসিটেটিস ফর্সিয়র, ফেরি ডায়েলাইজেটস, ঈথাইল নাইট্রেটিস, ফেরি পারক্লোরিডাই, ফেরি পারক্লোরিডাই ফর্সিয়র ফেরি পারনাইট্রেটিস, ফেরি পারসলফেটিস, গটাপর্চ্চা, হাইড্রার্জাইরাই নাইট্রেটিস এসিডম, হাইড্রার্জাইরাই পারক্লোরিডাই. লিথি এফারভেসেন্স, মেগনেসি কার্ব্বনেটিস, মর্ফিনি হাইড্রোক্লোরেটিস, প্লম্বাই সব এসিটেটিস ফর্টিস, প্লম্বাই সব এসিটেটিস ডাইলিউটম, পটাসি, পটাসি পারমেনগেনেটিস, সোডি, সোডি ক্লোরিনেটি, সোডি এফারভেসেন্স, সোডি আর্সিনায়েটিস, সোডি ঈথাইলেটিস, ষ্ট্রিকনাইনি হাইড্রোক্লোরেটিস, জিনসাই ক্লোরিডাই। লাইকর ভেমেমেলেডিস, হাইড্রজিনাই পারক্লোরাই-

ডাই আইওডাই ফর্টিস, ক্রামেরিকনসেনট্রেটস, মেগনেসি কার্ব্বনেটাস, মর্ফিনি এসিটেটিস, মর্ফিনি হাইড্রোক্লোরেটিস, মর্ফিনি টার্টারেটিস, পেনক্রিয়েটিস, পাইসিস কার্ব্বনেটিস, কুয়াসি কনসেনট্রেটস, রিযাই কনসেনট্রেটস, মার্জি কনসেনট্রেটস, সেনেগি কনসেনট্রেটস, সেনিকন সেনট্রেটস, সপেন্টরি কনসেনট্রেটস, থাইরইডি, ট্রাইনাইট্রিনি।

১৩। লোসিও, Lotio লোসন, Lotions ধৌত।—ঔষধ দ্রব্যকে জলের সহিত মিলাইয়া ক্ষতাদি ধৌত করা হয়। লোসিও হাইড্রার্জাইরাই ফ্লেভা ও লোসিও হাইড্রার্জাইরাই নাইগ্রা এই দুইটী লোসন আছে।

১৪। মেল, Mel, হনি, Honey মধু।—মধুর সহিত ঔষধ দ্রব্য মর্দ্দন করিয়া মিলাইতে হয়। প্রয়োজনমত অন্য দ্রব্যও সংযুক্ত করা হয়। মেলবোরেসাই মাত্র ফার্ম্মাকোপিয়ায় প্রচলিত।

১৫। মিশ্চুরি, Misture মিকৃশ্চার, Mixtures মিশ্র। জলে অদ্রবনীয় ঔষধ দ্রব্যকে গঁদ, শর্করা প্রভৃতি দ্রবের সহিত জলেমর্দ্দন করিয়া ব্যবহার করা হয়। যে সকল ঔষধে আঠাল দ্রব্য থাকে তাহাদিগকে জলের সহিত মর্দ্দন করিলেই হয়। মিশচুরা গোয়েকম ও এমোনায়েকম গঁদযুক্ত দ্রব্য বলিয়া জলের সহিত মর্দ্দন করিলে মিকৃশ্চার হয়, মিসচুরা ক্রেমনি দুগ্ধ দিয়া প্রস্তুত হয়। এমোনায়েসাই, এমেগডেলি; ক্রিয়েজোটাই, ক্রিটি, ফেরিকম্পজিটা, গোয়েসাই, সেনি কম্পজিটা, ওলিয়াই রিসিনাই স্পিরিটাস ভাইনাই গেলিসাই। এই কয়টী মিকৃশ্চার আছে।

১৬। Mucilagines মিউসিলেজিনিস, মিউসিলেজ, Mucilages মণ্ড।—গঁদ, শ্বেতসার প্রভৃতি জলে সম্পূর্ণ বা আংশিক দ্রবনীয়

দ্রব শীতল বা স্ফুটীত জলে দ্রব করিলে মণ্ড প্রস্তুত হয়, জলে অদ্রবনীয় ঔষধ মণ্ডযোগে মিক্‌শ্চার করা যায়, বটীকা, চাক্তি প্রভৃতি প্রস্তুত করিতে ব্যবহার হয়, এভিন্ন প্রদাহিত ও উত্তেজিত মিউকস মেমব্রেণ প্রপ্রতির আবরকরূপে ব্যবহার হইয়া থাকে। একেসি, এমিলাই, ট্রগেকান্থ এই তিনটির মণ্ড আছে।

১৭। ওলিয়েটম, Oleatum ওলিয়েটম Oleate ওলিয়িক এসিড ও গ্লিশরিণ বেস তৈলের উপাদান, তৈল হইতে গ্লিশরিণ অন্তর করিলে ওলিইক এসিড প্রস্তুত হয়, ধাতু দ্রব্য এই অম্লে দ্রব করিয়া ওলিয়েট লবণ প্রস্তুত হয়, ইহারা মলমাদি বাহ্য প্রয়োগার্থে ব্যবহৃত হয়, সাধারণ মলম অপেক্ষা চর্ম্মপথে অধিক শোষিত হয় বলিয়া আদরনিয়। ওলিয়েটম হাইড্রার্জাইরাই ও ওলিয়েটম জিনসাই এই দুইটী ওলিয়েট আছে।

১৮। ওলিয়ম, Oleum অয়েল Oil তৈল উদ্ভিদ হইতে প্রস্তুত তৈল সচরাচর ঔষধার্থে ব্যবহার হয় কেবল কডলিভার অয়েল মৎস্য হইতে পাওয়া যায়। তৈল দুই প্রকার, স্থায়ী ও বায়ী বাদাম, জলপাই, এরেণ্ড প্রভৃতির তৈল অনাবৃত রাখিলে উড়িয়া যায়না ইহাদিগকে স্থায়ী তৈল বলে, কাজুপট, আতর, তার্পিণ প্রভৃতি অনাবৃত থাকিলে উড়িয়া যায়, এজন্য ইহাদিগকে বায়ী তৈল বলে। স্থায়ী তৈল সচরাচর ঘানীযন্ত্রের চাপে বীজ হইতে প্রস্তুত হয়। বায়ী তৈল, পুষ্প, পুষ্পিত শাখাগ্র, মঞ্জরি ও পত্র, জলের সহিত চুয়াইয়া প্রস্তুত হয়। বাদাম, জয়পাল, তিসি, কড-লিভার, জায়ফলের স্থায়ী তৈল, ফস্ফরেটম? জলপাই, এরেণ্ড, থিওব্রোমা, এই ৮টী স্থায়ী তৈল। এনিথি, এনিসি, এন্থিমিডস, কেজুপটি, কেরয়ে, কেরিও ফাইলাই, সিনামোমাই, কোপেবা,

কেড্ কোরিয়েণ্ডার কিউবেব, ইউকেলিপটস, জুনিপেরাই, লেভেনডিউলি, লিমনিস, মেস্থাপিপারেটা, মেস্থাভিরেডিস, মাইরসটিকা, পাইমেনটী, পাইনাই সিলভেসট্রিস, রোজমেরিনি, রিউ, সেবিনি সেণ্টালিনি, টেরিবিস্থি এই কয়টী বায়ী তৈল।

১৯। অক্সিমেল Oxymel অকজিমেল, সির্কাক্ত মধু। শির্কা ও মধু একত্র মিলাইয়া প্রস্তুত হয়। অকজিমেল ও অকজিমেলসিলি এই দুইটী মাত্র প্রচলিত।

২০। পাইলিউলা, Pilula পিল, Pill বটীকা। তীব্রগন্ধাস্বাদযুক্ত ঔষধ, জলে অদ্রবনীয় ও পাকস্থলিতে ক্রমেং দ্রব হওয়া বাঞ্ছনীয় হইলে ঔষধ বটীকাকারে ব্যবহার হয়, জৈষ্টমধু, গোলাপের খণ্ড, সাবান, গুড়, গ্লিশরিণ প্রভৃতি আঠাল মিষ্ট দ্রব্য যোগে বটীকা প্রস্তুত হয়, এলোজ বার্ব্বডেনসিস, এলোজ এট্ এসাফিটীডা, এলোজ এটফেরি, এলোজ এট মর্হি, এলোজ সকট্রাইনি, এসাফিটিডি কম্পজিটা, গেম্বজি কম্পজিটা, কলসিস্থডিস কম্পোজিটা কলসিস্থডিস এটহায়েসায়েমাই, কুইনাইনি সল্‌ফেটিস হাইড্রার্জাইরাই সবক্লোরিডাই কম্পজিটা, ইপিকাকুয়ানি কমসিলা, ফস্ফরাই, প্লম্বাইকম ওপিও, রিয়াইকম্পজিটা, সেপোনিস কম্পজিটা, স্কেমনাই কম্পজিটা, সিলি কম্পজিটা।

২১। পালভরিস, Pulveris পাউডার, Powder চূর্ণ—ঔষধ দ্রব্যকে চূর্ণকরিয়া, একাধিক চূর্ণ একত্র মিলাইয়া ফার্ম্মাকোপিয়ার পাউডারহয়। এমিগডেলি কম্পজিটা, এণ্টিমনিয়েলিস, কেটিকিউ কম্পজিটা, সিনেমোমাই কম্পজিটা, ক্রিটি এরোমেটিকম, ক্রিটি এরোমেটিক কমওপিও, ইলাটিরিনি কম্পজিটম, গ্লিশরাইজি কম্পজিটম, ইপিকাকুয়ানি কম্পজিটম, জালাপি কম্পজিটম, কাইনো

কম্পজিটম, ওপাই কম্পজিটম, রিয়াই কম্পজিটম, কেমনাই কম্পজিটম, সোডি টার্টারেটি, ট্রগেকান্থি কম্পজিটম এই ১৬টী পাউডার আছে।

২২। স্পিরিটস Spiritus স্পিরিট Spirit সুরাদ্রব। ঔষধ দ্রব্যকে সুরাতে দ্রব করিয়া বা সুরার সহিত চুয়াইয়া স্পিরিট প্রস্তুত হয়, ঈথরিস, ঈথরিস কম্পজিটম, ঈথরিস নাইট্রোসাই, এমোনি এরোমেটীকস, এমোনি ফিটীডস, আর্ম্মোরেসি কম্পজিটম, কাজুপটি, কেম্ফরি, ক্লোরোফর্ম্মাই, সিনেমোমাই, জুনিপেরাই লেভেণ্ডুইলি মেন্থিপ্রিপারেটি, মাইরিসষ্টিসি, রেক্টিফিকেটস রোজ-মেরিনি। এনিসি, ভাইনামগেলিসি।

২৩। সকস, Succus জুস, Juice রস। উদ্ভিদের সরস ফল, মূল, পত্র, বল্কল প্রভৃতি নিষ্পীড়নে রস বাহির করিয়া উহার তিন ভাগে ১ ভাগ রেক্টিফাইড (শোধিত) স্পিরিট মিলাইয়া ৭ দিনের পরে ছাকিলে ব্যবহার উপযোগী হয়। বেলেডনি, কোনাই, হায়েসায়েমাই, লিমোনিস, স্কোপেরাই, টেরাক্সেসাই, এই ৬টির সকস প্রচলিত।

২৪। সপজিটরিয়া, Suppositoria সপজিটরি, Suppository বটীকা বিশেষ। গুহ্যমধ্যে প্রয়োগজন্য এই প্রকারে ঔষধ ব্যবহার হয়। এসিডাই কার্ব্বলিসাই, এসিডাই টেনিসাই, বেলে-ডোনি, গ্লিশরিনাই আইডফর্ম্মাই, মর্ম্ফিনি, প্লম্বাই কম্পজিটা নামক সাতটী সপজিটরি প্রচলিত।

২৫। সিরপস, Syrupus সিরপ, Syrup শর্করাপাক (সিরা)। ঔষধ দ্রব্যকে শর্করা ও জলের সহিত মিলাইয়া শর্করা পাক প্রস্তুত করিলে অথবা শর্করা পাকের সহিত মিলাইলে সিরপ প্রস্তুত হয়।

বিস্বাদ দুর্গন্ধ ঔষধের গন্ধাস্বাদ দূর করিতে এবং ঔষধ দ্রব্যকে সংরক্ষা করিতে এই প্রকারে ঔষধ ব্যবহার হয়। শর্করা, অরেনসাই, অরেনসাই ফ্লোরিস, ক্লোরাল, ফেরি আইওডাই, ফেরি ফস্ফেটীস, হেমিডেসমাই, লিমনিস, রিয়াই, রিয়েডস, রোজি গেলিসি, সিলি, সেনি, টলুটেনা, জিঞ্জিবরিস, সিরপস এরোমেটীকস, কেলসাই লেকটো ফস্ফেটিস, কেসকেরি এরোমেটিকা কোডিনি, ফেরিফস্ফেটিসক কম্‌কুইনি এট্‌ষ্ট্রীকনি, গ্লুকোসাই, প্রুনাইভার্জিনিয়েনি সিরপ প্রচলিত।

২৬। Tinctura Tincture টীংচার অরিষ্ট, (আরক)। অনেক ঔষধের এই প্রয়োগরূপ আছে। ইহা দুই প্রকারে প্রস্তুত হয় ১ম পার্কোলেশন, বা আবদ্ধপাত্রে রাখিয়া ছাঁকিয়া লওয়া। ২য় মেসিরেশন-আবদ্ধ পাত্রে ১ সপ্তাহ কাল ভিজাইয়া ছাঁকিয়া লইতে হয়। পার্কোলেশন করিবার বিশেষ প্রকার যন্ত্র আছে তাহাকে পার্কোলেটার কহে।

Tinctures টিংচার।

The process of Percolation.

১। পার্কলেশনক্রিয়া—কঠিন দ্রব্যগুলিকে নির্দ্দেসিত পরিমাণ দ্রব্যকে আর্দ্র করিবে ঐ মিশ্রণ আবদ্ধপাত্রে ২৪ ঘণ্টা রাখিয়া দাও, পার্কোলেটারে প্যাক করিবে, দ্রব্য অনুসারে আলগাভাবে বা টাইটরূপে প্যাক করিবে, মধ্যে দ্রবকারক দ্রব্য যোগ করিবে, প্রত্যেকবারে এপরিমাণ দিবে যেন উপরে একস্তর থাকে, ক্রমে পার্কোলেট করিবে যে পর্য্যন্ত না ¾ অংশ দ্রাবক (এলকোহল) শেষ হয়। তরল দ্রব্য সমস্ত বাহির হইয়া গেলে অবসিষ্ট অংশ অন্তর কারিয়া চাপিবে, চাপদ্বারা লব্ধ দ্রব্যকে তখনি বা ২৪ ঘণ্টা

পর ফিল্টার করিবে, ফিল্টারকরা দ্রব্যকে পার্কোলেট করা দ্রব্যের সহিত মিলাইবে, পরে যথা প্রয়োজন দ্রাবক যোগ করিয়া নির্দ্দিষ্ট পরিমাণে পূর্ণ করিবে।

The process of Maceration.

২। মেসিরেসন প্রক্রিয়া। আবদ্ধপাত্রে ঔষধ দ্রব্যকে সমুদয় (সুরাপ্রকৃতিতে) Menstrum মধ্যে ৭ দিন ভিজাইয়া রাখিবে, ঘন২ নাড়িবে, ছাঁকিয়া, চাপিয়া লইবে, ছাকা দ্রব্যসহ সিংঙ্গলান বা চাপদ্বারা লব্ধ দ্রব্য মিলাইয়া, প্রয়োজন হইলে ফিল্টার করিবে। টিংচার প্রস্তুত জন্য সচরাচর একটী স্তম্ভাকৃতি (Cylendrical) কাচ বা মৃন্ময় পার্কোলেটার অধিকাংশ স্থলে ব্যবহারহয়। এইরূপ আকার হইবে যেন প্রস্তুত পরিমাণ অপেক্ষা উচ্চতা ও গুণ অধিক হয়। কনিকোল আকারের পার্কোলেটার ব্যবহার করিলে নীচের পরিমাণ উপরের পরিমাণে অর্দ্ধেক হইবে। আবশ্যক হইলে প্রথমে আবদ্ধ পার্কোলেটারে ২৪ ঘণ্টা ভিজাইয়া রাখিতে হয়। প্রয়োজন হইলে স্থিতান ফিল্ট্রেশন, বা উভয় প্রক্রিয়াদ্বারা শোধন করা যাইতে পারে।

টিংচার একোনিটাই, এলোজ, আর্নিকি এসাফিটিডি, অরেনসাই, বেলেডোনি, বেনজোয়েনি কম্পোজিটা, বকু, কলম্বি, কেম্ফরি কম্পজিটা, কেনাবিস ইণ্ডিকা, কেনথারিডিস, কেপসিসাই, কার্ডেমোমাই কম্পজিটা, কেসকেরিলি, কেটিকিউ চিরেটি, ক্লোরোফর্ম্মাই এট্ মর্ফিনি কম্পোজিটা, সিমিসিকিউগি, সিঙ্কোনি, সিঙ্কোনি কম্পোজিটা, সিনামোমাই কোকাই, কলচিসাই সিমিনম কোনাই ক্রোসাই, কিউবেবি, ডিজিটেলিস, আর্গটি এমোনিয়েটা, ফেরিপারক্লোরিডাই জেলসিমাই, জেনসিয়েনি কম্পজিটা, গোয়ে-

সাই এমোনিয়েটা, হেমেমিলিডিস হাইড্রাসটিস, হায়েসায়েমাই, আইওডাই, জেবরাণ্ডি, জেলাপি, কাইনো, ক্রামেরি লেভেণ্ডিউলি কম্পোজিটা, লিমোনিস, লোবিলি ঈথারিয়া, লুপুলাই মর্হি নিউ-সিস ভমিসি, ওপাই, ওপাই এমোনিয়েটা, পডোফাইলাই, প্রুনাই ভার্জিনিয়েনি, পাইরিথি, কুয়াসি কুইলেই, কুইনাইনি, কুইনাইনি এমোনিয়েটা, রিয়াই কম্পোজিটা, সিলি, সেনেগি, সেনি কম্পো-জিটা, সর্পেনটরি, ষ্ট্রেমোনাই, ষ্ট্রোফেন্থাই, সম্বল, টোলুটেনম, ভিলিরিয়েনি এমোনিয়েটা, জিঞ্জিবর।

২৬। ট্রোচিসকস, Trochiscus লোজেঞ্জস, Lozenges চাক্তি শর্করা, গঁদ, গঁদের মণ্ড প্রভৃতি আঠাল দ্রব্যের সহিত ঔষধদ্রব্য মিলাইয়া চাক্তি প্রস্তুত করা হয়। ঔষধ দ্রব্যের গন্ধাস্বাদ দূরকরা, উদরস্থ হইয়া ক্রমে২ দ্রব হওয়া অথবা গলদেশে কিম্বা মুখে ক্রমে২ দ্রব হইবে এরূপ বাঞ্ছনীয় হইলে এই আকারে ঔষধ ব্যবহার হয়।

Preparation with Simple Basis.

একটী লেজেঞ্জ জন্য যেপরিমাণ ঔষধ লইতে বলাহইয়াছে তাহার ৫০০ গুণ লইবে, ইহাকে ১৭৷৷০ আউন্স (৪৯৬ গ্রাম) রিফাইণ্ড সুগারচূর্ণ ও ৩০০ গ্রেণ (১৯৷৷০ গ্রাম) গম একেসিয়া চূর্ণ সহ উত্তমরূপ মিলিত করিয়া ১।০ তং আউন্স বা ৩৫৷৷০ কি, সে, মি মিউসিলেজ অফ্ গম একেসিয়া ও যথাবশ্যক ডিঃ ওয়াটার সহ, ঘন আঠাল দ্রব্য প্রস্তুত করিবে। ৫০০ খান লোজেঞ্জ বিভক্ত করিয়া হট্ এয়ার চেম্বারে শুষ্ক করিবে।

Preparation with Rose Basis.

যেপরিমাণ ঔষধ একটি লোজেঞ্জ জন্য লইতে বলা হইয়াছে

তাহার ৫০০ গুণ লইবে ইহা ১৭॥০ আউন্স অথবা ৪৯৬ গ্রাম রিফাইণ্ড সুগারচূর্ণ ও ৩০০ গ্রেণ বা ১৯॥০ গ্রাম গম একেসিয়া চূর্ণ সহ উত্তমরূপে মিলিত করিবে। ৫ তং ড্রাম মিউসিলেজ অফ্ গম একেসিয়া ও যথাবশ্যক গোলাপজল সহ একটি আঠাল দ্রব্য প্রস্তুত করিবে। উহাকে ৫০০ সমান লোজেঞ্জ বিভক্ত করিয়া হট্এয়ার চেম্বারে শুষ্ক করিবে।

লোজেঞ্জেস।

Preparation with fruit Basis.

একটি লোজেঞ্জ জন্য যে পরিমাণ ঔষধ লইতে বলা হইয়াছে তাহার ৫০০ গুণ পরিমাণ লইয়া ১৫॥০ আউন্স বা ৪৩৯॥০ গ্রাম রিফাইণ্ড সুগার চূর্ণ ৩০০ গ্রেণ বা ১৯॥০ গ্রাম গম একেসিয়া চূর্ণ সহ উত্তমরূপ মিলিত কর। ১।০ আউন্স ৩৫॥০ কি, সে, মিটার মিউসিলেজ অফ একেসিয়া এবং ২ আউন্স বা ৫৬৮০ গ্রাম সাধারণ (Commercial) ব্লাক করাণ্ট পেষ্ট বয়েলিং ডিষ্টিল্ড ওয়াটারে কোমল করিয়া উত্তমরূপে একত্র মিলিত করিয়া আঠাল দ্রব্য করিবে, প্রয়োজন হইলে আরও ডিঃ ওয়াটার যোগ করিবে। উহাকে ৫০০ সমান লোজেঞ্জ বিভক্ত করিয়া, উষ্ণ এয়ার চেম্বারে শুষ্ক করিবে।

Preparation with Tola Basis.

যেপরিমাণ ঔষধ একটি লোজেঞ্জ জন্য লইতে বলা হইয়াছে তাহার ৫০০ গুণ লইবে। যে এলকেলয়েডের লবণ লইতে বলা হইয়াছে তাহা ৩ তং ড্রাম বা ১০॥০ কি, সে, মি ডিষ্টিল্ড ওয়াটারে দ্রবকর উহাকে ১৭০ আউন্স (বা ১৮২ গ্রাম) রিফাইণ্ড সুগারচূর্ণ ও ৩০০ গ্রেণ (বা ১৯॥০ গ্রাম) গম একেসিয়াচূর্ণ সহ মিলাইবে।

এই মিশ্র সহ অন্য যে কোন ঔষধ মিলাইতে বলা হইয়াছে তাহা ও ৩ তং ড্রাম (বা ১০।। কি, সে মি) টিংচার অফ্ বালসাম অফ্ টোলু মিলাইবে। ১০ আউন্স (বা ৩৫।।০ কি, সে, মি) মিউসিলেজ অফ্ একেসিয়া ও যথাবশ্যক। ডিষ্টিল্ড্ ওয়াটার সহ মিলাইয়া ৫০০ সমান লোজেঞ্জ প্রস্তুত করিবে। হট্ এয়ার চেম্বারে শুষ্ক করিবে।

ট্রচিসকস এসিডাই বেনজোয়েসাই এসিডাই কার্ব্বলিসাই, এসিডাই টেনিসাই, বিসমথাই কম্পজিটস, কেটিকিউ, ইউকেলিপটাই গমাই ট্রচিসকস কেরি বিডাকটাই, গেয়েসাই রেজিনি, ইপিকাকাকুয়ানহি, ক্রামেরি, ক্রামেরি এট্ কোকেনি মর্ফিনি, মর্ফিনি এট্ ইপিকাকুয়ানি, পটাসি ক্লোরেটিস, সেন্টোনিনাই, সোডি বাইকার্ব্বনেটিস সলফিউরিক।

৩৩। ট্যাবেলী Tabellæ ট্যাবলেট্স Tablets চাক্তি বিশেষ ঔষধ যুক্ত করিয়া ব্যবহার হয়, ফার্ম্মাকোপিয়ার টেবিলি ট্রাইনাইট্রিনি আছে।

অঙ্গুয়েণ্টম, Unguentum অয়েণ্টমেণ্ট, Ointment মলম। মলম সকল বাহ্য প্রয়োগ হয়। মোম, মেদ, তৈল, পেরাফিন প্রভৃতি দ্রব্যের সহিত ঔষধ দ্রব্য মিলাইয়া মলম প্রস্তুত হয়। এসিডাই বোরিসাই, এসিডাই কার্ব্বলিসাই এসিডাই সেলিসিলিসাই, একোনিটীনি, একোয়ারোজি এট্রোপিনি, বেলেডোনি, কেপসিসাই, কোকেইনি। কোনিয়াই কেনথারিডিস, সিটেসিয়াই, ক্রাইসরোবাইনাই, ক্রিয়েজোটাই, ইউকেলিপটাই, গেলি, গেলিকমওপিও, গ্লিশরিনি প্লম্বাই সবএসিটেটিস হেমেমেলিডিস হাইড্রারর্জাইরাই, হাইড্রর্জাইরাই এমোনিয়েটী, হাইড্রারর্জাইরাই কম্প

জিটম, হাইড্রারজাইরাই আইওডিডাই রুব্রাই, হাইড্রারজাইরাই নাইট্রেটিস, হাইড্রারজাইরাই নাইট্রেটিস ডাইলিউটম, হাইড্রারজাইরাই অক্সিডাই, রুব্রাই, হাইড্রারজাইরাই সবক্লোরিডাই আইওডাই, আইওডোফর্ম্মাই, পেরাফিনি, পাইসিস লিকুইডি, প্লম্বাই এসিটেটিস, প্লাম্বাই কার্ব্বনেটিস, প্লাম্বাই আইওডিডাই, পটাসি আইওডিডাই, রেজিনি সেবিনি, সিম্পেলেক্স, ষ্টেফিগ্রেসি সলফিউরিস, সলফিউরিস আইওডিডাই, টেরিবিন্থিনি, ভিরাট্রিনি, জিনসাই, জিনসাই ওলিয়েটাই নামক ৪৪টি মলম প্রচলিত।

৩৪। ভাইনম, Vinum ওয়াইন wine আসব। সেরি কিম্বা অরেঞ্জ ওয়াইন মধ্যে ঔষধ দ্রব্যকে ৭দিন ভিজাইয়া ছাকিয়া লইলে ভাইনম প্রস্তুত হয়। এন্টিমনিয়েলিস, অরেনসাই কলচিসাই ফেরি, ফেরিসাইট্রেটিস, ইপিকাকুয়ানি, কুইনাইন এই সাতটি ভাইনম আছে।

ভারতবর্ষের জন্য যে সকল প্রয়োগরূপ পরিবর্ত্তে ব্যবহার হয়।

Adeps Induratus এডেপ্স ইনডিউরেটস।

লার্ডে চাপদিয়া ইহার কিয়দংশ তৈল অন্তর করা। তাপাধিক্য জন্য যে সকল দেশে লার্ড গলিয়া অতিশয় তরল হয় তথায় ইহা ব্যবহার হয়।

Aquae, Olei, Anethi, Anesi, Carui, Cinnamomi, Feniculi, Menthœpiparata, Menthœ Veredis, Pimenta.

একোয়া, ওলিয়াই, এনিথি, এনিসি, কেরুই, সিনেমোমাই, ফেনিকিউলি, মেন্থাপিপারেটা, মেন্থা ভিরিডস, পাইমেনটা।

বিশেষ প্রকার জলের জন্য বিশেষ প্রকার তৈল উহার ওজনের দ্বিগুণ পরিমাণ কেলসিয়ম ফস্ফেট ও ৫০০০আয়তন ডিষ্টিল্ট

ওয়াটার সহ মর্দ্দন করিয়া ফিল্টার করিয়া প্রস্তুত হয়। ভারতবর্ষ প্রভৃতি উষ্ণদেশে এই উপকরণে প্রস্তুত একোয়া, ফার্ম্মাকোপিয়ায় উক্ত বিশেষ২ একোয়ার পরিবর্ত্তে ব্যবহার হইতে পারিবে।

Extracta Lequida এক্সট্রাক্টা লিকুইডা যে কোন লিকুইড এক্সট্রাক্টের ।॰ ভাগ ওজনের কম (৯॰ পারসেণ্ট) এলকোহল থাকে তাহাতে ।৵ ভাগ দেওয়া যাইতে পারে।

Lemonis Cortex Siccatus লিমনিস কর্টেক্স সিকেটস।

ভারতবর্ষ প্রভৃতি যথায় সদ্য লিমনপিল দুষ্প্রাপ্য তথায় শুষ্ক লিমনপিল কম্পাউণ্ড ইনফিউশন অফ্ অরেঞ্জপিল কম্পাউণ্ড ইনফিউশন অফ্ জেনসিয়েন সিরাপ অফ্ লিমন এবং টিংচার অফ্ লিমন প্রস্তুত হয়।

Suppositoria সপজিটোরিয়া ভারবর্ষ প্রভৃতি উষ্ণদেশ জন্য অয়েল অফ্ থিওব্রোমার পরিবর্ত্তে শ্বেতবর্ণ বীজ ওয়াক্স সমরিমাণ বা ন্যূনাধিক ব্যবহার করাযাইতে পারে।

Syrupus Rhorados সিরপস রিয়েডস, ৯॰ পারসেণ্ট এলকোহল পরিমাণ বৃদ্ধি করাযাইতে পারে কিন্তু ২ই গুণ অপেক্ষা বৃদ্ধিকরা উচিত নহে। ঐ পরিমাণ জল কম করিবে।

Unguenta অঙ্গুয়েণ্টা ইনডুরেটেড লার্ড, প্রিপেয়ার্ড সুয়েট ইওলো বীজওয়াক্স বা হয়াইট বীজওয়াক্স অয়েণ্টমেণ্ট প্রস্তুত করিতে ব্যবহার করাযাইতে পারে।

যেসকল ঔষধ ও প্রয়োগরূপ ১৮৯৮ সনের ফার্ম্মাকোপিয়ায় নূতন গৃহিত হইয়াছে (১৮৮৫ ও ১৮৯০ সনের ফার্ম্মাকোপিয়ায় ছিলনা) তাহাদের নাম।

এয়ারোবা
অয়েলসাই কর্টেক্স রিসেন্স
বেন্জোল।
বিসমথ সলিসিলাস
ক্যাফিনিসাইট্রাস এফার্ভেসেন্স
কাউচুক
কার্ব্বনিস বাই সলফাইডম
কোকেইনা
কোডিনি ফসফাস
এক্সট্রাক্টম বেলেডোনি লিকুইডম
এক্সট্রাক্টম ইপিকাকুয়ানি ,,
এক্সট্রাক্টম জেবরাণ্ডি লিকুইডম
এক্সট্রাক্টম নিউসিস ভমিসি ,,
এক্সট্রাক্টম ষ্ট্রোফেনথাই
গ্লিশরিনম এসিডাই বোরিসাই
গ্লিশরিনম পেপসিনি
হাইড্রারজাইরাই ওলিয়াস
হাইওসিন হাইড্রো ব্রোমাইডম
হায়েসায়েমাই সলফাস।
ইনফিউশন স্কোপেরাই।
কেওলিনম।

লেমিলি হোমেট্রপাইনি।
লাইকর কলম্বি কনসেনট্রেটস।
লাইকর কাউচুক।
লাইকর চিরেটা কনসেনট্রেটস।
লাইকর কস্পেরি কন্সেনট্রেটস।
লাইকর ঈথাইলি নাইট্রেটিস।
লাইকর হেমেমেলিডিস।
লাইকর হাইড্রজিনাই পেরক্সাইডাই।
লাইকর ক্রামেরি কনসেনট্রেটস।
লাইকর মর্ফিনি টার্টেটিস।
লাইকর পেনক্রিয়েটিস।
লাইকর পাইসিস কার্ব্বনিস।
লাইকর কুয়াসি কন্সেনট্রেটস।
লাইকর রিয়াই ,,
লাইকর সার্জি কম্পোজিটস ,,
লাইকর সেনেগি ,,
লাইকর সেনি ,,
লাইকর সর্পেন্টরি ,,
লাইকর থাইরয়ডিয়াই
লিথি সাইট্রাস এফার্ভেসেন্স

মর্ফাইনি টার্ট্রাস
নেপথোল
ওলিয়ম পাইনাই
ওলিয়ম রোজি
পেরাফিনম লিকুইডম
পাইজস্টীগমাইনি সল্‌ফাস্‌
পাইলুলা কুয়াইনি সল্‌ফেটীস
পিকস্‌ কার্ব্বনিস প্রিপারেটা
প্রুনাই ভার্জ্জিনি কর্টেক্স
কুইলেই কর্টেক্স
কুইনাইনি হাইড্রো ক্লোরাইডম
এসিডম
সেলোল
স্পিরিটস এনিসি
ষ্ট্রীকনাইনি হাইড্রোক্লোরাইডম
সপজিটোরিয়া এসিডাই কার্ব্ব-
লিসাই।
সপজিটোরিয়া বেলেডোনি।
সিরপস্‌ এরোমেটিকস।
সিরপস কেলসাই লেকটো
ফস্ফেটিস।
সিরপস কেসকেরি এরোমেটীকস্‌
সিরপস কোডিনি।
সিরপস ফেরি ফস্ফেটিস কম্‌
কুইনিনা এট্‌ ষ্ট্রীকনিনা।
সিরপস গ্লুকোসাই।
সিরপস্‌ প্রুনাই ভার্জিনিয়েনি।
টেরিবিনাম।
থাইমোফেডিয়ম সিক্কম।
টিংচুরা আর্গটী এমোনিয়েটা।
টিংচুরা প্রুনাই ভার্জ্জিনিয়েনি।
টিংচুরা কুইলেই।
ট্রোচিসকস এসিডাই কার্ব্বলিসাই
,, ইউকেলিপ্টাইগমাই।
,, গোয়েসাই রেজিনি.
,, ক্রামেরি।
,, ,, এট্‌ কোকেনি
অঙ্গুয়েন্টম একুইরোজী।
,, কেপসিসাই।
,, কোকেইনি।
,, হাইড্রারজাইরাই
ওলিয়েটীস।
,, হাইড্রারজাইরাই
অক্সিডিফ্লেভি।
,, পেরাফিনি।

১৮৮৫ ও ১৮৯০ সনের ফার্ম্মাকোপিয়ায় যেসকল ঔষধ ১৮৯৮ সনের ফার্ম্মাকোপিয়ায় পরিত্যক্ত হইয়াছে তাহাদের নাম।

এসিটম	কেটাপ্লাজমা কার্ব্বনিস
এসিডম লেকটীকম ডাইলিউটম	কেটাপ্লাজমা কোনাই
এসিডম নিকনিকম	কেটাপ্লাজমা ফার্ম্মেন্টাই
একোনিটাই ফোলিয়া	কেটাপ্লাজমা লিনাই
এলকোহল এমাইলিকম	কেটাপ্লাজমা সিনাপিস
এমোনাই নাইট্রাস	কেটাপ্লাজমা সোডি ক্লেরিনেটী।
ব্যবহার—ক্রনিক ডায়রিয়া ও ডিসেণ্ট্রি, বিবিধ রক্তস্রাব। স্থানিক ইহার টিংচার জল মিশ্র করিয়া বা ইন্‌ফিউশন দন্তমাড়ির শিথিলতা ও রক্তস্রাবে ইহার চূর্ণ বা কুল্লি, সোর থ্রোট, লিকোরিয়া, প্রলাপ্‌সস্‌ এনাই।

লিনেসি শ্রেণী Linaceæ.

লিনম — লিনসিড, তিসী।
Linum. — Linseed.

লিমন ইউসিটেটিসিমম (কমন লিনসিড বা ফ্লাক্স) বৃক্ষের শুষ্ক পক্ক বীজ। ইংলণ্ড দেশে জন্মে।

লিনম কণ্টিউশম, — ক্রাশড্‌ লিনসিড।
Linum Contusum, — Crushed Linseed.

তিসীর মোটা চূর্ণ। সদ্য প্রস্তুত করা আবশ্যক।

গরম জলের সহিত মিলিত করিলে তীব্র বা পচা গন্ধ নির্গত হওয়া উচিত নহে।

ওলিয়ম লিনাই, লিনসিড অয়েল।
Olium Lini. Linseed Oil.

সাধারণ উত্তাপে লিনসিড "এক্সপ্রেসন" চাপ বা পীড়ণ দ্বারা তৈল প্রস্তুত হয়।

ব্যবহার—ইনফিউশন লিনসিড টি, সর্দ্দি মুত্রাশয় ও মূত্রনালীর পীড় ডায়েরিয়া, ডিসেণ্টি, পুল্টিশ স্নিগ্ধ কারক প্রদাহ নাশক—ব্যবহার—স্ফোটক প্রদাহ ও পূজযুক্ত স্থান—তৈল স্নিগ্ধ কারক, পোড়া ঘায়ে লাগাণ যায়। অথচ চূনের জলের সহিত মিলাইয়া লাগান যায়।

মালভেসি শ্রেণী Malvaceæ.

গসিপিয়ম, কটন, কার্পাস তুলা।
Gossypium, Cotton, Cotton wool.

নামান্তর—Cotton wool কটন উল।

গসিপিয়ম বার্বেডেন্স ও এই শ্রেণীস্থ অন্যান্য বৃক্ষের বীজের উপরিস্থিত লোমবৎ সাদা পদার্থ বা তুলা, মেদময় পদার্থ ও অন্যান্য ময়লা পৃথক করিয়া শোধিত তুলা ব্যবহার হয়। ক্রিয়া আবরক।

ব্যবহার—দগ্ধস্থান, ইরিসিপেলাস, গাউট পীড়াক্রান্ত সন্ধি-স্থান।

প্রয়োগরূপ।

পাইরক্সি লিনম, পাইরক্সিলিন গনকটন।
Pyroxylinum. Pyroxylin Gun cotton.

কটন ১ আউন্স ১০ গ্রাম

সলফিউরিক এসিড	৫ তং আউন্স	৫০ কি, সে, মি
নাইট্রিক এসিড	৫ তং "	৫০ "
ডিষ্টিল্ড ওয়াটার		যথাবশ্যক।

পর্সিলেন মর্টারে এসিডদ্বয় মিলিত করিবে, কটন উক্তমিশ্রণে মগ্ন করিয়া উত্তমরূপে আর্দ্র হইলে, গ্লাশরড্ দিয়া ৩ মিনিট নাড়িবে। এসিড অন্তর হওয়া পর্য্যন্ত ডিষ্টিল্ড ওয়াটারে ধৌত করিবে, ফিল্টারিং কাগজে রাখিয়া জল নির্গত হইতে দিবে ওয়াটারবাথে শুষ্ক করিবে।

গণ্ কটন ঔষধে ব্যবহার হয় না, ইহা হইতে প্রস্তুত কলোডিয়ম, ব্যবহৃত হয়।

কলোডিয়ম — কলোডিয়ন।

Collodium, — Collodion,

পাইরক্সিলিন	১ আউন্স	১০ গ্রাম
ঈথর	৩৬ তং আউন্স	৩৬০ কি, সে, মি
এলকোহল ৯০ পার্সেণ্ট	১২ তং আউন্স	১২০ কি, সে, মি

ঈথর, এলকোহল একত্র মিলাইয়া পাইরক্সিলিন যোগ করিবে, কয়েকদিন স্থিরভাবে রাখিয়া উপরের নির্ম্মল অংশ ঢালিয়া লইয়া আবদ্ধ পাত্রে রাখিবে।

কলোডিয়ম ফ্লেক্সাইল। ফ্লেক্সিবল কলোডিয়ন।

Collodium Flexile. Flexible Collodion.

কলোডিয়ম	১২ তং আউন্স	৪৮০ কি, সে, মি
কেনেডা টর্পেণ্টাইন	৷৷০ আউন্স	২০ গ্রাম
কেষ্টর অয়েল	৷০ আউন্স	১০ গ্রাম

মিলিত করিয়া আবদ্ধ পাত্রে রাখিবে।

ক্রিয়া আবরক, রক্ত রোধক। সাধারণ কলোডিয়নের ন্যায় ইহার স্তর ফাটেনা।

ব্যবহার কাটাঘা, প্রদাহ, ইরিসিপেলাস, চর্ম্মরোগ, বসন্ত জলৌকা দংষ্ট স্থানে রক্তপাত, চুচুকবিদারন ইত্যাদি।

কলডিয়ন ভেসিকেন্স। ব্লিষ্টারিং কলোডিয়ন।
Collodium Vesicons. Blistering Collodion.

ব্লিষ্টারিংলিকুইড ২০ তং আউন্স		২০০ কি, সে, মি
পাইরক্সিলিন	৷৹ আউন্স	৫ গ্রাম

ছিপারযুক্ত বোতলে পাইরক্সিলিন রাখিয়া তাহাতে গনকটন যোগকরিবে, এবং যেপর্য্যন্ত নাদ্রবহয় নাড়িতে থাকিবে।

ক্রিয়া—ফোস্কাকারক, উগ্রতাসাধক।

ব্যবহার—ফোস্কাউৎপাদন জন্য ব্যবহার হয়। ইহা ব্যবহার করিলে শীঘ্র শুষ্ক হইয়া যায় ও যতদূর লাগানযায় কেবল সেই স্থানেই ফোস্কাহয়। তাহারবাহিরে যায়না, এই দুইটী বিষয়ে ইহা অন্যান্য প্রকার ফোস্কাকারক অপেক্ষা শ্রেষ্ট।

অরেন সিয়েসি শ্রেণী Aurantiaceæ.

তিক্ত কমলালেবুর ফুল ও ফলের সদ্য ও শুষ্কত্বক ঔষধে ব্যবহার হয়।

অরেনসাই কর্টেক্স সিকেটস, ড্রায়েড বিটার অরেঞ্জ পীল।

Aurantie cortex Siccatus. Dried Bitter Orange Peel,

নামান্তর—অরানসাই পেরিকার্পিয়ন। বিটার অরেঞ্জ (সাই-ট্রস অরেনসিয়ম বিগারেডিয়া) নামক তিক্তনেবুর ফলের শুষ্কত্বক। এই ত্বকের তৈলকে অয়েল অফ্ নিরোলাই কহে। বৃক্ষ ইউরোপের দক্ষিণ ভাগ ও স্পেন প্রভৃতি দেশে জন্মে।

অরেনসাই কর্টেক্স রিসেন্স, ফ্রেস বিটার অরেঞ্জ পিল
Aurantie Cortex Recence. Fresh Bitter orange Peel.

সাইট্রস অরেনসিয়ম নামক লেবুর ফলের সদ্য ত্বকের বাহিরের অংশ।

ইনফিউশম অরেনসাই, ইনফিউশন অফ্ অরেঞ্জ পীল

ড্রায়েড বিটার অরেঞ্জপীল ১ আউন্স ৫০ গ্রাম

বয়েলিং ডিষ্টিল্ডওয়াটার ১ পাইণ্ট ১০০০ কি, সে, মি

আবৃতপাত্রে ১৫ মিনিট ভিজাইয়া ছাকিয়া লইবে।

মাত্রা ॥০—১ তং আউন্স।

ইনফিউশন অরেণসাই কম্পজিটম। কম্পাউণ্ড ইনফিউশন অফ্ অরেঞ্জ পিল।

ড্রায়েডবিটার অরেঞ্জপীল ক্ষুদ্র২ কাটা ॥০ আউন্স ২৫ গ্রাম

ফ্রেসলিমনপিল ক্ষুদ্র২ কাটা ।০ „ ১২.৫ গ্রাম

বয়েলিং ডিষ্টিল্ডওয়াটার ১ পাইণ্ট ১০০০ কি, সে, মি

আবৃত পাত্রে ১৫ মিনিট ভিজাইয়া ছাকিয়া লইবে।

মাত্রা ॥০—১ তং আউন্স।

সিরপ অরেণসাই। সিরপ অফ্ অরেঞ্জ।

টিংচার অফ্ অরেঞ্জ ১ তং আউন্স ৩০ কি, সে, মি

সিরপ ৭ তং আউন্স ২১০ কি, সে, মি

মিলিত করিবে।

মাত্রা ॥০—১ তং ড্রাম।

টিংচুরা অরেণসাই। টিংচার অফ্ অরেঞ্জ পীল।

ফ্রেসবিটার অরেঞ্জপীল ক্ষুদ্র২ খণ্ডে কাটা ৫ আউন্স ২৫০ গ্রাম

এলকোহল ৯০ পার্সেণ্ট ১ পাইণ্ট ১০০০ কি, সে, মি মেসিরেশনদ্বারা প্রস্তুত করিবে।

মাত্রা ॥০—১ ড্রাম।

ভাইনম অরেনসাই শর্করাযুক্ত দ্রব্য ফ্রেসবিটার অরেঞ্জপীল সংযোগ করত ফর্ম্মেণ্টেশনকরিয়া প্রস্তুত হয়।

অরেঞ্জ ফ্লাওয়ার হইতে প্রস্তুত ঔষধ।

একোয়া অরেন সাই ফ্লোরিস, অরেঞ্জ ফ্লাওয়ার ওয়াটার।

Aqua Aurantie floris. Orange flower water.

সাইট্রস অরেনসিয়ম, বিটার অরেঞ্জ ট্রিরফুল ডিষ্টিল করিয়া অরেঞ্জ ফ্লাওয়ার ওয়াটার অফ্ কমার্স প্রস্তুত হয়।

অরেঞ্জ ফ্লাওয়ার ওয়াটার অফ্ কমার্শ সেচুরেটেড এসেন্সি অয়েল অফ্ দি ফ্রেস ফ্লাওয়ার।

সলিউশন অফ্ অরেঞ্জ। এই জল ব্যবহার করিবার পূর্ব্বে ইহার দুইগুণ আয়তন ডিষ্টিল্ডওয়াটার সহ ডাইলিউট করিবে।

সিরপস অরেনসাই ফ্লোরিস। সিরপ অফ্ অরেঞ্জ ফ্লাওয়ার।

Syrupus Aurantie floris. Syrup of orange flower.

অনডাইলিউটেড্ অরেঞ্জ ফ্লাওয়ার ওয়াটার অফ্ কমার্শ ৮ তং আউন্স ১০০ কি, সে, মি

রিফাইণ্ডসুগার ৩ পাউণ্ড ৬০০ গ্রাম,

ডিষ্টিল্ডওয়াটার বয়েলিং যথাপ্রয়োজন।

১৬ তং আউন্স (২০০ কি, সে, মি) বয়েলিং ডিষ্টিল্ডওয়া-

টারে রিফাইণ্ড সুগার যোগকরিবে দ্রবহওয়াপর্য্যন্ত উষ্ণ করিবে অনন্তাইলিউটেড অরেঞ্জ ফ্লাওয়ার ওয়াটার যোগ করিবে।

সদ্য ফুটান ডিষ্টিল্ডওয়াটার যোগে পরিমাণ ৪।০ পাউণ্ড (বা ৯০০ গ্রাম) করিবে। মাত্রা ॥০—১ ড্রাম।

ক্রিয়া—ত্বক সুগন্ধ, তিক্ত, আমাশয়, Aromatic, Bitter, Stomachie, পুষ্প কেবল সুগন্ধ।

অজীর্ণ রোগে ত্বকের প্রয়োগরূপ অন্যান্য ঔষধ সহ ব্যবহার হয়। কুইনাইনের তিক্তস্বাদ ইহার যোগে, অনেক কম হয়।

লিমোনিস কর্টেক্স, লিমন পিল।

Limonis Cortex. Lemon Peel.

লেবুর ফলের ত্বক, ফলের রস ও ফলেরত্বর হইতে প্রস্তুত তৈল ঔষধার্থে ব্যবহার হয়।

সাইট্রস লিমনম নামক ফলের ত্বকের বাহিরের সদ্য অংশ ইউরোপের দক্ষিণ অংশে জন্মে।

সিরপস লিমনিস। সিরপ অফ্ লিমন

ফ্রেসলিমনপিল পাতলাখণ্ড	১ আউন্স	২০ গ্রাম
এলকোহল ৯০ পার্সেণ্ট	যথাবশ্যক	
লিমনজুস ২৫ তৎ আউন্স	৫০০ কি, সে, মি	
রিফাইণ্ড সুগার ৩৮ আউন্স	৭৬০ গ্রাম	

১॥০ আউন্স (৩০ কি, সে, মি) এলকোহলে লিমনপিল ৭ দিন মেসিরেট করিবে, চাপদিয়া ফিল্টার করিবে, যথাবশ্যক এলকোহল যোগে ২ তৎ আউন্স (৪০ কি, সে, মি) লিমনজুস স্থির রাখিয়া সব্সাই ডেন্সদ্বারা শোধিত (ক্লারিফাইড) মৃদুতাপে

উহাতে শর্করা দ্রব করিবে। প্রস্তুত সিরপ শীতল হইলে উহার সহিত ২ তং আউন্স (৪০ কি, সে, মি) এলকোহলিক লিকুইড যোগ করিবে, প্রস্তুত দ্রব্য ৪ পাউণ্ড ১ আউন্স বা দেড়শত গ্রাম হইবে। মাত্রা ॥০—১ ড্রাম।

টিংচুরা লিমোনিস। টিংচার অফ্ লিমন।

Tinctura Limonis. Tincture of Lemon.

ফ্রেসলিমনপিল ক্ষুদ্রভাগে কর্ত্তিত ৫ আউন্স ২৫০ গ্রাম
এলকোহল ৯০ পার্সেণ্ট ১ পাইণ্ট ১০০০ কি, সে. মি
মেসিরেশনদ্বারা প্রস্তুত করিবে।

মাত্রা ॥০—১ তং ড্রাম।

রিয়েডস পেটালা। রেড্ পপী পেটালস।

Rhorados Petala. Red poppy Petals.

রেড্ বা করণপপির সদ্য পুষ্পদল। ইংলণ্ডদেশে জন্মে।

প্রঃ। সিরপসরিয়েডস। সিরপ অফরেডপপি।

রেডপপি পেটালস ১৩ আউন্স ২৬০ গ্রাম
রিফাইণ্ড সুগর ২।০ পাউণ্ড ৭২০ গ্রাম
এলকোহল ৯০ পার্সেণ্ট ২॥০ তং আউন্স ৫০ কি, সে, মি
ডিষ্টিলওয়াটার যথাবশ্যক।

১ পাইণ্ট বা ৪০০ কি, সে, মি ডিষ্টিল্ড ওয়াটার ওয়াটারবাথে উষ্ণ করিয়া উহাতে ক্রমেং পুষ্পদলগুলি যোগকরিবে ঘনং নাড়িবে পরে তাপ হইতে অন্তর করিয়া পাপড়িগুলি ১২ ঘণ্টা ভিজিতে দিবে চাপদিয়া সমুদয় তরল অংশ অন্তর করিয়া ছাঁকিবে উহাতে শর্করা যোগকরিবে তাপে দ্রব করিবে, প্রায় সম্পূর্ণ

শীতল হইলে এলকোহল যোগকরিবে ডিষ্টিল্ডওয়াটার যোগে সমুদয় ওজন মোট ৩ পাউণ্ড দশআউন্স বা ১১৬০গ্রাম করিবে।

মাত্রা ।৹—১ ড্রাম।

ক্রিয়া—অতিসামান্য অহিফেনের ন্যায়, মস্তিষ্ক উত্তেজক, মাদক আক্ষেপনিবারক ও ক্রিয়া অনিশ্চিত, ইহা প্রধানতঃ রঙ্গেরজন্য ব্যবহার হয়।

ক্রুসিফেরি বা ব্রেসিকেশি শ্রেণী।

সিনাপিস এলবি সেমিনা। হোয়াইট মাষ্টার্ড। শ্বেত সর্ষপ রাই সর্ষপ।

Sinapis Albæ Semina. White mustard Seed.

সিনাপিস এলবার (ব্রাসিকাএলবা) পক্ক শুষ্কবীজ, ব্রিটন দেশে জন্মে।

সিনাপিস নাইগ্রাসেমিনা। ব্লাক মাষ্টার্ড সিড।

Sinapis Nigra Semina. Black mustard Seed.

সিনাপিসনাইগ্রা (ব্রেসিকানাইগ্রা) বৃক্ষের শুষ্কপক্কবীজ, ব্রিটনদেশে জন্মে।

সিনাপিস। মাষ্টার্ড সর্ষপ।

Sinapis. Mustard.

পক্কশুষ্ক কৃষ্ণ ও শ্বেতসর্ষপচূর্ণ একত্রে মিলিত।

ওলিয়ম সিনাপিস ভলেটাইলি। ভলেটাইল অয়েল অফ্ মাষ্টার্ড।

Olium Sinapis Volatile. Volatile Oil of Mustard.

জলে মেসিরেশন করিয়া ব্লাকমাষ্টার্ড সিডস চুয়াইয়া প্রস্তুত হয়।

বর্ণহীন বা পাতলা পীতবর্ণ অতিউগ্র গন্ধাস্বাদ বিশিষ্ট চর্ম্মে লাগালে তৎক্ষণাৎ ফোস্কাহয়।

কার্টা সিনাপিস। মাষ্টার্ড পেপার।

Charta Sinapis. Mustard paper.

ব্লাক ও হুয়াইট মাষ্টার্ড সিডস সমানওজন।

বেঞ্জোল }
সলিউশন অফ ইণ্ডিয়ারবার } প্রত্যেক যথাবশ্যক।

মাষ্টার্ড সিডস চূর্ণ করিয়া, বেনজোল যোগে পর্কোলেশন করিয়া উহার ফিকসর্ড অয়েল অন্তর করিবে, অবশিষ্ট অংশ উষ্ণবাষ্পে বায়ুতে রাখিয়া শুষ্ক করিবে ৬০ নং পাউডার করিবে। ৭৫ গ্রেণ (বা ৫ গ্রাম) উক্ত প্রকারে শোধিত মাষ্টার্ড ৫ তং ড্রাম (বা ১৮ কি, সে, মি) সলিউশন অফ ইণ্ডিয়া রবারসহিত মিশ্রিত করিবে। (৩০ স্কোয়ারইঞ্চি) বা (২ স্কোয়ার ডেসিমিটার) লম্বা কর্ট্রিজপেপারের একপৃষ্ঠায় উপযুক্ত ব্রশদিয়া মাখাইয়া দাও। বায়ুতে শুষ্ক করিয়া লও।

লেনিমেণ্টম সিনাপিস। লিনিমেণ্ট অফ মাষ্টার্ড।

Lenimentum Senapis. Liniment of Mustard.

ভলেটাইল অয়েল অফ মাষ্টার্ড	১/০ তং ড্রাম	২ কি, সে, মি
কেম্ফর	১২০ গ্রেণ	৩ গ্রাম।
কেষ্টর অয়েল	৫ তং ড্রাম	৭ কি, সে, মি
এলকোহল	৯০ পার্সেণ্ট ৪ তং আং	৪০ কি, সে, মি

কেম্ফর এলকোহলে দ্রবকরিয়া, অয়েল অফ মাষ্টার্ড ও কেষ্টর অয়েল যোগকরিবে। মিশ্রিতকর।

ক্রিয়া—প্রবল উত্তেজক, বমনকারক, আগ্নেয়। পাওয়ার ফুলষ্টিমুলেন্ট, এমেটিক, ষ্টমাকিক।

স্থানিক—প্রবল উগ্রতা সাধক ও ফোস্কাকারক।

পাউয়ারফুল রুবিফেসিয়েণ্ট, ভেসিকেণ্ট।

ব্যবহার—মাদক দ্রব্যদ্বারা বিষাক্ত, বমনজন্য তরকারি ইত্যাদিতে আগ্নের জন্য।

স্থানিক—সিরস ও মিউকস মেমব্রেনের সামান্য প্রদাহে প্রত্যু-গ্রতা সাধনজন্য নিকটস্থ অঙ্গে প্রয়োগ করাযায়। যথা ব্রঙ্কাইটিস ও প্লুরিসি রোগে বক্ষেরউপর পলস্ত্রা বা লিনিমেণ্ট ব্যবহার। আভ্যন্তরিক রক্তাধিক্য, নিউরেলজিয়া, স্পেজম, বেদনা, অবসন্নাবস্থা, বাথরূপেও প্রত্যুগ্রতা সাধনজন্য ব্যবহার হয়।

বমনজন্য মাত্রা ১—৪ ড্রাম। অল্পজলের সহিত সেব্য।

আর্মোরেসি রেডিক্স। হর্স রেডিস রুট।

Armoraceæ Radix. Horse radish Root.

ককলিয়েরিয়া আর্ম্মরেসিয়া বৃক্ষের সদ্য মূল। ইউরোপের সর্ব্বত্রজন্মে, ব্রিটনদেশে হয়। একোনাইট মূলের সহিত ভ্রম হয়।

স্পিরিটস আর্ম্মরেসী কম্পজিটস। কম্পাউণ্ড স্পিরিট অফ্ হর্সরেডিস।

হর্সরেডিসরুট (ত্বকশুষ্ক)	৫ আং ১২৫ গ্রাম।
বিটার অরেঞ্জপীল শুষ্ক ও উত্তমরূপ কুট্টিত	৫ আং ১২৫ গ্রাম।
নটমেগ পাউডার	৫৫ গ্রেণ ৩.৯৫ গ্রাম।
এলকোহল ৯০ পার্সেণ্ট	১০ পাইণ্ট ৬২৫ কি, সে, মি

ডিষ্টিল্ড ওয়াটার ১॥০ পাইণ্ট ৭৫০ কি, সে, মি

মিলিত করিয়া ২ পাইণ্ট (১০০০ কি, সে, মি) ডিষ্টিল করিবে।

মাত্রা ১—২ তং ড্রাম।

ক্রিয়া—ঘর্ম্মকারক, মূত্রকারক, আগ্নেয়,

স্থানিক উত্তেজক, উগ্রতাসাধক, লালনিঃসারক।

ব্যবহার—শর্ষপেরন্যায়, মসলারূপে সদা অবস্থায় ব্যবহার হয়, অজীর্ণ বাত শোথ, স্থানিক স্বরভঙ্গ।

পলিগেলেসি শ্রেণী। Polygalaceæ.

সেনিগি রেডিক্স। সেনিগা রুট।
Senegæ Radix. Senega Root.

পলিগেলা সেনেগানামক ক্ষুদ্র২ বৃক্ষের মূল, আমেরিকার ইউনাইটেডষ্টেটে জন্মে। (চূর্ণের মাত্রা ২০—৬০ গ্রেণ)

ইনফিউসন সেনিগি। ইনফিউসন অফ্ সেনাগা।

সেনেগারুট ১০ নং চূর্ণ ১ আং ৫০ গ্রাম

বয়েলিং ডিষ্টিল্ডওয়াটার ১ পাইণ্ট ১০০ কি, সে, মি

আবৃতপাত্রে অর্দ্ধঘণ্টা ভিজাইরা, ছাঁকিবে।

মাত্রা ॥০—১ তং আউন্স।

টিংচুরা সেনেগি। টিংচার অফ্ সেনেগা।

সেনেগারুট ৪০ নং পাউডার ৪ আউন্স ২০০ গ্রাম।

এলকোহল ৬০ পার্সেণ্ট যথাবশ্যক।

৪ তং আউন্স (বা ২০০ কি, সে, মি) এলকোহলে সেনেগা-পাউডার আর্দ্রকরিবে, পর্কোলেট করিয়া লব্ধটিংচারের পরিমাণ একপাইণ্ট (১০০০ কি, সে, মি) পূর্ণ করিবে।

মাত্রা ॥০—১ তং ড্রাম।

ক্রিয়া—উত্তেজক, কফঃনিঃসারক, ঘর্ম্মকারক, রক্তনিঃসারক কদাচ মূত্রকারক

ব্যবহার—ক্রনিক নিউমোনিয়া, এস্থিনিক ও ক্রনিক ব্রঙ্কাইটিস ক্রুপ, হুপিংকফ, ডিস্‌মেনোরিয়া, হার্টডিজিজ।

লাইকর সেনিগি কন্‌সেনট্রেটস। কন্‌সেনট্রেটেড সলিউসন অফ্ সেনেগা।

সেনেগারুট ২০ নং পাউডার ১০ আং ৫০০ গ্রাম।

২০ পার্সেণ্ট এল্‌কোহলের ২ ভাগ এবং ৪৫ পার্সেণ্ট এলকোহলের একভাগ মিশ্রণ ২৫ তং আং ১২৫০ কিউবিকসেণ্টিমিটার বা যথাবশ্যক।

৪ তং আউন্স বা ১০০ কি. সে. মি এলকোহল মিশ্রণে সেনেগা আর্দ্র করিবে, আবদ্ধ পর্কোলেটারে প্যাককরিবে, ক্রি এলকোহল মিশ্রণ ১০ সমানভাগে বিভক্ত করিয়া ১২ ঘণ্টা ব্যবধানে পর্কোলেট করিবে। মিশ্র এলকোহল্ যোগে ১ পাইণ্ট (১০০০ কি, সে, মি) পূর্ণ করিবে। মাত্রা ৷৷০—১ তং ড্রাম।

ওলিয়ম লিমনিস। অয়েল অফ্ লেমন। জম্বীরের-বায়ী তৈল।

Oleum Limonis. Oil of Lemon.

ফ্রেস লিমন পিল হইতে তৈল প্রস্তুত হয়। সিলি দেশ হইতে আমদানী হইয়া থাকে। মাত্রা ৷০—৩ মিনিম।

প্রঃ। লিনিমেণ্টম পটাসি আইওডাইড কম্‌সেপোনে।

স্পিরিটস এমোনি এরোমাট।

সক্কস লিমনিস। লেমনজুস।

Succus Lemonis. Lemon juice.

সাইট্রস লিমনম (মেডিকা) নামক বৃক্ষের পক্ব ফলের রস। ১ ডং আউন্সে ৩০—৪০ গ্রেণ (১০০ কি, সে, মিটারে ৭—৯ গ্রাম)। মাত্রা ১—৪ ড্রাম ও তদূর্দ্ধ।

প্রঃ। সিরপস লিমনম।

ক্রিয়া—লিমনপীল বাতন্বিরত্তক সুগন্ধ ও আগ্নেয়। (এরোমাটিক, ষ্টমাকিক)

বায়ী তৈল—উত্তেজক, বায়ু নাশক (ষ্টিমুলেণ্ট, কার্ম্মিনেটিভ)

স্থানিক—উত্তেজক,উগ্রতাসাধক (ষ্টিমুলেণ্ট, রুবি ফেসিয়েণ্ট)

জুস—শৈত্য কারক, স্কার্ভি নাশক। রিফ্রিজরেণ্ট এণ্টিস্কার্বিউটিক)।

ব্যবহার—লিমন জুস, সাইট্রিক এসিডের পরিবর্ত্তে উচ্ছলন পানীয় প্রস্তুত করিতে ব্যবহার হইতে পারে। ১ আউন্সে ৩৬—৪৬ গ্রেণ সাইট্রিক এসিডের তুল্য এভিন্ন ইহা স্কার্ভি, বাত ও জ্বর রোগে ব্যবহার্য্য।

বিটনিরিয়েসি শ্রেণী।

ওলিয়ম থিওব্রোমেটিস। অয়েল অফ্ থিওব্রোমা।

Oliuin Theobromati. Oil of theobroma.

নামান্তর—কেকোবট্টর। Cacao Butter.

থিওব্রোমা কাকেওর বীজচূর্ণ হইতে চাপ ও তাপ দ্বারা প্রস্তুত সংযত স্থায়ী তৈল, পীতাক্ত শ্বেতবর্ণ কঠিন। ৮৫াং তাপে কোমল হয় ৮৮—৯১ ফাং তাপে দ্রব হয়।

এই বৃক্ষ ওয়েষ্ট ইণ্ডিজ ও দক্ষিণ আমেরিকায় জন্মে।

প্র: সপজিটরিয়া এসিডাইটেনিসাই।

" আইওডফর্ম্মাই

" মর্ফিনী

" প্লাম্বাই কম্পজিটা

ক্রিয়া—স্নিগ্ধ কারক, পোষক।

ব্যবহার—ইহার ভৌতিক গুণ জন্ম অর্থাৎ সাধারণ বায়ুর তাপে কঠিন কিন্তু দেহের তাপে দ্রব হয়। এই গুণ জন্ম অধিকাংশ সপজিটরি ও পেসারি প্রস্তুত করিতে ব্যবহার হয়।

ইরিথ্রক্সিলেসি।

কোকেই ফোলিয়া। কোকালিভস।

Cocae Folia. Coca leaves.

ইরিথ্রক্সিলন কোকা নামক বৃক্ষের শুষ্ক পত্র, দক্ষিণ আমেরিকায় জন্মে। মাত্রা ॥০—২ ড্রাম।

Extractum cocai Liquidum. Liquid extract of Coca.

কোকালিভস ২০ নং চূর্ণ ২০ আউন্স ১০০০ গ্রাম

এলকোহল ৯০ পার্সেন্ট যথাপ্রয়োজন।

২ পাইন্ট (২০০০ কি, সে, মি,) এলকোহল সহিত কোকালিভস মিলাইয়া, আবৃত পাত্রে ৪৮ ঘণ্টা ভিজাইবে, পরে পর্কোলেটার যন্ত্রে রাখিয়া তরল দ্রব্য সমুদায় নির্গত হইয়া গেলে নূতন এলকোহল যোগে পার্কোলেশন করিতে থাকিবে যে পর্য্যন্ত না কোকা সার হীন হয়। প্রথমবার ১৫ আউন্স ৭৫০ কি,

সে, মি, তরল দ্রব্য পৃথক রাখিয়া, অবশিষ্ট অংশকে জলাস্বেদন যন্ত্রে সফট একস্ট্রাক্ট মত ঘন করিয়া ১৫ আউন্স তরল দ্রব্য যোগ করিবে এবং এলকোহল যোগে পরিমাণ—১ পাইন্ট (১০০০ কি, সে, মি, পূর্ণ করিবে।

ক্রিয়া—ইহার পত্র চর্ব্বণ করিলে প্রবল পোষক, উত্তেজক এবং সম্ভবতঃ মাদক (পাওয়ারফুলরেষ্টোরেটিভ, ষ্টিমুলেণ্ট এণ্ড নার্কটিক। মাত্রা ।০—১ ড্রাম।

ব্যবহার—দক্ষিণ আমেরিকার অধিবাসীরা, ইহা খাইয়া অনাহারে শ্রম করিয়া ক্লিষ্ট হয় না।

কোকেইনা Cocaina কোকেইন Cocaine কোকালিভস্ হইতে প্রস্তুত একপ্রকার এল্‌কেলয়েড।

কোকেইনি হাইড্রোক্লোরিডম। হাইড্রোক্লোরাইড অফ্ কোকেইন।

এসিড সংযুক্ত এলকোহলিক একষ্ট্রাক্ট অফ কোকে কার্ব্বনেট অব্ সোডিয়মযোগে ক্ষারাক্তকরতঃ ঈথার সহিত সঞ্চালন করিবে, ঈথারযুক্ত তরল অংশ পৃথক করিয়া ঈথার চুয়াইয়া ফেলিলে যে দ্রব্য অবশিষ্ট থাকে, তাহাকে অম্লাক্ত জল সহিত মিলাইয়া কার্ব্বনেট অব্ সোডা যোগে পুনরায় ক্ষারাক্তকরতঃ ঈথার যোগ করিবে, ঈথারযুক্ত তরল দ্রব্য পৃথক করিয়া ঈথার চুয়াইয়া লইবে, যথাপদ্ধতি বর্ণহীন করতঃ হাইড্রোক্লোরিক এসিড যোগে লবণাকার করিয়া দানা বান্ধিয়া বিশুদ্ধ করিলেই প্রস্তুত হয়।

দানাময় শুষ্ক চূর্ণ প্রায় বর্ণহীন, জল, এলকোহল ও ঈথারে সহজে দ্রব হয়। জলীয় দ্রাবনের আস্বাদ তিক্ত, জিহ্বায় দিলে

ঝিন্‌ঝিন্‌ বোধ হইয়া ঐ স্থান অবশ হয়, চক্ষে দিলে কণীনিকা প্রসারিত হয় ও কনজংটাইভা ও কার্নিয়ার স্পর্শানুভবতা খর্ব্ব বা লোপ হয়। মাত্রা ⅛—½ গ্রেণ।

প্রয়োগরূপ—লেমেলি কোকেইনি। ডিস্ক অব্ কোকেইন।

কিছু গ্লিশরিণযুক্ত জিলাটিনের ডিস্ক প্রত্যেক ওজনে প্রায় এক গ্রেণের ৩০ (২·১৭ মিলি গ্রাম) ভাগের এক ভাগ এবং এক গ্রেণের পঞ্চাশ ভাগের ১ ভাগ (১·৩ মিলি গ্রাম) হাইড্রোক্লোরেট অব্ কোকেইন সংযুক্ত।

ক্রিয়া—স্থানিক—স্পর্শহারক। চক্ষের কনিনীকা প্রসারক।

কোকেইন উপাক্ষার—দৈহিক তাপ বৃদ্ধি করে, নাড়ীচঞ্চল, শ্বাসপ্রশ্বাস দ্রুত করে।

ব্যবহার—স্থানিক স্পর্শহরণ জন্য আজকাল চক্ষুরোগে ইহা অধিক ব্যবহৃত হইতেছে, হাইড্রোক্লোরেট অব্ কোকেইনের জলীয় দ্রব জিহ্বায় দিলে ঝিন্‌ঝিন্‌ বোধ হইয়া ঐ স্থান অবশ হয়, চক্ষে দিলে অতি শীঘ্র কনজংটাইভার স্পর্শ বোধ অন্তরিত হয়, পরে কণীনিকা প্রসারিত ও দৃষ্টি বৈষম্য উৎপন্ন হয়। সিম্‌পেথিটিক নার্ভের পরিধিস্থ অন্ত বা পেরিফেরাল অন্তে ক্রিয়া প্রকাশ করিয়া ঐ প্রকার অবস্থা উৎপন্ন করে। শতকরা ১০ ভাগ জলীয় দ্রাবণ শ্লৈষ্মিক ঝিল্লিতে প্রয়োগে বা শতকরা ৪ ভাগ দ্রাবণ সব্‌কিউটে নিয়াস ইনজেক্সনে ও উক্ত প্রকার স্থানিক স্পর্শহরণ গুণ প্রকাশ পায়। চক্ষের মাইনর অপারেশন বিশেষতঃ টিরিজিয়ম নামক ভাসকিউলার গ্রোথ কর্ত্তন ও কেটারেক্ট অপারেশন করিতে এই দ্রব্য বিশেষ উপযোগী এবং আজকাল এই কার্য্যে ইহা অতি বিস্তীর্ণ ভাবে ব্যবহৃত হইতেছে। এই দ্রব্য-

ব্যবহারে দেখিতেহ কনজংটাইভার স্পর্শবোধ লোপ হয়, এই অবস্থায় অপারেশন করিলে রোগীর কিছুমাত্র কষ্ট হয় না। চক্ষে প্রয়োগ জন্য ইহার লেমিলিকনজংটাইভার প্রয়োগ করা হইয়া থাকে। লোষন করিতে ৫ গ্রেণ ১ ড্রাম ডিষ্টিল্ড বয়েলিং ওয়াটারে দ্রব করিয়া লইবে।

কোকা ওয়াইন অর্থাৎ ওয়াইন অব্ কোকা বৃদ্ধ ব্যক্তিদিগকে দেওয়াহয়। ইহা স্নায়বীয় বলকারক।

প্রয়োগরূপ।

ইনজেকশিও কোকেইনী হাইপোডার্ম্মিকা। হাইপোডার্ম্মিক ইনজেকশন অফ্ কোকেইন।

হাইড্রোক্লোরাইড অফ্ কোকেইন	৩৩ গ্রেণ ১ গ্রাম।
স্যালিসিলিক এসিড	।।০ গ্রেণ ·০১৫ গ্রাম।
ডিষ্টিল্ডওয়াটার যথা প্রয়োজন	৬ ড্রাম ১০ কি, সে, মি বা যথাপ্রয়োজন।

জল ফুটাইয়া উহাতে স্যালিসিলিক এসিড পরে কোকেইন হাইড্রোক্লোরাইড যোগ করিবে, শীতল হইলে, যদি প্রয়োজন হয় সদ্য ফুটাইয়া শীতলকরা ডিষ্টিল্ড জল সংযোগে ৬ ড্রাম বা ১০ কি, সে, মি পূর্ণ করিবে। ১১০ মিনিমে ১০ গুণ কোকেইন হাইড্রোক্লোরাইড ১০০ কি, সে, মি ১০ গ্রাম।

অঙ্গুয়েণ্টম কোকেনি। কোকেইন অয়েণ্ট মেণ্ট।

কোকেইন	২০ গ্রেণ ১ গ্রাম।
ওলিইক এসিড	৮০ গ্রেণ ৪ গ্রাম।
লার্ড	৪০০ গ্রেণ ২০ গ্রাম।

ওলিইক এসিড সহ কোকেইন মৰ্দ্দন করিয়া, মিশ্রণ ঈষৎ উষ্ণ করিবে যেপর্য্যন্ত না দ্রবহয়, লার্ড যোগকরিয়া মিশ্রিত করিবে।

কাফিনা, কাফিইন, কাওয়া।

কাফিনা। Caffeina. কাফিইন। Caffeine.

নামান্তর—থিইন। Theine.

ইহা একপ্রকার উপক্ষার, সচরাচর কেমিলিয়া থিয়া নামক বৃক্ষের শুষ্ক পত্র (চা) অথবা কাফিয়া আরেবিকা নামক বৃক্ষের বীজ (কাওয়া) হইতে প্রাপ্ত হওয়া যায়।

উক্ত পত্র বা বীজের জলীয় ইনফিউজন ঘনকরতঃ উহার কষায় ও বর্ণ দ্রব্য পৃথক করিয়া অবশিষ্ট অংশ হইতে প্রস্তুত হয়।

গন্ধহীন, বর্ণহীন, দানাময়, ৮০ ভাগ শীতল জলে দ্রবণীয় স্বাবণ ঈষৎ তিক্তাস্বাদ, ক্লোরোফরম, রেক্টিফাইড স্পিরিট ও উষ্ণ জলে দ্রব হয়। মাত্রা ১—৫ গ্রেণ।

প্রয়োগরূপ—কাফিনি সাইট্রাস। কেফাইন সাইট্রেট্।

সাইট্রিক এসিড ও কাফিইনের মৃদু যৌগিক পদার্থ।

কাফিইন	১ আউন্স	২০ গ্রাম।
সাইট্রিক এসিড	১ আউন্স	২০ গ্রাম।
ডিষ্টিল্ড ওয়াটার	২ আউন্স	৪০ কি, সে, মি

সাইট্রিক এসিড জলে দ্রব করিয়া উহাকে উষ্ণ করতঃ উহার মধ্যে কাফিইন দ্রব করিবে, জলস্বেদন যন্ত্রের তাপে শুষ্ক করিবে, তাপ প্রয়োগকালে বিশেষতঃ যত ঘন হইতে থাকে অনবরত নাড়িবে, শেষে সূক্ষ্ম চূর্ণ করিয়া লইবে।

শ্বেতবর্ণ, গন্ধহীন চূর্ণ, ঈষৎ অম্ল ও তিক্তাস্বাদযুক্ত।

মাত্রা ২—১০ গ্রেণ।

কাফেইনি সাইট্রাস এফারভেসেন্স। এফারভেসেণ্ট কাফিইন সাইট্রেট।

সোডিয়ম বাইকার্ব্বনেট পাউডার	৫১ আউন্স	৫১০ গ্রাম
টারটারিক এসিড পাউডার	২৭ আউন্স	২৭০ গ্রাম
সাইট্রিক এসিড পাউডার	১৮ আউন্স	১০০ গ্রাম
রিফাইণ্ড সুগার পাউডার	১৪ আউন্স	১৪০ গ্রাম
কাফিইন সাইট্রেট	৪ আউন্স	৪০ গ্রাম

কাফিইন সাইট্রেট, টারটারিক এসিড ও সাইট্রিক এসিড মিশ্রিত করিবে। ইহার সহিত সোডিয়ম বাইকার্ব্বনেট ও শর্করা মিশ্রণ উত্তমরূপ মিলিত করিবে, একটী উপযুক্ত ডিস বা পাত্র ২০০—২২০ ফা (৯৩.৩ এবং ১০৪.৪ সে) উষ্ণ করিয়া উহাতে রাখিবে। যখন মিশ্রণ সাবধানে নাড়িয়া দিলে দানাকার ধারন করিবে, উপযুক্ত চালনি দ্বারা সমআয়তন দানাসকল পৃথক করিবে। এবং উহাদিগকে ১৩০ ফা (৫৪.৪ সে) অনধিক তাপে শুষ্ক করিবে, প্রস্তুত দ্রব্য ওজনে প্রায় ১০০ আউন্স (বা ১০০০ গ্রাম হইবে)। মাত্রা ৬০—১২০ গ্রেন।

ক্রিয়া—কাফিইন ও সাইট্রেট অব্ কাফিইন মূত্রকারক।—স্নায়বিয় বলকারক।

ব্যবহার—কার্ডিয়েক ড্রপ্সি. (ক্রনিক ব্রাইটস্ ডিজিজসংযুক্ত ড্রপ্সিতেউপকার হয় না এবং অভ্যাস দ্বারাও গুণ খর্ব্ব হয়) এতদ্ভিন্ন নানাপ্রকার শীরোপীড়া, টিকডলরু, হেমিক্রেনিয়া এবং নিউরালজিয়া।

পূর্ণমাত্রায় সেবনে বমন ও বমন ইচ্ছা হয় এজন্য অল্পমাত্রায় পুনঃ২ ব্যবহার কর্ত্তব্য।

গটিফেরি শ্রেণী। Gutteferoe.

কেম্বজিয়া, গেম্বোজ।

Cambogia. Gamboge.

গার্সিনিয়া হেনবুরাই নামক বৃক্ষ হইতে প্রাপ্ত গঁদ ও ধুনা-যুক্ত রস। শ্যামদেশ হইতে আমদানি হয়। চীনদেশে ও লঙ্কা-দ্বীপে জন্মে। মাত্রা ॥০—২ গ্রেণ।

পাইলিউলা কেম্বোজিয়া কম্পোজিটা, কম্পাউণ্ড পিল অফ্ গেম্বোজ।

গেম্বোজপাউডার	১ আউন্স	২৫ গ্রাম।
বার্ব্বেডোজ এলোজ পাউডার	১ আউন্স	২৫ গ্রাম।
কম্পাউণ্ড পাউডার অফ্ সিনেমন	১ আউন্স	২৫ গ্রাম।
হার্ডসোপ পাউডার	২ আউন্স	৫০ গ্রাম।
সিরপ অফ্ গ্লুকোজ	১ আউন্স	২৫ গ্রাম বা

যথাপ্রয়োজন মিলিত করিয়া একত্র করিবে। মাত্রা ৪—৮ গ্রেণ।

ক্রিয়া—অতিবিরেচক, জলবৎ পাতলা ভেদহয়।

ড্রাষ্টিক এণ্ড হাইড্রোগগপর্গেটিভ।

কখনং পেটে বেদনা ও বমন হয় কখন মূত্রকারক।

ব্যবহার—বিরেচন জন্য ড্রপ্সি ও মস্তিষ্কের পীড়া। টেপ ওয়ারম।

জাইগো ফিলেসী শ্রেণী।

গোয়েসাই লিগনম। গোয়েকম উড।

Guaiaci Lignum. Guaecum wood.

(Lignum Vitæ)

গোয়েকম অফিসিনেল নামক বৃক্ষের কাষ্ঠের ভিতরের অংশ জামেকা ও সেণ্ট ডোমিঙ্গোদেশে জন্মে।

গোয়েসাই রেজিনা। গোয়েকম রেজিন।

Guaeaci Resina. Guaeacum Resin

গোয়েকম অফিসিনেল ও গোয়েকম সেক্টম নামক বৃক্ষ হইতে স্বভাবতঃ নিস্থত বা কর্ত্তন কিম্বা তাপদ্বারা প্রাপ্ত রজন।

মাত্রা ৫—১৫ গ্রেণ।

মিসচুরা গোয়েসাই। গোয়েকম মিকশ্চার।

গোয়েকম রেজিন	॥০ আউন্স	১০ গ্রাম
রিফাইণ্ড সুগার	॥০ আউন্স	১০ গ্রাম
ট্রেগেকান্থ পাউডার	৩৫ গ্রেণ	১০ গ্রাম
সিনেমন ওয়াটার	১ পাইণ্ট	৪০০ কি, সে, মি

গোয়েকম রেজিন, সুগার ও ট্রেগেকান্থ সহিত মর্দ্দন করিয়া ক্রমে২ সিনেমন ওয়াটার যোগকরিবে। মাত্রা ॥০—১ তৎআউন্স।

টিংচুরা গোয়েসাই এমোনিয়েটা। এমোনিয়েটেড টিংচার অফ্ গোয়েকম।

গোয়েকম রেজিন পাউডার	৪ আউন্স	২০০ গ্রাম
অয়েল অফ্ নটমেগ্	৩০ মিনিম	৩·১ কি, সে মি
অয়েল অফ্ লিমন	২০ মিনিম	২·০১ কি, সে, মি

ষ্ট্রং সলিউসন অফ্ এমোনিয়া ১।০ তং আউন্স ৭৫ কি,সে,মি
এলকোহল (৯০ পার্সেণ্ট) যথাবশ্যক।

ষ্ট্রং সলিউসন অফ্ এমোনিয়া ১৬ তং আউন্স ৭৫ কি,সে,মি এলকোহল মিলিত করিবে, গোয়েকম রেজিন যোগ করিবে। আবদ্ধ পাত্রে ৪৮ ঘণ্টা রাখিবে। ঘন২ নাড়িবে ফিল্টার করিয়া অয়েল অফ্ লিমন ও অয়েল অফ্ নট্‌মেগ, দ্রব করিবে, যথাবশ্যক এলকোহল ফিল্টার মধ্য দিয়া চালাইয়া এক পাইণ্ট, এক সহস্র কি, সে, মি পূর্ণ করিবে। মাত্রা ॥০—১ তং ড্রাম।

ট্রচিসকস গোয়েসাই রেজিন। গোয়েকম রেজিন লোজেঞ্জ।

গোয়েকম রেজিন ৩ গ্রেণ ০·১৯৪৪ গ্রাম

ফ্রুটবেসিস সহ মিলাইয়া একটী লোজেঞ্জ প্রস্তুত করিবে।

ক্রিয়া—উত্তেজক, ঘর্ম্মকারক, পরিবর্ত্তক, রজঃ নিঃসারক (ষ্টিমুলেণ্ট, ডায়েফোরেটিক, অল্টারেটিভ, এমিনেগগ)।

ব্যবহার—ক্রনিক রিউমাটিজম ক্রনিকগাউট, সিফিলিটিক পেরিঅষ্টিয়েসিস্ ব্যাধি চর্ম্ম রোগ কষ্ট রজঃ।

বুকু ফোলিয়া। বুকু লিভস।
Buchu Folia. Buchu leaves.

বেরোসমা, বিটুলিনা, বেরোসমা ক্রিমুলোটা ও বোরোসমা সিরটি ফোলিয়া নামক বৃক্ষের শুষ্ক পত্র। কেপ্ অফ্ গুড্ হোপ হইতে আমদানী হয়।

প্রঃ ইনফিউশন বুকু। ইনফিউশন অফ্ বুকু

বুকুলিভস সদ্য স্ফুটিত	১ আউন্স	৫০ গ্রাম
ডিষ্টিল্ড ওয়াটার বয়েলিং	১ পাইণ্ট	১০০০ কি, সে, মি

আবৃত পাত্রে ১৫ মিনিট ভিজাইয়া ছাঁকিয়া লইবে।

মাত্রা ১—২ তং আউন্স।

টিংচুরা বুকু। টিংচার অফ্ বুকু।

বুকুলিভস্ ২০ নং চূর্ণ ৪ আউন্স ২০০ গ্রাম
এলকোহল ৬০ পার্সেণ্ট যথাবশ্যক।

৪তং আউন্স (২০০ কি, সে, মি) এলকোহলে পত্র চূর্ণ আর্দ্র করিবে, পর্কোলেশন করিবে, প্রস্তুত টিংচার মাপে ১ পাইণ্ট বা ১০০০ কি, সে, মি হইবে। মাত্রা ॥০—১তং ড্রাম।

ক্রিয়া—মৃদু আগ্নেয়, বলকারক মূত্রযন্ত্রের শ্লৈষ্মিক ঝিল্লির উগ্রতা হারক, মূত্রকারক। ব্যবহার—গনরিয়া, সিষ্টাইটিস, ডিস্যুরিয়া।

কস্পেরিয়াই কর্টেক্স। কস্পেরিয়া বার্ক।

Cuspareæ Cortex. Cusparia Bark.

গেলিপিয়া কস্পেরিয়া বৃক্ষের বল্কল, দক্ষিণ আমেরিকায় জন্মে।

প্রঃ। ইন্‌ফিউশন কস্পেরি। ইনফিউশন অফ্ কস্পেরিয়া।

কস্পেরিয়া বার্ক ২০ নং চূর্ণ ১০ আউন্স ৫০ গ্রাম
ডিষ্টিল্ড ওয়াটার বয়েলিং ১ পাইণ্ট ১০০০ কি, সে, মি
আবৃত পাত্রে ১৫ মিনিট ভিজাইয়া ছাকিয়া লইবে।

মাত্রা ১—২ আউন্স।

লাইকর কস্পেরি কন্সেনট্রেটস। কন্সেনট্রেটেড সলিউশন অফ্ কস্পেরিয়া।

কস্পেরিয়া বার্ক ৪০ নং চূর্ণ ১০ আউন্স ৫০০ গ্রাম
এলকোহল ২০ পার্সেণ্ট ২৫ তং আউন্স ১২৫০ কি, সে, মি
বা যথাবিশ্যক।

৫ তং আউন্স (২৫০ কি, সে, মি) এলকোহলে কস্পেরিয়া আর্দ্র করিবে, আবদ্ধ পর্কোলেটারে প্যাক করিবে তিন দিবস রাখিয়া দিবে, অবশিষ্ট এলকোহল দশ সমভাগে বিভক্ত করিয়া ১২ ঘণ্টান্তর যোগ করিয়া পর্কোলেট করিবে, আরও এলকোহল যোগে যে পর্য্যন্ত না এক পাইণ্ট (১০০০ কি, সে, মি) পূর্ণ হয় পর্কোলেট করিবে। মাত্রা ॥০—১ তং ড্রাম।

ক্রিয়া—সুগন্ধ, আগ্নেয়, পর্য্যায় নিবারক।

ব্যবহার—ডিসপেপসিয়া, ডায়েরিয়া, ডিসেণ্ট্রি, রোগান্ত দৌর্ব্বল্য।

জেবরাণ্ডি ফোলিয়া। জেবরাণ্ডি লিভস।

Jaborandi Folia. Jaborandi Leaves.

পিলকার্পাস জেবরাণ্ডি নামক বৃক্ষের শুষ্ক ক্ষুদ্র পত্র, ব্রেজিল দেশ হইতে আমদানী হয়। (পত্র চূর্ণের মাত্রা ৫—৬০ গ্রেণ)

এক্সট্রাক্টম জেবরাণ্ডি লিকুইডম। লিকুইড এক্সট্রাক্ট অফ্ জেবরাণ্ডি।

জেবরাণ্ডিলিভস্ ২০ নং চূর্ণ ২০ আউন্স ১০০০ গ্রাম
এলকোহল ৪৫ পার্সেণ্ট বা যথাপ্রয়োজন।

১০ তং আউন্স (৫০০ কি, সে, মি) এলকোহল জেবরাণ্ডি

পাউডার আর্দ্র করিবে, আর্দ্র চূর্ণ পর্কোলেটারে প্যাক করিবে ১২ ঘণ্টা রাখিয়া দিবে, পরে পর্কোলেট করিয়া ১৭ আউন্স সংগ্রহ করিবে, ডিষ্টিল করিয়া এলকোহল অন্তর করিবে অবশিষ্ট জলিয় দ্রব শুষ্ক করিয়া, সফ্ট এক্সট্রাক্টবৎ করিবে উহাতে পূর্ব্বোক্ত স্বতন্ত্র রক্ষিত পর্কোলেট যোগ করিবে যথাপ্রয়োজন এলকোহল যোগে ২০ তৎ আউন্স পূর্ণ করিবে। মাত্রা ৫—১৫ মিনিম।

টিংচুরা জেবরাণ্ডি। টিংচার অফ্ জেবরাণ্ডি।

জেবরাণ্ডি লিভস ৪০ নং পাউডার ৪ আউন্স ২০০ গ্রাম
এলকোহল ৪৫ পার্সেণ্ট বা যথাবশ্যক।

২॥০ তৎ আউন্স (১২৫ কি, সে, মি) এলকোহলে জেবরাণ্ডি পাউডার আর্দ্র করিবে, পর্কোলেশন ক্রিয়া সমাধা করিবে। প্রস্তুত টিংচার ১ পাইণ্ট ১০০০ কি, সে, মি পরিমাণ হইবে। মাত্রা ॥০—১ তৎ ড্রাম।

পাইলোকার্পিনি নাইট্রাস। পাইলোকাপাইন নাইট্রেট

Pilocarpinæ Nitras. Pilocarpine Nitrate.

জেবরাণ্ডি লিভস হইতে প্রাপ্ত এলকেলয়েড (উপক্ষার) নাইট্রেট লবণ।

শ্বেতবর্ণ দানাময়, ৮—৯ ঘণ্টা শীতল জলে দ্রবনীয়। ৯০ পার্সেণ্ট এলকোহলে সহজে দ্রব হয়। জলিয় দ্রব চক্ষে প্রয়োগ করিলে পিউপিল কন্ট্রাক্ট হয়। মাত্রা $\frac{1}{20}$—$\frac{1}{2}$ গ্রেণ।

ক্রিয়া—প্রকৃত জেবরাণ্ডি প্রবল ঘর্ম্মকারক এবং লাল নিঃসারক, বৃহৎ মাত্রায় বমনকারক। হৃৎপিণ্ডের ক্রিয়া বৃদ্ধি ও রক্ত চাপ

হ্রাস করে অধিক পরিমাণ ঘর্ম্ম ও লাল নির্গত হইয়া গেলে, নিদ্রালুতা ও দুর্ব্বলতা উপস্থিত হয়, কণিনীকা কুঞ্চিত ও দৃষ্টি বৈষম্য জন্মে।

ভেসোমোটার নার্ভের পেরালিসিস উৎপাদন করিয়াই ঐ সকল ক্রিয়া প্রকাশ করে, ইহা চর্ম্ম ও মূত্রপথে শীঘ্র দেহ হইতে বহির্গত হইয়া যায়।

ইহাদ্বারা কখনং অনিষ্ট হয়—দৃষ্টি বৈষম্য, বমন, হঠাৎ অবসন্ন, লাল গ্রন্থি, ও টনসিল স্ফীত, মূত্র উৎপাদনের অল্পতা, এল্‌বিউমেন্থুরিয়া, মূত্রকৃচ্ছ্র।

ইহার বীর্য্য পিলোকার্পিণের উপরই ঐ সকল ক্রিয়া নির্ভর করে, ইহা এট্রোপিনের বিপরীত ক্রিয়া প্রকাশ করে।

জেবরাণ্ডি ব্যবহারে হঠাৎ কোলাপ্স অবস্থা উপস্থিত হইলে এট্রোপিয়ার হাইপোডার্ম্মিক ইনজেকসন ব্যবহার কর্ত্তব্য।

ব্যবহার—চক্ষু পীড়া বিশেষতঃ ইনট্রা অকুলার হেমরেজ, এলবিউমেনিউরিক রেটিইনাইটিস ও রেটীইনার স্থানচ্যুতি, ঘর্ম্ম-করণ জন্য কোরাইজার প্রথম অবস্থা, একিউট ব্রনকাইটিস কিন্তু প্রধানতঃ ড্রপ্সি বা শোথরোগেই বিশেষ উপকারী, ইউরিমিক কনভল্‌সনস রোগে মহোপকারী, অন্যান্য কনভল্‌সনে উপকার হয়না পিওয়ারপারল কনভলসনে কোন উপকার হয়না।

যুবা অপেক্ষা বালকদের দেহে এই ঔষধের ক্রিয়া অনেক কম, ঘর্ম্ম নির্গমন কখন দেখাযায়, লাল নিঃসরণ প্রায় প্রকাশ পায়না।

সিমারুবেসী।

কুয়াসিয়া লিগনম। কুয়াসিয়া উড।

Quassiæ Lignum. Quassia Wood.

পিক্রেনা এক্‌সেলসা বৃক্ষের কাষ্ঠের খণ্ড, চাঁছা অংশ বা

গুঁরা জামেকা হইতে আমদানী হয়, ইহাকে জামেকা কুয়াসিয়া বলে।

ইনফিউশন কুয়াসিই। ইনফিউশন অফ্ কোয়াসিয়া।

কুয়াসিয়াউড ক্ষুদ্রখণ্ড (Rasped)	৮৮ গ্রেণ	১০ গ্রাম
ডিষ্টিলওয়াটার কোল্ড	১ প্যাইন্ট	১০০০ কি, সে, মি

আবৃতপাত্রে ১৫ মিনিট ভিজাইয়া ছাঁকিয়া লইবে।

লাইকর কুয়াসিই কন্‌সেনট্রেটস। কন্‌সেনট্রেটেড সলিউশন অফ্ কুয়াশিয়া।

কুয়াসিয়াউড ৪০ নং চূর্ণ	২ আউন্স	১০০ গ্রাম
এলকোহল ২০ পার্সেণ্ট	২২ তৎ আউন্স	১০০০ কি, সে, মি বা যথাবশ্যক।

কুয়াসিয়া (১০০ কি' সে, মি) এলকোহল সহ মিলিত করিয়া, আবদ্ধ পর্কোলেটারে প্যাক করিবে, তিনদিন স্থিররাখিবে, অবশিষ্ট এলকোহল ১০ সম ভাগে বিভক্ত করিয়া ১২ ঘণ্টাঅন্তর যোগকরিয়া পর্কোলেট করিবে। আরও এলকোহল যোগে পর্কোলেট করিতে থাকিবে যেপর্য্যন্ত না পরিমাণ ১ পাইন্ট বা ১০০০ কি, সে, মি হয়। মাত্রা ॥০—১ তৎ ড্রাম।

টিংচুরা কুয়াসিই। টিংচার অফ্ কুয়াশিয়া।

কুয়াসিয়াউড ক্ষুদ্রখণ্ড (রেস্পড)	২ আউন্স	১০০ গ্রাম
এলকোহল ৪৫ পার্সেণ্ট	১ পাইন্ট	১০০০ কি, সে, মি

মেসিরেশনদ্বারা প্রস্তুত করিবে। মাত্রা ॥০—১ তৎ ড্রাম।

এক্সট্রাক্টম ইউনিমাই সিকাম। ড্রাই এক্সটাক্ট অফ্ ইউনিমাস।

Extractum Euonymi Siccum. Dry extract of Euonymus.

সাধারণ নাম—ইউনিমিন, Euonymin..

ইউনিমাসবার্ক ২০ নং চূর্ণ ২০ আউন্স ১০০০ গ্রাম

এলকোহল ৪৫ পার্সেণ্ট যথাবশ্যক।

১০ তং আউন্স (৫০০ কি, সে, মি। এলকোহলে ইউনিমাসবার্ক। আর্দ্রকরিবে, পর্কোলেটারে প্যাককরিবে, ক্রমেং আরও এলকোহল যোগকরিবে যে পর্য্যন্ত ইউনিমাস অসারহয়। তরল ভাগ একত্র করিয়া এলকোহল ইভাপোরেট করিবে, অবশিষ্ট দ্রব্যকে উত্তমরূপ শুষ্ক করিবে, যতদূর সম্ভব চূর্ণ করিবে। ইহার ওজনের এক চতুর্থাংশ কেলশিয়ম ফস্ফেট মিলাইয়া শুষ্ক ও চূর্ণ করিতে থাকিবে, উপযুক্ত অবস্থা প্রাপ্তহইবা মাত্র উত্তমরূপ ষ্টপারযুক্ত বোতলে আবদ্ধ করিবে। মাত্রা ১—২ গ্রেণ।

ইউনিমাসের লিকুইড এক্ট্রাক্ট ফার্ম্মাকোপিয়ায় গৃহীত হয় নাই। মাত্রা ১০—৬০ মিনিম।

কেসকেরা সেগরেডা,। কেসকেরা সেগরেডা, সেগরেডা বার্ক।

Cascara Sagrada, Cascara Sagrada, Sacred Bark.

নামান্তর—রামনাই পার্সেয়েনাই কর্টেক্স।

Rhamni Pursheani Cortex.

রামনস পার্সিয়েনস বৃক্ষের শুষ্ক বাকল, কেলিফর্ণিয়া দেশহইতে পাওয়াযায়। আস্বাদ তিক্ত, বিশেষ কোন গন্ধনাই।

এক্সট্রাক্টম কেস কেরিসেগ রেডি। এক্সট্রাক্ট অফ্ কেসকেরা সেগরেডা।

নামান্তর—এক্সট্রাক্টম রমনাই পার্সেয়েনাই।

কেস্‌কেরা সেগরেডা ২০ নং চূর্ণ ডিষ্টিল্ডওয়াটারে আর্দ্র করিবে কোমল ও স্ফীত হইবার জন্য কয়েকঘণ্টা রাখিবে, একটী পার্কোলেটার আলগাভাবে রাখিয়া পার্কোলেট করিবে, আরও ডিষ্টিল্ডওয়াটার যোগে পর্কোলেট করিবে, যেপর্য্যন্ত না বার্ক অসার হয়। ওয়াটারবাথে শুষ্ক করিবে। মাত্রা ২—৮ গ্রেণ।

এক্সট্রাক্টম কেসকেরি সেগরেডি লিকুইডম, লিকুইড এক্সট্রাক্ট অফ্ কেসকেরা সেগরেডা।

নামান্তর—এক্সট্রাক্টম রামনাই পার্সেয়েনাই লিকুইডম

কেসকেরা সেগরেডা ২০ নং চূর্ণ	২০ আউন্স	১০০০ গ্রাম
এলকোহল ৯০ পার্সেণ্ট	৪ তং আউন্স	২০০ কি, সে, মি
ডিষ্টিল্ডওয়াটার	যথাপ্রয়োজন।	

১৫ তং আউন্স (৭৫০ কি, সে, মি) ডিষ্টিল্ডওয়াটারে কেস-কেরা আর্দ্র করিবে, মিশ্রণ ৬ঘণ্টা রাখিবে, পর্কোলেটারে আল-গাভাবে রাখিয়া আরও ডিষ্টিল্ডওয়াটার যোগে পর্কোলেট করিবে যেপর্য্যন্ত না পাউডার অসার হয়, পর্কোলেট শুষ্ক করিয়া ১২ তং আউন্স (৬০০ কি, সে, মি) এলকোহল ৪ তং আউন্স (২০০ কি, সে, মি) ডিষ্টিল্ডওয়াটার অথবা যথাবশ্যক মিশ্রিত করিয়া ২০ তং আউন্স (১০০০ কি, সে, মি) পূর্ণ করিবে।

মাত্রা ॥০—১ তং ড্রাম।

সিরপস কেসকেরি এরোমেটিকস। এরোমেটিক সিরপ অফ্ কেসকেরা।

লিকুইড এক্সট্রাক্ট অফ্ কেসকেরাসেগরেডা		৪ তং আউন্স	৪০০ কি, সে, মি
টিংচার অফ্ অরেঞ্জ		২ তং আং	১০০ কি, সে, মি
এলকোহল	৯০ পার্সেন্ট	১ তং আং	৫০ কি, সে, মি
সিনেমন ওয়াটার		৩ তং আং	১৫০ কি, সে, মি
সিরপ		৬ তং আং	৩০০ কি, সে, মি

মিশ্রিত কর। মাত্রা ॥০—২ তং ড্রাম।

ক্রিয়া—বলকারক, বিরেচক, (টনিক, পর্গটিভ)

ব্যবহার—ক্রনিক কনষ্টিপেসন, বিশেষতঃ অর্শরোগ থাকিলে বিশেষ উপকারী। উহা উৎকৃষ্ট বিরেচক। রেকটমে উত্তেজনা ব্যতীত কোলনের সমুদয় মল নির্গত করে।

এমাইরিডেসি।

মর্হা। Myrrha. মর। Myrrh. গন্দবোল।

বালসে মোডেনড্রন মর্হা বৃক্ষের গুঁড়ি হইতে প্রাপ্ত গঁদ ও ধুনাযুক্ত রস। আরব ও আবেসিনিয়া হইতে আমদানী হয়।

মাত্রা ১০—৩০ গ্রেণ।

পাইলিউলা এলোজ এট্ মর। পিল অফ্ এলোজ উইত মর।

সকট্রাইন এলোজ পাউডার	২ আং	৪০ গ্রাম।
মর পাউডার	১ আং	২০ গ্রাম।
সিরপ্ অফ্ গ্লুকোজ	১॥০ আং	৩০ গ্রাম।

মিশ্রিত করিয়া একত্র করিবে। মাত্রা ৪—৮ গ্রেণ।

টিংচুরা মর্হি। টিংচার অফ্ মর।

মরস্থূল চূর্ণ	৪ আং	২০০ গ্রাম।
এলকোহল	৯০ পার্সেণ্ট	যথাবশ্যক।

১৬ তং আউন্স (৮০০ কি, সে, মি) এলকোহল সহ, মার আবদ্ধ পাত্রে ৭ দিন রাখিবে। ঘনং নাড়িবে, ফিল্টার করিবে, তরল দ্রব্য সমুদয় নির্গত হইলে, যথাবশ্যক এলকোহল নির্গত করিয়া ১ পাইণ্ট (বা ১০০০ কি, সে, মি) টিংচার প্রস্তুত করিবে।

মাত্রা ॥০—১ তং ড্রাম।

ক্রিয়া—উত্তেজক, কফঃ নিঃসারক, আক্ষেপনিবারক। স্থানিক উত্তেজক।

ব্যবহার—লিকোরিয়া, এমিনোরিয়া, ব্রঙ্কাইটিস, থাইসিস।

স্থানিক—মুখ ও দন্তনাড়িতে ক্ষতে কুল্লি।

পেপিলিউনেসী।

গ্লিশহিজিরেডিক্স। লিকরিসরূট। যৈষ্টমধু।

Glycyrrhizar Radix. Liquorice Root.

গ্লিশরিজা গ্লেবরা বৃক্ষের মূল ও মাটীর মধ্যস্থ কন্দ, সদ্য এবং শুষ্ক অবস্থায় ব্যবহৃত হয়। ব্রিটনদেশে জন্মে, সদ্য মূল শুষ্কবালু মধ্যে রাখা উচিত।

এক্সট্রাক্টম গ্লিশহিজি। এক্সট্রাক্ট অফ্ লিকরিস।

লিকরিসরূট ২০ নং চূর্ণ	১ পাউণ্ড	১০০ গ্রাম।
ডিষ্টিল্ড ওয়াটার	৪ পাইণ্ট	৫ লিটার।

লিকরিসরূট ২ পাইণ্ট ডিষ্টিল্ড ওয়াটার সহ মিশ্রিত করিবে, ২৪ ঘণ্টা রাখিবে, চাপিয়া ছাঁকিবে, ছাকা কঠিন দ্রব্য অবশিষ্ট

ডিষ্টিল্ড ওয়াটার যোগকরিয়া ৬ ঘণ্টা রাখিয়া দিবে, চাপদিয়া ছাঁকিবে, উভয় বারে ছাকা তরলদ্রব্য মিলিত করিবে। ২১২ ফাং তাপে উষ্ণ করিবে ফ্লানেল দিয়া ছাকিবে। সফ্টএক্সট্রাক্টের উপযুক্ত শুষ্ক করিয়া ঘন করিবে।

মাত্রা ॥০—১ ড্রাম।

এক্সট্রাক্টম গ্লিশহিজি লিকুইডম। লিকুইড এক্সট্রাক্ট অফ্ লিকরিস।

লিকরিসরুট নং ২০ পাউডার	২০ আং	১০০০ গ্রাম।
ডিষ্টিল্ড ওয়াটার ৫ পাইন্ট		৫ লিটার।
এলকোহল ৯০ পার্সেন্ট		যথাবশ্যক।

অর্দ্ধেক ডিষ্টিল্ড ওয়াটার সহ লিকরিসরুট মিলিত করিবে, ২৪ ঘণ্টা রাখিয়া দিবে, চাপদিয়া ছাঁকিবে। চাপদিয়া ছাকা অবশিষ্ট শিঠা অবশিষ্ট ডিষ্টিল্ড ওয়াটার যোগকরিবে, ছয়ঘণ্টা রাখিয়াদিবে। চাপদিয়া ছাঁকিবে, ছাকাতরলদ্রব্য মিশ্রিত করিবে। ২১২ ফাং তাপে উষ্ণ করিবে, ফ্লানেল দিয়া ছাঁকিবে, তরল দ্রব্য শীতল হইলে স্পেসিফিক গ্রাভিটি ১·২০০ হয় এপরিমাণ শুষ্ক করিবে। ইহার আয়তনের একচতুর্থাংশ এলকোহল যোগ করিবে। মিশ্রণ ১২ ঘণ্টা স্থির রাখিয়া ফিল্টার করিবে।

মাত্রা ॥০—১ তং ড্রাম।

পল্ভিস গ্লিশর্হিজি কম্পোজিটস। কম্পাউণ্ড পাউডার অফ্ লিকরিস।

সেনাসূক্ষ্মচূর্ণ	২ আং	৫০ গ্রাম।
লিকরিসরুট সূক্ষ্মচূর্ণ	২ আং	৫০ গ্রাম।

ফেনেল ফ্রুট সূক্ষ্মচূর্ণ	১ আং	২৫ গ্রাম।
সবলাইমড সল্‌ফর	১ আং	২৫ গ্রাম।
রিফাইণ্ড সুগারচূর্ণ	৬ আং	১৫০ গ্রাম।

মিশ্রিত কর। মাত্রা ৬০—১২০ গ্রেণ।

ক্রিয়া—শৈষ্মিক ঝিল্লির স্নিগ্ধকারক ডিমলসেন্ট।

ব্যবহার—কাশরোগ, এভিন্ন বিস্বাদ ঔষধ সকলের আস্বাদ উত্তম করিতে ব্যবহার হয়।

ট্রগেকান্থা। ট্রগেকান্থ। কতিলা।

Trogacantha. Trogacanth.

এষ্ট্রাগেলস গম্মিকর বৃক্ষের গদযুক্ত রস, এসিয়ামাইনর দেশ হইতে প্রাপ্তহওয়া যায়। মাত্রা ২০—৬০ গ্রেণ।

গ্লিশরিণম ট্রগেকান্থি। গ্লিশরিণ অফ্‌ ট্রগেকান্থ।

ট্রগেকান্থ পাউডার	৷৷০ আং	১০ গ্রাম।
গ্লিশরিন	১৷৷০ তং আং	৩০ কি, সে, মি
ডিষ্টিল্ড ওয়াটার	৷৷০ তং আং	১০ কি, সে, মি

গ্লিশরিন ট্রগেকান্থ সহ মিশ্রিত করিয়া ডিষ্টিল্ডওয়াটার যোগ করিবে, উত্তমরূপ মিশ্রিত নাহওয়াপর্য্যন্ত মর্দ্দনকরিবে।

মিউসিলেগোট্রগেকান্থি, মিউশিলেজ অফ্‌ ট্রগেকান্থ।

ট্রগেকান্থ চূর্ণ ৬০ গ্রেন		৫·৫ গ্রাম।
এলকোহল ৯০ পার্সেণ্ট	২তং ড্রাম	১০ কি, সে, মি।
ডিষ্টিল্ড ওয়াটার	যথাবশ্যক।	

ট্রগেকান্থ এলকোহলসহ একটী বোতলে মিশ্রিত করিবে, যথাবশ্যক ডিষ্টিল্ড ওয়াটার যোগে ১০ তং আউন্স (বা ৫০০ কি, সে, মি) পূর্ণ করিবে, ও তৎক্ষণাৎ উত্তমরূপে নাড়িবে।

পলভিস্ ট্রগেকান্থি কম্পোজিটস। কম্পাউণ্ড পাউডার অফ্ ট্রগেকান্থ।

ট্রগেকান্থ পাউডার	১ আং	২৫ গ্রাম।
গমএকেসিয়া পাউডার	১ আং	২৫ গ্রাম।
ষ্টার্চ্চপাউডার	১ আং	২৫ গ্রাম।
রিফাইণ্ড সুগার পাউডার	৩ আং	৭৫ গ্রাম।
মিশ্রিতকর।	মাত্রা	২০—৬০ গ্রেণ।

ক্রিয়া—স্নিগ্ধকারক (ডিমলসেণ্ট) গমএকেসিয়ার ন্যায় জলে অদ্রবনীয় ভারী ঔষধ সকলকে জলে মিলিত করিতে ইহা ব্যবহার হয়। জলকে ঘনকরিতে একভাগ ট্রগেকান্থ ২৫ ভাগ গম রেবিএকের সমান।

স্কোপেরাই কেকিউমিনা। ব্রুমটপস।

Scopari Cacumine. Broom tops.

সাইটিসস স্কোপেরিয়স (সেরোথেমনস স্কোপেরিয়স) বা কমনব্রুম বৃক্ষের সদ্য ও শুষ্ক শাখাগ্র ইউরোপের সর্ব্বত্র জন্মে।

ইনফিউশম স্কোপেরাই। ইনফিউশন অফ্ ব্রুম।

ব্রুমটপস শুষ্ক এবং কুট্টিত (ব্রুইজড)	২ আং	১০০ গ্রাম
ডিষ্টিল্ডওয়াটার বয়েলিং	১ পাইণ্ট	১০০০ কি, সে, মি

আবৃত পাত্রে ১৫ মিনিট ভিজাইয়া, ছাকিবে।

মাত্রা ১—২ তং আউন্স।

১৮৮৫ খৃঃ ফার্ম্মাকোপিয়ার ডিককসনব্রুম পরিবর্ত্তে এই প্রয়োগরূপ সন্নিবেসিত হইয়াছে।

সক্কস স্কোপেরাই। জুস অফ্ ব্রুম।

সদ্য ব্রুমটপস (ক্রইজড) কুট্টিত কর, রস চাপদিয়া বাহির করিয়া লও। প্রতি ৩ ভাগ মাপের স্থলে একভাগ (৯০ পার্সেণ্ট) এলকোহল যোগকর। ৭ দিন রাখিয়াদিয়া ফিল্টার করিবে।

মাত্রা ১—২ ড্রাম।

ক্রিয়া—মূত্রকারক অধিক মাত্রায় বমন কারক ও বিরেচক।

ব্যবহার—ড্রপ্সি বিশেষতঃ কার্ডিয়েকড্রাপ্স বৃহৎ মাত্রায় বমন কারক ও বিরেচক

টেরোকার্পাই লিগনম। রেড সেণ্ডেল উড।

Pterocarpi Lignum. Red Sandal wood.

টেরোকার্পাস সেণ্টালিনস নামক বৃক্ষের কাষ্টের আভ্যন্তরিক অংশ। করমণ্ডল উপকূল ও লঙ্কাদ্বীপে জন্মে।

ব্যবহার—রংগের জন্য ব্যবহার হয়। কম্পাউণ্ড টিংচার অফ্ লেভেণ্ডার প্রস্তুত করিতে এবং উহাদ্বারা লাইকর আর্সিনিকেলিস প্রস্তুত করিতে ব্যবহার হয়।

কাইনো। কাইনো।

Kino. Kino.

টেরোকার্পাস, মার্কুপিয়ম বা ইণ্ডিয়ান কাইনো বৃক্ষের গুড়ি (কাণ্ড) ছেদন করিলে রসবাহির হয়, এই রস শুষ্ক করিয়া লইলে কাইনো প্রস্তুত হয়। মালোবার উপকূলের নিকট জন্মে।

চূর্ণের মাত্রা ৫—২০ গ্রেণ।

পল্ভিসকাইনো কম্পজিটস। কম্পাউণ্ড পাউডার অফ্ কাইনো।

কাইনো পাউডার	৩৷৷৵ আং	৭৫ গ্রাম।
ওপিয়ম পাউডার	।০ আং	৫ গ্রাম।
সিনেমন বার্ক পাউডার	১ আং	২০ গ্রাম।

মিশ্রিত কর। মাত্রা ৫—২০ গ্রেণ। ৫ পার্সেণ্ট ওপিয়ম আছে।

টিংচুরা কাইনো। টিংচার অফ্ কাইনো।

কাইনো পাউডার	২ আং	১০০ গ্রাম।
গ্লিশরিন	৩ তং আং	১৫০ কি, সে, মি।
ডিষ্টিল্ড ওয়াটার	৫ তং আং	২৫০ কি, সে, মি।
এলকোহল ৯০ পার্সেণ্ট		যথাবশ্যক।

গ্লিশরিন ও ডিষ্টিল্ড ওয়াটার মিশ্রিত করিবে, কাইনো যথাবশ্যক মিশ্রণ সহ মর্দ্দন করিয়া মসৃণ আঠার মত দ্রব্য প্রস্তুত করিবে, ক্রমে২ অবশিষ্ট মিশ্রণ যোগকরিবে, আবদ্ধপাত্রে রাখিয়া ১০ তং আউন্স (৫০০ কি, সে, মি) এলকোহল যোগকরিবে, ২৪ ঘণ্টা রাখিয়া দিবে ঘনং নাড়িবে, তুলার ছিপিদিয়া ফিল্টার করিবে। ফিল্টার মধ্যদিয়া যথাবশ্যক এলকোহল চালাইয়া একপাইণ্ট (১০০০ কি, সে, মি টিংচার প্রস্তুত করিবে।

মাত্রা ৷৷০—১ তং ড্রাম।

ক্রিয়া প্রবল সঙ্কোচক (Powerful astringent)

ব্যবহার—পাইরোসিস, ডায়েরিয়া, গার্গলরূপে গলার ভিতর ও মুখের ক্ষতাদি ও শিথিলতা, ক্রনিকডিসেণ্টি ।

বালসেম্ম পিরুভিয়েনম। পিরু বালসম।

Balsamum Peruvianum. Balsam of Peru.

মাইরক্সিলান পেরেরি বৃক্ষের শুঁড়িরত্বক হইতে প্রস্তুত বালসাম বা তৈল ও ধুনা যুক্ত রস, মধ্য আমেরিকার সেলাভিডর নামক স্থানে জন্মে।

ক্রিয়া—উত্তেজক, কফ নিঃসারক (ষ্টিমুলেণ্ট, এক্সপেক্টোরেণ্ট)

স্থানিক—উত্তেজক।

ব্যবহার—ক্রনিক ব্রঙ্কাইটিস ও রিউমাটিজম, গ্লিট, লিকোরিয়া।

স্থানিক বেড্‌সোরস, অনহেল্‌দি অলসারস, ডিম্বের শ্বেতাংসের সহিত মিলাইয়া লাগান যাইতে পারে।

মাত্রা—১০—১৫ মিনিম।

বালাসেম টোলুটেনম। বালসাম অফ্ টোলু।

মাইরক্সিলেন টোলুফিয়ম বা বালসম অফ্ টোলুট্রি নামক বৃক্ষের গুঁড়িতে ছেদ করিলে ঘনময় রস প্রাপ্ত হওয়া যায়। সেণ্ট্রাল এমেরিকা কার্থেজিনা, মাউনটেন অফ্ টোল্ প্রভৃতি স্থানে জন্মে।

সিরপস টোলুটেনস। সিরপ অফ্ বালসাম অফ্ টোলু।

বালসাম অফ্ টোলু	১১০ আং	৮২·৫ গ্রাম
রিফাইণ্ড সুগার	২ পাউণ্ড	১৬০০ গ্রাম
ডিষ্টিল্ড ওয়াটার	যথাবশ্যক।	

আলগাভাবে ঢাকা পাত্রে ১ পাইণ্ট ডিষ্টিল্ড ওয়াটারে বাল-

সাম অফ্ টোলু অর্দ্ধ ঘণ্টা ফুটাবে, ঘনং নাড়িয়া দিবে। তাপ হইতে অন্তর করিয়া প্রয়োজন হইলে ডিষ্টিল্ড ওয়াটার যোগ করিবে, যেন শীতল হইলে পরিমাণ ১৬ তং আউন্স হয়। ফিল্টার করিয়া রিফাইণ্ড সুগার যোগ করিবে, ওয়াটার বাথের তাপে দ্রব করিবে, প্রস্তুত দ্রব্য ওজনে ৩ পাউণ্ড হইবে।

মাত্রা ॥০—১ তং ড্রাম।

টিংচুরা টোলুটেনা। টিংচার অফ্ বালসাম অফ টোলু।

বালসাম অফ্ টোলু	২ আউন্স	১০০ গ্রাম
এলকোহল	৯০ পার্সেণ্ট	যথাবশ্যক।

বালসাম অফ্ টোলু ১৬ তং আউন্স এলকোহলে যোগ করিয়া আবদ্ধ পাত্রে স্বতন্ত্র রাখিয়া দিবে, মধ্যেং নাড়িবে বালসাম দ্রব হইলে ফিল্টার করিবে। যথাবশ্যক এলকোহল ফিল্টার মধ্য দিয়া চালাইয়া এক পাইণ্ট পূর্ণ করিবে।

মাত্রা ॥০—১ তং ড্রাম।

ক্রিয়া—উত্তেজক, কফ নিঃসারক। স্থানিক উত্তেজক।

ব্যবহার—ক্রনিক ব্রঙ্কাইটিস, রিউম্যাটিজম, গ্লিট, লিকোরিয়া, স্থানিক বেড্সোর, দুষ্টক্ষত।

ফাইজসটিগ মেটিস সেমিনা। কেলেবার বিন।

Physostigmatis Semina. Calabar bean.

ফাইজসটিগমা ভেনিনোসম্ বৃক্ষের বীজ। পশ্চিম আফ্রিকায় জন্মে। (চূর্ণের মাত্রা ১—৪ গ্রেণ)

এক্সট্রাক্টম ফাইসসটিগমেটিস। এক্সট্রাক্ট অফ্ কেলে-বারবিন।

কেলেবারবিন ৪০ নং পাউডার ১ পাউণ্ড ১০০০ গ্রাম
এলকোহল ৯০ পার্সেণ্ট ৪ পাইণ্ট ১ লিটার
মিল্কসুগার সূক্ষ্মচূর্ণ যথাবশ্যক।

কেলেবারবিন ১ পাইণ্ট এলকোহল সহ মিলিত কর। ৪৮ ঘণ্টা আবদ্ধ পাত্রে রাখিয়া দাও, মধ্যে২ নাড়িয়া দিবে, পর্কোলেটারে রাখিবে, তরল দ্রব্য নির্গমন শেষ হইলে, অবশিষ্ট এলকোহল এরূপভাবে যোগ করিবে যেন সর্ব্বদা যেন পাউডার মধ্য দিয়া পর্কোলেট হয়। পিটাগুলি অন্তর করিয়া চাপিবে, চাপদ্বারা লব্ধ তরল দ্রব্য পর্কোলেট যোগ করিবে, ফিল্টার করিবে, অধিকাংশ এলকোল ডিষ্টিলেসন দ্বারা সংগ্রহ করিবে। অবশিষ্টাংশ নিত্তির ওজন করা পাত্রে শুষ্ক করিয়া সফ্টএক্সট্রাক্টবৎ করিবে, ওজন করিয়া ইহা ওজনের ও আয়তন মিল্কসুগার যোগ করিবে। উত্তমরূপে মিলিত করিয়া দৃঢ় এক্সট্রাক্ট প্রস্তুত করিবে।

মাত্রা ¼—১ গ্রেণ।

এই প্রয়োগরূপ ১৮৮৫ সনের ফার্ম্মাকোপিয়া প্রয়োগরূপের একচতুর্থাংশ শক্তি বিশিষ্ট।

ফাইজসটিগমাইনি সলফস। ফাইজসটিগমাইন সলফেট।

Physostigminæ Sulphas. Physostigmine Sulphate.

নামান্তর—Eserine Sulphate ইসেরিণ সল্ফেট।

কেলেবারবিন হইতে প্রস্তুত এল্কেলয়েডসল্ফেট বিশেষ।

পীতাক্ত শ্বেতবর্ণ ক্ষুদ্র দানাকার, বায়ু ও আলোসংলগ্নে লাল বর্ণ হয়। আস্বাদতিক্ত, অত্যন্ত জলশোষক (Deliquescent) জলে অত্যন্ত দ্রবনীয়। ৯০ পার্সেণ্ট এলকোহলে দ্রবনীয়। গমক্ষারাম্ল।

মাত্রা $\frac{1}{৬০}$—$\frac{1}{২০}$ গ্রেণ।

লেমেলি ফাইজসটিগমাইনি। ডিস্ক অফ্ ফাইজসটিগ মাইন।

কিছু গ্লিশরিন যুক্ত জিলাটিন প্রত্যেক ওজনে $\frac{1}{২০}$ গ্রেণ (১·৩ মিলি গ্রামস) এবং $\frac{1}{১০০০}$ গ্রেণ (০·০৬৫ মিলিগ্রাম) ফাইজসটিগ মাইন সলফেট সংযুক্ত।

ক্রিয়া—অবসাদক, কণীনিকা সঙ্কোচক।

ব্যবহার—ষ্টিকনিয়া দ্বারা বিষাক্ত, টেটেনস কোরিয়া ইপিলেপ্সি জেনারেল পেরালিসিস অফ্ দি ইনসেন, এবং বক্ষের বিশেষ প্রকার ব্যাধিতে। ইহার গুণ চক্ষুর কণীনিকা সঙ্কুচিত করা সুতরাং এট্রোপিয়া দ্বারা বা ব্যাধি বশতঃ প্রসারিত কণীনিকা সঙ্কুচিত করা যাইতেপারে।

ক্রাইসেরোবাইনম। ক্রাইসেরোবিন।
Chysarobinum. Chysarobin.

নামান্তর—এরারোবা পাউডার। গোয়া পাউডার।

এনড্রিয়া এরারোবা বৃক্ষের গুঁড়ি ও শাখার কাষ্টের মধ্যস্থ দ্রব্য, শুষ্ক করিয়া চূর্ণকরা হয়, বিশেষপ্রকার অবস্থা ও বৃক্ষের পক্কতানুসারে সার বস্তুর উভয় বিশেষ ফল। উষ্ণ ক্লোরোফরম দ্বারা এরারোবা হইতে এরারোবা প্রস্তুত হয়। ইহাকে শুষ্ক করিয়া চূর্ণ করিলে ক্রাইসরো বাইনম প্রস্তুত হয়। ইহাতে

প্রধানতঃ বিশেষ প্রকার দ্রব্য-ক্রাইসারোবিন থাকে এবং নূনাধিক পরিমাণে ক্রাইসোফানিক এসিড আছে।

মাত্রা ⅛—॥০ গ্রেণ।

অঙ্গুয়েণ্টম ক্রাইসারোবিনাই। ক্রাইসারোবিন অয়েণ্টমেণ্ট।

ক্রাইসারোবিন	২০ গ্রেণ	২ গ্রাম।
বেনজোয়েটেড লার্ড	৪০০ গ্রেণ	৪৮ গ্রাম।

বেনজোয়েটেড্ লার্ড তাপে দ্রব করিয়া ক্রাইসারোবিন ক্রমেং (ট্রিটুরেট) মর্দ্দন করিবে। যেপর্য্যন্ত না ক্রাইসারোবিন দ্রবহয় তাপ প্রয়োগ করিবে শীতল হওয়াপর্য্যন্ত নাড়িবে।

ক্রিয়া—স্থানিক প্রয়োগে উদ্ভিজ্জ পরাঙ্গ পুষ্ট (দাউদ ও তৎশ্রেণীস্থ) ব্যাধির মূলনাসক।

ব্যবহার—ক্রাইসারোবিন প্রধানতঃ স্থানিক ব্যবহার হয়। ইহার মলম সোরায়েসিস, দাউদ ও পেরাসিটিক ব্যাধি সকলে ব্যবহৃত হয়, ইহা ব্যবহারে অত্যন্ত উত্তেজনা উৎপন্ন হইতে পারে, এজন্য গাত্রে অনেক স্থান ব্যাপিয়া লাগান উচিত নহে এবং মস্তকেও লাগান উচিত নহে, কারণ ইডিমা হইতে পারে। ইহাতে কাপড়ে বেগুনি দাগ হয়, কিন্তু এই দাগ স্থায়ী নহে। দেহের অনেক স্থল ব্যপিয়া পীড়া হইলে আভ্যন্তরিক ব্যবহার কর্ত্তব্য, এভিন্ন গাত্রে দাগ হওয়া আপত্তিজনক হইলেও আভ্যন্তরিক ব্যবহার করা যাইতে পারে। এই প্রকারে ইহা একজিমা, এক্নি, সোরায়েসিস ও অন্যান্য চর্ম্মরোগে ব্যবহার হয়।

কলোডিয়ম ক্লেকশাইলে দ্রব করিয়া লাগাইলে গাত্রে দাগ

হয় না। সলফরস এসিড এবং ব্লিচিং পাউডারের জলে ইহার দাগ নষ্ট হয়।

সিসেলপিনাই।

Haematoxyli Lignum. Logwood.

হিমাটক্সিলাই লিগনম্। লগউড।

হিমাটক্সিলন কেম্পিচিয়েনম বৃক্ষের কাষ্ঠের আভ্যন্তরিক অংশ, কেম্পিয়েচি দেশে জন্মস্থান কিন্তু ওয়েষ্ট ইণ্ডিয়াম দ্বীপে ও ভারতবর্ষেও জন্মে।

ডিকক্টম হিমাটক্সিলাই। ডিসকশন্ অফ্ লগউড্।

লগ্উড্ খণ্ড	১ আং	৫০ গ্রাম।
সিনেমনবার্ক কুট্টিত	৭০ গ্রেণ	৪ গ্রাম।
ডিষ্টিল্ড ওয়াটার		যথাবশ্যক।

উপযুক্ত পাত্রে লগউড ২৪ ডং আউন্স ডিষ্টিল্ড ওয়াটারে ১০ মিনিটকাল ফুটাবে, শেষভাগে সিনেমনবার্ক যোগ করিবে, ছাঁকিবে, ডিষ্টিল্ড ওয়াটার যোগে ১ পাইণ্ট পূর্ণ করিবে।

মাত্রা ॥০—২ ডং আউন্স।

ক্রিয়া—সঙ্কোচক ও ধারক (এসট্রিনজেণ্ট)।

ব্যবহার—ডায়েরিয়া, ক্রনিকাডিসেণ্ট্রি, বিশেষ প্রকার এটনিক ডিসপেপসিয়া।

স্থানিক—লিউকোরিয়া, মুখে ঘা।

সেনা এলেকজেণ্ড্রিনা। এলেকজেণ্ড্রিয়েন সেনা।

Senna Alexandrina. Alexandrian Senna.

কেসিয়া একিউটিফোলিয়া (কেসিয়া লেনসিওলেটা) বৃক্ষের শুষ্ক পত্র, এলেকজেনড্রিয়া হইতে আমদানি হয়।

সেনা ইণ্ডিকা। ইষ্ট ইণ্ডিয়ান সেনা।

Senna Indica. East Indian Senna.

নামান্তর—ষ্টিনিডেলি সেনা।

(কেসিয়া ইলঙ্গেটা) কেসিয়া আর্গাষ্ট কোলিয়ার ক্ষুদ্র পত্র। দক্ষিণ হিন্দুস্থানে জন্মে।

ফার্ম্মাকোপিয়ায় যেসকল ঔষধে সেনা ব্যবহার উল্লেখ থাকে তাহাতে উক্ত দুই প্রকারের কোন প্রকার ব্যবহার হইতে পারে।

কন্‌ফেকসিও সেনি। কন্‌ফেকসন অফ্‌ সেনা।

সেনাসূক্ষ্ম চূর্ণ	৭ আং	১৪০ গ্রাম
কোরিয়েণ্ডারফ্রুট সূক্ষ্ম চূর্ণ	৩ আং	৬০ গ্রাম।
ফিগ্‌স	১২ আং	২৪০ গ্রাম।
টেমারিণ্ডস	৯ আং	১৮০ গ্রাম।
কেসিয়া পল্‌প	৯ আং	১৪০ গ্রাম।
প্রুনস	৬ আং	১২০ গ্রাম।
এক্সট্রাক্ট অফ্‌ লিকরিস	১ আং	২০ গ্রাম।
রিফাইণ্ড সুগার	৩০ আং	৬০০ গ্রাম।
ডিষ্টিল্ড ওয়াটার		যথাবশ্যক।

২৪ আউন্স ডিষ্টিল্ড ওয়াটারে ফিগস ও প্রুনস আবৃত পাত্রে ৪ ঘণ্টা মৃদুভাবে ফুটাবে।

ডিষ্টিল্ড ওয়াটার যোগে জলের পরিমাণ পূর্ব্ববৎ রাখিবে। তাহার পর ট্যামারিণ্ড ও কেসিয়া পাল্প মিশ্রিত করিবে। ২ঘণ্টা সিদ্ধ করিবে উক্তফল সকলের সিদ্ধকরা কোমল শষ্য একটি হেয়ারসিভে (চুল নির্ম্মিত চালনি) মর্দ্দন করিয়া বীজ ও অন্যান্য

কঠিন অংশ ত্যাগ করিবে। এইপ্রকারে লব্ধ শষ্যে রিফাইণ্ড সুগার ও একষ্ট্রাক্ট অফ্ লিকরিস যোগ করিবে, মৃদু তাপে দ্রব করিবে। মিশ্রণ উষ্ণ থাকিতে ইহাতে সেনা ও কোরিয়েণ্ডার পাউডার মিশ্রণ যোগ করিবে। সমুদায় উত্তমরূপ মিশ্রিত করিবে। কনফেকসনের মোট পরিমাণ প্রয়োজন অনুসারে তাপে শুষ্ক করিয়া বা ডিষ্টিল্ড ওয়াটার যোগ করিয়া ১৫ আউন্স (১৫০০ গ্রাম) পূর্ণ করিবে।

মাত্রা ৬০—১২০ গ্রেণ।

ইনফিউশম সেনি। ইনফিউশন অফ্ সেনা।

সেনা	২ আং	১০০ গ্রাম।
জিঞ্জার খণ্ড২ কাটা	৫৫ গ্রেণ	৬·২৫ গ্রাম।
ডিষ্টিল্ডওয়াটার বয়েলিং	১ পাইণ্ট	১০০০ কি, সে, মি

আবৃত পাত্রে ১৫ মিনিট ভিজাইয়া ছাঁকিবে।

মাত্রা ॥০—১ তং আউন্স। ড্রাফ্ট জন্য মাত্রা—২ আউন্স

লাইকর সেনিকন্‌সেন্ ট্রেটস। কনসেনট্রেটেড সলিউশন অফ্ সেনা।

সেনা ৫ নং চূর্ণ	২০ আং	১০০০ গ্রাম।
টিংচার অফ্ জিঞ্জার	২॥০ তং আং	১২৫ কি, সে, মি
এলকোহল ৯০ পারসেণ্ট	২ তং আং	১০০ কি, সে, মি
ডিষ্টিল্ড ওয়াটার		যথাবশ্যক।

সেনা সমান তিনভাগে বিভক্ত করিবে। একভাগ ডিষ্টিল্ড ওয়াটারে অল্প আর্দ্র করিবে পর্কোলেটারে প্যাককরিবে ২৪ ঘণ্টা স্থিরভাবে রাখিবে। ডিষ্টিল্ড ওয়াটার ইহার মধ্যদিয়া নির্গত

হইতে দিবে যেপর্য্যন্ত না ৫ তং আউন্স সংগৃহীত হয়। এই তরল দ্রব্য যোগে সেনার ২য় অংশ অল্প আর্দ্র করিবে, একটি পর্কোলেটারে প্যাক করিবে, ২৪ ঘণ্টা স্থিরভাবে রাখিবে। প্রথম অংশ হইতে লব্ধ অবশিষ্ট তরল দ্রব্য যোগে পর্কোলেট করিবে, এবং আরও পাঁচ আউন্স তরল দ্রব্য যাহা ১ম অংশ হইতে প্রাপ্ত হওয়া গিয়াছে যোগে পর্কোলেট করিবে, ঐ প্রক্রিয়া সেনার ৩য় অংশ লইয়া করিবে, এবং উক্ত তিন অংশ সেনা লইয়া ক্রমান্বয়ে পর্কোলেশন করিবে যেপর্য্যন্ত না ৩য় পর্কোলেশনে ১৬ আউন্স সংগৃহীত হয়। তরল দ্রব্যকে ১৮০ ফাঃ তাপে ৫ মিনিট উষ্ণ করিবে, শীতল করিয়া টিংচার অফ্ জিঞ্জার সহ এলকোহল মিলাইয়া উহাতে যোগ করিবে ৭ দিন স্থিরভাবে রাখিয়া ফিল্টার করিবে। প্রস্তুত দ্রব্য পরিমাণে ১ পাইণ্ট হইবে।

মাত্রা ॥০—১ তং ড্রাম।

মিসচুরা সেনি কম্পোজিটা। কম্পাউণ্ড মিকশ্চার অফ্ সেনা।

নামান্তর—ব্লাক ড্রাফ্‌ট। Black draught.

মেগনিসিয়ম সলফেট	৫ আং	২৫০ গ্রাম।
লিকুইড এক্সট্রাক্ট অফ্ লিকরিস	১তং আং	৫০ কি, সে, মি
কম্পাউণ্ড টিংচার অফ্ কার্ডেমম	২তং আং	১০০ কি, সে, মি
এরোমেটিক স্পিরিট অফ্ এমোনিয়া	১তং আং	৫০ কি, সে, মি
ইনফিউশন অফ্ সেনা		যথাবশ্যক।

১০ তং আউন্স ইনফিউশন সেনাতে মেগনেসিয়ম সলফেট দ্রব করিবে, লিকুইড এক্সট্রাক্ট অফ্ লিকরিস, কম্পাউণ্ড টিংচার

অফ্ কার্ডেমোম ওএরোমেটিক স্পিরিট অফ্ এমোনিয়া মিশ্রণ যোগ করিবে, এবং যথা প্রয়োজন ইনফিউশন অফ্ সেনা যোগ করিয়া ১ পাইণ্ট পূর্ণ করিবে। মাত্রা ১—২ তং আউন্স।

পল্ভিস গ্লিশিহিজি কম্পজিটা। কম্পাউণ্ড পাউডার অফ লিকরিস।

সেনা সূক্ষ্ম চূর্ণ	২ আং	৫০ গ্রাম।
লিকরিস রুট সূক্ষ্ম চূর্ণ	২ আং	৫০ গ্রাম।
ফেনেল ফ্রুট সূক্ষ্ম চূর্ণ	১ আং	২৫ গ্রাম।
সবলাইডম সালফর	১ আং	২৫ গ্রাম।
রিফাইণ্ড সুগার সূর্ণ	৬ আং	১৫০ গ্রাম।

মিশ্রিত কর। মাত্রা ৬০—১২০ গ্রেণ।

সিরপস সেনি। সিরপ অফ্ সেনা।

সেনা	৪০ আউন্স	১২০০ গ্রাম
অয়েল অফ্ করিয়েণ্ডার	১০ মিনিম	·৬ কি, সে, মি
এলকোহল ৯০ পার্সেণ্ট	৪০ মিনিম	২·৪ কি, সে, মি
রিফাইণ্ড সুগার চূর্ণ	৫০ আউন্স	১৫০০ গ্রাম
এলকোহল ২০ পার্সেণ্ট	৭০ তং আউন্স	২১০০ কি, সে, মি

সেনালিভ্স ক্রমান্বয়ে তিনবার এলকোহল দ্বারা টিংচার প্রস্তুত করিবে।

যথাবশ্যক ঘন করিয়া ডিষ্টিল্ড ওয়াটার ও সুগার যোগে সিরপ প্রস্তুত করিবে।

পরিমাণ পাঁচ পাউণ্ড বার আউন্স হইবে। মাত্রা ॥০—২ তং ড্রাম।

টিংচুরা সেনি কম্পোজিটা। কম্পাউণ্ড টিংচার অফ্ সেনা।

সেনা ক্ষুদ্র খণ্ডে বিভক্ত	৪ আউন্স	২০০ গ্রাম
বীজশূন্য রেজিন্স অফ্ কমার্স, (কিসমিস)	২ আউন্স	১০০ গ্রাম
কেরাওয়ে ফ্রুট ব্রুইজড্	॥০ আউন্স	২৫ গ্রাম
কোরিএণ্ডার		
এলকোহল ৪৫ পার্সেণ্ট	১ পাইণ্ট	১০০০ কি, সে, মি

মেসিরেশন দ্বারা প্রস্তুত করিবে।

মাত্রা ॥০—১ তং ড্রাম পুনঃ২ ব্যবহার জন্য। ২—৪ ড্রাম এক মাত্রা জন্য।

ক্রিয়া—প্রখর বিরেচক। নিশ্রব ও পেরিস্‌টল্‌টিক একশন বৃদ্ধি হয়। (ব্রিস্ক পর্গেটিভ)।

ব্যবহার—কোষ্টবদ্ধ, বিশেষতঃ অজীর্ণ রোগের সহিত কোষ্ট বদ্ধ থাকিলে,জ্বর ও প্রদাহাদিসহ কোষ্ট বদ্ধ থাকিলে ব্যবহার হয়।

কেসিয়া পল্পা। কেসিয়া পল্প।

Cassia Pulpa. Cassia pulp.

কেসিয়া ফিস্টুলা, পডিং পাইপট্রি বা পডিং কেশিয়ার ফলের শস্য, ইষ্ট ও ওয়েষ্ট ইণ্ডিজ দেশে জন্মে।

ক্রিয়া—মৃদুবিরেচক (গ্লাইটলেক্সেটিভ) (মাত্রা—১২০ গ্রেণ ও তদূর্দ্ধ)।

কন্‌ফেক্‌সি ও সেনি প্রস্তুত করিতে ব্যবহার হয়।

টেমারিণ্ডস, টেমারিণ্ড। তেতুঁল।

Tamarinds. Tamarindas.

টেমারিণ্ডস, ইণ্ডিকা বৃক্ষের ফলের শস্য, বাহিরের তিক্ত পেরিকার্পবির হিত। শর্করা সংযোগে সংরক্ষিত। ইষ্ট এবং

ওয়েষ্ট ইণ্ডিজ নামক স্থানে জন্মে। কন্‌ফেক্‌সি ও সেমি প্রস্তুত করিতে ব্যবহার হয়।

ক্রিয়া—মৃদুবিরেচক, শৈত্য কারক (রিফ্রিজরেণ্ট, ল্যাইট-ল্যাকসেটিভ্)।

জ্বরাদি রোগে পানিয় রূপে ব্যবহার হইতে পারে (মাত্রা ।০ আউন্স বা তদূর্দ্ধ)।

কোপেইবা, Copaiba. কোপেইবা। Copaiba.

নামান্তর—কোপেইভা। Copaiva.

কোপেই ফিবালেনস ডর্ফ.ই ও অন্যান্য বৃক্ষের গুঁরিতে ছেদ করিলে (ওলিওরেজিন) তৈল ও রঞ্জন যুক্ত যে রস বাহির হয় তাহাই বালসম কোপেবা। ওয়েষ্ট ইণ্ডিজ ও আমেরিকার উষ্ণ প্রধান দেশে জন্মে আমেজান উপত্যকা হইতে আমদানী হয়।

মাত্রা—॥০—১ তৎ ড্রাম।

ওলিয়ম কোপেবি। Olium Copaibæ. অয়েল অফ্ কোপেবা। Oil of Copaiba.

কোপেবা (ওলিওরেজিন) চুয়াইয়া প্রস্তুত বায়ী তৈল।

মাত্রা ৫—২০ মিনিম।

ক্রিয়া—উত্তেজক। এই উত্তেজন ক্রিয়া শৈষ্মিক ঝিল্লিতে বিশেষতঃ জনন ও মূত্র যন্ত্রের শৈষ্মিক ঝিল্লিতে প্রকাশ পায়।

ব্যবহার——গনরিয়া গ্লিট ক্রনিক সিসটাইটিস ক্রনিক ব্রঙ্কাইটিস।

মাইমোসি

একেসিয়া গমাই। গম একেসিয়া, আরবি গঁদ।

Acaceæ Gummi. Gum Acacia.

একেসিয়া সেনিগেল ও অন্যান্য একেশিয়া জাতীয় বৃক্ষের গুঁড়ি ও শাখা হইতে নিসৃত গঁদ যুক্ত রস। আফ্রিকার পূর্ব্বাংশে কর্ডোফান নামক স্থানে পাওয়া যায়। আলেক জাণ্ড্রিয়া হইতে আমদানী হয়। মাত্রা ৩০—৬০ গ্রেণ বা যথেচ্ছা।

মিউসিলেগো একেসিয়া। মিউসিলেজ অফ্ গম একেসিয়া।

Mucilago Acacae. Mucilage of Gum acacia.

গম একেশিয়া ক্ষুদ্র ২ খণ্ড	৪ আউন্স	১০০ গ্রাম
ডিষ্টিল্ট ওয়াটার	যথাবশ্যক।	

অল্প ডিষ্টিল্ড ওয়াটারে গম একেশিয়া শীঘ্র ধৌত করিবে, তাহার পর ৬ তং আউন্স ডিষ্টিল্ড ওয়াটারে আবদ্ধ পাত্রে দ্রব করিয়া ছাঁকিয়া লইবে।

ক্রিয়া—স্নিগ্ধ কারক (ডিমল সেণ্ট) ফসিস ফেরিংগস্ ও ষ্টমাকের ইরিটেশন দূর করিতে ভারীচূর্ণ ঔষধ সকল জলের সহিত মিলাইতে।

একোয়া রোজি। রোজ ওয়াটার।

Aqua Rosae. Rose Water.

রোজা ডেমেস্কিনা নামক গোলাপের পুষ্প হইতে প্রস্তুত, রোজ ওয়াটার অফ্ কমার্স। ব্যবহারের অব্যবহিত পূর্ব্বে ইহার দ্বিগুন আয়তন ডিষ্টিল্ড ওয়াটার যোগ করিতে হয়।

কমার্সের রোজ ওয়াটার, রোজ ফ্লাওয়ারের এসেনসিয়েল অয়েলের সেচুরেটেড সলিউশন মাত্র।

ক্রিয়া ও ব্যবহার—গোলাপ জল অন্যান্য ঔষধকে সুগন্ধ করিতে ব্যবহার হয়। লোসনাদি প্রস্তুত করিতেই ইহা সচরাচর অধিক পরিমাণ ব্যবহার হইয়া থাকে।

অঙ্গুয়েণ্টম একুইরোজী। রোজ ওয়াটার। অয়েণ্টমেণ্ট

রোজ ওয়াটার অন্ ডাইলিউটেড	৭ আউন্স	২১০ কি, সে, মি
হুয়াইট বীজ ওয়াক্স	১॥০ আউন্স	৪৫ গ্রাম
এমণ্ড অয়েল	৯ আউন্স	২৭০ গ্রাম
অয়েল অফ্ রোজ	৮ মিনিম	০·৫ কি, সে, মি

হুয়াইট বীজ ওয়াক্স ও স্পার্মে সিটার ও এমণ্ড অয়েল একত্রে দ্রব কর। উষ্ণ মর্টারে ঐ মিশ্রণ ঢালিবে এবং ক্রমেং রোজ-ওয়াটার যোগ করিবে ক্রমাগত নাড়িবে, অয়েল অফ্ রোজ শীতল হওয়া পর্য্যন্ত নাড়িতে থাকিবে।

ওলিয়ম রোজি। অয়েল অফ্ রোজ।

নামান্তর—অটো অফ্ রোজ।

রোজ ডেমিসিনা নামক গোলাপের সদ্য পুষ্প হইতে চুয়াইয়া প্রস্তুত তৈল।

পেলইওলো, অর্দ্ধ কঠিন, দানাকার গোলাপের প্রবল গন্ধযুক্ত আস্বাদ মিষ্ট।

রোজি গেলিসি পেটাল। রেড্ রোজ্ পেটালস্।

Rosa Gallicae Petala. Red Rose Petals.

রোজা গেলিকার সদ্য এবং শুষ্ক অবিকশিত পাপড়ি (পেটালস্) অষ্ট্রিয়া ও ইউরোপের দক্ষিণ অংশে জন্মে। ইংলণ্ডদেশ জাত বৃক্ষ হইতে পুষ্প সংগ্রহ করা কর্ত্তব্য।

কনফেকসিও রোজি গেলেসি। কন্‌ফেক্‌সন অফ্ রোজেস্।

Confectio Rosæ Gallicæ. Confection of Roses.

ফ্রেস্‌রেড রোজ পেটালস	১ পাউণ্ড	৫০০ গ্রাম
রিফাইণ্ড সুগার	৩ পাউণ্ড	১৫০০ গ্রাম

পাথরের মর্টারে একত্রে পেশন করিবে।

ইনফিউশম রোজি এসিডম। এসিড ইনফিউশন অফ্ রোজ।

রেড রোজ পেটালস শুষ্ক ও চূর্ণ করা	½ আং	২৫ গ্রাম
ডাইলিউট সলফিউরিক এসিড	২ ড্রাম	১২·৫ কি, সে, মি
ডিষ্টিল্ড ওয়াটার বয়েলিং	১ পাইণ্ট	১০০০ কি, সে, মি

ডিষ্টিল্ড ওয়াটারে ডাইলিউটেড্ সলফিউরিক এসিড যোগ করিবে। আবৃত পাত্রে এই মিশ্রণে রেড রোজ পেটালস ১৫ মিনিট ভিজাইয়া ছাঁকিবে। মাত্রা ॥০—১ তং আউন্স।

সিরপস রোজি। সিরপ অফ্ রোজ।

ড্রায়েড্ রেড রোজ পেটালস	২ আং	৫০ গ্রাম
রিফাইণ্ড সুগার	৩০ আং	৭৫০ গ্রাম
ডিষ্টিল্ড ওয়াটার বয়েলিং	১ পাইণ্ট	৫০০ কি, সে, মি

রেড রোজ পেটালস ডিষ্টিল্ড ওয়াটারে ২ ঘণ্টা ইনফিউজ করিয়া, ছাঁকিবে, চাপিয়া লইবে, তরল দ্রব্যকে স্ফুটিত করিয়া ফিল্টার করিবে, তাপের সাহায্যে রিফাইণ্ড সুগার উহাতে দ্রব করিবে প্রস্তুত দ্রব্য ওজনে ২ পাউণ্ড ১৪ আউন্স (১১৫০ গ্রাম) হইবে। মাত্রা ॥০—১ তং ড্রাম।

ক্রিয়া—সঙ্কোচক (এ্ষ্ট্রিন জেণ্ট) বর্ণ জন্য নানাপ্রকার ঔষধ সহিত ব্যবহার হয়। মূত্রসঙ্কোচক জন্য উদরাময়াদিতে আভ্যন্তরিক ব্যবহার হয় এবং এসিড ইনফিউশন জাল। এ্যাপথা প্রভৃতিতে স্থানিক ব্যবহার হয়। কিন্তু প্রধানতঃ অন্যান্য ঔষধ সহিত মিলিতরূপে ব্যবহার হয়।

এমিগ্‌ডেলা আমারা। বিটার এমণ্ড।

Amygdala Amara. Bitter Almond,

প্রুনস এমিগ ডেলস নামক বৃক্ষের পক্কফল-মেগাডোর হইতে আমদানী হয়।

এমিগডেলা ডলসিস। সুইট এমণ্ড।

Amygdala Dolcis. Sweet Almond.

প্রুনস এমিগ ডেলস নামক বৃক্ষের পক্ব ফল সিরিয়া, পার্সিয়া, উত্তর আফ্রিকা ও দক্ষিণ ইউরোপে জন্মে। মোলাগা নামক স্থানে বৃক্ষের চাস হয়। এই স্থানের বাদাম জর্ডন আলমণ্ড নামে খ্যাত।

ওলিয়ম এমিগডেলি। এমণ্ড অয়েল।

Oleum Amygdalai. Almond Oil.

বিটার কিম্বা সুইট এমণ্ড হইতে চাপদ্বারা প্রস্তুত স্থায়ী তৈল।

ক্রিয়া—মৃদুবিরেচক, স্নিগ্ধকারক। মাত্রা ১—৪ ড্রাম।

মিশ্‌চুরা এমেগ ডেলি। এমণ্ড মিকশ্চার।

পাউডার অফ্ এমণ্ডস	২ আং	২০ গ্রাম
ডিষ্টিল্ড ওয়াটার	১৬ তৎ আং	১৬০ কি, সে, মি

ডিষ্টিল ওয়াটার সহ মর্দ্দন (ট্রিটুরেট) করিয়া পাতলা মণ্ডের

মত করিবে, ক্রমেং অবশিষ্ট ডিষ্টিল ওয়াটার যোগ করিবে পাতলা মসলিন দিয়া ছাঁকিবে। মাত্রা ॥০—১ তং আউন্স।

পলভিস এমিগডেলি কমপজিটস্। কম্পাউণ্ড পাউডার অফ আমণ্ডস।

সুইট এমণ্ডস	৮ আং	২০০ গ্রাম
রিফাইণ্ড সুগার চূর্ণ	৪ আং	১০০ গ্রাম
গম একেসিয়া পাউডার	১ আং	২৫ গ্রাম

আমণ্ড গুলি জলে ভিজাবে যেপর্য্যন্ত না তাহাদের খোসা সহজে অন্তর করা যাইতে পারে নিস্বক করিয়া কোমল কাপড় দিয়া যতদূর সম্ভব শুষ্ক করিবে, পরে ২৪ ঘণ্টা উষ্ণস্থানে রাখিয়া সম্পূর্ণ শুষ্ক করিবে মসৃন মর্টারে মর্দ্দন করিয়া এমণ্ড পাউডারে মিশ্রিত করিবে সমুদয় মর্দ্দন করিয়া মোটা চূর্ণ প্রস্তুত করিবে।

ক্রিয়া—মিষ্ট বাদাম মধ্যে এলবিউমিনম, ওলিও জিনম ও সেকেরাইন দ্রব্য থাকাতে পোষক ও স্নিগ্ধকারক।

তৈল—স্নিগ্ধ কারক, বৃহৎ মাত্রায় বিরেচক তিক্ত বাদাম বৃহৎ মাত্রায় বিষাক্ত। ইহা ঔষধার্থে ব্যবহার অকর্ত্তব্য। ইহা হইতে হাই ড্রোসিয়ানিক এসিড উৎপন্ন হয়।

প্রুনম Prunum প্রুনস্ Prunes.

প্রুনস ডোমেষ্টিকা বৃক্ষের ফলের শুষ্ক শস্য, সিরিয়া ও ইউরোপের নানাস্থানে জন্মে।

কনফেকসিও সেনি প্রস্তুত করিতে ব্যবহার হয়।

ক্রিয়া—মৃদুবিরেচক, স্নিগ্ধ কারক পোষক।

(মাত্রা ২ আউন্স ও তদূর্দ্ধ)।

লরো সিরেসাই ফোলিয়া। চেরি লরেল লিভ্‌স।

Lauro cerasi Folia. Cherry Laurel Leaves.

প্রুনস লরোসিরেসসের সদ্য পত্র। এসিয়া মাইনর দেশের বৃক্ষ ইংলণ্ড দেশে বাগানে জন্মে।

একোয়া লরো সিরেসাই। চেরি লরেল ওয়াটার।

ফ্রেস চেরিলরেল লিভস	১ পাউণ্ড	৩২০ গ্রাম।
ওয়াটার	২॥০ পাইন্ট	১০০০ কি, সে, মি

চুয়াইয়া প্রস্তুত করিবে, প্রয়োজন মত ডিষ্টিল ওয়াটার বা হাইড্রোসিয়ানিক এসিডের পরিমাণ শতকরা এক দশমাংশ করিবে। মাত্রা ॥০—২ ডং ড্রাম।

ক্রিয়া—হাইড্রোসিয়ানিক এসিডের ন্যায়।

কুশো Cusso কোশো Kousso.

হেজনিয়া এবিসিনিকা বৃক্ষের মঞ্জরি বা বৃন্তসহ পুষ্পগুচ্ছ এবিসিনিয়া দেশে জন্মে।

ক্রিয়া—ক্রিমি নাশক, টেপ ওয়ার্মে ব্যবহার হয়।

মাত্রা ।০—॥০ আউন্স।

মার্টেসি শ্রেণী।

কেরিও ফাইলম। ক্লোভস। লবঙ্গ।

Caryo Phylum. Cloves

ইউজিনিয়া কেরিওফাইলেটা নামক বৃক্ষের অবিকাশিত শুষ্ক পুষ্প কলিকা, ইষ্ট ইণ্ডিয়াণ আইলণ্ডস, পিনাং, বেন ফুলেম প্রভৃতি স্থানে জন্মে। চূর্ণের মাত্রা ৫—২০ গ্রেণ।

ইনফিউশন কেরিও ফাইলাই। ইনফিউশন অফ্ ক্লোভস্।

ক্লোভসক্রুইজড	॥০ আউন্স	২৫ গ্রাম
ডিষ্টিল্ড ওয়াটার বয়েলিং	১ পাইণ্ট	১০০০ কি, সে, মি

আবৃত পাত্রে ১৫ মিনিট ভিজাইয়া ছাকিবে।

মাত্রা ॥০—১৩২ আউন্স।

ওলিয়ম কেরিওফাইলাই। অয়েল অফ্ ক্লোভস্। লবঙ্গের বায়ী তৈল।

ক্লোভস (লবঙ্গ) চুয়াইয়া প্রস্তুত তৈল। মাত্রা ॥০—৩ মিনিম

ক্রিয়া—উত্তেজক, বায়ুনাশক, সুগন্ধ, আগ্নেয়।

ব্যবহার——এটনিক ডিস্পেপসিয়া। গর্ভাবস্থায় বমন, উদরাধ্মান।

তৈল—বিরেচক ঔষধ সহিত ও পচাদাঁতে বেদনা নিবারণ জন্ম স্থানিক ব্যবহার হইতে পারে।

পাইমেণ্টা। Pimenta. পাইমেণ্টো। Pimento.

পাইমেণ্টা অফিসিনেলিস (ইউজিনা পাইমেণ্টা) অলস্পাইস ট্রি নামক বৃক্ষের অপক্ক ফল ওয়েষ্ট ইণ্ডিয়ান আইলণ্ডে জন্মে।

ক্রিয়া—আগ্নেয়, উত্তেজক, বায়ুনাশক (চূর্ণের মাত্রা ৫—২০ গ্রেণ)

একোয়া পাইমেণ্টি। পাইমেণ্টো ওয়াটার।

পাইমেণ্টো (ক্রুইজড) চূর্ণ	৮ আউন্স	২৫০ গ্রাম।
জল	২ গ্যালন	১০ লিটার।

অর্দ্ধেক ডিষ্টিল করিবে।

ওলিয়ম পাইমেণ্টি। অয়েল অফ্ পাইমেণ্টো।

পাইমেণ্টো হইতে চুয়াইয়া প্রস্তুত তৈল। মাত্রা ॥০—৩মিনিম

ওলিয়ম কেজুপটি। অয়েল অফ্ কেজুপট।

Oleum Cajeputi. Oil of Cajeput.

সাধারণ নাম—এলাচির তৈল বা এলাচির আরক।

মেলালিউকা মাইনর বা কেজুপেটট্রির পত্র চুয়াইয়া প্রস্তুত তৈল। দেখিতে নীলবর্ণ। মলক্কাদ্বিপে বৃক্ষ জন্মে। বটেভিয়া ও সিঙ্গাপুর হইতে তৈল আমদানী হয়। মাত্রা ॥০—৩ মিনিম।

স্পিরিটস কেজুপটি। স্পিরিট অফ্ কেজুপট।

অয়েল অফ্ কেজুপট ১ তং আউন্স ৫০ কি, সে, মি

এলকোহল (৯০ পার্সেণ্ট) যথাবশুক। অয়েল অফ্ কেজুপট যথাবশুক। এলকোহল যোগ করিয়া ১০ তং আউন্স (৫০০ কি, সে, মি) স্পিরিট অফ্ কেজুপট পূর্ণ করিবে।

ক্রিয়া—স্থানিক ও সর্ব্বাঙ্গিক প্রবল উত্তেজক, আক্ষেপ নিবারক, বায়ুনাশক (পাওয়ার ফুল) টপিকেল এণ্ড জেনারেল ষ্টিমুলেণ্ট, এণ্টিসম্পাজমডিক) মাত্রা ৫—২০ মিনিম।

ব্যবহার—আধ্মানযুক্ত কলিক, হিষ্টিরিয়া, কলেরা অবসন্ন অবস্থা, ক্রনিকরিউমাটিজম, অলিভ অয়েল সহিত মিলাইয়া, গাউট ও রিউমাটিজমে স্থানিক ব্যবহার হয়।

ইউকেলিপটাই গমাই, ইউকেলিপটস গম।

Eucalyptai Gummi. Eucalyptas Gum.

ইউকেলিপটস রোস ট্রেটা ও অন্যান্য ইউকেলিপটস জাতীয় বৃক্ষের বন্ধল হইতে নিঃসৃত লাল বর্ণ নির্য্যাস। অষ্ট্রেলিয়া হইতে আমদানী হয়।

লালবর্ণ ক্ষুদ্র২ দানা বা খণ্ড, কষায় আস্বাদ, শীতল জলে শতকরা ৮০—৯০ ভাগ দ্রব হয়। ৯০ পার্সেণ্ট এলকোহলে প্রায় সম্পূর্ণ দ্রব হয়। মাত্রা ২—৫ গ্রেণ।

ট্রচিসকস ইউকেলিপটাই গমি। ইউকেলিপটস গম লেজেঞ্জ।

ইউকেলিপটস গম	১ গ্রেণ	·০৬৪৮ গ্রাম

ফ্রুট বেসিস সহ একটি লোজেঞ্জ প্রস্তুত করিবে।

ওলিয়ম ইউকেলি পটাই। অয়েল অফ্ ইউকেলিপটাস।

ইউকেলিপটস গ্লবিউলস বৃক্ষের সদ্য পত্র হইতে চুয়াইয়া প্রস্তুত তৈল।

অঙ্গুয়েণ্টম ইউকেলি পটাই। ইউকেলিপটস অয়েণ্টমেণ্ট।

অয়েল অফ্ ইউকেলি পটস	১ আউন্স	৩০ গ্রাম।
হার্ড পেরাফিন	৪ আউন্স	১২০ গ্রাম।
সফ্ট পেরাফিন হুয়াইট	৫ আউন্স	১৫০ গ্রাম।

হার্ড ও সফ্ট পেরাফিন একত্রে দ্রব করিবে। অয়েল অফ ইউকেলি পটস যোগ করিয়া শীতল না হওয়া পর্য্যন্ত নাড়িবে।

ক্রিয়া—মেলেরিয়াযুক্ত স্থানে রোপন করিলে ঐস্থানে স্বাস্থ্যকর হয়, সম্ভবতঃ ইহার মূল অধিক পরিমাণ আর্দ্রতা শোষণ করিতে সক্ষম বলিয়া মেলেরিয়া নষ্ট করে। উত্তেজক, আক্ষেপ নিবারক, পচন নিবারক সন্তাপাধিক্য নিবারক, দুর্গন্ধ নাশক।

(ষ্টিমুলেণ্ট, এণ্টিসম্পাজমডিক, এণ্টিসেপটিক, এণ্টিপাইরেটিক, ডিসইন ফেকটেণ্ট)।

ব্যবহার—পালাজ্বর, এজমা ব্রঙ্কাইটিস, হুপিংকফ।

গমের ক্রিয়া সঙ্কোচক।

ব্যবহার—ডায়েরিয়া, সি-সিকনেস।

স্থানিক—নাসিকা, মুখ, দন্তমাড়ি প্রভৃতি হইতে রক্তস্রাব ও শ্লেষ্মা নিঃসরণ, লিউকোরিয়া, গলনালীর ক্ষত ও স্বর ভঙ্গ রোগে ইহার লোজেঞ্জ উপকারক।

গমের লিকুইড এক্সট্রাক্ট সচরাচর ব্যবহার হয়। ইহা ফার্ম্মাকোপিয়ায় গৃহীত হয় নাই।

গ্রেনেটাই কর্টেক্স। পোম গ্রেনেট বার্ক।

Granatie Cortex, Pome Granate Bark.

পুনিকা গ্রাণেটম বৃক্ষের শুষ্ক মূল ও কন্দের শুষ্ক ত্বক। ভূমধ্যস্থ সাগরের তীরবর্ত্তী স্থানে জন্মে। জর্ম্মাণি হইতে আমদানী হয়। ভারতবর্ষেও জন্মে।

ডিককটম গ্রেনেটাই কর্টিসিস। ডিককশন অফ্ পোম গ্রেনেট বার্ক।

পোমগ্রেনেটবার্ক নং ১০ চূর্ণ ৪ আউন্স ২০০ গ্রাম

ডিষ্টিল্ড ওয়াটার যথাবশ্যক।

২৪ আউন্স ডিষ্টিল্ড ওয়াটারে, পোমগ্রানেট বার্ক উপযুক্ত পাত্রে ১০ মিনিট ফুটাবে, ছাঁকিবে, বার্কচূর্ণের উপর যথাবশ্যক ডিষ্টিল্ড জল ঢালিয়া ডিককশনের পরিমান একপাইণ্ট করিবে। মাত্রা ।৷০—২ তং আউন্স।

ক্রিয়া—মৃদু সঙ্কোচক, ক্রিমিনাশক, স্‌্লাইট এষ্ট্রিনজেণ্ট, এন্থেলমেণ্টিক।

ব্যবহার—টেপওয়ারম।

কলোসিন্থিডিস পল্পা। কলোসিন্থ পল্প।

Colocynthidis Pulpa. Colocynth Pulp.

সাইট্রুলস কলোসিন্থিস বৃক্ষের শুষ্ক নিত্বক ও বীজশূন্য ফলের শস্য।

ভূমধ্যস্থ সাগরের তীরবর্ত্তী স্থান ও ভারতবর্ষে জন্মে স্মার্ণা, ফ্রান্স, স্পেইন প্রভৃতি দেশ হইতে আমদানী হয়।

এক্সট্রাক্টম কলোসিন্থিডিস কম্পোজিটম। কম্পাউণ্ড এক্সট্রাক্ট অফ্ কলোসিন্থ।

কলোসিন্থপল্প	৬ আউন্স	১৫০ গ্রাম।
এক্সট্রাক্ট অফ্ বার্ব্বেডোজ এলোজ	১২ আউন্স	৩০০ গ্রাম।
স্কেমনি রেজিন	৪ আউন্স	১০০ গ্রাম।
কার্ডসোপ পাতলা খণ্ড	৪ আউন্স	১০০ গ্রাম।
কার্ডেমম সিড্স সূক্ষ্ম চূর্ণ	১ আউন্স	২৫ গ্রাম।
এলকোহল ৬০ পার্সেণ্ট	১ গ্যালন	১ লিটার।

কলোসিন্থ পল্প এলকোহলে ৪ দিন ভিজাইয়া চাপিয়া টিংচার বাহির করিয়া লইবে, ডিষ্টিলেশন দ্বারা এলকোহল অন্তর করিবে এক্সট্রাক্ট অফ্ এলোজ স্কেমনিরেজিন ও সোপ যোগ করিবে। শুষ্ক করিয়া দৃঢ় এক্সট্রাক্ট করিবে, শেষভাগে কার্ডেমোমম যোগ করিবে। মাত্রা ২—৪ গ্রেণ।

পাইলিউলা কলোসিন্থিডিস কম্পোজিটা। কম্পাউণ্ড পিল অফ্ কলোসিন্থ।

কলোসিন্থ পল্প পাউডার	১ আউন্স	২০ গ্রাম।
বার্ব্বেডোজ এলোজ পাউডার	২ আউন্স	৪০ গ্রাম।

স্কেমনি রেজিন পাউডার	২ আউন্স	৪০ গ্রাম।
পটাসিয়ম সলফেট ভেরিফাইন পাউডার	।০ আউন্স	৫ গ্রাম।
অয়েল অফ্ ক্লোভস ২ তং ড্রাম		৫ কি, সে, মি।
ডিষ্টিল্ড ওয়াটার	যথাসম্ভক।	

অয়েল অফ্ ক্লোভস পটাসিয়ম সলফেট সহ মর্দ্দন করিবে কলোসিন্থ পল্প যোগ করিবে, মিশ্রিত করিয়া বার্ব্বেডোজ এলোজ ও স্কেমনি রেজিন যোগ করিবে উত্তমরূপে মিশ্রিত করিয়া ডিষ্টিল্ড ওয়াটার যোগ করিবে এবং পিটিয়া পিণ্ডাকার করিবে।

মাত্রা ৪—৮ গ্রেণ।

পাইলিউলা কলোসিন্থডিস এট্‌হায়েসায়ে মাই।
পিল অফ্ কলোসিন্থ এণ্ডহায়সায়ে মস।

কম্পাউণ্ড পিল অফ্ কলোসিন্থ	২ আউন্স	৫০ গ্রাম।
এক্সট্রাক্ট অফ্ হায়েসায়েমস	১ আং	২৫ গ্রাম।

মিশ্রিত করিয়া পিণ্ডাকার করিবে। মাত্রা ৪—৮ গ্রেণ।

ক্রিয়া—অতিবিরেচক ক্ষুদ্র অন্ত্রে বিশেষ ক্রিয়া প্রকাশ করে। ড্রাষ্টিক পর্গেটিভ।

ব্যবহার—অবষ্টিনেট ও হেবিচুয়েল কনষ্টিপেসন, জ্বর, ড্রপ্সি, এমিনোরিয়া, মস্তিষ্কের পীড়া, কোষ্টবদ্ধ।

ইলাটিরিয়ম। Elaterium.

ইলাটিরিয়ম। Elaterium.

স্কুয়াটিং কিউকমবারের ফলের রসের অদ্রবনীয় অংশ (সেডিমেণ্ট)।

ক্ষুদ্র২ বর্ণহীন দানাকার সমষ্টাকার, তিক্তাস্বাদ।

মাত্রা $\frac{1}{20}$—।০ গ্রেণ।

ইলাটিরিনম। ইলাটিরিন।

Elaterinum. Elaterin.

ইলাটিরিয়মের বীর্য্য বা সার বস্তু।

মাত্রা $\frac{1}{40}$—$\frac{1}{10}$ গ্রেণ।

পলভিস ইলাটিরিনি কম্পোজিটস। কম্পাউণ্ড পাউডার অফ্ ইলাটিরিন।

ইলাটিরিন	৫ গ্রেণ	১ গ্রাম।
মিল্কসুগার	১৯৫ গ্রেণ	৩৯ গ্রাম।

একটী মর্টারে মর্দ্দন করিয়া সূক্ষ্ম চূর্ণ প্রস্তুত করিবে।

মাত্রা ১—৪ গ্রেণ।

ক্রিয়া—তীব্র বিরেচক, জলবৎ ভেদ হয়।

পাউয়ার ফুল ড্রাষ্টিক। হাইড্রোগগ পর্গেটিভ।

ব্যবহার—ড্রপ্সি, কোষ্টবদ্ধ, সন্নাস।

আমবেলিকেরি শ্রেণী।

কোনাই ফোলিয়া। কোনিয়ম লিভস।

কোনিয়ম মেকিউলেটম স্পটেড হেমলক নামক বৃক্ষের সদ্য পত্র ও তরুন শাখা। ফল ধরিবার প্রারম্ভে সংগ্রহ করা হয়। ইহা একটী বিষাক্ত ঔষধ। এই বিষ পান করিয়া সক্রেটিসের মৃত্যু হয়। ইউরোপ ও এসিয়া মাইনরে জন্মে।

কোনাই ফ্রকটস। কোনিয়ম ফ্রুট।

Conii Fractas. Hemlock Fruit.

উক্ত বৃক্ষের ফল, ফলপূর্ণ অবস্থা প্রাপ্ত হইলে কিন্তু হরিৎবর্ণ থাকিতে সংগ্রহ করিয়া সাবধানে শুষ্ক করা কর্ত্তব্য।

সকস কোনাই জুস অফ্ কোনিয়ম।

Succus Conii. Juice of Conium.

কোনায়মের সদ্য পত্র ও তরুন শাখা মর্দ্দিত করিয়া চাপিয়া রস বাহির করিবে। প্রতি ৩ ভাগ জুসে ৯০ পার্সেণ্ট এলকোহল একভাগ যোগ করিবে, ৭ দিন স্থীর ভাবে রাখিয়া ফিল্টার করিবে। মাত্রা ১—২ তৎ ড্রাম।

টিংচুরা কোনাই। টিংচার অফ্ কোনিয়ম।

কোনিয়ম ফল সদ্য চূর্ণ করা ৪০ নং পাউডার ৪ আউন্স
২০০ গ্রাম।

এলকোহল ৭০ পার্সেণ্ট যথাবশ্যক।

৪ তৎ আউন্স এলকোহলে পাউডার আর্দ্র করিয়া পর্কোলেশন করিবে; প্রস্তুত টিংচার ১ পাইণ্ট হইবে।

মাত্রা ॥০—১ তৎ ড্রাম।

ক্রিয়া—অবসাদক, আক্ষেপ নিবারক, বেদনা নিবারক, পরিবর্ত্তক; শোষক। স্থানিক—উত্তেজক, স্পর্শহারক।

ব্যবহার—কোরিয়া, পেরালিসিস এজিটান্স, রিয়েল ট্রেমর, পেরাপ্লিজিয়ায় পদ বিকম্পন, ষ্ট্রীকনিয়াদ্বারা বিষাক্ত ও টেটেনসে উপকার হয় না, ব্রঙ্কাইটিস; থাইসিস হুপিংকফ, এক্যিউট মেনিয়া কেনসার।

এসফিটিডা। এসফিটিডা। হিং।

Asafetida. Asafetida.

ফেরুলা নার্থেক্স (নার্থেক্স এসাফিটিডা) বৃক্ষের জীবিত মুল ছেদন করিলে গঁদ ও ধুনাযুক্ত রস নির্গত হয়, এইরস ঘন ও

শুষ্ক হইয়া হিং উৎপন্ন হয়। পারস্য, আফ্‌গানিস্থান ও পঞ্জাব দেশে জন্মে। মাত্রা ৫—১৫ গ্রেণ।

পাইলিউলা এলোজ এট্‌ এসাফিটিডি। পিল অফ্‌ এলোজ এণ্ড এসাফিটিডা।

সকট্রাইন এলোজ পাউডার	১ আং	২০ গ্রাম।
এসাফিটিডা পাউডার	১ আং	২০ গ্রাম।
হার্ডসোপ পাউডার	১ আং	২০ গ্রাম।
কনফেক্‌শন অফ্‌ রোজেস	১ আং	২০ গ্রাম।
	বা যথাবশ্যক।	

মিশ্রিত কর। মাত্রা ৪—৮ গ্রেণ।

পাইলিউলা গেলবেনাই কম্পোজিটা, কম্পাউণ্ড পিল অফ্‌ গেলবেনম।

নামান্তর—কম্পাউণ্ড পিল অফ্‌ এসাফিটিডা।

এসাফিটিডা	২ আং	৫০ গ্রাম।
গেল্‌বেনম	২ আং	৫০ গ্রাম।
মার্‌	২ আং	৫০ গ্রাম।
সিরপ অফ্‌ গ্লুকোজ	১ আং	২৫ গ্রাম।

সমুদয় দ্রব্য ওয়াটার বাথে উষ্ণ করিবে। উত্তমরূপে মিশ্রিত হওয়া পর্যন্ত নাড়িবে। মাত্রা ৪—৮ গ্রেণ।

স্পিরিটস্ এমোনি ফিটিডস। ফিটিড স্পিরিট অফ্‌ এমোনিয়া।

এসাফিটিডা	১॥০ আং	৭৫ গ্রাম।
ষ্ট্রংসলিউশন অফ্‌ এমোনিয়া	২ ডং আং	১০০ কি, সে, মি
এলকোহল ৯০ পার্সেণ্ট	যথাপ্রয়োজন।	

মহামহিম শ্রীযুক্ত সবরেজিষ্টার সাহেব বাহাদুর

সমীপেষু—

রখাস্ত শ্রীগোপীনাথ বসাক—অধিনের নিবেদন এইযে আমি দৃঢ়তারর
স্বীকার করিতেছি শ্রী [illegible] প্রণীত মহাশয়ে
[illegible] নামীর বহি [illegible] সংস্করণ আমার এইপ্রেসে
হইয়া [illegible] সালের [illegible] তারিখে প্রকাশিত হইয়াছে
প্রার্থী যে ১৮৬৭ সালের ২৫আইনের চারিধারা বিধানানুসারে সাধা-
জেষ্টরী করিতে আজ্ঞাহয়। ইতি [illegible]—

এসাফিটিডা ক্ষুদ্র২ খণ্ডে বিভক্ত করিয়া আবদ্ধ পাত্রে ১৫ আং এলকোহলে ২৪ ঘণ্টা ভিজাইয়া রাখিবে। এলকোহলের ভেপার— যেপর্য্যন্ত কনডেনস হইতে বন্ধ না হইবে, সে পর্য্যন্ত ডিষ্টিল করিবে, ডিষ্টিলেটে ষ্ট্রং সলিউশন অব এমোনিয়া যোগ করিবে। যথাবশ্যক এলকোহল যোগ করিয়া পরিমান এক পাইণ্ট পূর্ণ করিবে।

মাত্রা—পুনঃ২ ব্যবহার জন্য ২০—৪০ মিনিম।

একমাত্রার জন্য ৬০—৯০ মিনিম।

টিংচুরা এসাফিটিডি। টিংচার অফ্ এসাফিটিডা।

এসাফিটিডা (ব্রুইজড) কুটিত　৪ আং　২০০ গ্রাম।
এলকোহল ৭০ পার্সেণ্ট　যথাবশ্যক।

আবদ্ধ পাত্রে ১৫ আউন্স এলকোহলে এসাফিটিডা ৭ দিন ভিজাইয়া রাখিবে, মধ্যে মধ্যে নাড়িবে, ফিল্টার করিবে। ফিল্টারে যথাবশ্যক এলকোহল দিয়া একপাইণ্ট পূর্ণ করিবে।

মাত্রা ॥০—১ ডং ড্রাম।

ক্রিয়া—স্নায়বিয় উত্তেজক, প্রবল আক্ষেপ নিবারক কফঃ নিঃসারক, বায়ুনাশক, কৃমিনাশক, কামোদ্দীপক। (নার্ভাস ষ্টিমুলেণ্ট, পাওয়ার ফুল এণ্টিস্পাজমডিক, এক্সপেক্টোরেণ্ট ডায়েফোরেটিক, এমিনেগগ কার্মিনেটিভ, এনথেল মেন্টিক।)

ব্যবহার—হিষ্টিরিয়া, পার্টুসিস, এজমা, টিম্পেনাইটিস, ক্রনিক ব্রঙ্কাইটিস।

গেলবেনম্। গেল্বেনম। Galbanum.

ফেরুলা গেল্বেনিফ্লুয়া ও অন্যান্য বৃক্ষ হইতে প্রাপ্ত গঁদ ও ধুনাযুক্ত রস। সিরিয়া পারস্য ও আরব দেশে জন্মে। লিভাণ্ট ও ভারতবর্ষ হইতে বিলাতে আমদানী হয়। মাত্রা [illegible]

ক্রিয়া—এসাফিটিডায় ন্যায়, কিন্তু আক্ষেপ নিবারক ক্রিয়া উহা অপেক্ষা অনেক কম। ইহা উত্তেজক, কফঃ নিঃসারক, রজঃ নিঃসারক। স্থানিক মৃদু উত্তেজক। ব্যবহার স্থানিক ইনডলেণ্টটিউমার।

এমোনায়েকম। এমোনায়েকম। Ammoniacum.

ডোরিমা এমোনায়েকম বৃক্ষের ফল ও ফুলযুক্ত শাখা হইতে নিঃসৃত গঁদ ও ধুনাযুক্ত রস, বায়ুতে ঘন হয়। বৃক্ষে পতঙ্গ-বিশেষের দংশনে রস নির্গত হয়। পারস্য ও পঞ্জাব দেশে জন্মে।

মাত্রা ৫—১৫ গ্রেণ।

মিসচুরা এমোনায়েসাই। এমোনায়েকম মিকশ্চার।

এমোনায়েকম স্থূলচূর্ণ	।০ আউন্স	৫ গ্রাম।
সিরপ অফ্ টোলু	৪ তং ড্রাম	১০ কি, সে, মি
ডিষ্টিল্ড ওয়াটার	৭৷৷০ তং আউন্স	১৫০ কি, সে,মে

এমোনায়েকম অল্প ডিষ্টিল্ড ওয়াটারে উত্তমরূপ মর্দ্দন করিয়া পাতলা লেইবৎ করিবে, ক্রমে২ অবশিষ্ট জল ও সিরপ অফ্ টোলু যোগ করিবে। মর্দ্দন করিতে থাকিবে যে পর্য্যন্তনা মিশ্রণ দুগ্ধের ন্যায় হয়। মস্‌লিন দিয়া ছাঁকিবে।

মাত্রা ৷৷০—১ তং আউন্স।

এমপ্লাষ্ট্রম এমোনায়েসাইকম হাইড্রার জাইরাই। এমোনায়েকম এণ্ড মার্করি প্লাষ্টার।

এমোনায়েকম	১২ আউন্স	৩২৮ গ্রাম।
মার্করি	৩ আউন্স	৮২ গ্রাম।
ওলিভ অয়েল	৫৬ গ্রেণ	৩·৫ গ্রাম।
সব্লাইমড্ সল্ফর	৮ গ্রেণ	০·৫ গ্রাম।

ওলিভ অয়েল উষ্ণ করিয়া ইহাতে ক্রমেং সলফার যোগ করিবে। সমানরূপ মিলিত নাহওয়া পর্য্যন্ত নাড়িতে থাকিবে। এই মিশ্রণ সহ মার্কারি (ট্রিটুরেট) মর্দ্দন করিবে যে পর্য্যন্ত না মেটালিক মার্কারি অদৃশ্য হয়। এমোনায়েকম পুনঃ২ নূতন জলে ফুটাইয়া শোধিত করত, মিশ্রিত করিবে। হেয়ারসিভদিয়া ছাঁকিবে, অধঃস্থ দ্রব্যকে উক্ত চালনিতে মর্দ্দন করিয়া ছাঁকিবে। মিশ্রিত করিয়া উপযুক্তরূপ শুষ্ক করিয়া লইবে।

ক্রিয়া—উত্তেজক, কফঃ নিঃসারক, আক্ষেপ নিবারক স্থানিক উত্তেজক, পাওয়ারফুল ষ্টিমুলেণ্টিং এক্সপেক্টোরেণ্ট, টপিকেল ষ্টিমুলেণ্ট।

ব্যবহার—ক্রনিক ব্রন্‌কাইটিস, স্থানিক ইনডলেণ্টটিউমার। ক্রনিক এন্ লার্জড্ জয়েণ্টস।

এনিসি ফ্রুক্টস। এনিসিড। মউরি।

Anisi Fructus. Anisi Fruit.

পিম্‌পিনেলা এনিসম বৃক্ষের শুষ্ক ফল, ইউরোপের সর্ব্বত্র জন্মে।

ওলিয়ম এনিসি। অয়েল অফ্ এনিসি।

এনিসিফ্রুট কিম্বা ষ্টারএনিসি, ইলিসিয়ম ভিয়ম চুয়াইয়া প্রস্তুত তৈল।

এনিসিফ্রুট চুয়াইয়া ইউরোপে প্রস্তুত তৈল, অথবা ইলিসিয়ম এনিসেটম ফল হইতে চীনদেশে চুয়ান তৈল।

মাত্রা ॥০—৩ মিনিন।

একোয়া এনিসি। এনিসি ওয়াটার।

এনিসি ফ্রুটচূর্ণ (মৌরি)	১ আউন্স	৫০০ গ্রাম।
জল	২ গেলন	১০ লিটার।

অর্দ্ধেক ডিষ্টিল্ড করিবে। মাত্রা ১—২ আউন্স।

ক্রিয়া—উত্তেজক, সুগন্ধ, বায়ুনাসক, আগ্নেয়।

ব্যবহার—উদরাধ্মান নিবারণ ও বিরেচক ঔষধ সকলের পেটকামড়ান নিবারণ জন্য ব্যবহার হয়। কাশের উগ্রতা হ্রাসকরে।

ফেনিকিউলাই ফ্রক্টস। ফেনেল ফ্রুট।

Fœniculi Fructus. Fennel Fruit.

ফেনিকিউলম কেপিলেসিয়ম বৃক্ষের পক্ক শুষ্ক ফল। ইউ-রোপের অনেকস্থানে জন্মে। মাল্টা হইতে আমদানী হয়।

একোয়া ফেনিকিউলাই। ফেনেল ওয়াটার।

ফেনেলফ্রুট	১ পাউণ্ড	৫০০ গ্রাম।
ওয়াটার (জল)	২ গেলন	১০ লিটার।

অর্দ্ধেক ডিষ্টিল করিবে। মাত্রা ১—২ আউন্স।

ক্রিয়া—উত্তেজক, সুগন্ধ, বায়ুনাশক, আগ্নেয়।

ব্যবহার—পেটফাঁপা ও পেটকামড়ানে উপকারী।

কোরিয়েণ্ড্রাই ফ্রক্টস। কোরিয়েণ্ডার ফ্রুট। ধনে

Coriandri Fructus. Coriander Fruit.

কোরিয়েণ্ড্রম সেটাইভম বৃক্ষের পক্ক শুষ্ক ফল, ইটালি দেশে জন্মস্থান, ইউরোপের অনেক স্থানে জন্মে।

অলিয়ম করিয়েণ্ড্রাই। অয়েল অফ্ করিয়েণ্ড্রাই।

কোরিয়েণ্ডারফ্রুট বা ধনে হইতে ব্রিটন দেশে চুয়ান তৈল।

মাত্রা ॥০—৩ মিনিম।

ক্রিয়া—উত্তেজক, সুগন্ধ, বায়ুনাশক।

কেরুই ফ্রুক্টস। কেরওয়ে ফ্রুট। বিলাতি জিরা

Carui Fructus. Carawæ Fruit.

কেরম কেরুইয়ের শুষ্ক ফল। ইংলণ্ড ও জর্ম্মনিদেশে জন্মে।

ওলিয়ম কেরুই। অয়েল অফ্ কেরওয়ে।

কেরওয়ে ফ্রুট হইতে চুয়াইয়া প্রস্তুত তৈল।

মাত্রা ॥০—৩ মিনিম।

একোয়া কেরুই। কেরাওয়ে ওয়াটার।

কেরাওয়ে ফ্রুট	১ পাউণ্ড	৫০০ গ্রাম।
ওয়াটার (জল)	২ গ্যালন	১০ লিটার।

অর্দ্ধেক চুযাইবে।

ক্রিয়া—সুগন্ধ, আগ্নেয়, বায়ুনাশক, উত্তেজক।

ব্যবহার—উদরাদ্ধ্মানে, অন্যান্য ঔষধ সহ সুগন্ধ ও বায়ুনাশক ক্রিয়া জন্য ব্যবহার হয়।

এনিথি ফ্রুক্টস। ডিল্ ফ্রুট।

Anethi Fructus, Dill Fruit.

পিউসেডি নিয়ম গ্রাভিওলেনস্ বা ডিল বৃক্ষের শুষ্ক ফল। ব্রিটন দেশে চাষ হয়।

ওলিয়ম এনিথি। অয়েল অফ্ ডিল।

ডিলফ্রুট চুয়াইয়া ব্রিটন দেশে প্রস্তুত হয়।

মাত্রা ॥০—৩ মিনিম।

একোয়া এনিথি। ডিল ওয়াটার।

ডিল ফ্রুট	১ পাউণ্ড	৫০০ গ্রাম
ওয়াটার (জল)	২ গ্যালন	১০০ লিটার।

অর্দ্ধেক ডিষ্টিল করিবে।

ক্রিয়া—উত্তেজক, সুগন্ধ, বায়ু নাশক, আগ্নেয়।

ব্যবহার—শিশুদের উদরাধ্মান, পেটবেদনা ও পেটের কামড়ে সচরাচর ব্যবহার হয়।

সম্বল রেডিক্স। সম্বল রূট।
Sumbul Radix. Sumbul Root.

ফেরুলা সম্বল বৃক্ষের শুষ্ক মূল, অনুপ্রস্থ ভাবে কাটা। বোখারা দেশে জন্মে।

টীংচুরা সম্বল। টিংচার অফ্ সম্বল।

সম্বল রূট ব্রুইজড (কুট্টিত)	২ আউন্স	১০০ গ্রাম।
এলকোহল ৭০ পার্সেন্ট	১ পাইন্ট	১০০০ কি, সে, মি

মেসিরেশন প্রক্রিয়ার প্রস্তুত করিবে। মাত্রা ॥০—১ ড্রাম।

ক্রিয়া—স্নায়ুবিষ নাশকারক, আক্ষেপ নিবারক।

ব্যবহার ইপিলেপ্সি, কোরিয়া, হিষ্টিরিয়া, ডিলিরিয়ম ট্রিমেন্স

কেপ্রি ফোলিয়েসি।

সেম্বুসাই ফ্লোরেস। এলডর ফ্লাওয়ারস।
Sambuci Flores. Elder Flowers.

সেম্বুইকস নাইগ্রা বৃক্ষের সদ্য ফুল। ইংলণ্ড দেশে জন্মে।

একোয়া সেম্বুসাই। এল্ডার ফ্লাওয়ার ওয়াটার।

ফ্রেস এল্ডার ফ্লাওরার্স	১০ পাউণ্ড	৫০০০ গ্রাম।

(অথবা তুল্য পরিমান পুষ্প সদ্য অবস্থায় লবন সংযোগে সংরক্ষিত)।

জল	৫ গেলেন	২৫ লিটার।

একপঞ্চমাংশ ডিষ্টিল করিবে।

ক্রিয়া—মৃদু উত্তেজক, বায়ু নাশক।

সিঙ্কোনেসি শ্রেণী।

সিঙ্কোনি রুব্রিকর্টেক্স। রেড্ সিঙ্কোনা বার্ক।

সিঙ্কোনি সক্সি রুব্রা নামক রোপিত বৃক্ষের গুঁড়ি ও শাখার শুষ্ক ত্বক। দক্ষিণ আমেরিকায় জন্মে। ভারতবর্ষের দার্জ্জিলিং ও নীলগিরি প্রদেশে চাষ হয়। (চূর্ণের মাত্রা ১০—৬০ গ্রেণ)। জাবা, লঙ্কাদ্বীপ ও জামেকায় জন্মে।

এক্সট্রাক্টম সিঙ্কোনি লিকুইডম। লিকুইড এক্সট্রাক্ট অফ্ সিন্‌কোনা।

রেড সিঙ্কোনা বার্কের উপক্ষার ১১০ মিনিমে ৫ গ্রেণ (১০০ কি, সে, মি ৫ গ্রাম) বিশিষ্ট লিকুইড এক্সট্রাক্ট।

রেড্ সিঙ্কোনাবার্ক ৬০ নং পাউডার	২০ আউন্স	৬৪০ গ্রাম
হাইড্রোক্লোরিক এসিড	৫ তং ড্রাম	২০ কি, সে, মি
গ্লিশরিণ	২॥০ তং আং	৮০ কি, সে, মি
এলকোহল ৯০ পার্সেণ্ট ডিষ্টিল্ড ওয়াটার	প্রত্যেক যথাবশ্যক।	

পাঁচ পাইণ্ট ডিষ্টিল্ড ওয়াটারে এসিড ও গ্লিশরিণ যোগ করিয়া সিঙ্কোনাবার্ক নিশ্রিত করিবে, ৪৮ ঘণ্টা আবৃত পাত্রে রাখিবে ঘনং নাড়িয়া দিবে। পর্কোলেটারে রাখিবে, তরল অংশ অন্তর হইলে। পর্কোলেটারের মধ্যস্থ দ্রব্য উত্তমরূপে প্যাক করা হইলে ডিষ্টিল ওয়াটার দিয়া পর্কোলেট করিতে থাকিবে যে পর্য্যন্ত না ১৫ পাইণ্ট পূর্ণ হয়। অথবা যেপর্য্যন্ত না নির্গত তরল দ্রব্য সলিইশন অফ্ পটাসিয়ম হাইড্রক্সাইড যোগে অধঃক্ষেপ প্রদান না করে। পোর্সিলেন বা ইনামেল্ড লৌহের পাত্রে

পর্কোলেটকে ১৮০ ফাং তাপে শুষ্ক করিয়া পরিমাণ ২০ আউন্স করিবে যথাবিধিএনালিসিস দ্বারা এলকেলয়েডের পরিমান নির্দ্দেশ করিবে।

২০ আউন্স লিকুইড এক্সট্রাক্টের মধ্যস্থ এলকেলয়েডের পরিমাণ নির্দ্দেশ করতঃ ইহার মধ্যে ৫ গ্রাম এলকেলয়েড থাকিবে ইহার পরিমাণ প্রথমে প্রয়োজন মত শুষ্ক করিয়া কিম্বা ডিষ্টিল্ড ওয়াটার যোগে ৮৫ কি, সে, মি করিবে, তৎপর ইহাতে ১২.৫ কি, সে, মি এলকোহল যোগ করিবে। ডিষ্টিল্ড ওয়াটার যোগে পরিমাণ ১০০ কি, সে, মি পূর্ণ করিবে। এই প্রকারে প্রস্তুত লিকুইড এক্সট্রাক্ট ১০০ কিউবিক সেণ্টি মিটারে ৫ গ্রাম এলকেলয়েড বা ১১০ মিনিমে ৫ গ্রেণ থাকিবে। মাত্রা ৫—১৫ মিনিম।

ইনফিউশম সিঙ্কোনি এসিডম। এসিড ইনফিউশন অফ্ সিঙ্কোনা।

রেড্ সিঙ্কোনাবার্ক ৪০নং পাউডার	১ আউন্স	৫০ গ্রাম।
এরোমেটিক সলফিউরিক এসিড ২ তং ড্রাম		১২.৫ কি, সে, মি
ডিষ্টিল্ড ওয়াটার বয়েলিং	১ পাইণ্ট	১০০০ কি, সে, মি

রেড্সিঙ্কোনাবার্ক ডিষ্টিল্ড ওয়াটার সহ মিশ্রিত করিয়া একটী আবৃত পাত্রে রাখিবে, এরোমেটিক সল্ফিউরিক এসিড যোগ করিবে, একঘণ্টা পরে ছাঁকিবে। মাত্রা ॥০—১ তং আউন্স।

টিংচুরা সিঙ্কোনা। টিংচার অফ্ সিঙ্কোনা।

রেড্সিঙ্কোনা বার্ক ৪০নং পাউডার	৪ আউন্স	২০০ গ্রাম।
এলকোহল ৭০ পার্সেণ্ট	যথাবশ্যক।	

বার্কপাউডার ৪ আউন্স এলকোহলে আর্দ্র করিয়া, আবৃত

পাত্রে ২৪ ঘণ্টা স্থিরভাবে রাখিবে, আরও এলকোহল সহ পর্কোলেট করিয়া যেপর্য্যন্ত না ১৪ আউন্স সংগৃহিত হয়। শিঠা (আর্দ্র বার্কচূর্ণ) গুলিকে চাপিয়া রস বাহির করিবে, এইরস পর্কোলেশনে লব্ধ টিংচারে যোগকরিবে, ২৪ ঘণ্টা স্থিরভাবে রাখিয়া ফিল্টার করিবে। উপযুক্ত রাসায়নিক পরীক্ষায় টিংচারস্থ উপক্ষারের পরিমাণ নির্দ্দেশ করিবে এবং এপরিমাণ এলকোহল যোগকরিবে যেন ১০০ গ্রাম টিংচারে একগ্রাম এলকোলয়েড থাকে। মাত্রা ৷৷০—১ ফ্লুইড ড্রাম।

টিংচুরাসিঙ্কোনি কম্পোজিটা। কম্পাউণ্ড টিংচার অফ্ সিঙ্কোনা।

শুষ্কবিটার অরেঞ্জপীল উত্তমরূপ কুট্টিত	১ আং	৫০ গ্রাম
সর্পেণ্টরি রাইজোম ৪০নং পাউডার	৷৷০ আং	২৫ গ্রাম
কোচিনিল পাউডার (ক্রিমিদানা)	২৮ গ্রেণ	৩·২ গ্রাম
সাফ্রান (জাফ্রাণ)	৫৫ গ্রেণ	৬·৩ গ্রাম
টিংচার অফ্ সিঙ্কোনা	১০ ফ্লুইড আং	৫০০ কি, সে, মি
এলকোহল ৭০ পার্সেণ্ট	যথাবশ্যক।	

১০ ফ্লুইড আউন্স এলকোহল সহ কঠিন দ্রব্যগুলি মিলিত করিবে, আবদ্ধ পাত্রে ৭ দিন রাখিয়া দিবে ঘন২ নাড়িবে, ছাকিবে, শিঠা চাপিয়া রস বাহির করিবে লব্ধ তরলদ্রব্য একত্র করিবে, যথাপ্রয়োজন এলকোহল যোগে ১ পাইন্ট পূর্ণ করিবে। ২৪ ঘণ্টা স্থিরভাবে রাখিয়া ফিল্টার করিবে। মাত্রা ৷৷০—১ ড্রাম।

ক্রিয়া—যদিও সিঙ্কোনা বার্কের ক্রিয়া ইহারে মধ্যস্থ উপক্ষার সকলের উপর নির্ভর করে, তথাচ ইহাতে সিঙ্কোটেনিক এসিড ও সিঙ্কোনা রেড নামক দ্রব্য থাকাতে ইহা টেনিক ও স্ট্রিক্

এসিডের ন্যায় প্রবল সঙ্কোচক। কুইনাইন যে যে ক্রিয়া জন্য যে সকল রোগে ব্যবহার হয়, সেই সকল রোগে সেই ক্রিয়ার জন্য ব্যবহার হইতে পারে কিন্তু এত অধিক পরিমাণ ব্যবহার করিতে হয় যে তাহা সহ্য হয়না, এজন্য ইহা অনেক স্থলে অযোগ্য। সঙ্কোচক ক্রিয়া প্রয়োজন হইলে এবং অত্যন্ত দুর্ব্বল অবস্থায়, হৃৎপিণ্ডের দুর্ব্বলতায় কুইনাইন অপেক্ষা বার্ক শ্রেষ্ঠ। সিঙ্কোনাবার্কে কুইনাইন, সিঙ্কোনাইন, কুইনিডাইন সিঙ্কোনি-ডাইন, এই চারিটি প্রধান উপক্ষার আছে। ইহাদের ক্রিয়া প্রায় একরূপ, ইহারা সকলেই পর্য্যায় নিবারক ও বলকারক। সিঙ্কোনাইনে—মুখ শুষ্ক হওয়া ও কর্ণে ভোঁ২ শব্দ হয়না, কুইনি-ডাইন পর্য্যায় নিবারণ বিষয়ে কুইনাইনের তুল্য, সিঙ্কোনিডাইন কিঞ্চিৎ খর্ব্ব। সিঙ্কোনাইন অন্যগুলি অপেক্ষা নিস্তেজ।

সল্‌ফেট অফ্‌ সিঙ্কোনিডাইন ও সিঙ্কোনাইন কুইনাইন অপেক্ষা অনেক সুলভ।

সিঙ্কোনা বার্কচূর্ণের মাত্রা ৫—৬০ গ্রেণ।

সিঙ্কোনাইন ও সিঙ্কোনিডাইন ১—১০ গ্রেণ।

কুইনিডাইন ১—৫ গ্রেণ।

কুইনাইনি সল্‌ফাস। কুইনাইন সল্‌ফেট।

Quininæ Sulphas. Quinine Sulphate.

নানাবিধ সিঙ্কোনা বার্ক ও রেমিজিয়াবার্ক হইতে প্রস্তুত সল্‌ফিউরিক এসিড যুক্ত উপক্ষার। মাত্রা ১—১০ গ্রেণ।

টিংচুরা কুইনাইনি এমোনিয়েটা। এমোনিয়েটেড্‌ টিংচার অফ্‌ কুইনাইন।

কুইনাইন সল্‌ফেট ১৭৫ গ্রেণ ২০ গ্রাম

সলিউশন অফ্ এমোনিয়া	২ তং আং	১০০ কি, সে,মি
এলকোহল ৬০ পার্সেণ্ট	১৮ তং আং	৯০০ কি, সে,মি

সলিউশন অফ্ এমোনিয়া এলকোহল সহ মিলিত করিয়া, কুইনাইন সল্ফেট যোগকরিবে। পরিষ্কার দ্রব প্রস্তুত হওয়া পর্য্যন্ত নাড়িবে তিন দিবস স্থিরভাবে রাখিয়া, ফিল্টার করিবে।

মাত্রা ॥০—১ তং ড্রাম।

পাইলিউলা কুইনাইনি সল্ফেটিস। পিল অফ্ কুইনাইন সল্ফেট।

কুইনাইন সল্ফেট	৩০ গ্রেণ	৩ গ্রাম।
টার্টারিক এসিড পাউডার	১ গ্রেণ	০·১ গ্রাম।
গ্লিশরিণ	৪ গ্রেণ	০·৪ গ্রাম।
ট্রগেকান্থ পাউডার	১ গ্রেণ	০·১ গ্রাম।

টার্টারিক এসিড সহ কুইনাইন মর্দ্দন করিবে। গ্লিশরিণ ও ট্রগেকান্থা একত্র মিশ্রিত করিয়া ইহাতে যোগ করিবে, সমুদায় একত্রে মিশ্রিত করিয়া লইবে। মাত্রা ২—৮ গ্রেণ।

কুইনাইনি হাইড্রোক্লোরাইডম এসিডম। এসিড কুইনাইন হাইড্রোক্লোরাইড।

নানাজাতিয় সিঙ্কোনাবার্ক ও রেমিজিয়াবার্ক হইতে প্রাপ্ত উপক্ষারের এসিড হাইড্রোক্লোরাইড লবণ।

মাত্রা ১—১০ গ্রেণ।

টিংচুরা কুইনাইনি। টিংচার অফ্ কুইনাইন।

কুইনাইন হাইড্রোক্লোরাইড	১৭৫ গ্রেণ	২০ গ্রেণ
টিংচার অফ্ অরেঞ্জ	১ পাইণ্ট	১০০০ কি, সে, মি

কুইনাইন হাইড্রোক্লোরাইড টিংচার অফ্ অরেঞ্জে দ্রব করিবে।

মাত্রা ॥০—১ তং ড্রাম।

ভাইনম কুইনাইনি। কুইনাইন ওয়াইন।

কুইনাইন হাইড্রোক্লোরাইড	২০ গ্রেণ	২ গ্রাম।
অরেঞ্জ ওয়াইন	১ পাইণ্ট	৮৭৫ কি, সে, মি

দ্রব কর। স্থিরভাবে রাখিয়া দিবে, প্রয়োজন হইলে ফিল্টার করিবে। মাত্রা ॥০—১ তং ড্রাম।

সিঙ্কোনা বার্ক হইতে প্রাপ্ত উপক্ষার সকলের ক্রিয়া।

কুইনাইনের ক্রিয়া।

১। নীচশ্রেণীস্থ উদ্ভিদ ও জন্তুর উপর সাংঘাতিক ক্রিয়া প্রকাশ করে, এমতে ইহা পচন উৎপাদনের নিবারণ খর্ব্বতা বা ব্যাঘাৎ উৎপাদন করে।

২। পাকরসের দ্রবকরণ গুণ, স্বেদোৎসেচন প্রভৃতি উৎসেচন উৎপাদনের ব্যাঘাৎ উৎপাদন করে।

৩। বর্ণহীন রক্তকনিকার স্বাভাবিক গতির খর্ব্বতা ও ইহাদের স্থান পরিবর্ত্তনের গতিরোধ করে।

৪। বৃহৎমাত্রায় হৃদপিণ্ডের ক্রিয়ারোধ করিয়া হঠাৎ রক্তচাপের অল্পতা, আক্ষেপ ও মৃত্যু উৎপাদন করে।

৫। মস্তিষ্ক ও পৃষ্ঠমর্জ্জার উপর অবসাদন ক্রিয়া প্রকাশ করিয়া রিফ্লেক্স মুভ্মেণ্টস শক্তি হ্রাস ও পরিশেষে ইহাকে নষ্ট করে।

৬। সুস্থদেহের তাপ হ্রাস করে কিন্তু রক্তে গলিত দ্রব্যাদি মিলিত হইয়া তাপাধিক্য হইলে ঐ তাপ বিলক্ষণ খর্ব্ব করে।

কুইনিডাইন, সিঙ্কোনাইন ও সিঙ্কোনিডাইনের উপরিউক্ত প্রথম তিনটী ক্রিয়া আছে। পচন নিবারক বিষয় চারিটী উপকারই প্রায় সমান, কুইনাইন ও কুইনিডাইন একরূপ, সিঙ্কোনিডাইন দ্বিতীয়, সিঙ্কোনাইন তৃতীয়।

এমতে কুইনাইন ;—

বলকারক, পর্য্যায় নিবারক, পচন নিবারক, তাপাধিক্য নিবারক। (টনিক, এণ্টিপিরিয়ডিক, এণ্টিসেপটিক, এণ্টিপাইরেটিক)।

কুইনাইনের ব্যবহার।

অল্পমাত্রায় বলকরণ জন্য—দুর্ব্বল রোগীদের ক্ষুধাবৃদ্ধি করিয়া অত্যন্ত দুর্ব্বল অবস্থার কলিকোয়েটিভ সোয়েটিং বা উপসর্গিক ঘর্ম্মাধিক্য নিবারণ জন্য।

পর্য্যায় নিবারক বলিয়া—মেলেরিয়াঘটিত জ্বর, পর্য্যায় জ্বর, স্বল্পবিরাম জ্বর, মেলেরিয়া সংযুক্ত স্নায়ুশূল, যকৃত ও প্লীহায় রক্তাধিক্য।

বিশেষপ্রকার স্নায়ুশূল, বিশেষতঃ পর্য্যায় ভাবাপন্ন।

৫—২০ গ্রেণ মাত্রার সন্তাপাধিক্য নিবারণ জন্য—যে কোন কারণে দেহের তাপাধিক্য হউক না কেন ইহা ব্যবহার করা যাইতে পারে। এই তাপ হ্রাস ক্রিয়া স্থায়ী নহে ১—৩৮ ঘণ্টাকাল মাত্র স্থায়ী।

টাইফস, এণ্টিরিক জ্বর, রিউমেটিক জ্বর, স্কালেটিনা, নিউমোনিয়া ও থাইসিস রোগের হেকটিক জ্বরে ব্যবহার হয়।

একিউট ইনফ্লামেশন রোগে প্রয়োগ করিলে পূযোৎপাদন নিবারণ করে।

:০—

রক্তের পচন অবস্থায় নানাপ্রকার রোগে বৃহৎ মাত্রায় মঙ্গোপকারী (পিওরপারল ও সার্জিকেল সেপ্টিসেমিয়া রোগে বিলক্ষণ উপকারী)। কন্টিনিউড ফিবার। উত্তেজক ও পচন নিবারক জন্য কুইনাইন স্থানিক ব্যবহার হইতে পারে—অন্‌হেল্‌দি অল্‌সার গলার পচাঘা ও মঞ্জন জন্য স্পাঞ্জিগ। প্রভৃতি রোগে ব্যবহার হয়।

কুইনিডাইন, সিঙ্কোনাইন এবং সিঙ্কোনিডাইনেরক্রিয়া কুইনাইন সদৃশ কিন্তু উহা অপেক্ষা গুণে অনেক কম।

ইপিকা কুয়ানহি রেডিক্স। ইপিকা কুয়ানহা রুট।

Ipecacuanhæ Radix. Ipecacuanha Root.

সিফেইলিস ইপিকা কুয়ানহা বৃক্ষের শুষ্ক মূল: ব্রেজিল দেশে জন্মে।

চূর্ণের মাত্রা—কফঃনিঃসারক ।০—২ গ্রেণ বমনকারক ১৫—৩০ গ্রেণ। (পিত্তনিঃসারক মাত্রা ।০—২ গ্রেণ একিউট ডিসেণ্ট্রি ২০—৩০ গ্রেণ।

পাইলিউলা ইপিকাকুয়ানহি কম্ সিলা। পিল অফ্ ইপিকাকুয়ানা উইথ স্কুইল।

কম্পাউণ্ড পাউডার অফ্ ইপিকাকুয়ানহা	৩ আং	৩০ গ্রাম
স্কুইল পাউডার	১ আং	১০ গ্রাম
এমোনায়েকম পাউডার	১ আং	১০ গ্রাম
সিরপ অফ্ গ্লুকোজ	যথাবশ্যক।	

মিশ্রিত করিয়া একত্র করিবে। মাত্রা ৪—৮ গ্রেণ ইহাতে ৫ পার্সেণ্ট ওপিয়ম আছে।

পলভিস ইপিকাকুয়ানহি কম্পজিটস।
কম্পাউণ্ড পাউডার অফ্ ইপিকাকুয়ানহা।
নামান্তর—ডোভার্স পাউডার।

ইপিকাকুয়ানহারুট পাউডার	॥০ আং	১০ গ্রাম
ওপিয়ম পাউডার	॥০ আং	১০ গ্রাম
পটাসিয়ম সল্ফেট পাউডার	৪ আং	৮০ গ্রাম

মিশ্রিত কর। মাত্রা ৫—১৫ গ্রেণ। ইহাতে ১০ পার্সেণ্ট ওপিয়ম আছে।

ট্রচিসকস ইপিকাকুয়ানহি, ইপিকাকুয়ানা লোজেঞ্জ।

ইপিকাকুয়ানহারুট পাউডার	।০ গ্রেণ	০·০১৬২ গ্রাম

ফ্রুটবেসিস সহ মিলাইয়া একটী লোজেঞ্জ প্রস্তুত করিবে।

ভইনম ইপিকাকুয়ানহি, ইপিকাকুয়ানহা ওয়াইন।

লিকুইড এক্সট্রাক্ট অফ্ ইপিকাকুয়ানহা	২ তং আং	৫০ কি, সে, মি।
সেরি	১৯ তং আং	৯৫০ কি, সে, মি।

মিশ্রিত করিয়া ৪৮ ঘণ্টা স্থিরভাবে রাখিবে। ফিল্টার করিবে। মাত্রা ১০—৩০ মিনিম কফঃনিঃসারক। ৪—৬ ড্রাম বমন কারক।

এক্সট্রাক্টম ইপিকাকুয়ানহি লিকুইডম। লিকুইড এক্সট্রাক্ট অফ্ ইপিকাকুয়ানহা।

ইহা একটী লিকুইড এক্সট্রাক্ট, ইপিকাকুয়ানহা রুটের (বীর্য্য) এলকেলয়েডস ১১০ মিনিমে ২—২।০ গ্রেণ বা

ইপিকাকুয়ানারুট ২০নং চূর্ণ	১ পাউণ্ড	গ্রাম

কেলসিয়ম হাইড্রক্সাইড	৭০০ গ্রেণ	৮০ গ্রাম
এলকোহল (৯০ পার্সেণ্ট)	যথাবশ্যক।	

ইপিকাকুয়ানারুট পাউডার ৬ আং এলকোহলে আর্দ্র করিয়া, টানভাবে পর্কোলেটারে প্যাককরিবে আরও এলকোহল যোগকরিবে এবং তরলদ্রব্য ফোঁটা২ করিয়া পড়িতে আরম্ভ হইলে, পর্কোলেটারের নীচের ছিদ্র বন্ধ করিবে, ২৪ ঘণ্টা স্থিরভাবে রাখিবে, পরে আস্তে২ পর্কোলেট করিবে যে পর্য্যন্ত না ১৩॥০ আং সংগৃহিত হয়। এই অংশ স্বতন্ত্র রাখিবে, যেপর্য্যন্ত না এক্সট্র ক্ট নির্গমন শেষহয় পর্কোলেট করিতে থাকিবে উত্তমরূপে রস নির্গত হইতে দিবে। থাঁকি বা শিটাসহিত লাইম যোগকরিয়া ২৪ ঘণ্টা রাখিবে, পরে পর্কোলেশন করিবে যেপর্য্যন্ত না সারদ্রব্য সম্পূর্ণ বাহির হয়। শেষ দুইবারে লব্ধ পর্কোলেশন হইতে এল-কোহল ডিষ্টিলেশন দ্বারা অন্তর করিবে। স্বতন্ত্র রক্ষিত (প্রথম-বারে) লব্ধ তরলদ্রব্যে উক্ত উপায়ে লব্ধ এক্সট্রাক্টে যোগকরিবে।

মাত্রা—কফঃ নিঃসারক ॥০—২মিনিম। বমনকারক ১৫—২০ মিনিম।

ক্রিয়া—স্থানিক কাঁচাস্থান বা মিউকস মেম্ব্রেনে প্রয়োগে উগ্রতাসাধক।

আভ্যন্তরিক—বৃহৎমাত্রায় বমনকারক। ইহার ক্রিয়া মাষ্টার্ড ও সলফেট অফ্ জিঙ্কের ন্যায় দ্রুতনহে। অল্পমাত্রায় কফঃ নিঃসারক, ঘর্ম্মকারক, ধামনিক অবসাদক। পিত্ত নিঃসারক।

ব্যাবহার—জ্বর ব্রনকাইটিস, নিউমোনিয়া ইত্যাদি বক্ষঃ গহ্বরের পীড়া, ডিস্পেপসিয়া ডিসেণ্ট্রি, ডায়েরিয়া, উষ্ণপ্রধান দেশের একিউট ডিসেণ্ট্রি, কেটার, ডিসপেপসিয়া।

কেটিকিউ, কেটিকিউ।

Catechu. Catechu.

নামান্তর—কেটিকিউ পেলিডম Catechu Pallidum.

অনকেরিয়া গাম্বার বৃক্ষের পত্র ও তরুণ শাখাগ্রের এক্সট্রাক্ট।

মাত্রা ৫—১৫ গ্রেণ।

পলভিস কেটিকিউ কম্পজিটস। কম্পাউণ্ড পাউডার অফ কেটিকিউ।

কেটিকিউ পাউডার	৪ আং	১০০ গ্রাম।
কাইনো পাউডার	২ আং	৫০ গ্রাম।
ক্রামেরিয়া রুট	২ আং	৫০ গ্রাম।
সিনেমনবার্ক	১ আং	২৫ গ্রাম।
নটমেগ পাউডার	১ আং	২৫ গ্রাম।

মিশ্রিত কর। মাত্রা ১০—৪০ গ্রেণ।

টিংচুরা কেটিকিউ। টিংচার অফ কেটিকিউ।

কেটিকিউ স্থূলচূর্ণ		৪ আং	২০০ গ্রাম।
সিনেমনবার্ক ক্রইজড		১ আং	৫০ গ্রাম।
এলকোহল	৬০ পার্সেণ্ট	১ পাইণ্ট	১০০০ কি, সে, মি

মেসিরেশন প্রক্রিয়ায় প্রস্তুত করিবে।

মাত্রা ॥০—১ ড্রাম।

ট্রচিসকস কেটিকিউ। কেটিকিউ লোজেঞ্জ।

কেটিকিউ	১ গ্রেণ	·০৬৪৮ গ্রাম

ফ্রুটবেসিস সহ মিলাইয়া একটী লোজেঞ্জ প্রস্তুত করিবে।

ক্রিয়া—প্রবল সংকোচক (ভেরি পাওয়ারফুল এষ্ট্রিঞ্জেণ্ট)

ব্যবহার—পাইরোসিস সংযুক্ত ডায়েরিয়া। বিশেষ প্রকার এটনিক ডিস্‌পেপসিয়া, হেমরেজ, মিউকস ডিস্‌চার্য্য।

স্থানিক—মলম ব্যবহার হইতে পারে, এভিন্ন স্বরভঙ্গ, তালু ও ইউভিলার শিথিলতা ইত্যাদি স্থানিক ব্যবহার হয়।

ভেলিরিয়েনেসি শ্রেণী।

ভেলিরিয়েনি রাইজোমা। ভেলিরিয়েন রাইজোম।

Valerianæ Rhizoma. Valerian Rhizome.

Synonym—Valerian Root ভেলেরিয়েন রুট।

ভেলিরিয়েনা অফিসিনেলিস নামক বৃক্ষের শুষ্ক ইরেক্ট রাইজোম ও মূল। ব্রিটন দেশে চাষ হয়।

(চূর্ণের মাত্রা ১০—৩০ গ্রেণ)

টিংচুরা ভেলিরিয়েনি এমোনিয়েটা। এমোনিয়েটেড্ টিংচার অফ্ ভেলিরিয়েন।

ভেলিরিয়েন রাইজোম ৪০নং পাউডার	৪ আং	২০০ গ্রাম
অয়েল অফ্ নটমেগ	৩০ মিনিম	৩·১ কি, সে, মি
অয়েল অফ্ লিমন	২০ মিনিম	২·১ কি, সে, মি
সলিউশন অফ্ এমোনিয়া	২ ফ্লুং আং	১০০ কি, সে, মি
এলকোহল (৬০ পার্সেণ্ট)	১৮ ফ্লুং আং	৯০০ কি, সে, মি

তরলদ্রব্যগুলিকে মিশ্রিত করিয়া, মেসিরেশন দ্বারা প্রস্তুত করিবে। মাত্রা ॥০—১ ফ্লুং ড্রাম।

ক্রিয়া—প্রবল স্নায়বিক উত্তেজক, আক্ষেপ নিবারক, স্নায়বিক বলকারক। (পাওয়ার ফুল ষ্টিমুলেণ্ট, এণ্টিস্পাজমডিক)

ব্যবহার—হিষ্টিরিয়া ও হিষ্টিরিয়া ঘটিত স্পাজমস হেমিক্রে-

নিদ্রা, ম্লোবস, পেলপিটেশন, কোরিয়া, ইপিলেপ্সি হাইপোকন-ড্রায়েসিস।

জিনসাই ভেলিরিয়েনাস। জিঙ্ক ভেলিরিয়েনেট।

Zinci Velerianos. Zinc Valereanate.

আইসো ভেলিরিয়েনিক এসিডে জিঙ্ককার্ব্বনেট দ্বারা সেচুরেট করিয়া কিম্বা জিঙ্ক সল্‌ফেট ও সোডিয়ম আইসোভেলিরিয়েনেট প্রতিক্রিয়ায় প্রস্তুত হয়। মাত্রা ১—৩ গ্রেণ।

ক্রিয়া—স্নায়বিয় বলকারক ও আক্ষেপ নিবারক, ক্রিমিনাশক (নর্ভাইনটনিক এন্টিস্পাজমডিক)

কম্পোজিটি।

পাইরিথ্রাই রেডিক্স। পাইরিথ্রম রুট।

Pyrithri Radix. Pyrithrum Root..

এনাসাইক্লস পাইরিথ্রম বৃক্ষের শুষ্ক মূল। বার্ব্বেরি, স্পেইন প্রভৃতি স্থানে জন্মে।

টিংচুরা পাইরিথ্রী। টিংচার অফ্‌ পাইরিথ্রম।

পাইরি থ্রমরুট ৪০নং চূর্ণ ৪ আং ২০০ গ্রাম
এলকোহল (৭০ পার্সেণ্ট) যথাবশ্যক।

৩ তং আউন্স এলকোহলে আর্দ্রকরিয়া পার্কোলেশন করিবে। প্রস্তুত টিংচারের পরিমান ১ পাইণ্ট হইবে।

ক্রিয়া—স্থানিক—উত্তেজক লালনিঃসারক।

ব্যবহার—দন্তের নিউরালজিয়া মুখের মধ্যে কোনস্থান অবশ হইলে, গলার মধ্যে শিথিলতা একোনিয়া রোগে স্থানিক ব্যবহার হয়।

সেণ্টোনিকা Santonica. সেণ্টোনিকা Santonica.

আর্টিমিসিয়া মেরিটিমা নামক বৃক্ষের মঞ্জরি বা অবিকাশিত কুসুম গুচ্ছ। রুশিয়া দেশ হইতে আমদানি হয়

মাত্রা ১০—৬০ গ্রেণ।

সেণ্টোনিনম। সেণ্টোনিন।

Santoninum. Santonin.

আর্টিমিসিয়া মেরিটিমা বা সেণ্টনিকার অবিকাশিত শুষ্ক মুঞ্জরি হইতে প্রস্তুত হয়। রুশিয়া দেশ হইতে আমদানি হয়। বর্ণহীন ফ্লাটরমবিক প্রিজমস, অল্প তিক্তাস্বাদ অল্প তাপে তরলাবস্থা প্রাপ্তহয় ও উদ্বায়ী। শীতলজলে প্রায় অদ্রবনিয়, ৪ ভাগ ক্লোরোফরমে, ৪০ ভাগ শীতল ও ৩ ভাগ বয়েলিং এলকোহলে (৯০ পার্সেণ্ট) দ্রবহয় আলো লাগিলে পিতবর্ণ হয়।

মাত্রা ২—৬ গ্রেণ।

ট্রোচিস্কস সেণ্টোনিনাই। সেণ্টোনিন লোজেঞ্জ।

সেণ্টোনিন ১ গ্রেণ ০·০৬৪৮ গ্রাম।

সিম্পলবেসিস সহ মিলিত করিয়া একটী লোজেঞ্জ প্রস্তুত করিবে।

ক্রিয়া—ক্রিমিনাশক, রাউণ্ড ওয়ারমে বিশেষ উপকারি।

ব্যবহার—রাউণ্ড ওয়ারম বা বড় গোলক্রিমি রোগেই ইহা বিশেষ ফলপ্রদ। টেপওয়ারম ও থ্রেডওয়ারমে উপকারহয় না। সেণ্টনিকা সেবনে মুত্র হরিদ্রাবর্ণ ও দৃষ্টি হরিদ্রাবর্ণ হয় ইহা ক্ষণিক।

এন্থিমিডিস ফ্লোরেস। কেমোমাইল ফ্লাওয়ারস।
Anthemidis Flores. Chamomile Flowers.

এন্থিমিস নবিলিস বৃক্ষের বিকাশিত শুষ্ক পুষ্পিত শাখাগ্র। ইংলণ্ড দেশে জন্মে।

এক্সট্রাক্টম এন্থিমিডিস। এক্সট্রাক্ট অফ্ কেমোমাইল।

কেমোমাইল ফ্লাওয়ার্স	১ পাইণ্ড	১০০০ গ্রাম
অয়েল অফ্ কেমোমাইল	১৫ মিনিম	২ কি, সে, মি
ডিষ্টিল্ড ওয়াটার	১ গেলন	১০ লিটার

ডিষ্টিল্ড ওয়াটারে ফ্লাওয়ার্স বয়েল করিয়া যেপর্য্যন্ত না জলের পরিমাণ অর্দ্ধেক হয়। ছাকিবে, চাপিয়া ফিল্টার করিবে। ফিল্ট্রেটকে সফট্ একষ্ট্রাক্ট তুল্য ঘন করিবে। প্রক্রিয়ার শেষ ভাগে কেমোমাইল অয়েল যোগ করিবে।

মাত্রা ২—৮ গ্রেণ।

ওলিয়ম এন্থিমিডিস। অয়েল অফ্ কেমোমাইল।

কেমোমাইল পুষ্প হইতে ডিষ্টিলদ্বারা প্রস্তুত তৈল।

সদ্যাবস্থায়—পাতলা ব্লু বা হরিদ্রাভ ব্লু কিন্তু পুরাতন হইলে ক্রমেঃ পীতাভ ব্রাউনহয়। মাত্রা ॥—৩ মিনিম।

ক্রিয়া—সুগন্ধ আগ্নেয়, বলকারক। (উত্তেজক বায়ুনাশক) (এরোমাটিক, ষ্টমাকিক, টনিক ষ্টিমুলেণ্ট, কার্মিনেটিভ) বৃহৎ-মাত্রায় বিশেষতঃ উষ্ণ ইনফিউশন বমন কারক। তৈল উত্তেজক বায়ুনাশক।

ব্যবহার—এটনিক ডিসপেপসিয়া, বমন কারক ঔষধের সাহায্য জন্ম (দৌর্ব্বল্য, পালাজ্বর, পাচড়া)

তৈল—বিরেচক ঔষধের সহিত মিলান হয়।

টেরাক্সেসাই রেডিক্স। টেরাক্সিকম রূট।

Taraxici Radix. Taraxicum Root.

টেরাক্সিকম অফিসিনেলিস বৃক্ষের সদ্য ও শুষ্ক মূল। ইংলণ্ড দেশে জন্মে।

এক্সট্রাক্টম টেরাক্সিসাই। এক্সট্রাক্ট অফ্ টেরাক্সিকম।

সদ্য টেরাক্সিকমরূট ভগ্ন করিয়া চাপদ্বারা রসবাহির করিবে, শিঠাগুলি অধঃক্ষেপ হইতে দিবে। ২১২ ফাং তাপে ১০ মিনিট উষ্ণ করিবে ছাকিয়া, সফট্ এক্সট্রাক্ট বা তাপে ঘন করিবে।

মাত্রা ৫—১৫ গ্রেণ।

এক্সট্রাক্টম টেরক্সিসাই লিকুইডম। লিকুইড এক্সট্রাক্ট অফ্ টেরাক্সিকম।

শুষ্ক টেরাক্সিকমরূট ২০নং চূর্ণ	২০ আং	১০০০ গ্রাম
এলকোহল ৬০ পার্সেণ্ট	২ পাইণ্ট	২০০০ কি, সে,মি
ডিষ্টিল্ড ওয়াটার যথাবশ্যক।		

টেরাক্সিকমরূট পাউডার এলকোহল সহ মিলিত, করিয়া। আবৃত পাত্রে ৪৮ ঘণ্টা স্থিরভাবে রাখিবে, ১০তং আউন্স তরল দ্রব্য চাপদিয়া বাহির করিয়া লইবে। উহাকে স্বতন্ত্র রাখিবে। চাপিত অবশিষ্টাংষ কে ২ পাইণ্ট জলের সহিত মিশ্রিত করিয়া ৪৮ ঘণ্টা রাখিয়া দিবে, চাপদিয়া তরলদ্রব্য ছাকিয়া বাহির করিয়া লইবে। শুষ্ক করিয়া ১০ আউন্স করিবে। উভয় তরলদ্রব্য মিশ্রিত করিবে। প্রয়োজন হইলে জলমিশ্র করিয়া পরিমাণ ২০ তং আউন্স পূর্ণ করিবে। ফিল্টার করিবে।

মাত্রা ।০—২ তং ড্রাম।

সকস টেরাক্সিসাই। জুস অফ্ টেরাক্সিকম।

সদ্য টেরাক্সিকমরুট কুট্টিত করিয়া চাপদ্বারা রসবাহির করিয়া লইবে। প্রতি ৩ আয়তনরসে ১ ভাগ (৯০ পার্সেণ্ট এলকোহল যোগ করিবে। ৭ দিন স্থির রাখিয়া ফিল্টার করিয়া লইবে। মাত্রা ১—২ ৩২ ড্রাম।

ক্রিয়া—পিত্তনিঃসারক, মৃদুবিরেচক পরিবর্ত্তক, মেদজনক, বলকারক, আগ্নেয়। কোলেগগ, লাক্সেটিভ অলটারেটিভ, ডাইউরেটিক, ডায়েফোরেটিক, টনিক, ষ্টমাকিক)।

ব্যবহার—যকৃতের রক্তাধিক্য, হিপাটিক অবষ্ট্রাকশন জন্ম ড্রপ্সি, ক্রনিক এনলার্জমেণ্ট অবদি লিভার।

আর্ণিকি রাইজোমা, আর্ণিকা রাইজোম।

Arnicæ Rhizoma. **Arnica Rhizome.**

Synonym Arnicæ Radix.

আর্ণিকামণ্টেনা নামক বৃক্ষের শুষ্ক রাইজোম ও মূল। ইউরোপের পার্ব্বত্য প্রদেশে জন্মে।

টিংচুরা আর্ণিকি। টিংচার অফ্ আর্ণিকা।

আর্ণিকারাইজোম ৪০নং পাউডার ১ আং ৫০ গ্রাম এলকোহল (৭০ পার্সেণ্ট) যথাবশ্যক একতরল আউন্স এলকোহলে পাউডার আর্দ্র করিয়া পর্কোলেশন করিবে। লব্ধ টিংচার পরিমাণে একপাইণ্ট হইবে।

ক্রিয়া—মস্তিষ্ক উত্তেজক, মাদক, ঘর্ম্মকারক ও মূত্রকারক, উগ্রতাসাধক। ষ্টেমুলেণ্ট, ইরিটেণ্ট।

ব্যবহার—নার্ভস হেডেক, ক্রনিক রিউমেটিক পেইন, কিন্তু প্রধানতঃ স্থানিক ব্যবহার টিউমার, স্প্রেণ, ক্রজ বা আহত স্থানে

প্রয়োগকরা যায়। অমিশ্র টিংচার বা জল মিলাইয়া লোশন ব্যবহার হয়, কথন২ লিনিমেণ্ট সহিত মিলাইয়া ব্যবহার হয়।

লোবিলিয়েসি।

লোবিলিয়া। লোবিলিয়া।

Lobelia. Lobelia.

লোবিলিয়া ইন্‌ফ্লোটা নামক শুষ্ক পুষ্পিত বৃক্ষ। ইউনাই-টেড্ ষ্টেটে জন্মে।

টিংচুরা লোবিলিই ইথিরিয়া। ইথিরিয়েল টিচার অফ্ লোবিলিয়া।

লোবিলিয়া ৪০নং পাউডার	৪ আং	২০০ গ্রাম।
স্পিরিট অফ্ ইথার	যথাবশ্যক।	

২৩ং আউন্স স্পিরিট অফ্ ইথারে লোবিলিয়া আর্দ্র করিয়া পর্কোলেশন করিবে, প্রস্তুত টিংচার একপাইণ্ট হইবে।

মাত্রা ৫—১৫ মিনিম।

পুরাতন ফার্ম্মাকোপিয়া অপেক্ষা এই টিংচারে ১৷৷০ গুণ তীব্র।

ক্রিয়া—অল্প মাত্রায় কফনিঃসারক, ঘর্ম্মকারক, আক্ষেপ নিবারক (এক্সপেক্টরেণ্ট, ডায়েফোরেটিক) বৃহৎ মাত্রায় বমন কারক বা বিরেচক।

ব্যবহার—স্পেজমডিক এজমা, শ্বাসকষ্ট সংযুক্ত শ্বাসযন্ত্রের অন্যান্য পীড়া মূত্রকারক ঔষধ সহিত মিলাইয়া কোন২ রোগে ব্যবহার হয়।

ইরিকেশী

ইউভি আর্সাই ফোলিয়া। বেয়ার বেরিলিভস্।

Uvæ ursi Folia. Bear berry Leaves.

আর্কটষ্টেফাইলাস বৃক্ষের পত্র। ইউরোপের উত্তর ভাগ ও আমেরিকায় জন্মে। (পত্র চূর্ণ মাত্রা ১০—২০ গ্রেণ)

ইন্‌ফিউশন ইউভি আর্সাই। ইনফিউশন অফ্ বিয়ার বেরি।

বিয়ারবেরি লিভস্ কুট্টিত	১ আং	৫০ গ্রাম
ডিষ্টিল্ড্‌ওয়াটার বয়েলিং	১ পাইণ্ট	১০০০ কি, সে, মি

১৫ মিনিট আবৃত পাত্রে ভিজাইয়া ছাঁকিবে।

মাত্রা ॥০—১ তং আউন্স।

ক্রিয়া—সঙ্কোচক, অল্প মূত্রকারক, অল্প বলকারক, এষ্ট্রিন-জেণ্ট, ডাইউরেটিক।

ব্যবহার—মূত্রাধার ও মূত্রনালীর পীড়া যথা ক্রনিককেটার অফ্ দি ব্লাডার, গ্লিট, মূত্রযন্ত্রের পীড়া।

ষ্টিরেকেসি।

বেন্‌জোইনম। বেন্‌জোইন লোবান।

Benzoinum Benzoin.

ষ্টাইরাক্স বেন্‌জোইন বা বেঞ্জামিনট্রি নামক বৃক্ষের ত্বক কর্ত্তন করিয়া পাওয়া যায়। বাজারে সায়েম ও সুমাত্রা বেঞ্জো-ইন নামে পাওয়া যায়।

সুমাত্রা, সায়েম বরনিও প্রভৃতি স্থানে জন্মে।

(চূর্ণের মাত্রা ১০—৩০ গ্রেণ)

এসিডম বেঞ্জোইকম। বেঞ্জোইক এসিড।

Acidum Benzoicum. Benzoic Acid.

সবলিমেশন দ্বারা বেনজোইন হইতে প্রস্তুত হয়। টোলুয়েন হিপুরিক এসিড ও অন্যান্য অর্গানিক যৌগিক দ্রব্য হইতে প্রস্তুত হয়। মাত্রা ৫—১৫ গ্রেণ।

ক্রিয়া—মূত্রকারক, পিত্তনিঃসারক।

ট্রচিসকস এসিডাই বেনজোয়েসাই, বেনজোইক এসিড্ লোজেঞ্জ।

বেন্‌জোইক এসিড ৷৹ গ্রেণ ০·০৩২৪ গ্রাম ফ্রুট বেসিস সহ মিলাইয়া একটি লোজেঞ্জ প্রস্তুত করিবে।

ক্রিয়া—বেনজোইন—উত্তেজক, কফঃনিঃসারক (ষ্টিমুলেণ্ট, এক্সপেক্টোরেণ্ট।)

স্থানিক উত্তেজক।

ব্যবহার—বেনজোইক এসিড মূত্রাধারের বিবিধ পীড়ায় ব্যবহৃত হয়। মূত্রের ক্ষারত্ব মূত্রাশয়ের উত্তেজনা এবং মূত্রের দুর্গন্ধে বিশেষ উপযোগী॥

এমোনাই বেনজোয়াস, বেনজোয়েট অফ্ এমোনিয়া

Ammonii Benzoas. Ammonium Benzoate.

বেনজোইক এসিড সলিউশন অফ্ এমোনিয়া দ্বারা সমক্ষারাম্ল করিয়া প্রস্তুত হয়।

বর্ণহীন, দানাকার। ৬ ভাগ শীতল জল, ৩০ ভাগ এলকোহল (৯০ পার্সেণ্ট) ও ৮ ভাগ গ্লিশরিণে দ্রব হয়।

ক্রিয়া—মূত্রকারক, ঈষৎ উত্তেজক মূত্রযন্ত্রের শ্লৈষ্মিক ঝিল্লির ঈষৎ উত্তেজক (ডাইউরেটিক, স্লাইট ষ্টিমুলেণ্ট।)

ব্যবহার...ক্রনিক সিষ্টাইটিস, মূত্রে ফস্ফেটিক ডিপজিটস।

মাত্রা—৫—১৫ গ্রেণ।

ওলিয়েসি।

ওলিয়ম ওলিভি। অলিভ অয়েল।

Oleum Olivæ. Olive Oil.

(সুইট অয়েল, জলপাই তৈল, টেবেল অয়েল, সালাড অয়েল) ওলিয়া ইউরোপিয়া (ইউরোপিয়ান ওলিভ) বৃক্ষের পক্কফল নিপীড়ন করিয়া প্রস্তুত তৈল। বৃক্ষ ভূমধ্যস্থ সাগরের নিকটবর্ত্তী স্থানে জন্মে। পেল ইওলো বা গ্রিনিস ইওলো, ফলে গন্ধযুক্ত, প্রায় স্বাদ হীন। স্পেঃ গ্রেঃ ·৯১৪—·৯১৯।

মাত্রা ১ ড্রাম—১ আউন্স।

ক্রিয়া—স্নিগ্ধকারক, আর্দ্রকারক, আবরক অধিক মাত্রায় মৃদু বিরেচক।

সেপো ডিউরস। হার্ড সোপ। কঠিন সাবান।

Sapo Durus. Hard Soap.

নামান্তর—হোয়াইট কাষ্টেল সোপ।

সোডিয়ম হাইড্রক্সাইড ও ওলিভ অয়েল সংযোগে প্রস্তুত হয়। শতকরা প্রায় ৩০ ভাগ জল থাকে।

ধূসরাভ শ্বেতবর্ণ, শুষ্ক, গন্ধ হীন। (৯০ পার্সেণ্ট)।

এলকোহলে দ্রবনীয়। ২০ ভাগ শীতল ও ১॥ ভাগ উষ্ণ জলে দ্রবনীয়॥

মাত্রা—৫—২০ গ্রেণ।

পাইলিউলা সেপোনিস কম্পোজিটা। কম্পাউণ্ড পিল অফ্ সোপ।

ওপিয়ম পাউডার	॥০ আউন্স	১০ গ্রাম।
হার্ডসোপ পাউডার	১॥০ আউন্স	৩০ গ্রাম।
সিরপ অফ গ্লুকোজ	॥০ আউন্স	১০ গ্রাম।

মিশ্রিত করিবে। মাত্রা—২—৪ গ্রেণ ইহাতে ২০ পার্সেণ্ট ওপিয়ম আছে।

এম্‌প্লাষ্ট্রম সেপোনিস। সোপ প্লাষ্টার।

হার্ডসোপ ৬ আউন্স	১৫০	গ্রাম॥
লেডপ্লাষ্টার ২০ পাউণ্ড	৯০০	গ্রাম।
রেজিন ১ আউন্স	২৫	গ্রাম।

প্রত্যেক দ্রব্য পৃথক২ মৃদুতাপে দ্রব করিবে। মিশ্রিত করিয়া। ঘন২ নাড়িতে থাকিবে ও শুষ্ক করিবে উপযুক্ত রূপ ঘন করিবে।

সেপো মোলিস। সফ্‌ট সোপ।

Sapo Mollis. Soft Soap.

পটাসিয়ম হাইড্রক্সাইড ও ওলিভ অয়েল সংযোগে প্রস্তুত সাবান। (মাত্রা—৫—২০ গ্রেণ)

পীতাভ সাদা কখন পীতাভ হরিত প্রায় গন্ধ হীণ (৯০ পার্সেণ্ট) এলকোহলে সহজে দ্রবনীয়।

লিনিমেণ্টম সেপোনিস। লিনিমেণ্ট অফ্ সোপ।

সফট সোপ	২ আউন্স	৪০ গ্রাম।
কেম্ফর	১ আউন্স	২০ গ্রাম।

অয়েল অফ রোজমেরি ৩ তৎ ড্রাম ১০৫, কি, সে, মি,
এলকোহল (৯০পারসেণ্ট) ১৬তৎ আউন্স ৩২০ কি, সে, মি,
ডিষ্টিল্ড ওয়াটার ৪তৎ আউন্স ৮০ কি, সে, মি,

সোপ জলে দ্রব করিবে। অয়েল অফ্ রোজমেরি ও কেম্ফর এলকোহলে দ্রব করিয়া একত্রে মিশ্রিত করিবে। স্থির ভাবে সতন্ত্র রাখিবে ১ সপ্তাহ পরে ফিল্টার করিবে।

সেপোএনিমেলিস। কার্ড সোপ।

Sapo Animalis. Card Soap.

পিউরিফায়েড এনিমেলফ্যাট ও সোডিয়ম হাইড্রক্সাইড যোগে প্রস্তুত সাবান।

শতকরা ৩০ ভাগ জল আছে।

শ্বেতবর্ণ বা অতি পাতলা ধূশর বর্ণ শুষ্ক, প্রায় গন্ধ হীন

ক্রিয়া—সোপ—অম্ল নাশক। অন্যান্য ঔষধ সহ পিল ইত্যাদি রূপে ব্যবহার হয়। স্থানিক—ভৌতিক ক্রিয়া জন্য লিনিমেণ্ট ও প্লাষ্টার প্রভৃতি ইহার যোগে প্রস্তুত হয়।

এসিডম ওলিইকম। ওলিইক এসিড।

Acidum Oleicum. Oleic Acid.

ওলিইক এসিড বা হাইড্রোজেন ওলিয়েট এলকেলিস বা ক্ষার সকলের সেপোনি ফাইং একশন ও পরে এসিডের ক্রিয়াদ্বারা প্রস্তুত হয়। অথবা মেদের ওলিইন উপর সুপারহিটেড ষ্টিমের ক্রিয়াদ্বারা প্রস্তুত হয়।

ক্রিয়া ও ব্যবহার—এস্ কেলইড বা উপক্ষার সকল ইহাতে দ্রব হয়। ধাতুর অক্সাইড সকলের সহিত মিলিয়া ওলিয়েট

লবণ প্রস্তুত হয়। সাধারণ স্থায়ী তৈল অপেক্ষা পাতলা এজন্য সহজে গাত্রে লাগান যাইতে পারে। চর্ম্মে লাগাইলে শীঘ্র শোষিত হইয়া যায় ঐ স্থানে কোন তেলা দাগ থাকেনা।

পীতাভ ও তরল, কখনং ঈষৎ তীব্র অম্ল গন্ধ বায়ুতে অনাবৃত রাখিলে কটাবর্ণ ও অম্ল গুণ প্রাপ্ত হয়।

অঙ্গুয়েণ্টম জিনসাই ওলিয়েটিস। জিঙ্ক ওলিয়েট অয়েণ্টমেণ্ট।

জিঙ্ক সলফেট	২ আউন্স	৬০ গ্রাম
হার্ডসোপ খণ্ডং	৪ আউন্স	১২০ গ্রাম
ডিষ্টিল্ড ওয়াটার	} প্রত্যেক যথাবশ্যক।	
বয়েলিং সফট পেরাফিন হোয়াইট		

৪তং আউন্স ডিষ্টিল্ড ওয়াটারে জিঙ্ক সলফেটকে দ্রব করিবে। হার্ডসোপ ৪০ তংআউন্স ডিষ্টিল্ড ওয়াটারে দ্রব করিবে; দ্রবগুলিকে মিশ্রিত করিবে, প্রিসিপিটেটেড্ জিঙ্ক ওলিয়েট সংগ্রহ করিবে, উষ্ণ ডিষ্টিল্ড ওয়াটারে অধঃক্ষেপ গুলিকে ধৌত করিবে, যে পর্য্যন্ত না সলফেট সকল দুর হয়। ওয়াটার বাথে শুষ্ক করিবে, সম ওজন সফ্ট পেরাফিন মিশ্রিত করিয়া নাড়িবে, শীতল হওয়া পর্য্যন্ত নাড়িবে।

ব্যবহার—ওলিয়েট অফ্ জিঙ্ক ইহা সহজে শোষিত হয় না। একজিমা ও ঘর্ম্মাধিক্যের স্থান শুষ্ক রাখিবার জন্য ব্যবহার হয়।

গ্লিশিরিনম। গ্লিশিরিণ।
Glycerinum, Glycerine.

গ্লিশিরিণ বা গ্লিশিরোল ট্রাইহাইড্রিক এলকোহল ইহার সহিত অল্প জল্ মিশ্রিত থাকে। মেদ ও স্থায়ী তৈলের সহিত

ক্ষারের প্রতি ক্রিয়ায় বা সুপার হিটেড ষ্টিম তৈল ও মেদের সহিত প্রতি ক্রিয়ায় প্রস্তুত হয়। ইহা একপ্রকার মিষ্ট দ্রব্য। পরিষ্কার, বর্ণহীন, সিরপের ন্যায় তরল দ্রব্য, গন্ধহীন, জল ও এলকোহল সহিত মিলিত হয়। মাত্রা ১—২ ড্রাম।

ক্রিয়া—গ্লিশরিন, ভৌতিক গুণের জন্যই ব্যবহৃত হয়, চর্ম্ম রোগে লোশন সহ মিলান হয়, কোন স্থান আর্দ্র রাখিতে ও ডায়েবিটীস রোগে চিনির পরিবর্ত্তে ও অন্যান্য রোগে কড্‌-লিভারের পরিবর্ত্তে আভ্যন্তরিক ব্যবহার হয়। এতদ্ভিন্ন স্নিগ্ধকারক আর্দ্রকারক, আবরক, পোষক ও মৃদু বিরেচক।

গ্লিশিরিনম এসিডাই বোরেসাই। গ্লিশিরিণ অফ্ বোরিক এসিড।

বোরিক এসিড সূক্ষ্মচূর্ণ	৬ আউন্স	৩০০ গ্রাম।
গ্লিশিরিন	যথাবশ্যক।	

৯ আউন্স গ্লিশিরিন একটী ওজন করা পর্সিলেনডিসে ৩০২ ফাঃ অনধিক তাপে উষ্ণ করিবে, বোরিক এসিড ক্রমে যোগ করিবে। অনবরত নাড়িবে, সমুদয় দ্রব হইলেও উষ্ণ রাখিবে, উপরে সর পড়িলে ভাঙ্গিয়া দিবে। পরিমান ওজনে ১০ আউন্স হইলে ১০ আউন্স গ্লিশরিণ যোগ করিবে, উত্তমরূপে মিলিত করিবে। প্রস্তুত দ্রব্য ওজনে ২০ আউন্স হইবে।

গ্লিশরিনাই এসিডাই কার্ব্বলিসাই। গ্লিশিরিণ অফ্ ফিনোল।

ফিনোল	১ আউন্স	২০ গ্রাম
গ্লিশরিণ যথাবশ্যক যোগ করিয়া পরিমাণ	৫ তৎ আৎ	১০০ কি, সে, মি।

গ্লিশিরিণের সহিত ফিনোল মর্দ্দিত করিবে যে পর্য্যন্ত না দ্রব প্রস্তুত হয়।

গ্লিশিরিনম এসিডাই টেনিসাই। গ্লিশিরিণ অফ্ টেনিক এসিড।

টেনিক এসিড	১ আউন্স	২০ গ্রাম
গ্লিশিরিণ যথাবশ্যক যোগ করিয়া পরিমান	৫ তং আং	১০০ কি, সে, মি।

টেনিক এসিড গ্লিশরিণ সহ ট্রিটুরেট করিবে যে পর্য্যন্তনা দ্রবহয়।

গ্লিশিরিনম এলুমিনিস। গ্লিশিরিণ অফ্ এলম।

এলম পাউডার	১ আউন্স	২০ গ্রাম
ডিষ্টিল্ড ওয়াটার	৩ তং ড্রাম	৭·৫ কি, সে, মি।
গ্লিশিরিণ যথাবশ্যক যোগ করিয়া পরিমান	৬ তং আং	১২০ কি, সে, মি।

যে পর্য্যন্ত না দ্রব হয় ট্রীটুরেট করিবে, প্রয়োজন হইলে অল্প উষ্ণ করিবে, স্থিরভাবে রাখিবে, উপরের পরিষ্কার অংশ অধঃক্ষিপ্ত অংশ হইতে অন্তর করিবে।

গ্লিশিরিনম এমিলাই। গ্লিশিরিণ অফ্ ষ্টার্চ।

ষ্টার্চ	১ আউন্স	২০ গ্রাম
গ্লিশিরিণ	৬॥ তং আউন্স	১৩০ কি, সে, মি।

মিশ্রিত করিয়া একত্রে উষ্ণ করিবে, নিয়ত নাড়িবে, যে পর্য্যন্ত সহ স্বচ্ছ জেলি প্রস্তুত হয়।

গ্লিশিরিনম বোরেসিস। গ্লিশিরিণ অফ্ বোরাক্স।

বোরাক্স	১ আউন্স	২০ গ্রাম
গ্লিশিরিণ	৬ আউন্স	১২০ কি, সে, মি।

বোরাক্স গ্লিশিরিণ সহ ট্রিটুরেট করিবে যে পর্য্যন্ত না দ্রব হয়।

গ্লিশিরিনম পেপ্সিনি। গ্লিশরিণ অফ্ পেপসিন।

পেপসিন	৮০০ গ্রেণ	৮০ গ্রাম
হাইড্রোক্লোরিক এসিড	১১০ মিনিম	১০ কি, সে, মি।
গ্লিশিরিণ	১২ তং আউন্স	৫২৫ কি, সে, মি।
ডিষ্টিল্ড ওয়াটার	যথাবশ্যক।	

হাইড্রোক্লোরিক এসিড, গ্লিশিরিণ ও ৬ তং আউন্স ডিষ্টিল্ড ওয়াটার মিশ্রিত করিবে পরে পেপসিন যোগ করিবে, একসপ্তাহ পরে উপরের পরিষ্কার অংশ ঢালিয়া লইবে অথবা ফিল্টার করিবে, যথাবশ্যক ডিষ্টিল্ড ওয়াটার যোগ করিয়া ১ পাইন্ট পূর্ণ করিবে।

মাত্রা ১—২ তং ড্রাম।

ইহার ১ তং ড্রাম ৫ গ্রেণ পেপসিনের তুল্য।

গ্লিশিরিনম প্লম্বাই সব্ এসিটেটিস। গ্লিশরিণ অফ্ লেড্ সব্ এসিটেট।

লেড্ এসিটেট	৫ আউন্স	১০০ গ্রাম
লেড অক্সাইড পাউডার	৩॥০ আউন্স	৭০ গ্রাম
গ্লিশরিণ	১ পাইন্ট	৪০০ কি, সে, মি
ডিষ্টিল্ড ওয়াটার	১২ তং আউন্স	২৪০ কি, সে, মি

মিশ্রিত করিয়া ১৫ মিনিট ফুটাবে, ফিল্টার করিবে। ২২২ ফাঃ তাপের অনধিক তাপে শুষ্ক করিয়া পরিমাণ ৩২৫০ আউন্স ওজন হইবে। এবং স্পেঃ গ্রেঃ ১·৪৮ হওয়া আবশ্যক।

গ্লিশিরিনম ট্রগেকান্থি। গ্লিশিরিণ অফ্ ট্রগেকান্থ।

ট্রগেকান্থ পাউডার	।৷০ আউন্স	১০ গ্রাম
গ্লিশিরিণ	১৷৷০ তং আউন্স	৩০ কি, সে, মি

গ্লিশিরিণ ট্রগেকান্থ সহ মিলিত করিয়া ডিষ্টিল্ড ওয়াটার যোগ করিবে। মর্দ্দন করিয়া সুন্দররূপ মিলিত করিবে।

লোগানিয়েসি।

নক্স ভমিকা নক্স ভমিকা। কুঁচিলা।

Nux Vomica. Nux Vomica.

ষ্ট্রিক্‌কনস নক্স ভমিকার শুষ্ক পক্ক বীজ। ইষ্টইণ্ডিজ স্থান হইতে আমদানী হয়। চূর্ণের মাত্রা ১—৪ গ্রেণ।

টিংচুরা নিউসিস ভমিসি, টিংচার অফ্ নক্স ভমিকা।

লিকুইড এক্সট্রাক্ট অফ্ নক্সভমিকা	২ তং আউন্স	১০০ কি, সে, মি
ডিষ্টিল্ড ওয়াটার	৩ তং আউন্স	১৫০ কি, সে, মি
এলকোহল ৯০ পার্সেণ্ট	যথাবশ্যক।	

লিকুইড এক্সট্রাক্ট অফ্ নক্স ভমিকা ডিষ্টিল্ড ওয়াটার সহ মিলাইয়া যথাবশ্যক এলকোহল যোগ করিয়া ১২ তং আউন্স টিংচার প্রস্তুত করিবে। ফিল্টার করিবে ১০০ কি, সে, মি অন্যূণ ·২৪ ও অনধিক ·২৬ গ্রাম ষ্টিকনিয়া থাকা উচিত। একড্রামে ⅛ গ্রেণ ও ১১০ মিনিমে ⅛ গ্রেণ থাকিবে।

মাত্রা ৫—১৫ মিনিম।

১৮৮৫ সালের ফার্ম্মাকোপিয়ার টিংচার অপেক্ষা ইহাতে দ্বিগুণ ষ্ট্রিকনিয়া আছে।

এক্সট্রাক্টম নিউসিস ভমিসি লিকুইডম। লিকুইড এক্সট্রাক্ট অফ্ নক্স ভমিকা।

ইহাতে ১১০ মিনিমে ১॥০ গ্রেণ (১০০ কি, সে, মি ১·৫ গ্রাম) ষ্ট্রীকনিয়া আছে।

১ পাউণ্ড নক্সভমিকা ২০ নং পাউডার ৮ তং আউন্স এলকোহল (৭০ পার্সেণ্ট) সহ মিশ্রিত করিবে। আবৃত পাত্রে ৬ ঘণ্টা রাখিবে। পার্কোলেটারে দৃঢ় ভাবে প্যাক করিবে পাউডারের উপর যথাবশ্যক এলকোহল ঢালিয়া উহাকে সেচুরেট করিবে ও উহার উপরে একস্তর লিকুইড থাকিবে। তরল দ্রব্য পড়িতে আরম্ভ হইলে নীচের ছিদ্র বন্ধ করিবে। ২৪ ঘণ্টা রাখিয়া দিবে আস্তে২ পার্কোলেট করিবে, প্রয়োজন মত আরও এলকোহল যোগ করিবে যে পর্য্যন্ত না ১২ তং আউন্স সংগৃহীত হয়। এই ষ্ট্রং পার্কোলেট স্বতন্ত্র রাখিবে। রিসিভার পরিবর্ত্তন করিয়া পার্কোলেশন করিতে থাকিবে যে পর্য্যন্ত না ৬০ তং আউন্স এলকোহল ব্যবহার হয় অথবা পাউডার অসার হয়। শিঠাগুলিকে চাপদিয়া রস বাহির করিবে, উহা কমতেজী লিকুইডে যোগ করিবে, এলকোহল ডিষ্টিল করিয়া অন্তর করিবে। অবশিষ্ট দ্রব্য শুষ্ক করিয়া ১তং আউন্স করিবে; (৯০ পার্সেণ্ট এলকোহল) ৩ তং আউন্স যোগ করিবে, স্বতন্ত্র রক্ষিত অংশে ইহা যোগ করিবে। ২৪ ঘণ্টা স্থিরভাবে রাখিয়া উপরের পরিষ্কার অংশ ঢালিয়া লইবে অবশিষ্টাংশকে ফিল্টার করিবে। ইহাতে ১০০

কি, সে, মি ১·৫ গ্রাম ষ্ট্রিকনিয়া অথবা ১১০ মিনিমে ৭॥০ গ্রেণ আছে।

মাত্রা ১—৩ মিনিম।

এক্সট্রাক্টম নিউসিস ভমিসি।

এক্সট্রাক্ট অফ্ নক্স ভমিকা।

এক্সট্রাক্টম নিউসিস ভমিসি। এক্সট্রাক্ট অফ্ নক্স ভমিকা। ইহাতে শতকরা ৫ ভাগ ষ্ট্রিকনিয়া আছে।

লিকুইড এক্সট্রাক্ট অফ্ নক্স ভমিকা	১১ ৩২ আউন্স
মিল্কসুগার সূক্ষ্ম চূর্ণ	৫৫০ কি, সে, কি, যথাবশ্যক।

লিকুইড এক্সট্রাক্ট ইভাপোরেট করিয়া মিল্ক অফ্ সুগার যোগে মোট ৩ আউন্স পূর্ণ করিবে।

মাত্রা ॥০—২গ্রেণ।

১৮৮৫ সালের ব্রিটীশ ফার্ম্মা কোপিয়ার এক্সট্রাক্টের এল-কোহলেড ষ্ট্রেংথের দুই তৃতীয়াংশ আছে।

ষ্ট্রিকনিনা। ষ্ট্রিকনাইন।

Strychnina. Strychnine.

ষ্ট্রিকনস নক্সভমিকা বৃক্ষের শুষ্ক পক্ববীজ হইতে প্রস্তুত হয়। ট্রাইমেট্রিক প্রিজমাকার, বর্ণহীন গন্ধহীন, জলে সামান্য দ্রবনীয়, কিন্তু ইহাকে অতিশয় তিক্তাস্বাদ করে, (৯০ পার্সেন্ট) শীতল এলকোহলের ১৫০ ভাগে একভাগ দ্রব হয়। ৬ ভাগ ক্লোরোফরমে ১ ভাগ দ্রব হয়। ঈথারে প্রায় অদ্রবনীয়।

মাত্রা $\frac{1}{60}$—$\frac{1}{12}$ গ্রেণ।

ষ্ট্রিকনাইনি হাইড্রোক্লোরাইডম। ষ্ট্রিকনাইন হাইড্রোক্লোরাইড।

Strychninæ Hidrochloridum. Strychnine Hydrochloride.

Hydrochlorate of Strychnine. Brit. Pharm 1885.

নক্সভমিকা ও অন্যান্য ষ্ট্রিকনস জাতীয় বৃক্ষ হইতে প্রাপ্ত উপক্ষার বিশেষের হাইড্রোক্লোরাইড লবণ। ক্ষুদ্র২ বর্ণহীন ট্রাই মেট্রিক প্রিজমস্, সহজে বায়ুতে শুষ্ক হইয়া যায়, ৩৫ ভাগ জলে দ্রবণীয়, (৯০ পার্সেণ্ট) এলকোহলের ৬০ ভাগে ১ ভাগ দ্রব হয়। মাত্রা ১/৬০—১/১৬ গ্রেণ।

লাইকর ষ্ট্রিকনাইনি হাইড্রোক্লোরিডাই। সলিউশন অফ্ ষ্ট্রিকনাইন হাইড্রোক্লোরাইড।

সলিউশন অফ্ হাইড্রো ক্লোরেট অফ্ ষ্ট্রিকনাইন ব্রিটিস ফাঃ ১৮৮৫।

ষ্ট্রিকনাইন হাইড্রো ক্লোরাইড	১৭॥০ গ্রেণ	১ গ্রাম
এল্‌কোহল (৯০ পার্সেণ্ট)	১ ত২ আং	২৫ কি, সে, মি
ডিষ্টিল্ড ওয়াটার	যথাবশ্যক।	

এল্‌কোহলে উপযুক্ত পরিমাণ জল মিশ্রিত করিয়া উহাতে ষ্ট্রিকনাইন দ্রব করিবে, পরিমাণ ৪ত২ আং হইবে।

মাত্রা ২—৮ মিনিম।

১১০ মিনিমে ১ গ্রেণ ষ্ট্রিকনাইন হাইড্রো ক্লোরাইড। ১০০ কি, সে, মি ১ গ্রাম।

ক্রিয়া—ষ্ট্রিকনিয়া ও নক্সভমিকার ক্রিয়া স্নায়বিয় বলকারক,

আমেয়, কামোদ্দীপক, স্পাইনেল কর্ডের বলকারক, ইনটেসটাই-নের স্নায়বিয় বলকারক। (টনিক, ষ্টমাকিক, এফ্রোডিসিয়াক)

ব্যবহার—ডিস্‌পেপসিয়া, পাইরোসিস, কোষ্ঠ বদ্ধ রোগে বিরেচকের সহিত, সাধারণ পক্ষাঘাত (বিশেষ সীসদ্বারা উৎপন্ন পক্ষাঘাত) পেরালিসিস অফদি ব্লাডার, হেমি প্লিজিয়া, পেরা প্লিজিয়া, রোগান্তে অতিশয় দুর্ব্বলতা হিষ্টিরিয়া ব্যাধির সহিত অত্যন্ত দুর্ব্বল অবস্থা স্নায়ুবলের খর্ব্বতা জন্য ধ্বজভঙ্গ, কোরিয়া কোন২ প্রকার আক্ষেপ যুক্ত ব্যাধি।

জেলসিমাই রেডিক্স। জেলসিমিয়ম রুট।

Golsemii Radix. Gelsemium Root.

জেলসিমিয়ম নিটিডম বৃক্ষের শুষ্ক রাইজোম ও মূল। উত্তর আমেরিকায় জন্মে।

টিংচুরা জেলসিমাই। টিংচার অফ্ জেলসিমিয়ম।

Tinctura Gelsemi. Tincture Gelsemium.

জেলসিমিয়মরুট ৪০ নং পাউডার ২ আং ১০০ গ্রাম

এল্‌কোহল (৬০ পার্সেণ্ট) যথাবশ্যক।

এক আউন্স এলকোহলে পাউডার আর্দ্র করিবে, পর্কোলেশন সমাধা করিবে প্রস্তুত টিংচার ১ পাইণ্ট হইবে।

মাত্রা ৫—১৫ মিনিম।

ক্রিয়া—জেল্‌সিমিয়মের ক্রিয়া কোনায়মের ন্যায়, কিন্তু জেলসিমিয়ম প্রথমে স্নায়ু মূলে ক্রিয়া প্রকাশ করে। এবং সেন্‌সরি ও মোটর উভয় প্রকার ক্রিয়ার বৈলক্ষণ্য উৎপাদন করে, আক্ষেপ নিবারক, পর্য্যায় নিবারক, অবসাদক, বেদনা নিবারক।

ব্যবহার—বিবিধ স্নায়ুশূল, রিউম্যাটিজম ও পৈশিক আক্ষেপ।

এসক্লিপিয়েডেসি শ্রেণী।

হেমিডেসমাই রেডিক্স। হেমিডেসমস রুট।

Hemidesmi Radix. Hemidesmus Root.

হেমিডেসমস ইণ্ডিকস, ইণ্ডিয়ান সার্জাপেরিলার শুষ্কমূল ভারতবর্ষে জন্মে।

সিরপস হেমিডেসমাই। সিরপ অফ হেমিডেসমস।

হেমিডেসমসরুট কুট্টিত	৪ আং	১০০ গ্রাম
রিফাইণ্ড সুগার	২৮ আং	৭০০ গ্রাম
ডিষ্টিল্ড ওয়াটার বয়েলিং	১ পাইণ্ট	৫০০ কি, সে, মি

হেমিডেসমসরুট আবৃত পাত্রে ডিষ্টিল্ড ওয়াটারে ৪ ঘণ্টা ইন্‌ফিউজ করিবে, ছাকিবে, পরিষ্কার নাহওয়া পর্য্যন্ত স্থিরভাবে রাখিবে, পরিষ্কার তরল অংশ ঢালিয়া লইবে, রিফাইণ্ড সুগার যোগ করিবে, মৃদুতাপে দ্রব করিবে। প্রস্তুত দ্রব্য ওজনে ৪২ আং হইবে। মাত্রা ॥০—১ তং ড্রাম।

ক্রিয়া—সার্জার ন্যায় পরিবর্ত্তক। সার্জার পরিবর্ত্তে ব্যবহার হয়। বলকারক, ঘর্ম্মকারক, মূত্রকারক।

ব্যবহার—উপদংশজ চর্ম্মরোগ এবং মূত্রযন্ত্রের কোন কোন ব্যাধিতে।

জেনসিয়েনি রেডিক্স। জেনসিয়েন রুট।

Gentianæ Radix. Gentian Root.

জেনসিয়েনা লুটিয়া বা ইওলোজেনসিয়েনের শুষ্ক মূল। মার্সিলিজ ও অন্যান্য ফরাসি বন্দর হইতে আমদানী হয়।

মাত্রা ১০—৩০ গ্রেণ।

এক্সট্রাক্টম জেনসিয়েনি। এক্সট্রাক্ট অফ্ জেন্সিয়েন।

জেনসিয়েনরুট ইহার দশগুণ ওজন ডিষ্টিল্ড ওয়াটারে দুই ঘণ্টাকাল ইনফিউজ করিবে, ১৫ মিনিট ফুটাবে, জলভাগ ঢালিয়া লইবে, চাপদিয়া ছাঁকিয়া লইবে। তরলভাগকে সফ্ট এক্সট্রাক্টবৎ উপযুক্ত শুষ্ক করিবে।

মাত্রা ২—৮ গ্রেণ।

টিংচুরা জেনসিয়েনি কম্পোজিটা। কম্পাউণ্ড টিংচার অফ্ জেনসিয়েন।

জেন্সিয়েনরুট ক্ষুদ্র২ কাটা ও উত্তমরূপ কুট্টিত	২আং	১০০ গ্রাম
শুষ্ক তিক্ত কমলার ত্বক উত্তমরূপ কুট্টিত	৵০ আং	৩৭·৫ গ্রাম
কাডেমম সিডস্ কুট্টিত	।০ আং	১২·৫ গ্রাম
এল্কোহল (৪৫ পার্সেণ্ট)	১ পাইণ্ট	১০০০ কি, সে, মি

মেসিরেশন দ্বারা প্রস্তুত করিবে।

মাত্রা ॥০—১ তং ড্রাম।

ইনফিউশম জেনসিয়েনি কম্পোজিটম। কম্পাউণ্ড ইনফিউশন অফ্ জেনসিয়েন।

জেন্সিয়েনরূপ পাতলা কাটা	।০ আং	১২·৫ গ্রাম
শুষ্ক বিটার অরেঞ্জপীল ক্ষুদ্র২ কাটা	।০ আং	১২·৫ গ্রাম
সদ্য লেমনপীল ক্ষুদ্র২ কাটা	॥০ আং	২৫ গ্রাম
ডিষ্টিল্ড ওয়াটার বয়েলিং	১ পাইণ্ট	১০০০ কি, সে, মি

আবৃত পাত্রে ১৫ মিনিট ভিজাইয়া ছাঁকিয়া লইবে।

মাত্রা ॥০—১ তং আউন্স।

ক্রিয়া—তিক্ত, আগ্নেয়, বলকারক। (সিম্পল বিটার, ষ্টমা-কিক, টনিক)।

ব্যবহার—রোগান্তে দুর্ব্বলতা, অজীর্ণ।

চিরতা। চিরেতা।

Chirata. Chiretta,

ওফিলিয়া চিরেতা (সুয়াটীয়া চিরেতা) নামক বৃক্ষ, বৃক্ষের সমুদয় অংশ ব্যবহার হয়। ভারতবর্ষের উত্তর অংশে জন্মে।

ইনফিউশন চিরেটি। ইনফিউশন অফ চিরেতা।

চিরেতা ক্ষুদ্র২ ভাগে কাটা	১ আউন্স	৫০ গ্রাম
ডিষ্টিল্ড ওয়াটার বয়েলিং	১ পাইন্ট	১০০০ কি, সে, মি

আবৃত পাত্রে ১৫ মিনিট ভিজাইয়া ছাঁকিবে॥

মাত্রা ॥০—১ ডং আউন্স।

টীংচুরা চিরেতি। টিংচার অফ চিরেতা।

চিরেতা ৪০ নং পাউডার	২ আউন্স	১০০ গ্রাম

এলকোহল (৬০ পার্সেণ্ট) যথাবশ্যক।

২ ডং আউন্স এলকোহলে চিরতা পাউডার আর্দ্র করিবে, পর্কোলেশন প্রক্রিয়া সমাধা করিবে, প্রস্তুত টিংচার মোট ১পাইন্ট হইবে। মাত্রা ॥০—১ ডং ড্রাম।

লাইকর চিরেটি কন্সেনট্রেটস। কন্সেনট্রেটেড সলিউশন অফ্ চিরতা।

চিরতা ৪০ নং পাউড়ার	১০ আউন্স	৫০০ গ্রাম
এলকোহল (২০ পার্সেণ্ট)	২৫ ফ্লুং আং	১২৫০ কি, সে, মি বা যথাবশ্যক।

৫ তং আউন্স এলকোহলে চিরতা আর্দ্র করিবে, আবদ্ধ পর্কোলেটারে প্যাক করিবে তিন দিবস রাখিয়া দিবে, অবশিষ্ট এলকোহল ১০ সমভাগে বিভক্ত করিয়া ১২ ঘণ্টান্তর প্রতি ভাগ যোগ করিয়া পর্কোলেট করিবে, যেপর্য্যন্তনা প্রস্তুত দ্রব্য এক পাইণ্ট হয়। মাত্রা ॥০—১ তং ড্রাম।

ক্রিয়া—জেনসিয়েনের মত। তিক্ত, বলকারক ও আগ্নেয়।

ব্যবহার—অজীর্ণ ও রোগান্তে দুর্ব্বল অবস্থা।

কনভলভিউলেসি।

স্কেমোনি রেডিক্স। স্কেমোনি রুট।

Scammoniæ Radix. Scammony Root.

কন্‌ভল্‌ডিউলস স্কেমনিয়ার শুষ্ক মূল। সিরিয়া ও এসিয়া মাইনর দেশে জন্মে।

স্মর্ণা দেশ হইতে আমদানী হয়।

স্কেমোনিযম। স্কেমনি।

Scammonium. Scammony.

কন্‌ভলভিউলস নামক বৃক্ষের জীবিত মূল ছেদন করিলে যে গম ও রেজিন যুক্ত দ্রব্য পাওয়া যায় তাহাকে স্কেমোনি রেজিন কহে। ব্রাউন, ডার্ক গ্রে বা বাহিরে প্রায় কৃষ্ণবর্ণ ধূশরাভ চূর্ণ বেষ্টিত, ভঙ্গপ্রবণ, নূতন ভঙ্গ অংশ উজ্জ্বল। অল্পাধিক স্বচ্ছিদ্র

মাত্রা ৫—১০ গ্রেণ।

স্কেমোনি রেজিনা। স্কেমোনি রেজিন।

Scammoniæ Resina. Scammony Resin.

স্কেমোনিরুট স্থূলচূর্ণ	৮ আউন্স	১৫০ গ্রাম
এলকোহল (৯০ পার্সেণ্ট)	যথাবশ্যক।	
ডিষ্টিল্ড ওয়াটার	যথাবশ্যক।	

এলকোহল দ্বারা পর্কোলেশন করিয়া স্কেমোনি রুটকে অসার করিবে। প্রস্তুত টিংচারকে একটি ষ্টিল মধ্যে রাখিবে, অধিকাংশ এলকোহল চুয়াইয়া লইবে। ডিষ্টিল করিবার পর অবশিষ্ট তরল দ্রব্যকে উহার ৩ গুণ আয়তন ডিষ্টিল্ড ওয়াটারে মিশ্রিত করিবে। অনবরত নাড়িবে। রেজিন অধঃস্থ হইবার জন্য মিশ্রণকে স্থির ভাবে রাখিবে। রেজিনকে ফিল্টার মধ্যে রাখিয়া, বয়েলিং ডিষ্টিল্ড ওয়াটারে ধৌত করিবে। ওয়াটার বাপে শুষ্ক করিবে। মাত্রা ৩—৮ গ্রেণ।

পাইলিউলা স্কেমোনাই কম্পোজিটা। কম্পাউণ্ড স্কেমোনি পিল।

স্কেমোনি রেজিন	১ আউন্স	২৫ গ্রাম
জালাপ রেজিন	১ আউন্স	২৫ গ্রাম
কার্ডসোপ পাউডার	১ আউন্স	২৫ গ্রাম
টিংচার অফ্ জিঞ্জার	৩ ড্রং আং	৭৫ কি, সে, মি

সোপ ও রেজিনে টিংচার অফ্ জিঞ্জার যোগ করিবে। অল্প তাপে দ্রব করিবে। ওয়াটার বাপে শুষ্ক করিবে যে পর্য্যন্ত না পিল প্রস্তুতের উপযুক্তরূপ ঘন হয়।

মাত্রা ৪—৮ গ্রেণ।

পলভিস স্কেমোনাই কম্পোজিটস। কম্পাউণ্ড পাউডার অফ্ স্কেমোনি।

স্কেমোনি রেজিন পাউডার	৪ আউন্স	১০০ গ্রাম
জালাপ পাউডার	৩ আউন্স	৭৫ গ্রাম
জিঞ্জার পাউডার	১ আউন্স	২৫ গ্রাম

মিশ্রিত কর। মাত্রা ১০—২০ গ্রেণ।

ক্রিয়া—অতি বিরেচক (ড্রাষ্টিক পর্গেটিভ।)

ব্যবহার—অন্যান্য বিরেচক ঔষধের ক্রিয়া বৃদ্ধি করিতে উহা-দের সহিত ব্যবহৃত হয়। মস্তিষ্কের পীড়া ও শোথাদি রোগ টির্পিডিটি অফ্ বাওয়েলস ও ছেলেদের জন্য ক্রিমিনাশার্থ।

জালাপা। জালাপ।

Jalapa, Jalap.

আইপোমিয়া পর্গার শুষ্ক মূল বা কন্দ। মেক্সিকো দেশ হ-ইতে আমদানী হয়। প্রকৃত জালাপ ভিরাক্রুজ জালাপ নামে পরিচিত। মাত্রা ৫—২০ গ্রেণ।

জালাপি রেজিনা। জালাপ রেজিন।

Jalapæ Resina. Jalap Resin.

জালাপ ৪০ নং চূর্ণ	৮ আউন্স	১০০ গ্রাম।
এলকোহল	৯০ পার্সেণ্ট	যথাবশ্যক।
ডিষ্টিল্ড্ওয়াটার		যথাবশ্যক।

দ্বিগুণ ওজন এলকোহলে জালাপ আবদ্ধ পাত্রে ২৪ ঘণ্টা ভিজাইয়া রাখিবে মৃদু তাপ দিবে। পর্কোলেটারে রাখিবে টিংচার নির্গমন শেষ হইলে অবশিষ্ট এলকোহল দিয়া পর্কোলেশন ক-রিবে যে পর্য্যন্ত জালাপের কিছুমাত্র আর দ্রব হয়। এইরূপে লব্ধ টিংচার ৪ তং আউন্স ডিষ্টিল্ড ওয়াটার যোগ করিবে। ডি-ষ্টিলেশন দ্বারা এলকোহল পৃথক করিবে, উষ্ণ থাকিতে অধঃ-ক্ষিপ্ত দ্রব্যকে একটী অনাবৃত ডিসে রাখিবে, শীতল হইতে দিবে রেজিন হইতে উপরিস্থ জল ভাগ অন্তর করিবে, ২।৩ বার উষ্ণ ডিষ্টিল্ড ওয়াটারে ধৌত করিয়া শুষ্ক করিয়া লইবে। ঘোর ক-

টাবর্ণ, অস্বচ্ছ খণ্ডাকার, ভঙ্গ প্রবণ তীব্রাস্বাদ, ৯০ পার্সেন্ট এল-কোহলে সহজে দ্রবনীয়। অয়েল অফ্ টর্পেনটাইনে অদ্রবনীয়। উষ্ণ জলে অদ্রবনীয়। মাত্রা ২—৫ গ্রেণ।

এক্সট্রাক্টম জালাপি। এক্সট্রাক্ট অফ্ জালাপ।

Extractum Jalapæ. Extract of Jalap.

জালাপ স্থূল চূর্ণ ১ পাউণ্ড ১০০০ গ্রাম।

এলকোহল (৯০ পার্সেন্ট) ৪ পাইন্ট ৫ লিটার।

ডিষ্টিল্ডওয়াটার ১ গেলন ১০ লিটার॥

জালাপ পাউডার এলকোহলে সাত দিন মেসিরেট করিবে, টিংচার চাপদিয়া নির্গত করিয়া লইবে, ফিল্টার করিয়া এলকো-হল ডিষ্টিলেশন দ্বারা অন্তর করিবে, সফ্ট এক্সট্রাক্ট অবশিষ্ট থাকিবে। পুনবায় জালাপের অবশিষ্টাংশ জলে ৪ ঘণ্টা মেসি-রেট করিবে, চাপিয়া ফ্লানেল দিয়া ছাকিবে। শুষ্ক করিয়া স-ফট এক্সট্রাক্ট সদৃশ করিবে। উভয় এক্সট্রাক্ট মিশ্রিত করিবে। ১৪০ ফাঃ অনধিক তাপে শুষ্ক করিয়া ঘন এক্সট্রাক্ট প্রস্তুত করিবে

মাত্রা ২—৮ গ্রেণ।

পলভিস জলাপি কম্পোজিটস। কম্পাউণ্ড পাউডার অফ্ জালাপ।

জালাপ পাউডার ৫ আউন্স ১০০ গ্রাম।

এসিড পটাসিয়ম

টার্ট্রেট পাউডার ৯ আউন্স ১৮০ গ্রাম।

জিঞ্জার পাউডার ১ আউন্স ২০ গ্রাম।

মিশ্রিত কর। মাত্রা ২০—৬০ গ্রেণ।

টিংচুরা জ্যালাপি। টিংচার অফ জ্যালাপ।

জ্যালাপ ৪০ নং পাউডার ৪ আউন্স ২০০ গ্রাম
এলকোহল (৯০ পার্সেণ্ট) যথাবশ্যক।

২ তং আউন্স এলকোহলে জ্যালাপ পাউডার আর্দ্র করিবে, পর্কোলেটারে প্যাক করিবে, ক্রমেঽ আরও এলকোহল যোগ করিবে, যে পর্য্যন্ত ১২ তং আউন্স পর্কোলেট সংগৃহীত না হয়। শিঠাদ্রব্যকে চাপিয়া রস বাহির করিবে ও উহা পর্কোলেটে যোগ করিবে, ২৪ ঘণ্টা স্থির ভাবে রাখিয়া ফিল্টার করিবে। যথাবিধি পরীক্ষা করিয়া এলকোহল যোগে একরূপ টিংচার প্রস্তুত করিবে যেন ১০০ কি, সে, মিটারে ১·৫ গ্রাম জ্যালাপ রেজিন থাকে। মাত্রা ||০—১ তং ড্রাম।

ক্রিয়া—প্রখর বিরেচক, ক্রিমিনাশক।

(হাইড্রাগোগ পারগেটিভ)

ব্যবহার—কোষ্ঠবদ্ধ, প্রদাহ রোগে বিরেচন জন্য, ড্রপ্সি, ছেলেদের পেটে ক্রিমি।

সোলেনেসি।

কেপসিসাই ফ্রক্টস। কেপসিকম।

Capsici Fructus. Capsicum.

লঙ্কামরিচ, কাইন পেপার, চিলি পেপার।

কেপসিকম্ মিনিমম ও ফাষ্টি জিয়েটমের শুষ্ক পক্ক ফল। জেনজিবার হইতে আমদানী হয়।

মাত্রা ||০—২ গ্রেণ।

টিংচুরা কেপসিসাই। টিংচার অফ্ কেপসিকম্

কেপসিকম ২০ নং পাউডার	১ আউন্স	৫০ গ্রাম
এলকোহল (৭০ পার্সেণ্ট)	১ পাইণ্ট	১০০০ কি, সে, মি

মেসিরেশন প্রক্রিয়া দ্বারা প্রস্তুত করিবে॥

মাত্রা ৫—১৫ মিনিম।

অঙ্গুয়েন্টম কেপসিসাই। কেপসিকম অয়েণ্টমেণ্ট।

কেপসিকম ফ্রুট কুট্টিত	১২০ গ্রেণ	১২ গ্রাম
স্পার্মেসিটাই	৬০ গ্রেণ	৬ গ্রাম
ওলিভ অয়েল	১ আউন্স	৪৪ গ্রাম

ওয়াটার বাথে এক ঘণ্টা উষ্ণ করিবে মধ্যে২ নাড়িবে, ছাঁকিয়া শীতল হইবার জন্য স্থির ভাবে রাখিয়া দিবে। নাড়িবেনা।

ক্রিয়া—প্রবল স্থানিক উত্তেজক। সেবন করিলে সর্ব্বাঙ্গিক উত্তেজক ও আগ্নেয়।

ব্যবহার—প্রধানতঃ তরকারির মশলারূপেই ব্যবহার হয় কখন কখন এটনিকডায়েবিয়া, ডিসপেপসিয়া, অজীর্ণ, অত্যন্ত অবসন্ন অবস্থা, কুল্লিরূপে মুখে ঘা, গলার ভিতর ঘা এবং স্থানিক উগ্রতা সাধক জন্য ব্যবহার হইতে পারে।

এট্রোপেসি।

বেলেডোনি ফোলিয়া। বেলেডোনা লিভস্।

Belladonnae Folia. Belladonna Leaves.

এট্রোপাবেলে ডোনার সদ্য পত্র ও শাখা। পুষ্পিত অবস্থায় সংগৃহিত হয়। ব্রিটন দেশে জন্মে।

বেলেডোনি রেডিক্স। বেলেডোনি রুট।

Belladonnae Radix. Belladonna Root.

এট্রোপাবেলে ডোনার মূল। হেমন্তকালে সংগ্রহ করা হয়। ব্রিটন দেশে চাষ হয়, অথবা জর্ম্মানি দেশ হইতে আমদানী হয়।

এক্সটাক্টম বেলেডোনি ভিরিডি। গ্রীণ এক্সট্রাক্ট অফ্ বেলেডোনা।

Extractum Belladonnae Viride. Green Extract of Belladonna.

এট্রোপা বেলেডোনার সদ্য পত্র ও তরুণ শাখাগ্র একটী মর্টারে কুট্টিত করিয়া, চাপদিয়া রস বাহির করিবে। এবং ১৩০ ফাঃ তাপে উষ্ণ করিবে। কেলিকো ফিল্টারে ছাকিয়া গ্রিণ কালারিং ম্যাটার পৃথক করিবে। ওয়াটার বাথে শুষ্ক করিয়া পাতলা সিরপ সদৃশ ঘন করিবে। পূর্ব্বে পৃথক করা গ্রিণ কালারিং ম্যাটার হেয়ারসিভে ছাকিয়া উহাতে যোগ করিবে, সমুদায় একত্রে নাড়িবে। ১৪০ ফাঃ তাপে ঘন করিয়া সফুট এক্সট্রাক্ট বৎ করিবে।

মাত্রা ।০—১ গ্রেণ।

সকস বেলেডোনি। জুস অফ্ বেলেডোনা।

Succus Belladonnae. Juice of Belladonna.

এট্রোপোবেলেডোনার সদ্য পত্র ও তরুণ শাখাগ্র কুট্টিত করিয়া চাপ দিয়া রস বাহির করিবে। প্রতি ৩ আয়তন জুসে এক আয়তন (৯০ পার্সেণ্ট) এলকোহল যোগ করিবে। ৭ দিন স্থির ভাবে রাখিয়া ফিল্টার করিবে।

মাত্রা ৫—১৫ মিনিম।

এক্সট্রাক্টম বেলেডোনি লিকুইডম। লিকুইড এক্সট্রাক্ট অফ্ বেলেডোনা।

এই লিকুইড এক্সট্রাক্টের ১১০ মিনিম ৳ গ্রেণ বেলেডোনার এলকেলয়েডস আছে। (১০০ কি. সে, মি ·৭৫ গ্রাম।

৮ আউন্স বেলেডোনা রুট ২০ নং চূর্ণ, ৯০ পার্সেণ্ট এলকোহলের ৭ (আয়তন) ভাগ ও ১ (আয়তন) ভাগ ডিষ্টিল্ড ওয়াটারের মিশ্রণে আর্দ্র করিবে, ৬ ঘণ্টা স্থির ভাবে রাখিবে। একটী পর্কোলেটারে টানভাবে প্যাক করিবে। ঐ পাউডারের উপর ৬ ত্তং আউন্স এলকোহল মিশ্র ঢালিবে। তরল দ্রব্য পড়িতে আরম্ভ করিলে, পর্কোলেটারের নীচের মুখ বন্ধ করিবে ২৪ ঘণ্টা স্থির ভাবে রাখিবে, আস্তে২ পর্কোলেট করিবে, প্রয়োজন মত আরও এলকোহল মিশ্র যোগ করিবে, পার্কোলেট অল্প পরিমাণ ভিন্ন২ ভাগে সংগ্রহ করিবে। বেলেডোনা রুট ২০ নং চূর্ণের ২য় অংশ ৮ আউন্স পরিমাণ লইয়া প্রথমবারে লব্ধ ৬ আউন্স পর্কোলেট দ্বারা আর্দ্র করিবে প্রথমবারে উক্ত প্রক্রিয়া মত বেলেডোনা রুটের এই অংশের সার সংগ্রহ করিবে, কিন্তু প্রথম বারে পর্কোলেশন লব্ধ টিংচার, এলকোহলের পরিবর্ত্তে ব্যবহার করিবে। প্রতিবার ৮ আউন্স পরিমাণ বেলেডোনা পাউডার ব্যবহার্য্য। তৃতীয়বারে ২য় বারের পর্কোলেশন লব্ধ ও চতুর্থবারে ৩য় বারের পর্কোলেশন লব্ধ তরল দ্রব্য ব্যবহার করিবে। চতুর্থ বারের পর্কোলেশন হইতে ১২৷৷০ত্তং আউন্স ষ্ট্রং পর্কোলেট সংগ্রহ করিবে। যথাবশ্যক এলকোহল মিশ্র সংযোগে এই টিংচারে বেলেডোনার এলকেলয়েডস ১০০ কি, সে, মিটারে ·৭৫ গ্রাম কিম্বা ১১০ মিনিমে ৳ গ্রেণ থাকিবে।

এইবলমের ১০০ ভাগে ·৬ ভাগ বেলেডোনার এল্‌কেলয়েড থাকা প্রয়োজন।

এট্রোপিনা। এট্রোপাইন।

Atropina. Atropine.

বেলেডোনা পত্র কিম্বা মূল হইতে প্রাপ্ত উপক্ষার বিশেষ।

বর্ণহীন দানাকার, ৩০০ ভাগ জলে দ্রবনীয়। (৯০ পার্সেণ্ট) এলকোহল, ক্লোরোফরম ও ঈথরে সহজে দ্রবনীয়।

মাত্রা $\frac{১}{২০০}$—$\frac{১}{১০০}$ গ্রেণ।

অঙ্গুয়েণ্টম এট্রোপাইনি। এট্রোপাইন অয়েণ্টমেণ্ট।

এট্রোপাইন	১০ গ্রেণ	৫ গ্রাম।
ওলিইক এসিড	৪০ গ্রেণ	২ গ্রাম।
লার্ড	৪৫০ গ্রেণ	২২০৫ গ্রাম।

ওলিইক এসিড সহ এট্রোপাইন মর্দ্দন করিয়া অল্প উষ্ণ করিবে যে পর্য্যন্তও না মিলিত হয়, পরে লার্ড যোগ করিবে।

এট্রোপাইনি সল্‌ফাস। এট্রোপাইন সল্‌ফেট।

Atropinæ Sulphas. Atropine Sulphate.

ডাইলিউটেড সলফিউরিক এসিড দ্বারা এট্রোপাইন সমক্ষারায় করিয়া প্রস্তুত হয়।

প্রায় বর্ণহীন, দানাকার দ্রব্য। ১০ ভাগ এলকোহলে (৯০ পার্সেণ্ট) ১ ভাগ শীতল জলে দ্রব হয়। সমক্ষারায় ঈথার ও ক্লোরোফরমে দ্রব হয়।

মাত্রা $\frac{১}{২০০}$—$\frac{১}{১০০}$ গ্রেণ।

লাইকর এট্রোপাইনি সল্ফেটিস। সলিউশন অফ্ এট্রোপাইনি সল্ফেট।

এট্রোপাইন সলফেট	১৭॥০ গ্রেণ	১ গ্রাম।
সেলিসিলিক এসিড	২ গ্রেণ	·১২ গ্রাম।
ডিষ্টিল্ড ওয়াটার	৪ তং আউন্স	১০০ কি, সে, মি বা যথাবশ্যক।

সেলিসিলিক এসিড ও এট্রোপাইন সলফেট, যথাবশ্যক শদ্য ফুটান ও শীতল ডিষ্টিল্ড ওয়াটারে দ্রব করিয়া পরিমাণ—৪ তং আউন্স পূর্ণ করিবে। মাত্রা ॥০—১ মিনিম।

১১৫ মিনিমে ১ গ্রেণ; ১০০ কি, সে, মিটারে ১ গ্রাম এট্রোপাইন সলফেট আছে।

লেমিলি এট্রোপাইনি। ডিস্কস অফ্ এট্রোপাইন।

Lamellæ Atropinæ. Discs of Atropine.

ডিস্কস অফ্ জিলাটিন কিছু গ্লিশরিণ সংযুক্ত প্রত্যেক ওজনে $\frac{1}{50}$ গ্রেণ (১·৩ মিলিগ্রাম) ও $\frac{1}{5000}$ গ্রেণ (·০১৩ মিলিগ্রাম) এট্রোপাইন সল্ফেট সংযুক্ত।

হোমেট্রোপাইনি হাইড্রোব্রোমাইডম। হোমেট্রোপাইন হাইড্রোব্রোমাইড।

(হাইড্রোব্রোমেট অফ্ হোমেট্রোপাইন)

এট্রোপাইন হইতে প্রস্তুত হাইড্রোব্রোমাইড লবণ বিশেষ।

Homatropinae Hydrobromidum. Homatropine Hydrobromide.

শ্বেতবর্ণ দানাকার চূর্ণ। ৬ ভাগ শীতল জলে দ্রবনীয়। ১৩৩ ভাগ এবসলিউট এলকোহলে দ্রব হয়।

মাত্রা $\frac{1}{60}$—$\frac{1}{20}$ গ্রেণ।

লেমিলি হোমেট্রোপাইনি। ডিস্কস অফ হোমে-ট্রোপাইন।

জিলাটিনের ডিস্ক কিছু গ্লিশিরিণ সংযুক্ত প্রত্যেক ওজনে $\frac{1}{50}$ গ্রেণ (১·৩ মিলিগ্রাম) এবং $\frac{1}{100}$ গ্রেণ (·৬৫ মিলিগ্রাম) হোমেট্রোপাইন হাইড্রোব্রোমাইড সংযুক্ত।

ক্রিয়া—এট্রোপাইন চক্ষে প্রয়োগ করিলে প্রায় সপ্তাহ কাল-পর্য্যন্ত কণিনীকা প্রসারিত থাকে ইহাতে রোগীর যথেষ্ট অসু-বিধা ও কষ্ট হয়। হোমেট্রোপাইনের এইক্রিয়া, প্রবল ও দ্রুত প্রকাশ পায় এবং দ্রুত অন্তর্হিত হয়। প্রায় ২৪ ঘণ্টা মধ্যে প্রসারিত কণিনীকা স্বাভাবিক অবস্থা প্রাপ্তহয়।

বেলেডোনার ক্রিয়া।

বেলেডোনার প্রধান ক্রিয়া ইহার মধ্যস্থ এট্রোপাইনের ক্রিয়ার উপর নির্ভর করে।

মস্তিষ্ক উত্তেজক, মাদক, নিদ্রাকারক, বেদনা নিবারক, আক্ষেপ নিবারক, কণিনীকা প্রসারক, দুগ্ধ রোধক।

(ষ্টিমুলেণ্ট, নার্কটিক, হিপ্‌নটিক, এনোডাইন, এণ্টিসপ্যাজ-মডিক, মেড্রায়েটীক, ল্যাকটি ফিউজ)।

স্থানিক—বেদনা নিবারক, ঘর্ম্মকারক, রোধক।

ব্যবহার—স্থানিক—হাইপারস্থিসিয়া, নিউরালজিয়া ঘর্ম্মা-ধিক্য, দুগ্ধরোধজন্য স্তনে, কার্ব্বঙ্কল চক্ষু পীড়ায় কণিনিকা প্রসা-রিত করিয়া চক্ষু পরীক্ষাজন্য, আইরাইটিস, কেলেবারবীনের ক্রিয়ার বিপরীত ক্রিয়াজন্য, হাইপার মেট্রোপিয়া, গ্লকোমা, অল্‌-সার অফ্‌ দি কর্ণিয়া।

আভ্যন্তরিক—এট্রোপিয়া আভ্যন্তরিক ব্যবহার হয়না, কদাচ হাইপোডার্ম্মিকরূপে, অহিফেন প্রুসিক এসিড ও ফাইজষ্টিগমাইন দ্বারা বিষাক্ত অবস্থায়। ক্রনিক কনষ্টিপেশন নামক কোষ্ঠবদ্ধ রোগে, শিশুদের ইনকন্টিনেন্স ও পেরাপ্লিজিয়া রোগীর ইন্‌কন্টিনেন্স অব্ ইউরিন রোগে। অতি ধর্ম্ম. ছেলেদের অত্যধিক লালা নির্গমন (পারদ সেবন জন্য নহে) ইপিলেপ্সি কোরিয়া, পার্টু-সিস পেরিস্কিসমস, ষ্ট্রিডুলস এজমা। নিউরালজিয়া, পেসট্রো-ডিনিয়া, কলিক এবং ইউটেবাস ব্লাডার ও রেক্টম প্রভৃতি স্ফিংটার পেশীর আক্ষেপ।

ডায়েবিটীস রোগীর মূত্রের পরিমাণ হ্রাস করিতে।

স্কার্লেটিনা রোগে প্রতিসেধকরূপে এট্রোপাইন চক্ষুরোগে ও মলমরূপে অধিক ব্যবহার হয়, আভ্যন্তরিক ব্যবহার হয়না, কদাচ হাইপোডার্ম্মিকরূপে ব্যবহার হয়।

ষ্ট্রেমোনাই ফোলিয়া। ষ্ট্রেমোনাই লিভস।

Stramonii Folia. Stramonium Leaves.

ধাতুরা ষ্ট্রেমোনিয়মের শুষ্ক পত্র।

ষ্ট্রেমোনাই সেমিনা। ষ্ট্রেমোনিয়ম সিডস।

Stramanii Semina. Stramonium Seeds.

ধাতুরা ষ্ট্রেমোনিয়মের শুষ্ক পক্কবীজ।

এক্সট্রাক্টম ষ্ট্রেমোনাই। এক্সট্রাক্ট অফ্ ষ্ট্রেমোনিয়ম।

ষ্ট্রেমোনিয়ম সিডস ৪০ নং পাউডার পর্কোলেটারে প্যাক্‌ করিবে, ৭০ পার্সেণ্ট এলকোহল দিয়া সে পর্কোলেশনে পাউ-ডারকে সারহীন করিবে ডিষ্টিলেশনদ্বারা অধিকাংশ এলকোহল পৃথক করিবে, অবশিষ্ট লিকুইডকে শুষ্ক করিয়া দৃঢ় এক্সট্রাক্টবৎ করিবে। মাত্রা ।০—১ গ্রেণ।

টিংচুরা ষ্ট্রেমোনাই। টিংচার অফ্ ষ্ট্রেমোনিয়ম।

ষ্ট্রেমোনিয়ম লিভস ২০ নং পাউডার ৪ আং ২০০ গ্রাম
এলকোহল (৪৫ পার্সেণ্ট) যথাবশুক।

৪ তং আউন্স এলকোহলে পাউডার আর্দ্র করিবে, পর্কো-লেশন প্রক্রিয়া সমাধা করিবে প্রস্তুত টিংচার একপ ইণ্ট হইবে।

মাত্রা ৫—১৫ মিনিম।

ক্রিয়া—বেলেডোনার ন্যায়। কিন্তু শ্বাসযন্ত্রের উপরে আক্ষেপ নিবারক ক্রিয়া প্রবল।

ব্যবহার—এজমারোগে চুরট দ্বারা ধূমপান এবং টিংচার সেবন, ইহার এক্সট্রাক্ট আক্ষেপ যুক্ত কাশ। গ্যাসট্রোডিনিয়া প্রভৃতিতেও ব্যবহার হয়। চক্ষু রোগ, মৃগী।

হায়েসায়েমাই ফোলিয়া। হায়েসায়েমস লিভস।

Hyoscyami Folia. Hyoscyamus Leaves.

Synonym—Henbane Leaves. হেন্‌বেন্ লিভস।

হায়েসায়েমস নাইগ্রা বৃক্ষের পত্র ও ফুল ও তৎসংযুক্ত শাখাগ্র।

এক্সট্রাক্টম হাইওসায়েমাই ভিরিডি। গ্রিণ এক্সট্রাক্ট-অফ্ হায়েসায়েমস।

হায়েসায়েমস নাইগ্রার সদ্য পুষ্পপত্র ও তৎসংযুক্ত শাখাগ্র কুট্টিত (ক্রউজড) করিয়া চাপদিয়া রস বাহির করিবে, ক্রমেং উষ্ণকরিবে, কেলিকো ফিল্টারদিয়া গ্রিনকলারিং মেটার পৃথক করিবে চাপান্তরল দ্রব্যকে ২০০ ফাং তাপে উষ্ণ করিবে, ফিল্টার করাদ্রব্যকে পাতলা সিরপবৎ ঘন করিবে। পূর্ব্বে পৃথক করা গ্রিণকলারিং মেটার ইহাতে যোগ করিবে। হেয়ারসিভ দিয়া

ছাকিবে। সমুদয় নাড়িবে, ১৪০ ফাং অনধিকতাপে শুষ্ক করিবে সফ্‌ট এক্সট্রাক্ট সদৃশ ঘন করিবে। মাত্রা ২—৮ গ্রেণ।

সকস হায়েসায়েমাই। জুস অফ্ হায়েসায়েমস।

সদ্য পুষ্প, পত্র ও তৎসংযুক্ত তরুণ শাখাগ্র কুট্টিত করিয়া রসবাহির করিবে। প্রতি ৩ ভাগ (আয়তন) রসের সহিত একভাগ (আয়তন) ৯০ পার্সেণ্ট এলকোহল যোগ করিবে, ৭ দিন স্থিরভাবে রাখিয়া ফিল্টার করিবে।

মাত্রা ||০—১ তং ড্রাম।

টিংচুরা হায়েসায়েমাই। টিংচার অফ্ হায়েসায়েমস।

হায়েসায়েমস পত্র, পুষ্প ও শাখাগ্র ২০নং পাউডার ২ আউন্স
১০০ গ্রাম

এলকোহল (৪৫ পার্সেণ্ট) যথাবশ্যক।

পাউডারকে ২তং আউন্স এলকোহলে আর্দ্র করিবে, পর্কোলেশন প্রক্রিয়া সমাধা করিবে প্রস্তুত টিংচার পরিমাণে ১ পাইণ্ট হইবে। মাত্রা ||০—১ তং ড্রাম।

হায়েসায়েমাইনি সলফাস, হায়েসায়েমাইন সলফেট।

Hyoscyominae Sulphas. Hyoscyamine Sulphate.

একপ্রকার এলকেলয়েডের সল্‌ফেট্। হায়েসায়েমস পত্রে ও সম্ভবতঃ অন্যান্য সলিনেসস উদ্ভিদে বর্ত্তমান থাকে।

দানাকার চূর্ণ, জলাকর্ষক, বর্ণহীন তিক্ত তিক্তাস্বাদ, ·৫ভাগ জলে, ২·৫ ভাগ এলকোহল (৯০ পার্সেণ্ট) ঈথার ও ক্লোরোফরমে অতি সামান্য দ্রবনিয়।

মাত্রা $\frac{1}{200}$—$\frac{1}{100}$ গ্রেণ।

হায়েসাইনি হাইড্রোব্রোমাইডম। হায়েসিন হাইড্রো-ব্রোমাইড।

Hyoscinae Hydrobromidum. Hyoscine Hydrobromide.

Synonyms—Hydrobromate of Hyoscine. Scopolamine Hydrobromide.

একপ্রকার উপক্ষারের হাইড্রোব্রোমাইড লবণ। হায়েসায়েমস নিজস ও বিবিধ স্কোপেলা জাতীয় উদ্ভিদ ও সম্ভবতঃ অন্যান্য সোলেনেসস উদ্ভিদ মধ্যে বিদ্যমান আছে।

বর্ণহীন, স্বচ্ছ বর্ণিক ক্রিষ্টেলস, বায়ুতে নষ্ট হয়না। তীব্র তিক্তাস্বাদ, গন্ধহীন। ৯ ভাগ শীতল জল, ১৩ ভাগ এলকোহল (৯০ পার্সেণ্ট) ইথার ও ক্লোরোফরমে সামান্য দ্রবনীয়।

মাত্রা $\frac{১}{২০০}$—$\frac{১}{১০০}$ গ্রেণ।

ক্রিয়া—বেলেডোনা ও ষ্ট্রেমনিয়মেরক্রিয়ার মত কিন্তু ইহার মাস্তিষ্ক উত্তেজক ক্রিয়া অনেক মৃদু। মাদক, বেদনা নিবারক, কণীনিকা প্রসারক।

ব্যবহার—বেদনা ও স্নায়বিয় উত্তেজনায় অহিফেন ব্যবহারের সুযোগ না থাকিলে হায়েসায়েমস ব্যবহার্য্য, গনরিয়া সিষ্টাইটিস প্রভৃতি রোগে ইহা ব্যবহারে বিশেষ উপকার হয়। বাত, গাউট শ্বাসকাশ, বেদনা, অনিদ্রা, কাশ, আক্ষেপ, বিরেচক ঔষধের ক্রিয়া মাধুর্য্য জনক।

হায়েসিন ও হায়েসায়েমইনের ক্রিয়া হায়েসায়েমাসের ক্রিয়ার ন্যায় কিন্তু দ্রুত ও প্রবল, এই দুইটী বীর্য্য হাইপোডার্মিকরূপে সচরাচর ব্যবহার হয়, স্নায়বিয় স্থৈর্য্যতা সম্পাদক, বেদনা নিবারক ও প্রবল নিদ্রাকারক, উন্মাদ, বিবিধ আক্ষেপ ও অনিদ্রায় বিশেষ উপকারি।

স্ক্রফিউলেরিয়েসি।

ডিজিটেলিস ফোলিয়া। ডিজিটেলিস লিভস।

Digitalis Folia Digitalis Leaves.

ডিজিটেলিস পার্পিউরা বৃক্ষের শুষ্ক পত্র। ইংলণ্ড দেশ হইতে সংগৃহীত হয়। মাত্রা ॥০—২ গ্রেণ।

ইনফিউসম ডিজিটেলিস। ইনফিউসম অফ্ ডিজিটেলিস্।

ডিজিটেলিস লিভস ২০ নং চূর্ণ	৬০ গ্রেণ	৬·৮ গ্রাম
ডিষ্টিল্ড ওয়াটার বয়েলিং	১ পাইণ্ট	১০০০ কি, সে, মি

আবৃত পাত্রে ১৫ মিনিট ভিজাইয়া ছাকিবে।

মাত্রা ২—৪ তং ড্রাম।

টিংচুরা ডিজিটেলিস। টিংচার অফ্ ডিজিটেলিস।

ডিজিটেলিস লিভস ২০ নং পাউডার	২॥০ আউন্স	১২৫ গ্রাম
এলকোহল (৬০ পার্সেণ্ট)		যথাবশ্যক।

২ তং আউন্স এলকোহলে ডিজিটেলিস চূর্ণ আর্দ্র করিয়া পর্কোলেশন ক্রিয়া সমাধা করিবে। প্রস্তুত টিংচার পরিমাণে এক পাইণ্ট হইবে। মাত্রা ৫—১৫ মিনিম।

লারিয়েটি।

ওলিয়ম রোজমেরিনি। অয়েল অফ্ রোজ মেরি।

Oliam Rosemarini. Oil of Rosemary.

রোজ মেরিনস অফিসিনেলিস বৃক্ষের পুষ্পিত শাখাগ্র চুয়াইয়া বৃটন দেশে প্রস্তুত তৈল। ইউরোপের দক্ষিণ অংশে জন্মে।

বর্ণহীন বা লঘু পীতবর্ণ, রোজ মেরির গন্ধ বিশিষ্ট, কর্পূরের ন্যায় তীব্রাস্বাদ, ২ ভাগ এলকোহলে (৯০ পার্সেণ্ট) দ্রবণীয়।

মাত্রা ॥০—৩ মিনিম।

স্পিরিটস্ রোজমেরিনি। স্পিরিট অফ্ রোজমেরি।

অয়েল অফ্ রোজমেরি	১ তং আউন্স	৫০ কি, সে, মি
এলকোহল	(৯০ পার্সেণ্ট)	যথাযশ্যক।

অয়েল অফ্ রোজ মেরিতে যথাবশ্যক এলকোহল যোগ করিয়া ১০ তং আউন্স পূর্ণ করিবে। ১৮৮৫ সালের ব্রিটিশ ফার্ম্মা কোপিয়ার স্পিরিট রোজমেরি অপেক্ষা ইহাতে পাঁচ গুণ অধিক অয়েল অফ্ রোজমেরি আছে।

মাত্রা ৫—২০ মিনিম।

ক্রিয়া—প্রবল উত্তেজক, বায়ুনাসক।

ব্যবহার—হিষ্টিরিয়া, নার্ভাসহেডেক। স্থানিক—উগ্রতা-সাধন জন্য ব্যবহার হয়।

ওলিয়ম লেভেণ্ডুলি। অয়েল অফ্ লেভেণ্ডার।

Oleum Lavandulae. Oil of Lavender.

লেভেণ্ডুলাভিরা বৃক্ষের পুষ্প হইতে চুয়াইয়া প্রস্তুত তৈল। ইউরোপের দক্ষিণ ভাগে জন্মে। ফ্রেঞ্চ লেবেণ্ডার বা অয়েল অফ্ স্পাইক কখন২ ইহার পরিবর্ত্তে ব্যবহার হয়।

মাত্রা ॥০—৩ মিনিম।

টিংচুরা লেভেণ্ডুলি কম্পোজিটা। কম্পাউণ্ড টিংচার অফ্ লেভেণ্ডার।

অয়েল অফ্ লেবেণ্ডার	৪৫ মিনিম	৪.৭ কি, সে, মি
অয়েল অফ্ রোজমেরি	৫ মিনিম	.৫ কি, সে, মি

সিনেমন বার্ক কুট্টিত	৭৫ গ্রেণ	৮·৫ গ্রাম।
নটমেগ কুট্টিত	৭৫ গ্রেণ	৮·৫ গ্রাম।
রেডসেণ্ডলউড	১৫০ গ্রেণ	১৭ গ্রাম।
এলকোহল ৯০ পার্সেন্ট	১ পাইণ্ট	১০০০ কি, সে, মি

মেসিরেশন প্রক্রিয়ায় প্রস্তুত করিবে, প্রক্রিয়ার শেষ ভাগে তৈল যোগ করিবে। মাত্রা ॥০—১ ড্রাম।

স্পিরিটস লেভেণ্ডুলি। স্পিরিট অফ্ লেভেণ্ডার।

অয়েল অফ্ লেভেণ্ডার	১ আউন্স	৫০ কি, সে, মি
এলকোহল ৯০ পার্সেন্ট		যথাবশ্যক।

অয়েল অফ্ লেভেণ্ডারে যথাবশ্যক এলকোহল যোগ করিয়া ১০ আউন্স পূর্ণ করিবে। মাত্রা ৫—১৫ মিনিম।

১৮৮৫ সালের ব্রিটিশফার্মাকোপিয়া অপেক্ষা ইহাতে ৫ গুণ অধিক অয়েল অফ্ লেভেণ্ডার আছে।

ক্রিয়া—বায়ুনাশক, আগ্নেয়, উত্তেজক, আক্ষেপ নিবারক।

ব্যবহার—হিষ্টিরিয়া হাইপোকণ্ড্রায়েসিস ও অন্যান্য স্নায়বীক পীড়া, এতদ্ভিন্ন উদ্ধানযুক্ত কলিক রোগে ব্যবহার হয়।

ওলিয়ম মেস্থি পিপারেটি, অয়েল অফ্ পিপারমিণ্ট।

Oleum Menthæ Piperitæ. Oil of Peppermint.

পেপারমিণ্ট, মেন্থাপাইপারেটা নামক সদ্য পুষ্পিত বৃক্ষ চুয়াইয়া প্রস্তুত হয়।

সদ্য অবস্থায় বর্ণহীন, পাতলা পীতবর্ণ, বা হরিতাভ পীতবর্ণ কিন্তু যত পুরাতন হয় ততই বর্ণ গাঢ় হয়, ইহাতে বৃক্ষের গন্ধ পাওয়া যায়, তীব্র সুগন্ধাস্বাদ, পরে মুখ শীতল বোধ হয়। স্পেঃ

গ্রে: ·৯০০—·৯২০। ৭০ পার্সেণ্ট এলকোহলের ৪ ভাগে এক ভাগ দ্রব হয়।

তৈলের কিয়দংশ ১৭ ফাঃ তাপে শীতল করিয়া কয়েকটী মেন্থোলের দানা যোগ করা যায়, তাহাহইলে তৈল হইতে অনেক মেন্থোল দানা পৃথক হইয়া থাকে। মাত্রা ॥০—৩ মিনিম।

একোয়া মেন্থি পাইপারেটা। পিপারমিণ্ট ওয়াটার।

অয়েল অফ্ পিপারমিণ্ট	৭৭ মিনিম	১০ কি, সে, মি
ওয়াটার	১॥০ গ্যালন	১৫ লিটার।

দুই তৃতীয়াংশ ডিষ্টিল করিবে।

স্পিরিটস মেন্থি পাইপিরিটি। স্পিরিট অফ্ পিপারমিণ্ট।

অয়েল অফ্ পিপারমিণ্ট	১ তং আউন্স	৫০ কি, সে মি
এলকোহল	৯০ পার্সেণ্ট	যথাবশ্যক।

অয়েল অফ্ পিপারমিণ্টে যথাবশ্যক এলকোহল যোগ করিয়া ১০ আউন্স পূর্ণ করিবে।

মাত্রা ৫—২০ মিনিম।

১৮৮৫ সালের ব্রিটিশফার্ম্মাকোপিয়ায় এসেন্স মেন্থাপাই পারেটার ব্যবহৃত তৈলের অর্দ্ধেক ও স্পিরিট অফ্ পেপারমিণ্টে ব্যবহৃত তৈলের পাঁচ গুণ তৈল বর্ত্তমান প্রয়োগ রূপে আছে।

ক্রিয়া—আগ্নেয়, উত্তেজক, বায়ুনাশক, (ষ্টিমুলেণ্ট, কার্ম্মিনেটিভ)।

ব্যবহার—উদ্ধান রোগে ও বিরেচক ঔষধের সহিত উহাদের ক্রিয়া মাধুর্য্য জন্য ব্যবহার হয়।

মেন্থোল। মেন্থোল। (ফুল পিপারমিণ্ট)।

Menthol. Menthol.

সদ্য মেন্থা পাইপারেটা ও মেন্থা আর্ভেনসিস, চীন দেশীয় পিপারমিণ্ট তৈল চুয়াইয়া প্রাপ্ত দ্রব্য শীতল করিয়া প্রস্তুত হয়।

একপ্রকার দানাকার দ্রব্য, বর্ণহীন. পিপারমিণ্টের গন্ধযুক্ত। জিহ্বায় উষ্ণতা বোধ হয়। জলে অল্প দ্রবনীয়। ৯০ পার্সেণ্ট এলকোহলে সহজে দ্রবনীয়।

মাত্রা ॥০—২ গ্রেণ।

এম্প্লাষ্ট্রম মেন্থোল। মেন্থোল প্লাষ্টার।

মেন্থোল	১।০ আউন্স	৩০ গ্রাম।
ইওলো বীজওয়াক্স	১ আউন্স	২০ গ্রাম।
রেজিন	৭॥০ আউন্স	১৫০ গ্রাম।

রেজিন ও বীজওয়াক্স একত্রে দ্রব করিবে।

১৬০ বা ১৭০ ফাঃ উষ্ণ হইলে মেন্থোল ইহার সহিত মিশ্রিত করিয়া নাড়িয়া দিবে।

ক্রিয়া—পচন নিবারক, স্থানিক স্পর্শ হারক, উত্তেজক, বায়ু নাশক, (এণ্টিসেপ্‌টিক, লোকেল এনিসথেটিক, ষ্টিমুলেণ্ট, কার্মি নেটিভ)।

ব্যবহার—ফেসিয়েল নিউরালজিয়া, সায়েটিকা প্লুরোডিনিয়া রোগে স্থানিক ব্যবহার হয়। ডিফিউজিবল ষ্টিমুলেণ্ট রূপে কখনং আভ্যন্তরিক ব্যবহার হয়।

ওলিয়ম মেন্থি ভিরিডিস। অয়েল অফ্ স্পিয়রমিণ্ট।

Oleum Menthæ Viridis. Oil of Spearmint, (পুদিনা)

সদ্য ও পুষ্পিত স্পিয়রমিণ্ট বা মেন্থা ভিরিডিস চুয়াইয়া প্রস্তুত তৈল। বৃক্ষ ইংলণ্ড দেশে জন্মে। সদ্য অবস্থায় বর্ণ হীন, হালকা পীতবর্ণ, বা হরিতাভ পীতবর্ণ, পুরাতন হইলে বর্ণ গাঢ় হয়। মাত্রা ॥০—৩ মিনিম।

একোয়া মেন্থা ভিরিডিস। স্পিয়রমিণ্ট ওয়াটার।

অয়েল অফ্ স্পিয়র মিণ্ট	৭৭ মিনিম	১০ কি, সে, মি
জল	১॥০ গ্যালন	১৫ লিটার।

দুই তৃতীয়াংশ ডিষ্টিল করিবে।

মাত্রা ॥০—১ আউন্স।

ক্রিয়া—আগ্নেয়, উত্তেজক, বায়ুনাশক।

ব্যবহার—পেটফাঁপা, বিরেচক ঔষধ সহিত।

থাইমল। থাইমল।

Thymol. Thymol.

ঘনীভূত তৈল বিশেষ, থাইমসভল্গেরিস গার্ডেন থাইম, মনার্ডাপংটেটা, হর্সমিণ্ট এবং কেরন এজোয়ানের বায়ী তৈল হইতে পাওয়া যায়। এলকোহল যোগে রিক্রিষ্টেলাইজ করিয়া কেরিন করা যায়।

বৃহৎ ওবলিক প্রিজমেটিক দানাকার থাইমের গন্ধ বিশিষ্ট, তীব্র এরোমেটিক আস্বাদ জলে মগ্ন হয়, শীতল জলে প্রায় অদ্রবনীয়, (৯০ পার্সেণ্ট) এলকোহলে দ্রবনীয়, ঈথর ও ক্ষার দ্রবে দ্রবনীয়। মাত্রা ॥০—২ গ্রেণ।

ক্রিয়া—প্রবল পচন নিবারক, স্পর্শ হারক, সংক্রমাপহ। (পাওয়ার ফুল এণ্টিসেপটিক) ইহার দ্রাবনস্প্রে দ্বারা ব্যবহার, অথবা কার্ব্বলিক এসিড গজ ইত্যাদির ন্যায় ইহা হইতেও ড্রেসিং

রূপে ব্যবহার হয়। স্থানিক রিং ওয়ারম সোরাএসিস্ প্রভৃতিতে ব্যবহার হয়, ডিফাথিরিয়া টাইফস জ্বরে অভ্যন্তরিক ব্যবহার হইয়া থাকে।

লাইকররিয়াই কন্সেন্ট্রেটস। কন্সেন্ট্রেটেড সলিউশন অফ্ রুবার্ব।

রুবার্বরুট ৫নং পাউডার	১০ আউন্স	৫০০ গ্রাম।
এলকোহল ২০ পার্সেন্ট	২৫ তং আউন্স	১২৫০ কিউবিক সেন্টিমিটার বা যথাবশ্যক।

পাঁচ তং আউন্স এলকোহলে রুবার্ব আর্দ্র করিবে, আবদ্ধ পর্কোলেটরে প্যাক করিবে, ৩ দিন স্থিরভাবে রাখিবে, অবশিষ্ট এলকোহল ১০ সম ভাগে বিভক্ত করিয়া ১২ ঘণ্টান্তর যোগ করিয়া পর্কোলেট করিবে, যে পর্য্যন্ত না পর্কোলেট পরিমাণে এক পাইণ্ট হয় আরও এলকোহল যোগে পর্কোলেট করিবে।

মাত্রা ॥০—১ তং ড্রাম।

পাইলিউলা রিয়াই কম্পোজিটা। কম্পাউণ্ড রুবার্ব পিল।

রুবার্বরুট পাউডার	৩ আউন্স	৬০ গ্রাম।
সকোট্রাইন এলোজ পাউডার	২।০ আউন্স	৪৫ গ্রাম।
মার পাউডার	১॥০ আউন্স	৩০ গ্রাম।
হার্ডসোপ পাউডার	১॥০ আউন্স	৩০ গ্রাম।
অয়েল পেপারমিণ্ট	১॥০ তং ড্রাম	৩·৭৫ কি, সেং মি
সিরপ অফ্ গ্লুকোজ	২৸০ আউন্স	৫৫ গ্রাম।

মিশ্রিত করিয়া একত্র করিবে। মাত্রা ৪—৮ গ্রেণ।

পল্ভিস রিয়াই কম্পোজিটস। কম্পাউণ্ড পাউডার অফ্ রুবার্ব। (গ্রেগোরিজ পাউডার)

Gregory's Powder.

রুবার্বরুট পাউডার	২ আউন্স	৫০ গ্রাম।
লাইটমেগনেসিয়া	৬ আউন্স	১৫০ গ্রাম।
জিঞ্জার	১ আউন্স	২৫ গ্রাম।

মিশ্রিত কর। মাত্রা ২০—৬০ গ্রেণ।

পাউডার আয়তনে অধিক হইবেনা এরূপ ইচ্ছা হইলে হেবি মেগনেসিয়া ব্যবহার্য্য। কারণ লাইট মেগনেসিয়া লঘু বলিয়া অল্প ওজনে আয়তনে অনেক হয়।

সিরপস রিয়াই। সিরপ অফ্ রুবার্ব।

রুবার্বরুট ২০ নং পাউডার	২ আউন্স	৫০ গ্রাম
করিয়েণ্ডার ফ্রুট ২০ নং পাউডার	২ আউন্স	৫০ গ্রাম
রিফাইণ্ড সুগার	২৬ আউন্স	৬০ গ্রাম
এলকোহল ৯০ পার্সেণ্ট	৮ তং আং	২০০ কি, সে, মি।

রুবার্বরুট ও করিয়েণ্ডার ফ্রুট মিশ্রণ এলকোহল ও ডিষ্টিল্ড ওয়াটার মিশ্রণে আদ্র করিবে। স্থিরভাবে রাখিয়া দিবে। পর্কোলেটারে প্যাক করিবে। অবশিষ্ট ডাইলিউট এলকোহল অল্পেং উহার মধ্য দিয়া নির্গত করিবে। পর্কোলেটকে ইভাপোরেট করিয়া পরিমাণ ১৪ তং আউন্স করিবে, ফিল্টার করিয়া ইহাতে তাপ দ্বারা রিফাইণ্ড সুগার দ্রব করিবে। প্রস্তুত দ্রব্য ওজনে ২ পাউণ্ড ১৪ আউন্স (১১৫০ গ্রাম) হওয়া আবশ্যক।

মাত্রা ॥০—১ তং ড্রাম।

টিংচুরা রিয়াই কম্পোজিটা। কম্পাউণ্ড টিংচার অফ রুবার্ব।

রুবার্ব রুট ২০ নং চূর্ণ	২ আউন্স	১০০ গ্রাম।
কার্ডেমম সিডস্ ব্রুইজড	।০ আং	১২.৫ গ্রাম।
গ্লিশরিণ	২ তং আং	১০০ কি, সে মি
এলকোহল	৬০ পার্সেণ্ট	যথাবশ্যক।

২ তং আউন্স এলকোহলে কঠিন দ্রব্যগুলিকে আর্দ্র করিবে, পর্কোলেশন করিতে থাকিবে, যে পর্যান্ত না ১৮ তং আউন্স তরল দ্রব্য প্রাপ্ত হওয়া যায়। নাড়িয়া দিয়া ২৪ ঘণ্টা স্থির ভাবে রাখিয়া দিবে, ফিল্টার করিয়া গ্লিশরিণ মিশ্রিত করিবে।

পুনঃ২ ব্যবহার জন্য মাত্রা ॥০—১ তং ড্রাম।

একমাত্রা ২—৪ তং ড্রাম।

মাইরিষ্টিকেসি।

মাইরিসটিকা। নটমেগ। জায়ফল।

Myristica. Nutmeg.

মাইরিসটিকা ফ্রাগ্রান্স বৃক্ষের শুষ্ক বীজ। বাণ্ডাদ্বীপে জন্মে। নটমেগ বা জায়ফলের উপরিস্থিত আবরণ ঝিল্লিকে জৈত্রি বা মেস বলে।

ওলিয়ম মাইরিসটিসি। অয়েল অফ নটমেগ।

নটমেগ হইতে চুয়াইয়া প্রস্তুত তৈল। বর্ণহীন বা ঈষৎ পীতবর্ণ। মাত্রা ॥০—৩ মিনিম।

স্পিরিটস মাইরিসটিসি। স্পিরিট অফ্ নটমেগ।

অয়েল অফ্ নট্‌মেগ	১ ত০ আউন্স	৫০ কি,সে,মি
এলকোহল ৯০ পার্সেণ্ট	যথাবশ্যক।	

অয়েল অফ্ নট্‌মেগে যথাবশ্যক এলকোহল যোগ করিয়া ১০ আউন্স স্পিরিট অফ্ নট্‌মেগ প্রস্তুত করিবে। সলিউশন নির্ম্মল নাহইলে কিছু টাক্ (Talc) পাউডার যোগ করিয়া নাড়িবে পরে ফিল্টার করিবে।

মাত্রা ৫—২০ মিনিম।

১৮৮৫ সালের ফার্ম্মাকোপিয়ার স্পিরিট নটমেগ অপেক্ষা ইহাতে ৫ গুণ অধিক আয়েল অফ পিপারমিণ্ট আছে।

ক্রিয়া—সুগন্ধ, ঈষৎ উত্তেজক, বায়ুনাশক।

লরেসি।

সিনেমোমাই করটেক্স। সিনেমন বার্ক। দারুচিনি।

Cinnamomi Cortex. Cinnamon Bark.

সিনামন জিলানিকম বৃক্ষের ত্বকের আভ্যন্তরিক অংশ। লঙ্কাদ্বীপ হইতে আমদানী হয়।

মাত্রা ১০—৩০ গ্রেন।

একোয়া সিনেমোমাই। সিনেমন ওয়াটার।

সিনেমনবার্ক কুট্টিত	১ পাউণ্ড	৫০০ গ্রাম।
ওয়াটার	২ গেলন	১০ লিটার।

অৰ্দ্ধেক ডিষ্টিল করিবে।

মাত্রা ১—২ আউন্স।

পলভিস সিনেমোমাই কম্পোজিটস। কম্পাউণ্ড পাউডার অফ্ সিনেমন।

Synonym—Pulvis Aromaticus পল্‌ভিস এরোমেটিকস।

সিনেমন বার্ক পাউডার	১ আউন্স	২৫ গ্রাম।
কার্ডেমম সিডস	১ আউন্স	২৫ গ্রাম।
জিঞ্জার পাউডার	১ আউন্স	২৫ গ্রাম।

মিশ্রিত করিবে। মাত্রা ১০—৪০ গ্রেণ।

টিংচুরা সিনেমোমাই। টিংচার অফ্ সিনেমন।

সিনেমন বার্ক ৬০ নং পাউডার	৪ আউন্স	২০০ গ্রাম।
এলকোহল ৭০ পার্সেণ্ট	যথাবশ্যক।	

৪ তং আউন্স এলকোহলে পাউডার আর্দ্র করিবে, পর্কোলেশন প্রক্রিয়া সমাধা করিবে। প্রস্তুত টিংচার পরিমাণে এক পাইণ্ট হইবে। মাত্রা ।০—১ তং ড্রাম।

স্পিরিটস সিনেমোমাই। স্পিরিট অফ্ সিনেমন।

অয়েল অফ্ সিনেমন	১ তং আউন্স	৫০ কি, সে, মি
এলকোহল ৯০ পার্সেণ্ট	যথাবশ্যক।	

অয়েল অফ্ সিনেমন যথাবশ্যক এলকোহলে যোগ করিয়া ১০ তং আউন্স পূর্ণ করিবে। মাত্রা ৫—২০ মিনিম।

১৮৮৫ সালের ব্রিটিশ ফার্মাকোপিয়ার স্পিরিট সিনেমন্ অপেক্ষা ইহাতে ৫ গুণ অধিক অয়েল অফ্ সিনেমন আছে।

ওলিয়ম সিনেমোমাই। অয়েল অফ্ সিনেমন।

সিনেমন বার্ক চুয়াইয়া প্রস্তুত তৈল।

নূতন অবস্থায় পীতবর্ণ, কিন্তু ক্রমেং লোহিত বর্ণ হয়।

মাত্রা ॥০—৩ মিনিম।

ক্রিয়া—উত্তেজক, সুগন্ধ, বায়ুনাশক, সঙ্কোচক।

ব্যবহার—অন্যান্য ঔষধ সহিত। ডায়েরিয়া।

কেম্ফোরা। কেম্ফর। কর্পূর।

Camphora. Camphor.

সিনেমোমম কেম্ফোরা কাষ্ঠ হইতে প্রাপ্ত সংযত বায়ী তৈল চীন ও জাপান দেশে প্রস্তুত হয়। ব্রিটন দেশে শোধিত হয়। চূর্ণ আকারে (Flowers of camphor) এবং চতুষ্কোণ খণ্ডাকারে বিক্রয় হয়। কঠিন, বর্ণহীন, স্বচ্ছ, তীক্ষ্ণগন্ধ, তীব্র ও কথঞ্চিত তিক্তাস্বাদ, উদ্বায়ী, দাহ্য।

৭০০ ভাগ জল, ১ ভাগ এলকোহল (৯০ পার্সেণ্ট) ।০ ভাগ ক্লোরোফরম, ৪ ভাগ ওলিভ অয়েলে দ্রব হয়। ঈথরে অতিশয় দ্রবনীয়। ক্লোরাল হাইড্রেট, মেনথোল, ফিনোল কিম্বা থাইমল সহ মর্দ্দন করিলে তরল অবস্থা প্রাপ্ত হয়।

মাত্রা ২—৫ গ্রেণ।

একোয়া কেম্ফরি। কেম্ফর ওয়াটার। কর্পূরের জল

কেম্ফর	৭০ গ্রেণ	৫ গ্রাম।
এলকোহল (৯০ পার্সেণ্ট)		যথাবশ্যক।
ডিষ্টিল্ড ওয়াটার	১ গেলন	৫ লিটার।

যথাবশ্যক এলকোহলে কেম্ফর দ্রব করিয়া অর্দ্ধ ফ্লুইড আউন্স পূর্ণ করিবে, ডিষ্টিল্ড ওয়াটারে ইহা ক্রমেং যোগ করিয়া সঞ্চালন করিতে থাকিবে, শেষে মধ্যে নাড়িবে যে পর্য্যন্ত না কর্পূর সম্পূর্ণ দ্রব হয়।

লিনিমেণ্টম কেম্ফরি। লিনিমেণ্ট অফ্ কেম্ফর।

Synonym—Camphorated Oil. কেম্ফোরেটেড্ অয়েল

কেম্ফর (চূর্ণ) ফ্লাওয়ার্স ১ আউন্স ২০ গ্রাম।

ওলিভ অয়েল ৪তৎ আং ৮০ কি, সে, মি,

ওলিভ অয়েলে কেম্ফর দ্রব করিবে।

লিনিমেণ্টম কেম্ফোরি এমোনিয়েটম।

এমোনিয়েটেড লিনিমেণ্ট অফ্ কেম্ফর।

কেম্ফর ২॥০ আউন্স ৫০ গ্রাম।

অয়েল অফ্ লেভেণ্ডার ১তৎ ড্রাম ২·৫ কি, সে, মি।

ষ্ট্রংসলিউশন অফ্ এমোনিয়া ৫তৎ আং ১০০ কি, সে, মি।

এল্কোহল (৯০ পার্সেণ্ট) যথাবশ্যক।

কেম্ফর ও অয়েল অফ্ লেভেণ্ডার ১২তৎ আউন্স।
এলকোহলে দ্রব করিবে, ষ্ট্রংসলিউশন অফ্ এমোনিয়া ক্রমে ২ যোগ করিবে। একত্রে সঞ্চালন করিবে যেপর্য্যন্ত যথাবশ্যক এ-লকোহল যোগে ২০ আউন্স পরিষ্কার লিনিমেণ্ট প্রস্তুত হয়।

স্পিরিটস কেম্ফোরি। স্পিরিট অফ্ কেম্ফর।

কেম্ফর ১ আং ৫০ গ্রাম।

এলকোহল (৯০ পার্সেণ্ট) যথাবশ্যক।

কেম্ফরে যথাবশ্যক এলকোহল যোগ করিয়া ১০তৎ আউন্স স্পিরিট কেম্ফর প্রস্তুত করিবে।

মাত্রা ৫—২০ মিনিম।

টিংচুরা কেম্ফরি কম্পোজিটা। কম্পাউণ্ড টিংচার অফ্ কেম্ফর।

Synonym—Parogoric, Paregoric Elixir.

পেরিগরিক; পেরিগরিক ইলেকসার।

টিংচার অফ্ ওপিয়ম	৫৮৫ মিনিম	৬০·৯ কি, সে, মি।
বেন্‌জোইক এসিড	৫০ গ্রেণ	৪·৬ গ্রাম।
কেম্ফর	৩০ গ্রেণ	৩·৪ গ্রাম
অয়েল অফ্ এনিসি	৩০ মিনিম	৩·১ কি, সে, মি।
এলকোহল (৬০ পার্সেণ্ট)	যথাবশ্যক।	

বেন্‌জোইক এসিড, কেম্ফর অয়েল অফ এনিসি ১৮ তং আউন্স এলকোহলে দ্রব করিবে টিংচার ওপিয়ম ও যথাবশ্যক এলকোহল যোগে ১ পাইণ্ট টিংচার প্রস্তুত করিবে। প্রয়োজন হইলে ফিল্টার করিবে। মাত্রা ।০—১ তং ড্রাম।

এই কম্পাউণ্ড টিংচার অফ্ কেম্ফরের প্রত্যেক তরল ড্রামে এপরিমাণ ওপিয়ম আছে যাহা ১/১৬ গ্রেণ মর্ফাইন হাইড্রোক্লোরাইডের তুল্য। অথবা (১০ পার্সেণ্ট মর্ফিনিযুক্ত) ১/২ গ্রেণ ওপিয়মের তুল্য। অথবা প্রত্যেক কিউবিক সেণ্টিমিটারে ০·৫ মিলিগ্রাম এন্ হাইড্রস মর্ফাইন আছে।

ক্রিয়া—মস্তিষ্ক উত্তেজক, মাদক, নিদ্রাকারক, কাসনাশক আক্ষেপ নিবারক, বেদনানিবারক (পচন নিবারক কীটাণু ও বৃক্কাণু নাশক, তাপাধিক্য নিবারক।)

স্থানিক—উগ্রতাসাধক, বেদনা নিবারক।

ব্যবহার—এডিনেমিক জ্বর, কলেরিক ডায়েরিয়া, বিবিধ

আক্ষেপযুক্ত ব্যাধি যথা হুপিংকফ, কোরিয়া, ইপিলেপ্সি এতদ্ভিন্ন হিষ্টিরিয়া, কর্ডি, সর্দ্দি, কামোন্মাদ প্রভৃতি মনোবিকার।

স্থানিক—বাত, বেদনা, নিশ্চল সন্ধিস্থান।

সাসাফ্রাস রেডিক্স। সাসাফ্রাস রুট।

Sassafras Radix. Sassafras Root.

সাসাফ্রাস অফিসিনেলিসের শুষ্ক মূল। ইউনাইটেড ষ্টেট ও কেনেডা দেশে এই বৃক্ষ জন্মে।

ক্রিয়া—উত্তেজক, পরিবর্ত্তক, ঘর্ম্মকারক।

ব্যবহার—ক্রনিক রিউমাটিজম চর্ম্মরোগ উপদংশ। অন্যান্য ঔষধ সহিত মিলিত অবস্থায় ব্যবহৃত হয়।

এরিসটোলোকি।

সার্পেণ্টারি রাইজোমা। সর্পেণ্টারি রাইজোম।

Serpentariæ Rhizoma. Serpentary Rhizome.

এরিসটোলোকিয়া সার্পেণ্টেরিয়া বৃক্ষের রাইজোম ও ক্ষুদ্র মূল। ইউনাইটেড ষ্টেট দেশে জন্মে।

ইনফিউশম সর্পেণ্টারি। ইনফিউশন অফ্ সর্পেণ্টরি।

সর্পেণ্টরি রাইজোম ১০ নং পাউডার ১ আং ৫০ গ্রাম
ডিষ্টিল্ড ওয়াটার বয়েলিং ১ পাইণ্ট ১০০০ কি, সে, মি।
আবৃত পাত্রে ১৫ মিনিট ভিজাইয়া ছাকিবে।

মাত্রা ||০—১ ৎ আউন্স।

লাইকর সর্পেণ্টরি কন্‌সেন্‌ট্রেটস্। কন্‌সেন্‌ট্রেটেড সলিউশন অফ সর্পেণ্টরি।

সর্পেন্টরি রাইজোম ৪০নং পাউডার ১০ আউন্স ৫০০ গ্রাম
এলকোহল ২০ পারসেণ্ট ২৫ আউন্স ১২৫০ কি,সে,মি
বা যথাবশ্যক।

৫ তং আউন্স এলকোহলে সর্পেণ্টরি আর্দ্রকরিবে আবদ্ধ পর্কোলেটারে প্যাক করিবে, তিনদিন স্থির ভাবে রাখিবে. অবশিষ্ট এলকোহল ১০ সমভাগে বিভক্ত করিয়া ১২ ঘণ্টান্তর যোগ করিয়া পর্কোলেটকরিবে, আরও এলকোহল দিয়া পর্কোলেট করিয়া ১ পাইণ্ট পূর্ণ করিবে।

মাত্রা ||০—১তং ড্রাম।

টিংচুরা সর্পেণ্টরি। টিংচার অফ্ সর্পেণ্টরি।

সার্পেণ্টরি রাইজোম	৪০নং পাউডার	৪ আউন্স ২০০ গ্রাম
এলকোহল	৪৫ পার্সেণ্ট	যথাবশ্যক।

৪ আউন্স এলকোহলে সর্পেনটরি পাউডার আর্দ্রকরিয়া পর্কোলেশন ক্রিয়া সমাধা করিবে, প্রস্তুত টিংচার ১পাইণ্ট হইবে। মাত্রা ||০—১ তং ড্রাম।

ক্রিয়া—উত্তেজক, বলকারক ঘর্ম্মকারক মূত্রকারক, আগ্নেয়

ব্যবহার—ডিস্পেপসিয়া ক্রনিক রিউমাটিজম, লো ফিবার এক কেম্বিমেটা গাউট।

থাইমিলেসি।

মেজিরিয়ণ কর্টেক্স। মেজিরিয়ণবার্ক।

Mezerei cortex Mezereon Bark.

ডেফ্নি মেজিরিয়ণ বৃক্ষের শুষ্কত্বক।

ক্রিয়া—প্রবল স্থানিক উগ্রতাসাধক ও ফোস্কারকারক বৃহৎ মাত্রায় বমনকারক ও বিরেচক, অল্পমাত্রায় ঘর্ম্মকারক ও মূত্র কারক পরিবর্ত্তক। সার্ম্সার সহিত ব্যবহার হয়।

ইউফর্বিয়েসি

কেস্‌কেরিলা — **কেস্‌কেরিলা**

Cascarilla — Cascarilla

ক্রোটন ইলুটেরিয়া বা কেসকেরিলা বুশ বৃক্ষের বল্কল, বাহামানামক স্থানে জন্মে।

ইন্‌ফিউসম কেসকেরিলি। — **ইনফিউশন অফ্ কেসকেরিলা।**

কেসকেরিলা ১০ নং পাউডার	১ আং ৫০ গ্রাম
ডিষ্টিল্ডওয়াটার বয়েলিং	১পাইণ্ট ১০০০ কি, সে মি

১৫ মিনিট কাল আবৃতপাত্রে ভিজাইয়া ছাঁকিবে

মাত্রা ॥০—১ তং আউন্স।

টিংচুরা কেসকেরিলি। — **টিংচারঅফ্ কেসকেরিলা।**

কেসকেরিলা	৪০নং পাউডার	৪ আউন্স ২০০ গ্রাম
এলকোহল	৭০ পার্সেণ্ট	যথাবশ্যক

৩ তং আউন্স এল্‌কোহলে কেস্‌কেরিলা পাউডার আর্দ্র করিয়া পর্কোলেশনকার্য্য সমাধা করিবে। উক্ত টিংচার পরিমাণে ১পাইণ্ট হইবে। মাত্রা ॥০—১ ড্রাম।

ক্রিয়া সুগন্ধ, আগ্নেয়, বলকারক, দীপক, কফঃনিসারক ব্যবহার এটোনিকডিস্ পেপসিয়া, ক্রনিক ব্রঙ্কাইটিস।

ওলিয়ম ক্রোটনিস। — **ক্রোটন অয়েল।**

Olium crotonis. — Croton oil.

ক্রোটন টিগ্‌লিয়মের বীজ হইতে [illegible]দেশে চাপ দ্বারা প্রস্তুত তৈল, ইষ্টইণ্ডিজদেশে জন্মে।

ঘন, ঈষৎকটামিশ্র পীতবর্ণ হইতে ঘোর লোহিতাক্ত ব্রাউন বর্ণ, গন্ধ অপ্রীতিকর, আস্বাদতীব্র।

স্পে: গ্রে: ·৯৪০—·৯৬০ এবসলিউট এলকোহলে সম্পূর্ণ দ্রবনীয়। ইথার ও ক্লোরোফরমে সহজে দ্রবনীয়। মাত্রা ॥০—১ মিনিম।

লিনিমেণ্টম ক্রোটনিস। লিনিমেণ্ট অফ ক্রোটন অয়েল

ক্রোটনঅয়েল	১তৎ আউন্স	২০ কি সে মি,
অয়েল অব্ কেজুপট	৩॥০ তৎ আউন্স,	৭০ কি সে মি.
এলকোহল (৯০ পার্সেণ্ট)	৩॥০ আউন্স	৭০ কি, সে. মি

মিশ্রিত কর।

ক্রিয়া—প্রবল উগ্রতা সাধক; অতি বিরেচক।

ব্যবহার—কঠিন কোষ্টবদ্ধ, মস্তিষ্কের পীড়া, এপোপ্লেক্সি। স্থানিক প্রয়োগে পূযপূর্ণ দানা উঠে, ওলিভ অয়েল কিম্বা সোপ-লিনিমেণ্ট সহমিলাইয়া ব্যবহারে উগ্রতাসাধক।

ব্যবহার এস্মার প্রথম অবস্থায় বক্ষে মর্দ্দনকরা যায়।

ওলিয়ম রাইসিনি। কেষ্টর অয়েল।

Olium Ricini. Castor oil.

রিসিনস কমিউনিস বৃক্ষের বীজ হইতে চাপদ্বারা প্রস্তুত তৈল। ইষ্টইণ্ডিজ ও আমেরিকা দেশে জন্মে। কলিকাতা হইতে আমদানী হয়।

ঘন, বর্ণহীন বা ঈষৎ পীতাভ, গন্ধ প্রায় অনুভব হয় না, প্রথমে আস্বাদ পাওয়াযায় না পরে তীব্র ও অপ্রীতিকর। স্পে: গ্রে: ৯৫০—৯৭০ সমপরিমাণ এবসলিউট এলকোহলে দ্রবনীয়। (৯০ পার্সেণ্ট) এলকোহলের ৫ ভাগে ১ ভাগ দ্রবনীয়।

মাত্রা ১—৮ তৎ ড্রাম।

মিসচুরা ওলিয়াই রিসিনি। কেষ্টর অয়েল।
মিকশ্চার।

কেষ্টর অয়েল	৩ তং আউন্স	৭৫ কি, সে, মি
মিউসিলেজ অফ্ গম একেসিয়া	১॥০ তং আউন্স	৩৭·৫ কি, সে, মি
অরেঞ্জ ফ্লাওয়ার ওয়াটার অফ্ কমার্স অনডাইলিউটেড	১তং আউন্স	২৫ কি, সে, মি
সিনেমন ওয়াটার	২॥০ তং আউন্স	৬২·৫ কি, সে, মি

অরেঞ্জ ফ্লাওয়ার ওয়াটার ও সিনেমন ওয়াটার মিশ্রিত করিবে। মিউসিলেজ অফগম একেসিয়া একটী মর্টারে রাখিবে এবং ইহাতে পর্য্যায়ক্রমে কেষ্টর অয়েলও মিশ্রিত ওয়াটার যোগ করিবে ও ক্রমাগত নাড়িবে।

ড্রাফ্টরূপে মাত্রা ১—২ তং আউন্স।

ক্রিয়া—অনুগ্র অথচ দ্রুত বিরেচক, ইহার ক্রিয়া এত মধুর যে অক্লেশে অন্ত্র পরিষ্কার হয়। বিরেচনান্তে অন্যান্য বিরেচকের ন্যায় কোষ্ঠ বদ্ধ হয় না এরেণ্ড বীজ অতি উগ্র এমনকি বিপদজনক।

ব্যবহার—কোষ্ঠ বদ্ধ, ডিসেণ্ট্রি, দুর্ব্বল অবস্থায় ও ব্যবহার নিরাপদ। ক্রিয়া মাধুর্য্য জন্য এলিমেণ্টরি কেনাল ও নিকটস্থ যন্ত্রের উত্তেজনা অবস্থাতেও ব্যবহার করা যায়, যথা গেষ্ট্রাইটিস, এণ্টেরাইটিস, সিষ্টাইটিস, ডিসেণ্ট্রি, পাইল্‌স ইত্যাদি।

সেণ্টেলেসি।

ওলিয়ম সেণ্টেলি। অয়েল অফ্ সেণ্ডেল উড।

Oleum Santali. Oil of Sandal Wood.

Synonym—Oil of Santal wood. অয়েল অফ্ সেণ্টেল উড।

সেণ্টেলম এলবম উড বা শ্বেত চন্দন চুয়াইয়া প্রস্তুত তৈল। বৃক্ষ ভারতবর্ষে জন্মে। কিয়ৎ পরিমানে ঘন, অল্প পীতবর্ণ, তীব্র

সুগন্ধযুক্ত, তীব্র গরম মশলার ন্যায় আস্বাদ। স্পে: গ্রে: ৯৭৫—৯৮০। ৬ ভাগ এলকোহল (৭০ পার্সেন্ট) সহ পরিষ্কার দ্রব প্রস্তুত হয়। মাত্রা ৫—৩০ মিনিম।

ক্রিয়া—ইনভলণ্টারি বা অনৈচ্ছিক পেসি সকলের উপর উত্তেজক ক্রিয়া প্রকাশ করে। সমুদয় মিউকস মেমব্রেণের উপর অসাক্ষাৎ ভাবে সঙ্কোচক ক্রিয়া প্রকাশ করে, উত্তেজক বায়ুনাশক।

ব্যবহার—গনরিয়া, গ্লিট, লিউকোরিয়া, ডায়েরিয়া, ক্রনিক ব্রঙ্কাইটিস।

পাইপারেসি।

পাইপার নাইগ্রম। ব্লাক পেপার। গোল মরিচ।

Peper Nigrum. Black Pepper.

পাইপারনাইগ্রম বৃক্ষের অপক্ক ফল, জাবা, সুমাত্রা, ইষ্ট-ইণ্ডিজ প্রভৃতি স্থানে পাওয়া যায়। মাত্রা ৫—২০ গ্রেণ।

কন্‌ফেকসিও পাইপারিস, কন্‌ফেকশন অফ্ পেপার।

ব্লাক পেপার সূক্ষ্মচূর্ণ	২ আউন্স	৪০ গ্রাম
কেরাওয়ে ফ্রুট সূক্ষ্মচূর্ণ	৩ আউন্স	৬০ গ্রাম
ক্লারিফাইডহানি	১৫ আউন্স	৩০০ গ্রাম

মিশ্রিত কর। মাত্রা ৬০—১২০ গ্রেণ।

ক্রিয়া ও ব্যবহার—প্রধানতঃ তরকারির মসলা রূপে ব্যবহৃত হয় ইহা উত্তেজক আগ্নেয়।

প্রধানতঃ অর্শ রোগে ব্যবহার হয়, পর্য্যায় জ্বর গনরিয়াতে ও ব্যবহার হইতে পারে।

কিউবেবি ফ্রুকটস। কিউবেবস্।
Cubebæ Fructus. Cubebs.

পিপারকিউবেবা বৃক্ষের পূর্ণ অবস্থা প্রাপ্ত অপক্ক শুষ্ক ফল, জাবা হইতে আমদানী হয়।

প্রায়গোল, কখনং মূলদেশ খাদ বিসিষ্ট, ⅙ ইঞ্চি ব্যাস বিশিষ্ট, ধূসরাভ, কটা বা প্রায় কালবর্ণ। উপরিভাগ কোচকান। পেরিকার্প (ত্বক) পাতলা, ভঙ্গ প্রবণ এবং হটাৎ মূলে শেষ হইয়া বৃন্ত প্রস্তুত হইয়াছে, বৃন্ত গোল অংশ অপেক্ষা ১॥০ গুণ লম্বা।

গন্ধ তীব্র, সুগন্ধ ও বিশেষ প্রকার, স্বাদ উষ্ণ ও কিঞ্চিত তিক্ত। মাত্রা ৩০—৬০ গ্রেণ।

ওলিয়ম কিউবেবি। অয়েল অফ্ কিউবেবস্।

কিউবেবস বা কবাবচিনি হইতে চুয়াইয়া প্রস্তুত তৈল। বর্ণ হীন, ঈষৎ হরিতবর্ণ, বা হরিতাভ পীতবর্ণ, গন্ধ ও আস্বাদ কিউবেবের ন্যায় স্পেঃ গ্রেঃ ·৯১০—·৯৩০।

মাত্রা ৫—২০ মিনিম।

টিংচুরা কিউবেবি। টিংচার অফ্ কিউবেবস।

কিউবেব পাউডার	৪ আং	২০০ গ্রাম।
এলকোহল (৯০ পার্সেণ্ট)	যথাবশ্যক।	

১ তং আউন্স এলকোহলে কিউবেব পাউডার আর্দ্র করিবে পর্কোলেশন ক্রিয়া সমাধা করিলে, প্রস্তুত টিংচার পরিমাণে এক পাইণ্ট হইবে। মাত্রা ॥০—১ তং ড্রাম।

ক্রিয়া—মূত্র নালীর শৈষ্মিক ঝিল্লির উপর বিশেষ প্রকার ক্রিয়া প্রকাশ করে, এই ক্রিয়া উত্তেজক, ঐ স্থানের অস্বাভাবিক নিস্রব নিবারণ করে।

ব্যবহার—গনোরিয়া।

স্যালিকেসি।

সেলিসিনম। সেলিসিন।

Salicinum. Salicin.

একপ্রকার দানাকার গ্লুকোসাইড, সালিক্স ও পপুলস জাতীয় নানাপ্রকার বৃক্ষের বল্কল হইতে পাওয়া যায়।

বর্ণহীন, উজ্জ্বল, ট্রাইমেট্রিক টেবিউলার ক্রিষ্টেলস স্বাদ অতিশয় তিক্ত। ২৮ ভাগ শীতল জলে দ্রবনীয়, (৯০ পার্সেন্ট) এলকোহলের ৬০ ভাগে দ্রব হয়। ইথারে অদ্রবনীয়। সলফিউরিক এসিড যোগে লাল বর্ণ হয়। মাত্রা ৫—২০ গ্রেণ।

ক্রিয়া—বলকারক, পর্য্যায় নিবারক (টনিক, এণ্টিপিরিয়ডিক।

ব্যবহার——পালাজ্বর, নিউরালজিয়া, দুর্ব্বলতা, একিউট রিউম্যাটিজম, তাপাধিক্য, কিন্তু একিউট রিউম্যাটিজমের তাপাধিক্যে সেলিসিলিক এসিড ও সেলিসিলেট সোডাই অধিক ব্যবহৃত হয়।

লিকুইডাম বরেসি।

ষ্টাইরাক্স প্রিপারেটস। প্রিপেয়ার্ড ষ্টোরাক্স।

Styrax Præparatus. Prepared Storax.

লিকুইড়াম্বর ওরিয়েণ্টেলিস বৃক্ষের গুঁড়ি হইতে প্রস্তুত

বালসাম। এসিয়া মাইনর দেশে জন্মে। ইথাইলিক এলকোহলে দ্রব করিয়া ফিলট্রেশন ও ইভাপোরেশন দ্বারা প্রস্তুত হয়।

অর্দ্ধ স্বচ্ছ, ঈষৎ কটাযুক্ত পীতবর্ণ, অর্দ্ধ তরল, বালসাম, গন্ধ মনোরম।

ক্রিয়া—উত্তেজক, কফ নিঃসারক।

ব্যবহার—গ্লিট্, লিউকোরিয়া, ক্রনিক ব্রঙ্কাইটিস ক্রনিক সিষ্টাইটিস। স্থানিক বেডসোর, অনাতন্দ্রি অলসার।

কিউপিউলিফেরি।

গেলা Galla. গল্‌স Galls.

কুয়ার্কস ইনফেক্‌টোরিয়া নামক বৃক্ষে সাইনিপস গেলা টিংটোরিয়া নামক পতঙ্গ ছেদ করিয়া অণ্ড প্রসব করে, এই অণ্ড সংযুক্ত বৃক্ষের আঠা মাজুফল নামে পরিচিত।

কঠিন, ভারী, গোলাকৃতি। ॥০—৸০ ইঞ্চি ডায়মেটার। উপরে গুটিকাযুক্ত ব্রাউনিস গ্রীণ গন্ধহীন, স্বাদ অতিশয় কষায়।

অঙ্গুয়েণ্টম গেলি। গল্‌ অয়েণ্টমেণ্ট।

গলস সূক্ষ্মচূর্ণ	১ আউন্স	৩০ গ্রাম।
বেঞ্জোয়েটেড্ লার্ড	৪ আউন্স	১২০ গ্রাম।

টি্টুরেশন দ্বারা মিশ্রিত করিবে।

অঙ্গুয়েণ্টম গেলি কম্ ওপিও। গলএণ্ড ওপিয়ম অয়েণ্টমেণ্ট।

গল অয়েণ্টমেণ্ট	৯২৫ গ্রেণ	৯২·৫ গ্রাম
ওপিয়ম অতিশয় সূক্ষ্ম চূর্ণ	৭৫ গ্রেণ	৭·৫ গ্রাম

টি্টুরেশন দ্বারা মিশ্রিত করিবে।

১০০ ভাগ এই অয়েণ্টমেণ্টে ৭॥০ ভাগ ওপিয়ম আছে।

ক্রিয়া—গলনটের ক্রিয়া টেনিক ও গেলিক এসিডের উপর নির্ভর করে এজন্য টেনিক ও গেলিক এসিডের যে যে ক্রিয়া গলনটের ও তাহাই। অর্শ রোগে ইহার মলম স্থানিক ব্যবহারে বিশেষ উপকারী।

এসিডম টেনিকম। টেনিক এসিড।

Acidum Tannicum. Tannic Acid.

Synonym—Tannin টেনিন।

গলস্ বিশেষ প্রকার ফর্ম্মেণ্টেশনযুক্ত করিয়া ঈথার মিশ্র জল যোগে উহা হইতে টেনিন প্রস্তুত করা যাইতে পারে।

লঘু, কটাবর্ণ চূর্ণ, বিশেষ প্রকার গন্ধ, প্রবল কষায় আস্বাদ অম্ল গুণ বিশিষ্ট, ১ ভাগ জল কিম্বা (৯০ পার্সেণ্ট) এলকোহলে দ্রবনীয়। ১ ভাগ গ্লিশরিণে অল্পে দ্রব হয়। নানাবিধ লবণ ও অম্ল যোগে ইহার জলিয় দ্রাবণ হইতে অধঃক্ষিপ্ত হয় ও সঙ্কোচক গুণ নষ্ট হয়।

ইহার জলিয় দ্রাবণ আইজিং গ্লাশ, এলবুমেন ও এল্কেলয়েডস ও টার্টারেটেড্ এণ্টিমণি প্রিসিপিটেট করে।

মাত্রা ২—৫ গ্রেণ।

ক্রিয়া—প্রবল সঙ্কোচক, রক্তরোধক।

ব্যবহার—ট্যানিক এসিড প্রায় আভ্যন্তরিক ব্যবহার হয় না, গ্যালিক এসিড সচরাচর আভ্যন্তরিক ব্যবহার হয়। ট্যানিক এসিড স্থানিক প্রবল সঙ্কোচক রক্ত রোধক নানাবিধ নিস্রব রোধার্থে বাহ্য প্রয়োগ হয়। ইপিসটাক্সিস, ওজিনা, অটোরিয়া, গনরিয়া, লিকোরিয়া ইত্যাদি।

গ্লিশিরিণম এসিডাই টেনিসাই। গ্লিশিরিণ অফ টেনিক এসিড।

টেনিক এসিড	১ আউন্স	২০ গ্রাম।
গ্লিশরিণ যথাবশ্যক যোগে করিয়া	৫ তৎ আং	১০০ কি, সে, মি প্রস্তুত হইবে।

টেনিক এসিড গ্লিশরিণ সহ ট্রিটুরেট করিবে যে পর্য্যন্ত না দ্রব হয়।

সপজিটোরিয়া এসিডাই টেনিসাই। টেনিক এসিড সপজিটোরিজ।

টেনিক এসিড	৩৬ গ্রেণ	২·৪ গ্রাম

অয়েল অফ্ থিওব্রোমা যথাবশ্যক ব্যবহার করিবে যেন টেনিক এসিড সহ মিশ্রিত করিলে এপরিমাণের উপযুক্ত ১২টী ছাঁচ পূর্ণ হয় যাহার প্রত্যেক ১৫—১৬ গ্রেণ (১ গ্রাম) অয়েল অফ্ থিওব্রোমা ধারণ করিতে পারে। অয়েল অফ্ থিওব্রোমা দ্রব করিয়া অল্প পরিমাণ অয়েল সহ টেনিন উত্তমরূপ মিলিত করিবে, অবশিষ্ট অয়েল যোগ করিবে উত্তমরূপ নাড়িয়া দিবে, মিশ্রণ ঘন হইতে আরম্ভ হইলে ছাঁচে ঢালিবে। অথবা শীতল হইতে দিয়া ১২ সমভাগে বিভক্ত করত ত্রিকোনাকার বা কোন সুবিধাজনক আকারের করিবে। প্রতি সপোজিটারিতে ৩ গ্রেণ টেনিক এসিড (·২ গ্রাম) আছে।

ট্রোচিসকস এসিডাই টেনিসাই। টেনিক এসিড লোজেঞ্জ।

টেনিক এসিড	॥০ গ্রেণ	·০৩২৪ গ্রাম।

ফ্রুটবেসিস সহ মিশ্রিত করিয়া একটি লোজেঞ্জ প্রস্তুত করিবে।

এসিডম গেলিকম। গ্যালিক এসিড।

Acidum Gallicum. Gallic Acid.

ট্রাইহাইড্রক্সি বেনজোইক এসিড। টেনিক এসিডে ডাইলিউট সলফিউরিক এসিড যোগ করিয়া প্রস্তুত হইতে পারে।

সূক্ষ্ম সূচ্যাকার, কখন প্রায় শুভ্রবর্ণ, কিন্তু সচরাচর অল্প কটা আভাযুক্ত, গন্ধহীন, ঈষৎ অম্লাস্বাদ। ১০০ ভাগ শীতল বা ৩ ভাগ ফুটিত জলে দ্রবনীয়, (৯০ পার্সেণ্ট) এলকোহলের ৫ ভাগে, ৪০ ভাগ ইথারে বা ১২ ভাগ গ্লিশরিণে দ্রব হয়। সলিউশন অফ্ আইসিং গ্লাশ, এলবুমেন এলকেলয়েডস বা টার্টারেটেড এণ্টিমনি সহ অধঃক্ষিপ্ত হয় না। মাত্রা ৫—১৫ গ্রেন।

ক্রিয়া—অভ্যন্তরিক প্রবল সঙ্কোচক। স্থানিক——অল্প সঙ্কোচক।

ব্যবহার—টেনিক ও গেলিক এসিড বিবিধ রক্তস্রাব রোগে যথা মেনরেজিয়া হিমাচুরিয়া, হিমপটিসিস। এভিন্ন অতি ঘর্ম্ম, ডায়েরিয়া ডিসেণ্ট্রি প্রভৃতি রোগে উপকার করে।

মোরেসি।

ফাইকস, Ficus. ফিগ্স, Figs.

ফাইকস কেরিকার শুষ্ক ফল, এসিয়া দেশে জন্মে। প্রয়োগ রূপ কনফেক্সিও সেনি।

কেনাবিনেসি।

কেনাবিস ইণ্ডিকা। ইণ্ডিয়ান হেম্প।

Cannabis Indica. Indian Hemp.

কেনাবিস সেটাইভা নামক স্ত্রীজাতীয় বৃক্ষের ফল ও ফুল

সংযুক্ত শাখাগ্র বা জঁটা, ভারতবর্ষে জন্মে। গাঁজা গাছের পাতা ও ফুল হইতে প্রাপ্ত রজনযুক্ত রসকে চরস বলে।

এক্সট্রাক্টম কেনাবিস ইণ্ডিকি। এক্সট্রাক্ট অফ্ ইণ্ডিয়েন হেম্প।

ইণ্ডিয়েন হেম্প স্থূলচূর্ণ (৯০ পার্সেণ্ট) এলকোহল যোগে পর্কোলেশন করিয়া সার সংগ্রহ কর। পর্কোলেটকে ইভাপোরেট করিয়া সফ্ট এক্সট্রাক্টবৎ করিবে।

মাত্রা ।০—১ গ্রেণ।

টিংচুরা কেনাবিস ইণ্ডিকি। টিংচার অফ্ ইণ্ডিয়েন হেম্প।

এক্সট্রাক্ট অফ্ ইণ্ডিয়েন হেম্প ১ আং	৫০ গ্রাম।
এল্ কোহল (৯০ পার্সেণ্ট)	যথাবশ্যক।

১৮ তং আং এল্কোহলে ইণ্ডিয়েন হেম্প দ্রবকরিবে প্রয়োজন হইলে ফিল্টার করিবে। যথা আবশ্যক এল্কোহল যোগ করিয়া ১ পাইণ্ট পূর্ণকরিবে। মাত্রা ৫—১৫ মিনিম।

ক্রিয়া—উত্তেজক, মাদক, আক্ষেপ নিবারক, নিদ্রাকারক, জরায়ু সঙ্কোচক কামদ্দীপক। ষ্টিমুলেণ্ট, নার্কটিক, এণ্টিসম্পাজমডিক, এনোডাইন, হিপনটিক। ইউটেরাইন মোটরষ্টিমু লেণ্ট এফ্রোডিসিয়াক)

ব্যবহার—বিবিধ নিউরালজিয়া, স্পাজমডিক ব্যাধি যথা পার্টুসিস, এজমা, টেটেনস, হাইড্রোফবিয়া, কষ্টরজঃ রজোধিক্য।

লুপুলস। Lupulus. হপ্‌স। Hops.

Synonym—Humulus. হিউমিউলস

হিউমিউলস্ লপুলস্ বা কমন্ হপ্ লতার পুষ্প গুচ্ছ। ইংলণ্ড দেশে চাষহয় ইউরোপের অনেক স্থানে পাওয়া যায়।

লুপুলিনম। Lupulinum. লুপুলিন। Lupulin.

গ্রন্থিময় চূর্ণ বিশেষ, শুষ্ক লপুলস হইতে প্রস্তুত হয়।

মাত্রা—২—৫ গ্রেণ।

ইন্‌ফিউশন লুপুলাই। ইন্‌ফিউশন অফ্ হপস।

হপস্ সদ্য ভগ্নকরা	১ আং	৫০ গ্রাম।
ডিষ্টিল্ডওয়াটার বয়েলিং	১ পাইণ্ট	১০০০ কি, সি মি

আবৃত পাত্রে ১৫ মিনিট ভিজাইয়া ছাকিবে।

মাত্রা ১—২ তং আং।

টিংচুরা লুপুলাই। টি-চার অফ্ হপ্‌স।

হপস	৪ আউন্স	২০০ গ্রাম
এলকোহল (৬০ পার্সেণ্ট)	১ পাইণ্ট	১০০০ কি, সে, মি,

মেসিরেশন দ্বারা প্রস্তুত করিবে। মাত্রা ॥০—১ তং ড্রাম।

ক্রিয়া—বলকারক, আগ্নেয়, অল্প মাদক, বেদনা নিবারক, নিদ্রাকারক, অল্প সঙ্কোচক।

ব্যবহার—ডিস্ পেপসিয়া, স্বপ্নদোষ, কর্ডি, জ্বরে অনিদ্রা, নদাতঙ্ক টিউমার ও ব্রণ, স্পার্মেটোরিয়া।

কোনিফেরি বা পাইনেসি।

ওলিয়ম টেরিবিন্থিনি। অয়েল অফ্ টর্পেনটাইন।

পাইনস পিল্‌ষ্ট্রেনুটিস বৃক্ষ হইতে প্রাপ্ত ওলিওরেজিনকে বাষ্পের তাপে চুয়াইয়া প্রস্তুত তৈল। আমেরিকা ও ফ্রান্স হইতে আমদানী হয়।

পাতলা তরল বর্ণ হীন, বিশেষ প্রকার উগ্রগন্ধ, তীব্রতিক্তাস্বাদ। সমআয়তন গ্লেসিয়েল এসিটিক এসিডে দ্রবহয়। ৩২০ ফাঃ তাপে স্ফুটিত হয়।

মাত্রা ২—১০ মিনিম। ক্রিমিনাশক ৩—৪ তংড্রাম

রেজিনা Resina. রেজিন Resin. ধুনা।

নানাজাতীয় পাইনস বৃক্ষ হইতে প্রাপ্ত ওলিও রেজিন হইতে অয়েল অফ্ টর্পেনটাইন চুয়াইয়া লইলে রজন অবশিষ্ট থাকে। অর্দ্ধস্বচ্ছ, ঈষৎ পীতবর্ণ, ভঙ্গপ্রবণ, সহজে চূর্ণ করা যায়, ভাঙ্গিলে উজ্জ্বল দেখাযায়, গন্ধ ও আস্বাদ ঈষৎ তার্পিনবৎ। (৯০ পার্সেণ্ট) এলকোহল, ইথার। বেনজোল ও কার্ব্বন বাইসলফাইডে দ্রবনিয়, দাহ্য।

তারপিন তৈলের প্রয়োগরূপ।

লিনিলেণ্টম টেরিবিন্থিনি। লিনিমেণ্ট অফ টর্পেনটাইন

সফ্টসোপ	১॥০ আউন্স	৩৭.৫ গ্রাম
ডিষ্টিল্ডওয়াটার	৫ তং আউন্স	১২৫ কি, সে, মি, বা যথাবশ্যক।
কেম্ফর	১ আউন্স	২৫ গ্রাম
অয়েল অফ্ টর্পেনটাইন	১৩তং আউন্স	৩২৫ কি, সে, মি,

২তং আং ডিষ্টিলডওয়াটার সহ সফট সোপ মিলিত করিয়া কেম্ফর, অয়েল অফ্ টর্পেনটাইনে দ্রবকরিবে, সোপদ্রব ক্রমেং কেম্ফর দ্রবে যোগ করিবে, মর্দ্দন করিতে থাকিবে যে পর্যন্ত না উত্তমরূপ মিশ্রিত হয়, পরিশেষে ডিষ্টিল্ডওয়াটার যোগে ১ পাইণ্ট পূর্ণ করিবে।

লিনিমেণ্টম টেরিবিন্থিনি এসিটিকম। লিনিমেণ্ট অফ্ টর্পেনটাইন এবং এসিটিক এসিড।

অয়েল অফ্ টর্পেনটাইন	৪ ডং আং ১০০ কি, সে, মি,
গ্লেসিয়েল এসিটিক এসিড	১ আং ২৫ গ্রাম
লিনিমেণ্ট অফ্ কেম্ফর	৪ ডং আং ১০০ কি, সে, মি,

মিশ্রিত কর।

রেজিনির প্রয়োগরূপ।

এম্‌প্লাষ্ট্রম রেজিনি। রেজিন প্লাষ্টার।

Synonym Adhesive Plaster এডেসিভ প্লাষ্টার।

রেজিন ৪ আং		১০০ গ্রাম
লেডপ্লাষ্টার	২ পাউণ্ড	৮০০ গ্রাম
হার্ড সোপ	২ আং	৫০ গ্রাম

প্রত্যেক দ্রব্যকে ভিন্ন ২ মৃদুতাপে দ্রব করিয়া মিশ্রিত করিবে।

অঙ্গুয়েণ্টম রেজিনি। রেজিন অয়েণ্ট মেণ্ট।

রেজিন পাউডার	৮ আং	২০০ গ্রাম।
ইওলোবীজ উয়াক্স	৮ আং	২০০ গ্রাম।
ওলিভ অয়েল	৮ আং	২০০ গ্রাম।
লার্ড	৬ আং	১৫০ গ্রাম।

রেজিন ও বিজ উয়াক্স দ্রব করিয়া উহাতে লার্ড ও ওলিভ অয়েল মিশ্রিত করিবে। ছাকিবে, শীতল হওয়া পর্য্যন্ত নাড়িবে।

ক্রিয়া—তার্পিনতৈল অল্প মাত্রায় উত্তেজক, আক্ষেপ নিবারক, সঙ্কোচক, মূত্রকারক কফঃ নিঃসারক, রক্তরোধক, বৃহৎ মাত্রায় বিরেচক, ক্রিমিনাশক।

স্থানিক—উগ্রতাসাধক, রক্ত রোধক।

ব্যবহার—প্রত্যুগ্রতা সাধন জন্য ও উদরাধ্মানে, পেটে মাংশিশ রক্তপাত রোধকরা ক্ষতাদিতে কৃমি জন্মিলে তাহা নষ্টকরা, অন্ত্র ও মূত্রনালী হইতে রক্তপাত, পার্পিউরা, আইরাইটিস, টিনিয়া ও এস্ কেরাইড নামক ক্রিমিরোগেও ব্যবহার হয়।

টেরিবিনম। টেরিবিন।
Terebenum. Terebene.

ডাইপেন্টিন ও অন্যান্য হাইড্রোকার্ব্বন মিশ্রন। অয়েল অফ্ টর্পেনটাইন, ক্রমে সালফিউরিক এসিড সহ মিলিত করিবে যেপর্য্যন্ত ইহা পোলারাইস্‌ড লাইটের পরীক্ষায় বিশেষ প্রকার অবস্থা প্রাপ্ত হয় তারপর ষ্টিমের স্রোতে ডিষ্টিল করিবে। বর্ণহীন তরল, ঘ্রাণ প্রিতিপ্রদ, টার্পিণবৎ স্বাদ, স্পেঃ গ্রাঃ ·৮৬২—·৮৬৬। মাত্রা ৫—১৫ মিনিম।

ক্রিয়া—কফঃনিঃ সারক, রক্ত রোধক।

যক্ষাকাশ ও ক্রনিক ব্রঙ্কাইটিসে ব্যবহার হয়।

টেরিবিন্থিনা কেনে ডেন্‌সিস। কেনেডা টার্পেনটাইন
Terebenthena canadensis. Canada Turpentine

Symonym Canada Balsam পাইনস বালসেমিয়া বৃক্ষের গুঁড়ি ও শাখারত্বক ছেদন করিয়া প্রাপ্ত টার্পেন্টাইন "ওলিও রেজিন" বিশেষ। কেনেডা দেশ হইতে আমদানী হয়।

থস এমেরিকেন। ফ্রাঙ্কিন সেন্স।
Thus Americanum. Frankincense.

পাইনসটিডিয়া, ফ্রাঙ্কিনসেন্স এবং পাইনস পলাসষ্ট্রিস এবং পাইনস্ টিডা নামক বৃক্ষের গুঁড়ি হইতে প্রাপ্ত ঘনীভূত টর্পেনটাইন উত্তর এমেরিকায় পাওয়া যায়।

ওলিয়ম পাইনাই। অয়েল অফ্ পাইন।
Oleum Pini oil of Pine

পাইনস পিউমিলিও বৃক্ষের সদ্য পত্র চুয়াইয়া প্রস্তুত তৈল প্রায় বর্ণহীন, তরল, সুগন্ধ। স্বাদ উগ্র।

ক্রিয়া—টর্পেনটাইনের ন্যায় সঙ্কোচক ও উগ্রতাসাধক।

পিক্স বর্গণ্ডিকা, Pix Burgundica বর্গণ্ডিপিচ
Burgundy Pitch.

পাইশিয়া একসেলসা বৃক্ষের গুঁড়ি হইতে যে রজনযুক্ত রস ক্ষরিত হয়, তাহা গলাইয়া ছাঁকিলেই পাওয়া যায়। সুইজারলণ্ড দেশ হইতে আমদানীহয়।

এম্প্লাষ্ট্রম পাইসিস। পিচ্ প্লাষ্টার।

বর্গণ্ডিপিচ	২৬ আং	৫২০ গ্রাম
ফ্রাঙ্কিনসেন্স	১৩ আং	২৬০ গ্রাম
রেজিন	৪॥০ আং	৯০ গ্রাম
ইয়ালোবিজওয়াক্স	৪॥০ আং	৯০ গ্রাম
ওলিভ অয়েল	২ আং	৪০ গ্রাম
ডিষ্টিল্ডওয়াটার	২ড়ং আং	৪০ কি, সে মি,

ফ্রাঙ্কিন সেন্স, বর্গাণ্ডিপিচ রেজিন ও পীত ওয়াক্স (পীত মোম) একত্রে দ্রবকরিয়া ইহাতে ওলিভ অয়েল ও জল মিলিত করিবে। অনবরত নাড়িয়া তাপে উপযুক্তরূপ ঘন করিয়া লইবে।

ক্রিয়া—স্থানিক ইষৎ উত্তেজক।

পিক্সলিকুইডা। Pix Liquida, টার. Tar

পাইনস্ সিল্ভেসষ্ট্রিস্ ও অন্যান্য পাইনকাষ্ঠ (ডেস্ট্রক্টিভ ডিষ্টিলেশন) আবদ্ধ পাত্রে উপযুক্তরূপ উষ্ণ করিলে তরল কৃ-

...শেষ প্রস্তুত হয় বাজারে ষ্টকহলম
(Stockholm Tar) নামে পা...

অঙ্গুয়েণ্টম পাইসিস্ লিকুইড। টার অয়েণ্টমণ্ট।

৫ আউন্স ১০০ গ্রেন

...ৗক উয়াক্স ২ আউন্স

...পীতমোম মৃদুতাপে দ্রবা করিবে, টার যোগ করিয়া ...
...হয়া পর্য্যন্ত নাড়িতে থাকিবে।

ক্রিয়া—স্থানিক ও সর্ব্বাঙ্গিক উত্তেজক, কফঃ নিঃসারক
... ...সাধক, দুর্গন্ধ হারক।

...কার্বানস প্রিপারেটা। প্রিপেয়ার্ড কোলটার।

C... ...parata. Prepared C... Tar.

...অগভীর পাত্রে কমার্সিয়েল কোলটার এক ঘণ্টা কাল ...
...তাপে উষ্ণ করিবে ক্রমাগত ... ...

...বিত হইবে

ক্রিয়া— ... ... উত্তেজক।

...লাই... ... কার্ব্বনিস। সলিউশন অব

কোলটার।

...c... ...is. S... ...

...ক ... আউ...

...বাক ... ...

...কোহল (৯০ ...

১ তং আউন্স এলকোহলে কুইলেইয়া বার্ক উষ্ণ করিবে এবং অবশিষ্ট এলকোহল দিয়া টিংচার প্রস্তুতের নিয়মানুসারে এক পাইন্ট প্রস্তুত করিবে। প্রস্তুত টিংচার কোলট্রারে যোগ করিয়া মিশ্রণকে ১২০ ফাং তাপে দুইদিন উষ্ণ (Digest) করিবে। মধ্যেং নাড়িবে, শীতল হইলে ডিকান্ট বা ফিল্টার করিবে।

ক্রিয়া—স্থানিক ও সার্ব্বাঙ্গিক উত্তেজক, কফঃ নিঃসারক, মূত্রকারক, স্থানিক উগ্রতাসাধক, দুর্গন্ধ হারক।

ব্যবহার—সোরায়েসিস, একজিমা, পিটিরায়েসিস ক্রস্রা প্রভৃতি চর্ম্ম রোগে আভ্যন্তরিক ও স্থানিক ব্যবহার হয় ব্রঙ্কাইটিস ও থাইসিস রোগে ভেপার ব্যবহার হয়।

ওলিয়ম জুনিপেরাই। অয়েল অফ্ জুনিপর।

Oleum Juniperi. Oil of Juniper.

জুনিপেরস কমিউনিস নামক বৃক্ষের পূর্ণ অবস্থা প্রাপ্ত অপক্ক ফল চুয়াইয়া ব্রিটন দেশে প্রস্তুত তৈল। এই বৃক্ষ ইউরোপের উত্তর অংশে জন্মে। মাত্রা ॥০—৩ মিনিম।

স্পিরিটস জুনিপেরাই। স্পিরিট অফ্ জুনিপর।

অয়েল অফ্ জুনিপর ১ তং আউন্স ৫০ কি,সে,মি
এলকোহল (৯০ পার্সেন্ট) যথাবশ্যক।

অয়েল অফ্ জুনিপর যথাবশ্যক এলকোহল যোগ করিয়া এক পাইন্ট স্পিরিট অফ্ জুনিপর প্রস্তুতকরিবে। সলিউশন পরিষ্কার না হইলে কিঞ্চিৎ টাক্ পাউডার (অভ্রচূর্ণ) সহ সঞ্চালন করিয়া ফিল্টার করিবে।

মাত্রা ২০—৬০ মিনিম।

১৮৮৫ সালের ফার্ম্মাকোপিয়ার স্পিরিট অফ্ জুনিপর অপেক্ষা ইহাতে ২॥০ গুণ অধিক অয়েল অফ্ জুনিপর আছে।

ক্রিয়া—প্রবল উত্তেজক, মূত্র যন্ত্রের উপর ইহার বিশেষ ক্রিয়া প্রকাশ পায়, এজন্য মূত্রকারক, বায়ুনাশক।

ব্যবহার—নানা প্রকার উদরী।

জিঞ্জিবরেসি।

জিঞ্জিবার, Zingiber. জিঞ্জার, Ginger.

শুণ্ঠি।

জিঞ্জিবর অফিসিনেল বৃক্ষের নিস্তক শুষ্ক রাইজোম। ভারতবর্ষ ও ইষ্টইণ্ডিজ নামক স্থানে জন্মে। মাত্রা ১০—২০ গ্রেণ।

সিরপস জিঞ্জিবরিস। সিরপ অফ্ জিঞ্জার।

জিঞ্জার সুক্ষ্মচূর্ণ	৷৷০ আউন্স	১২·৫ গ্রাম।
এলকোহল (৯০ পার্সেণ্ট)	প্রত্যেক যথাবশ্যক।	

সিরপ। এলকোহল যোগে পর্কোলেশন প্রক্রিয়ায় ১ আং ষ্ট্রং টিংচার জিঞ্জার প্রস্তুত করিবে ইহাতে যথাবশ্যক সিরপ যোগ করিয়া ২০ তং আউন্স সিরপ অফ্ জিঞ্জার প্রস্তুত করিবে।

মাত্রা ৷৷০—১ তং ড্রাম।

টিংচুরা জিঞ্জিবরিস। টিংচার অফ্ জিঞ্জার।

জিঞ্জার ৪০ নং চূর্ণ	২ আউন্স	১০০ গ্রাম
এলকোহল ৯০ পার্সেণ্ট	যথাবশ্যক।	

২ তং আউন্স এলকোহলে জিঞ্জার পাউডার আর্দ্র করিয়া, পর্কোলেশন প্রক্রিয়া সমাধা করিবে। প্রস্তুত টিংচার ১ পাইণ্ট পরিমান হইবে। মাত্রা ৷৷০—১ তং ড্রাম।

ক্রিয়া—সুগন্ধ, উত্তেজক, বায়ুনাশক, আগ্নেয়।

ব্যবহার—অজীর্ণ, উদরাধ্মান, বিরেচক ঔষধের পেটকামড় নিবারণ জন্য উহাদের সহিত ব্যবহার্য্য।

স্থানিক—চর্ব্বন করিলে লাল মিউসরম টন্সিল ও ইউভি-লার শিথিলতায় কখনং ব্যবহার হয়।

কার্ডেমোমাইসেমিনা। কার্ডেমোম সিড্স।

Cardamomi Semina. Cardamom Seeds.

ইলিটিরিয়া কার্ডেমোমম্, মালেবার কার্ডেমম বৃক্ষের পক্ব বীজ। মালেবার প্রদেশে জন্মে।

টিংচুরা কার্ডেমোমাই কম্পোজিটা। কম্পাউণ্ড টিংচার অফ্ কার্ডেমোমস্।

কার্ডেমোম সিডস কুট্টিত	।০ আউন্স	১২·৫ গ্রাম
কেরাওয়ে ফ্রুট কুট্টিত	।০ আউন্স	১২·৫ গ্রাম
রেজিনস অফ্ কমার্স (কিস্মিস্) বীজশূন্য	২ আউন্স	১০০ গ্রাম
সিনেমন বার্ক কুট্টিত	॥০ আউন্স	২৫ গ্রাম
কোচিনিল পাউডার	৫৫ গ্রেণ	৬·৩ গ্রাম
এলকোহল (৬০ পার্সেণ্ট)	১ পাইণ্ট	১০০০ কি,সে,মি

মেসিরেশন দ্বারা প্রস্তুত করিবে।

মাত্রা ॥০—১ তং ড্রাম।

ক্রিয়া—সুগন্ধ, উত্তেজক, আগ্নেয়, বায়ুনাশক।

ব্যবহার—অন্যান্য ঔষধ সহিত ব্যবহার হয়।

ইরিডেসি।

ক্রোকস, Crocus. সাফ্রান, Saffron. জাফ্রান।

ক্রোকস্‌ সেটাইভসের গর্ভ কেশর, গ্রীস, এসিয়া মাইনর দেশোৎপন্ন, স্পেন, ফ্রান্স ও ইটালি হইতে আমদানী হয়।

টিংচুরা ক্রোসাই। টিংচার অফ্‌ সাফ্রন।

সাফ্রন	১ আং	৫০ গ্রাম
এলকোহল (৬০ পার্সেণ্ট) ১ পাইণ্ট		১০০০ কি, সে,মি

মেসিরেশন দ্বারা প্রস্তুত করিবে। মাত্রা ৫—১৫ মিনিম।

ক্রিয়া—অল্প উত্তেজক, বায়ুনাশক, রং করিবার জন্য অন্যান্য ঔষধ সহিত ব্যবহার হয়।

স্মাইলেসি।

সার্জ্জারেডিক্স। সার্জ্জাপেরিলা।

Sarsæ Radix. Sarsa Parilla.

স্মাইলেক্স অর্নেটার শুষ্ক মূল, মধ্য এমেরিকায় জন্মে, জামেকা হইতে আমদানী হয়, ব্রেজিল হইতেও পাওয়াযায়।

এক্সট্রাক্টম সার্জ্জিলিকুইডম। লিকুইড এক্সট্রাক্ট অফ্‌ সার্জ্জাপেরিলা।

সার্জ্জাপেরিলা ৪০ নং পাউডার	২০ আং	১০০০ গ্রাম
এলকোহল (২০ পার্সেণ্ট)	যথাবশ্যক।	
গ্লিশরিণ	২ তং আং	১০০ কি, সে,মি

সার্জ্জা পেরিলা ৩ ভাগে বিভক্ত করিবে, এক অংশকে ৪ তং আউন্স এলকোহলে আর্দ্রকরিবে, পর্কোলেটারে প্যেক করিয়া

২৪ ঘণ্টা রাখিয়াদিবে, এলকোহল সহ পর্কোলেট করিবে যেপর্য্যন্তনা ৪ তং আউন্স নির্গত হয়, ২য় অংশ এই তরলদ্রব্যে আর্দ্র করিবে, পর্কোলেটারে প্যাককরিবে। ২৪ ঘণ্টা রাখিয়া দিবে। প্রথমবারে পর্কোলেশনে পশ্চাতে লব্ধ তরলদ্রব্যদ্বারা পর্কোলেট করিবে, যেপর্য্যন্ত না ৪ আউন্স প্রস্তুত হয় পর্কোলেট করিবে, সার্জ্জার তৃতীয় অংশ এই তরলদ্রব্যে আর্দ্রকরিবে ২৪ঘণ্টা রাখিয়া দিবে প্রথম ও ৩য় বারে পশ্চাতে লব্ধ তরলদ্রব্য দ্বারা পর্কোলেট করিবে। ২য় পর্কোলেটার হইতে ১৮ তং আউন্স সংগ্রহ করিবে। গ্লিশরিন যোগকরিবে, সমুদয়ে ১ পাইণ্ট হইবে।

মাত্রা ২—৪ তং ড্রাম।

লাইকর সার্জ্জিকম্পোজিটস কন্‌সেন্‌ট্রেটস। কন্‌সেন্‌ট্রেটেড্‌ কম্পাউণ্ড সলিউশন অফ্‌ সার্জ্জাপেরিলা।

সার্জ্জাপেরিলা অনুপ্রস্থভাবে কাটা ও কুট্টিত	২০ আং	১০০০ গ্রাম
সাসাফ্রাসরুট পাতলাখণ্ড	২ আং	১০০ গ্রাম
গোয়েকমউড পাতলাখণ্ড	২ আং	১০০ গ্রাম
গুরুলিকরিসরুট কুট্টিত	২ আং	১০০ গ্রাম
মেজিরিয়ণবার্ক ক্ষুদ্রং খণ্ড	১ আং	৫০ গ্রাম
এলকোহল (৯০ পার্সেণ্ট)	৪॥০ তং আং	২২৫ কি, সে, মি
ডিষ্টিল্ড ওয়াটার	যথাবশ্যক।	

৫ পাইণ্ট ডিষ্টিল্ড ওয়াটারের ৩ ভাগে বিভক্তকরিয়া ১৬০ ফাং তাপে উষ্ণ করিবে প্রত্যেক ভাগে ক্রমেং সার্জ্জা একঘণ্টা করিয়া ইনফিউজ করিবে। অন্যান্য দ্রব্য সকলকে অসার হওয়া পর্য্যন্ত

ডিষ্টিল্ড ওয়াটারে ফুটাবে। শীতল হইলে পরিমাণ ১৬ তং আং নাহওয়া পর্য্যন্ত উক্ত ইনফিউশন ও ডিককশন মিশ্রকে দ্রুত ফুটাবে। এলকোহল যোগকরিয়া ১৪ দিবস স্থিরভাবে রাখিবে ফিল্টার করিবে, প্রস্তুত দ্রব্য পরিমাণে ১ পাইন্ট হইবে।

মাত্রা ২—৮ তং ড্রাম।

লিলিয়েসি।

সিলা Scilla. স্কুইল Squill.. বনপ্যাজ।

আর্জিনিয়া সিলাবৃক্ষের কন্দ,বাহিরের শুষ্ক আবরণ বিরহিত। খণ্ড২ কাটা ও শুষ্ক, ভূমধ্য সাগরের নিকটবর্ত্তী দেশে জন্মে।

মাত্রা ১—৩ গ্রেণ।

এসিটম সিলি। ভিনিগার অফ্ স্কুইল।

স্কুইল কুট্টিত	২॥০ আং	১২৫ গ্রাম
ডাইলিউটেড এসিটিকএসিড	১ পাইন্ট	১০০০ কি, সে, মি বা যথাবশ্যক।

টিংচারপ্রস্তুতের প্রণালীমত মেসিরেশন দ্বারা স্কুইলের সার সংগ্রহ করিবে, প্রস্তুত ভিনিগার অফ্ স্কুইল পরিমাণে ১ পাইন্ট হইবে। মাত্রা ১০—৩০ মিনিম।

অক্সিমেলসিলি। অক্সিমেল অফ্ স্কুইল।

স্কুইল কুট্টিত	২॥০ আং	৭৫ গ্রাম
এসিটিক এসিড	২॥০ তং আং	৭৫ কি, সে, মি
ডিষ্টিল্ড ওয়াটার	৮ তং আং	২৪০ কি, সে, মি
ক্লেরিফাইড হনি লিকুফাইড		যথাবশ্যক।

ডিষ্টিল্ড ওয়াটার ও এসিটিক এসিডের মিশ্রণে স্কুইল ৭ দিন ভিজাবে, জোরে চাপদিয়া ফিল্টার করিবে। পরিমাণ প্রায় ১০ আউন্স হইবে। প্রায় ২৭ তং আউন্স বা যথাবশ্যক রেক্টিফাইড স্পিরিট মিলিত করিলে ১·০২০ স্পেঃ গ্রেঃ বিশিষ্ট অক্সিমেলঅফ স্কুইল প্রস্তুত হইবে।

মাত্রা ॥০—১ তং ড্রাম।

পাইলিউলা সিলি কম্পোজিটা। কম্পাউণ্ড স্কুইল পিল।

স্কুইল পাউডার	১।০ আউন্স	২৫ গ্রাম।
জিঞ্জার পাউডার	১ আউন্স	২০ গ্রাম।
এমোনায়েকম পাউডার	১ আউন্স	২০ গ্রাম।
হার্ড সোপ পাউডার	১ আউন্স	২০ গ্রাম।
সিরপ অফ গ্লুকোজ	১ আউন্স	২০ গ্রাম।
		বা যথাবশ্যক।

মিশ্রিত করিয়া একত্র করিবে। মাত্রা ৪—৮ গ্রেণ।

পাইলিউলা ইপিকাকুয়ানহি কম্‌সিলা। পিল অফ ইপিকাকুয়ানা উইথ স্কুইল।

কম্পাউণ্ড পাউডার অফ ইপিকুয়ানা	৩ আউন্স	৩০ গ্রাম
স্কুইল পাউডার	১ আউন্স	১০ গ্রাম
এমোন্যায়েকম পাউডার	১ আউন্স	১০ গ্রাম
সিরপ অফ গ্লুকোজ	যথাবশ্যক।	

মিশ্রিত করিয়া একত্র করিবে।

এই পিলে প্রায় শতকরা ৫ ভাগ ওপিয়ম আছে।

সিরপস সিলি।　　　সিরপ অফ্ স্কুইল।

ভিনিগার অফ্ স্কুইল	১ পাইণ্ট	৫০০ কি, সে, মি।
রিফাইণ্ড সুগার	৩৮ আউন্স	৯৫০ গ্রাম।

মৃদুতাপে রিফাইণ্ড সুগার ভিনিগার অফ্ স্কুইল দ্রব করিবে, প্রস্তুত দ্রব্য ওজনে তিন পাউণ্ড দশ আউন্স হইবে।

মাত্রা ॥০—১ ডং ড্রাম।

টিংচুরা সিলি।　　　টিংচার অফ্ স্কুইল।

স্কুইল কুট্টিত	৪ আউন্স	২০০ গ্রাম।
এলকোহল (৬০ পার্সেণ্ট)	১ পাইণ্ট	১০০০ কি, সে, মি

মেসিরেশন্ দ্বারা প্রস্তুত করিবে।

মাত্রা ৫—১৫ মিনিম।

ক্রিয়া—উত্তেজক, কফঃনিঃসারক এবং মূত্রকারক বৃহৎ মাত্রায় বমন ও বিরেচন হয়।

ব্যবহার—ব্রঙ্কাইটিস, থাইসিস, ড্রপ্সি।

এলো বার্বেডেন্ সিস। বার্বেডোজ এলোজ। মুসব্বর।

Aloe Barbadensis.　　　Barbados Aloes

এলোভিরা বৃক্ষ অনুপ্রস্থ ভাবে কাটিলে যে রস বাহির হয় তাহা ঘন হইয়া এলোজ প্রস্তুত হয়। ইষ্ট এবং ওয়েষ্ট ইণ্ডিজ দেশে জন্মে। বার্বেডোজ নামক স্থান হইতে আমদানী হয়। বা কারে বার্বেডোজ ও কেরেকো এলোজ নামে পরিচিত।

মাত্রা ২—৫ গ্রেণ।

ডিষ্টিল্ড ওয়াটার ও এসিটিক এসিডের মিশ্রণে স্কুইল ৭ দিন ভিজাবে, জোরে চাপদিয়া ফিল্টার করিবে। পরিমাণ প্রায় ১০ আউন্স হইবে। প্রায় ২৭ তং আউন্স বা যথাবশ্যক ক্লেরিফাইড হনি সহ মিলিত করিলে ১·৩২০ স্পেঃ গ্রেঃ বিশিষ্ট অক্সিমেলঅফ্ স্কুইল প্রস্তুত হইবে।

মাত্রা ॥০—১ তং ড্রাম।

পাইলিউলা সিলি কম্পোজিটা। কম্পাউণ্ড স্কুইল পিল।

স্কুইল পাউডার	১।০ আউন্স	২৫ গ্রাম।
জিঞ্জার পাউডার	১ আউন্স	২০ গ্রাম।
এমোনায়েকম পাউডার	১ আউন্স	২০ গ্রাম।
হার্ড সোপ পাউডার	১ আউন্স	২০ গ্রাম।
সিরপ অফ্ গ্লুকোজ	১ আউন্স	২০ গ্রাম।
		বা যথাবশ্যক।

মিশ্রিত করিয়া একত্র করিবে। মাত্রা ৪—৮ গ্রেণ।

পাইলিউলা ইপিকাকুয়ানহি কমসিলা। পিল অফ্ ইপিকাকুয়ানা উইথ স্কুইল।

কম্পাউণ্ড পাউডার অফ্ ইপিকুয়ানা	৩ আউন্স	৬০ গ্রাম
স্কুইল পাউডার	১ আউন্স	১০ গ্রাম
এমোনায়েকম পাউডার	১ আউন্স	১০ গ্রাম
সিরপ অফ্ গ্লুকোজ	যথাবশ্যক।	

মিশ্রিত করিয়া একত্র করিবে।

এই পিলে প্রায় শতকরা ৫ ভাগ ওপিয়ম আছে।

সিরপস সিলি। সিরপ অফ্ স্কুইল।

ভিনিগার অফ্ স্কুইল	১ পাইন্ট	৫০০ কি, সে, মি।
রিফাইণ্ড সুগার	৩৮ আউন্স	৯৫০ গ্রাম।

মৃদুতাপে রিফাইণ্ড সুগার ভিনিগার অফ্ স্কুইল দ্রব করিবে, প্রস্তুত দ্রব্য ওজনে তিন পাউণ্ড দশ আউন্স হইবে।

মাত্রা ॥০—১ তং ড্রাম।

টিংচুরা সিলি। টিংচার অফ্ স্কুইল।

স্কুইল কুট্টিত	৪ আউন্স	২০০ গ্রাম।
এলকোহল (৬০ পার্সেণ্ট)	১ পাইন্ট	১০০০ কি, সে, মি

মেসিরেশন দ্বারা প্রস্তুত করিবে।

মাত্রা ৫—১৫ মিনিম।

ক্রিয়া—উত্তেজক, কফঃনিঃসারক এবং মূত্রকারক বৃহৎ মাত্রায় বমন ও বিরেচন হয়।

ব্যবহার—ব্রঙ্কাইটিস, থাইসিস, ড্রপ্সি।

এলো বার্বেডেন্ সিস। বার্বেডোজ এলোজ। মুসব্বর।

Aloe Barbadensis. Barbados Aloes

এলোভিরা বৃক্ষ অনুপ্রস্থ ভাবে কাটিলে যে রস বাহির হয় তাহা ঘন হইয়া এলোজ প্রস্তুত হয়। ইষ্ট এবং ওয়েষ্ট ইণ্ডিজ দেশে জন্মে। বার্বেডোজ নামক স্থান হইতে আমদানী হয়। বা জারে বার্বেডোজ ও কেরেকো এলোজ নামে পরিচিত।

মাত্রা ২—৫ গ্রেণ।

এলো সকোট্রাইনা। সকোট্রাইন এলোজ। মুসর্ব্বর।

Aloe Socotrina Socotrine Aloes.

এলোপেরাই বৃক্ষের পত্র অনুপ্রস্থভাবে কাটিলে যে রস বাহির হয় তাহা ঘন হইয়া সকট্রাইন এলোজ প্রস্তুত হয়।

বোম্বে হইতে আমদানী হয়, সকট্রাইন ও জাঞ্জিবর এলোজ নামে বাজারে পরিচিত। উভয় প্রকার এলোজ কটা আভাযুক্ত কৃষ্ণবর্ণ স্বাদ তিক্ত ও বিবমিসাজনক, বার্বেডোজ এলোজের গন্ধ অপ্রীতিকর, সকোট্রাইন এলোজের গন্ধ তীব্র কিন্তু অপ্রীতিকর নহে, জাঞ্জিবর এলোজের গন্ধ বিশেষ প্রকার।

মাত্রা ২—৫ গ্রেণ।

এলোইনম Aloinum এলোইন Aloin

দ্রাবক সংযোগে বার্বেডোজ বা সকট্রাইন এলোজ হইতে এলোইন প্রস্তুত করা যায়। ইহা রিক্রিষ্টেলাই জেশন দ্বারা শোধন করা যায়।

দানাকার, পীতবর্ণ, গন্ধহীন এলোজের আস্বাদ বিশিষ্ট শীতল জলে অল্প দ্রবনীয়। এলকোহলে (৯০ পার্সেণ্ট) দ্রবনীয় উষ্ণ হইলে অধিক দ্রব হয়। ইথারে প্রায় দ্রব হয় না, এসিড যুক্ত ও সমক্ষারাম্ল দ্রবে সাধারণতঃ পরিবর্ত্তিত হয় না। ক্ষার দ্রাবনে সহজে পরিবর্ত্তিত হয়। মাত্রা ১/২—২ গ্রেণ।

বার্ব্বেডোজ এলোজের প্রয়োগরূপ।

ডিককটম এলোজ কম্পোজিটম। কম্পাউণ্ড ডিককশন অফ্ এলোজ।

এক্সট্রাক্ট অফ্ বার্বেডোজ এলোজ ‍ ‍ ‍ ১০ আউন্স ‍ ‍ ‍ ২০ গ্রাম

মার, স্যাফ্রান, পটাসিয়মকার্ব্বোনেট প্রত্যেক ।০ আং ৫ গ্রাম
এক্সট্রাক্ট অফ্ লিকোরিস ২ আউন্স ৪০ গ্রাম
কম্পাউণ্ড টিংচার অফ্ কার্ডেমোমস ১৫ তং আউন্স ৩০০
কি, সে, মি।
ডিষ্টিল্ড ওয়াটার যথাবশ্যক।

এক্সট্রাক্ট অফ্ বার্ব্বেডোজ এলোজ ও মার স্থূল চূর্ণ করিবে, উহাদিগকে পটাসিয়ম কার্ব্বনেট ও এক্সট্রাক্ট অফ্ লিকোরিস সহ এক পাইণ্ট ডিষ্টিল্ড ওয়াটারে ৫ মিনিট কাল ফুটাবে, স্যাফ্রান যোগ করিবে তরল দ্রব্য শীতল হইলে টিংচার অফ্ কার্ডেমোমস যোগ করিবে। আবৃত পাত্রে ২ ঘণ্টাকাল রাখিয়া ফ্লানেল দিয়া ছাঁকিবে। উহার মধ্যদিয়া যথাবশ্যক ডিষ্টিল্ড ওয়াটার ঢালিয়া ৫০ তরল আউন্স কম্পাউণ্ড ডিককশন অফ্ এলোজ পূর্ণ করিবে।

মাত্রা ॥০—২ তং আউন্স।

এক্সট্রাকটম এলোজ বার্ব্বেডেনসিস। এক্সট্রাক্ট অফ্ বার্ব্বেডোজ এলোজ।

বার্ব্বেডোজ এলোজ ক্ষুদ্র খণ্ড ১ পাউণ্ড ১০০০ গ্রাম।
ডিষ্টিল্ড ওয়াটার বয়েলিং ১ গেলন ১০ লিটার।

বার্ব্বেডোজ এলোজ ডিষ্টিল্ড ওয়াটারে যোগ করিবে, উত্তমরূপে মিলিত হওয়া পর্য্যন্ত ভালরূপ নাড়িয়া দিবে। ২৪ ঘণ্টা স্থির ভাবে রাখিয়া দিবে, উপরের তরল অংশ ঢালিয়া লইয়া ছাঁকিবে, ছাঁকা তরল দ্রব্য ১৪০ ফাং তাপে শুষ্ক করিবে।

মাত্রা ১—৪ গ্রেণ।

পাইলিউলা এলোজ বার্ব্বেডেনসিস। পিল অফ্ বার্ব্বেডোজ এলোজ।

বার্ব্বেডোজ এলোজ পাউডার	২ আউন্স	৪০ গ্রাম।
হার্ডসোপ প্যাউডার	১ আউন্স	২০ গ্রাম।
অয়েল অফ্ কেরওয়ে	১ ড্রাম	২·৫ কি, সে, মি
কন্‌ফেকশন অফ্ রোজেস	১ আউন্স	২০ গ্রাম।
	বা যথাবশ্যক।	

মিশ্রিত করিয়া একত্র করিবে। মাত্রা ৪—৮ গ্রেণ।

পাইলিউলা এলোজ এট্‌ফেরি। পিল অফ্ এলোজ এণ্ড আয়রন।

এক্সিকেটেড্ ফেরস সল্‌ফেট	১ আউন্স	২০ গ্রাম।
বার্ব্বেডোজ এলোজ পাউডার	২ আউন্স	৪০ গ্রাম।
কম্পাউণ্ড পাউডার অফ্ সিনেমন	৩ আউন্স	৬০ গ্রাম।
সিরপ অফ্ গ্লুকোজ	৩ আউন্স	৬০ গ্রাম।
	বা যথাবশ্যক।	

মিশ্রিত করিয়া একত্র করিবে। মাত্রা ৪—৮ গ্রেণ।

টিংচুরা এলোজ। টিংচার অফ্ এলোজ।

এক্সট্রাক্ট অফ্ বার্ব্বেডোজ এলোজ	॥০ আউন্স	২৫ গ্রাম
লিকুইড এক্সট্রাক্ট অফ্ লিকোরিস	৩ আউন্স	১৫০ কি, সে, মি।
এলকোহল (৪৫ পার্সেণ্ট)	যথাবশ্যক।	

বার্ব্বেডোজ এলোজ ১৬ আউন্স এলকোহলসহ একটী আবদ্ধ পাত্রে রাখিবে ৪৮ ঘণ্টা কাল স্থির ভাবে রাখিবে মধ্যে২ না-

ড়িয়া দিবে যে পর্য্যন্ত না দ্রব হয়। লিকুইড এক্সট্রাক্ট অফ্ লিকোরিস যোগ করিয়া ফিল্টার করিবে, যথাবশ্যক এল্কোহল ফিল্টার দিয়া চালাইয়া একপাইণ্ট টিংচার প্রস্তুত করিবে।

পুনঃ২ ব্যবহার জন্য ॥০—১ তং ড্রাম; একমাত্রা ব্যবহার জন্য ১॥০—২ তং ড্রাম।

সকোট্রাইন এলোজের পয়োগরূপ।

পাইলিউলা এলোজ সকোট্রাইনি। পিল অফ্ সকোট্রাইন এলোজ।

সকোট্রাইন এলোজ পাউডার	২ আউন্স	৪০ গ্রাম।
হার্ডসোপ পাউডার	১ আউন্স	২০ গ্রাম।
অয়েল অফ্ নটমেগ	১ তং ড্রাম	২·৫ কি, সে, মি
কন্ফেকশন অফ্ রোজেস	১ আউন্স	২০ গ্রাম।
	বা যথাবশ্যক।	

মিশ্রিত করিয়া একত্র করিবে।

মাত্রা ৪—৮ গ্রেন।

পাইলিউলা এলোজ এট্ এসাফিটিডা, পিল অফ্ এলোজ এণ্ড এসাফিটিডা।

সকোট্রাইন এলোজ পাউডার	১ আউন্স	২০ গ্রাম।
এসাফিটিডা পাউডার	১ আউন্স	২০ গ্রাম।
হার্ডসোপ পাউডার	১ আউন্স	২০ গ্রাম।
কন্ফেকশন অফ্ রোজেস্	১ আউন্স	২০ গ্রাম।
	বা যথাবশ্যক।	

মিশ্রিত করিয়া একত্র করিবে। মাত্রা ৪—৮ গ্রেণ।

প্যাইলিউলা এলোজ এট্‌মার, পিল অফ্ এলোজ এণ্ড মার।

সকোট্রাইন এলোজ পাউডার	২ আউন্স	৪০ গ্রাম।
মার পাউডার	১ আউন্স	২০ গ্রাম।
সিরপ অফ্ গ্লুকোজ	১॥০ আং বা যথাবশ্যক।	৩০ গ্রাম।

মিশ্রিত করিয়া একত্র করিবে। মাত্রা ৪—৮ গ্রেণ।

ক্রিয়া—বিরেচক, রজঃনিঃসারক, আগ্নেয়, বলকারক।

ব্যবহার—অভ্যাস্থ কোষ্ঠবদ্ধ, ক্রনিক ডিসপেপসিয়া, এমিনোরিয়া। এলোজ অপেক্ষা এক্সট্রাক্ট অফ্ এলোজে পেটেকামড় কমহয়। এলোইনে পেটেকামর প্রায় হয়না, মাত্রাও অল্প এজন্ত পিল ব্যবহার করিতে সুবিধা।

ভিরাট্রিনা, Veratrina. ভিরাট্রাইন, Viratrine.

স্কনোকিউলন ও আসাগ্রি অফিসিনেল বৃক্ষের শুষ্ক পক্কবীজকে সিভাডিলা কহে, এই সিভাডিলা হইতে প্রাপ্ত উপক্ষার সকলকে ভিরাট্রাইন কহে।

অঙ্গুয়েন্টম ভিরাট্রাইনি। ভিরাট্রাইন অয়েণ্টমেণ্ট।

ভিরাট্রাইন	১০ গ্রেণ	·৫ গ্রাম
ওলিইকএসিড	৪০ গ্রেণ	২ গ্রাম
লার্ড	৪৫০ গ্রেণ	২২·৫ গ্রাম

ভিরাট্রাইন ওলিইক এসিডসহ মর্দ্দনকরিয়া, মিশ্রণ অল্পউষ্ণ করিবে, যেপর্য্যন্তনা দ্রবহয়। লার্ড যোগকরিয়া মিশ্রিত করিবে।

ভিরাট্রাইন—প্রবল ইরিটেণ্ট পয়জন, ভেদ ও বমিহয় পেটে

অতিশয় বেদনা, কনভলশন্ ও অবশন্নাবস্থা। ইহা আভ্যন্তরিক ব্যবহার হয়না।

স্থানিক ক্রিয়া—সেনসরি নার্ভফিলামেণ্ট সকলকে পেরালাইজ করে একজন্য স্থানিক স্পর্শহারক পরে চর্ম্মে ইরিটেশন হয়। নাসিকায় লাগিলে হাঁচি হয়।

ব্যবহার—নানাপ্রকার স্নায়ুশূল, ৫ম যুক্তস্নায়ুর নিউরালজিয়ায় স্থানিক মলম ব্যবহারে বিশেষ ফলপ্রদ, প্রবল সায়েটিকা ও সিক্ হেডেকে মলম ফলপ্রদ। রিউমাটিজম ও গাউটেও ব্যবহার হইতেপারে।

কল্চিসাইকর্ম্মস। কল্চিকম্ করম্। কন্দ বা মুল।

Colchici Cormus. Colchicum Corm.

কল্চিকম্ অটমনেলের সদ্য কন্দ। শুষ্ক কন্দের (করম)

মাত্রা ২—৫ গ্রেণ।

কল্চিসাই সেমিনা। কল্চিকম্ সিড্স্। বীজ।

Colchici Semina Colchicum Seeds

কল্চিকম্ অটমনেলের শুষ্ক পক্কবীজ। প্রধানদ্রব্য-কলচিসিন ও অতি সামান্য ভিরাট্রিন। কর্ম্মসের প্রয়োগরূপ।

এক্সট্রাকটম কলচিসাই। এক্সট্রাক্ট অফ্ কলচিকম।

ত্বকবিরহিত সদ্য কলচিকম কর্ম্মসকে কুট্টিত করিবে, চাপদ্বারা রস বাহির করিয়া লইবে, শিঠাগুলি অধঃক্ষিপ্ত হইতেদিবে। উপরের পরিস্কার অংশ ঢালিয়া লইয়া ২১২ তাপে উষ্ণ করিবে, ফ্লানেল দিয়া ছাঁকিবে। ১৬০ ফাং তাপে শুষ্ক করিয়া সফ্ট এক্সট্রাক্টের মত করিবে। মাত্রা ।০—১ গ্রেণ।

ভাইনম কল্‌চিসাই। কল্‌চিকম ওয়াইন।

কলচিকম কর্ম্মস ২০ নং চূর্ণ ৪ আং ২০০ গ্রাম
সেরি ১ পাইন্ট ১০০০ কি, সে, মি

টিংচার প্রস্তুতের নিয়মানুসারে মেসিরেশনদ্বারা প্রস্তুত করিবে। মাত্রা ১০—৩০ মিনিম।

বীজের প্রয়োগরূপ ;—

টিংচুরা কলচিসাই সেমিনম। টিংচার অফ্‌কলচিকম সিডস।

কল্‌চিকম সিড্‌স্‌ ৩০ নং চূর্ণ ৪ আং ২০০ গ্রাম
এলকোহল (৪৫ পার্সেন্ট) যথাবশ্যক।

২॥০ আউন্স এলকোহলে কলচিকম পাউডার আর্দ্রকরিবে পর্কোলেশন প্রক্রিয়া সমাধা করিবে। প্রস্তুত টিংচার পরিমান একপাইন্ট হইবে। মাত্রা ৫—১৫ মিনিম।

১৮৮৫ সালের ফার্ম্মাকোপিয়ার টিংচার অপেক্ষাহইতে ২॥০ গুণ অধিক কলচিকম সিডস্‌ আছে।

ক্রিয়া—পরিবর্ত্তক, অবসাদক, বেদনা নিবারক, পিত্ত নিঃসারক স্বেদজনক, মূত্রকারক। অধিক মাত্রায় বিরেচন ও বমন হয়।

ব্যবহার—গাউট, বাত, প্রদাহ, যকৃত পীড়া। ইহা গাউট রোগের উৎকৃষ্ট ঔষধ।

গ্রামিনেসি।

এমাইলম। Amylum. ষ্টার্চ Starch শ্বেতসার।

ময়দা, চাউল ও মায়েজ হইতে প্রস্তুত ষ্টার্চ।

গ্লিসিরিনম্‌এমিলাই—১২৮ পৃঃ উক্ত হইয়াছে।

ষ্টার্চ-আইওডাইনের বিষয়। এভিন্ন পোষক, স্নিগ্ধকারক। গ্লিশিরিনম এসিডাই স্থানিক ব্যবহারে স্নিগ্ধকারক।

আর্গটা Ergota আর্গট Ergot.

সিকেলি সিরিয়েল বা কমনরাই নামক শস্যবিকৃত অবস্থা প্রাপ্ত শস্যে একপ্রকার কঙ্গশ জন্মে। মাত্রা ২০—৬০ গ্রেণ।

এক্সট্রাকটম আর্গটা। এক্সট্রাক্ট অফ্ আর্গট।

Synonym—Ergotin আর্গটিন।

আর্গট ৪০ নং পাউডার	২০ আং	১০০০ গ্রাম
এলকোহল (৬০ পার্সেণ্ট)	যথাবশ্যক।	
ডিষ্টিল্ডওয়াটার	যথাবশ্যক।	
ডাইলিউটেড হাইড্রোক্লোরিক এসিড	৭।০ তং ড্রাম ৪৭ কি, সে, মি	
সোডিয়ম কার্ব্বনেট	১৭৫ গ্রেণ	২০ গ্রাম

১০ তং আউন্স এলকোহলে আর্গট পাউডার আর্দ্র করিবে, আর্দ্র পাউডার পর্কোলেটারে রাখিয়া এলকোহল দিয়া পর্কোলেট করিবে যেপর্য্যন্তনা আর্গট অসার হয়। পর্কোলেটকে ইভাপোরেট করিয়া ৫ তরল আউন্স করিবে। ৫ তরল আউন্স ডিষ্টিল্ডওয়াটার যোগকরিবে। শীতল হইলে ফিল্টার করিবে, রেসিডিউকে ডিষ্টিল্ড ওয়াটারে ধৌত করিয়া, ফিলট্রেটে ডাইলিউটেড হাইড্রোক্লোরিক এসিড যোগকরিবে। ২৪ ঘণ্টা স্থিরভাবে রাখিবে। ফিল্টার করিবে। রেসিডিউকে ডিষ্টিল্ডওয়াটারে ধৌত করিবে যেপর্য্যন্ত ধৌত জলে অম্লত্ব থাকে, ধৌত জলকে ফিল্ট্রেটে যোগ করিবে, সোডিয়ম কার্ব্বোনেট যোগকরিবে, সকট্ এক্সট্রাক্ট সদৃশ ঘন করিবে। মাত্রা ২—৮ গ্রেণ।

এক্সট্রাক্টম আর্গটি লিকুইডম। লিকুইড এক্সট্রাক্ট অফ্ আর্গটি।

আর্গট চূর্ণ	২০ আং	৪০০ গ্রাম
ডিষ্টিল্ডওয়াটার	৭॥০ পাইন্ট	৩০০০ কি, সে, মি
এলকোহল ৯০ পার্সেণ্ট	৭॥০ তং আং	১৫০ কি, সে, মি

৫ পাইন্ট ডিষ্টিল্ডওয়াটারে আর্গট চূর্ণ ১২ ঘণ্টা ভিজাবে, ইনফিউশন ঢালিয়া লইবে, বাকীজলে পুনরায় উক্ত প্রক্রিয়া করিবে। চাপদিয়া ছাঁকিবে। তরল দ্রব্যকে শুষ্ক করিয়া ১৪ আং করিবে, শীতল হইলে এলকোহল যোগকরিবে, একঘণ্টা স্থির-ভাবে রাখিয়া ফিল্টার করিবে। প্রস্তুত দ্রব্য ২০ আউন্স হইবে।

মাত্রা ১০—৩০ মিনিম।

ইন্‌ফিউসন আর্গটি। ইনফিউসন্ অফ্ আর্গট।

আর্গট সদ্য চূর্ণ	১ আং	৫০ গ্রাম
ডিষ্টিল্ডওয়াটার বয়েলিং	১ পাইণ্ট	১০০০ কি, সে, মি

আবৃতপাত্রে ১৫ মিনিট ভিজাইয়া ছাকিবে।

মাত্রা ১—২ তং আউন্স।

ইন্‌জেকসিও আর্গটি হাইপোডার্ম্মিকা। হাইপো-ডার্ম্মিক ইন্‌জেকশন অফ্ আর্গট।

Synonym Hypodermic. Injection of Ergotin

এক্সট্রাক্ট অফ্ আর্গট	১০০ গ্রেণ	১০ গ্রাম
ফিনোল	৩ গ্রেণ	·৩ গ্রাম
ডিষ্টিল্টওয়াটার	২২০ মিনিম	২০ কি, সে, মি
		বা যথাবশ্যক।

ডিষ্টিল্ড ওয়াটার সহ ফিনোল মিলাইয়া, কয়েক মিনিট ফুটাবে শীতল হইলে এক্সট্রাক্ট অফ্ আর্গট যোগ করিবে, এবং প্রয়োজন হইলে যথাবশ্যক সদ্য ফুটান ও শীতলকরা ডিষ্টিল্ডওয়াটার যোগ করিয়া ৩৩০ মিনিম (৩০ কি, সে, মি) ইন্‌জেক্‌শন প্রস্তুত করিবে। মাত্রা—সব্‌কিউটেনিয়স ইন্‌জেকশন জন্য ৩—১০ মিনিম।

এই সলিউশন সদ্য প্রস্তুত করা আবশ্যক। ১১০ মিনিমে ৩৩ গ্রেণ এক্সট্রাক্ট অফ্ আর্গট। এবং ১০· কি, সে, মিতে প্রায় ৩৩ গ্রাম থাকে।

টিংচুরা আর্গটি এমোনিয়েটা। এমোনিয়েটেড টিংচার অফ্ আর্গট।

আর্গট ২০ নং পাউডার	৫ আং	২৫০ গ্রাম
সলিউশন অফ্ এমোনিয়া	২ তং আং	১০০ কি, সে, মি
এলকোহল (৬০ পার্সেণ্ট)	যথাবশ্যক।	

১৮ তং আউন্স এলকোহল সহ এমোনিয়া যোগ করিবে। এই মিশ্রণের ২ তং আউন্সে আর্গট পাউডার আর্দ্র করিবে, অবশিষ্ট সহ পর্কোলেট করিবে, শিঠাকে চাপদিয়া রসবাহির করিবে, এই রস পর্কোলেট সহ মিলাবে। যথাবশ্যক এলকোহল যোগে ১ পাইণ্ট প্রস্তুত করিবে। ২৪ ঘণ্টা স্থিরভাবে রাখিয়া ফিল্টার করিবে। মাত্রা ॥০—১ তং ড্রাম।

ক্রিয়া—জরায়ুসঙ্কোচক, রক্তরোধক, রজঃ নিঃসারক।

ব্যবহার—প্রসব কার্য্যে জরায়ুসঙ্কোচন জন্য, বিবিধ রক্তস্রাব, পেরা প্লিজিয়া।

সেকেরম পিউরিফিকেটম, রিফাইণ্ড সুগার।

শোধিত শর্করা

Saccharum Purificatum. Refined Sugar.

Synonym—Sucrose সুক্রোজ।

কেন্ সুগার বা ইক্ষু রস হইতে প্রাপ্ত দানা ময় শর্করা। উষ্ণ প্রধান দেশ সকলে জন্মে।

বর্ণহীন গন্ধহীন। অর্দ্ধেক ওজন জলে দ্রবনীয়।

শর্করা—স্নিগ্ধকারক, পোষক।

সিরপস Syrupus সিরপ Syrup.

রিফাইণ্ড সুগার	৫ পাউণ্ড	১০০০ গ্রাম।
ডিষ্টিল্ড ওয়াটার বয়েলিং		যথাবশ্যক।

২ প্যাইণ্ট বয়েলিং ডিষ্টিল্ড ওয়াটারে রিফাইণ্ড সুগার যোগ করিবে দ্রব না হওয়া পর্য্যন্ত উষ্ণ করিবে, প্রস্তুত দ্রব্য বয়েলিং ডিষ্টিল্ড ওয়াটার যোগে ৭৷৷০ পাউণ্ড প্রস্তুত করিবে। স্পে: গ্রে: ১·৩৩০।

সিরপস এরোমেটিকস এরোমেটিক সিরপ।

টিংচার অফ্ অরেঞ্জ	৫ তং আউন্স	২৫০ কি, সে, মি।
সিনেমন ওয়াটার	৫ তং আউন্স	২৫০ কি, সে, মি।
সিরপ	১০ তং আউন্স	৫০০ কি, সে, মি।

টিংচার অফ্ অরেঞ্জ ও সিনেমন ওয়াটার মিশ্রিত করিবে, মিশ্রন কিছু টাক্ (talc) সহ সঞ্চালন করিবে, ফিল্টার করিয়া সিরপ যোগ করিবে।

মাত্রা ৷৷০—১ তং ড্রাম।

সিরপস্ গ্লুকোসাই। সিরপ অফ্ গ্লুকোজ।

বাজারের লিকুইড গ্লুকোজ	১ আউন্স	২৫ গ্রাম।
সিরপ	২ আউন্স	৫০ গ্রাম।

মৃদুতাপে মিশ্রিত করিবে।

এক্রোজিনি। ফিলিসিস।

ফিলিক্স মাস। মেল ফারন।

Filix Mas Male Fern.

এসপিডিয়ম ফিলিক্স মাস নামক বৃক্ষের শুষ্ক রাইজোম বা কন্দ, ইংলণ্ড দেশে জন্মে।

গন্ধ মৃদু কিন্তু অপ্রিতিকর, স্বাদ মিষ্ট কিন্তু প্রথমে কষায় কিন্তু পরে তিক্ত বিবমিসাজনক। মেলফরণ ১ বৎসরের অধিক রাখা উচিত নহে।

এক্সট্রাক্টম ফিলিসিস লিকুইডম। এক্সট্রাক্ট অফ্ মেল ফারণ।

মেল ফারণ রাইজোম ২০ নং পাউডার ইথার যোগে পর্কোলেট করিয়া সার সংগ্রহ কর। ডিষ্টিল করিয়া কিম্বা ওয়াটার বাথের তাপে ইভাপোরেট করিয়া, পরিস্কার পর্কোলেট হইতে ইথার অন্তর কর যে পর্যান্ত না অয়েলি এক্সট্রাক্ট বা তৈলাক্ত সার অবশিষ্ট থাকে। মাত্রা ৪৫—৯০ মিনিম।

ক্রিয়া—টিনিয়া সোলিয়ম, ক্রিমি নাশক।

ব্যবহার—টেপ্ ওয়ারম।

প্রুনাইভার্জিনিয়েনি কর্টেক্স। ভার্জিনিয়েন প্রুনবার্ক।

Pruni virginianae cortex. Virginian Prune Bark.

প্রুনস সিরোটাইনা বৃক্ষের বল্কল, হেমন্ত কালে সংগ্রহ করা হয়।

সিরপস্ প্রুনাই ভার্জিনিয়েনি। সিরপ অফ্ ভার্জিনিয়েন প্রুন।

Syrupus Pruni virginianae. Syrup of virginian Pruno.

ভার্জিনিয়েন প্রুনবার্ক ২০ নং পাউডার	৩ আউন্স	১৫০ গ্রাম
রিফাইণ্ড সুগার সূক্ষ্মচূর্ণ	১৫ আউন্স	৭৫০ গ্রাম
গ্লিশরিণ	১।০ তৎ আউন্স	৬২·৫ কি, সে, মি।
ডিষ্টিল্ড ওয়াটার	যথাবশ্যক।	

ডিষ্টিল্ড ওয়াটারে ভার্জিনিয়েন প্রুনবার্ক আর্দ্র করিবে, আবদ্ধ পাত্রে ২৪ ঘণ্টা রাখিবে, পর্কোলেটারে প্যাক করিবে, ক্রমের ডিষ্টিল্ড ওয়াটার যোগ করিবে। যে পর্য্যন্তনা ৯ তৎ আউন্স পর্কোলেট সংগ্রহ হয়। রিফাইণ্ড সুগার তরল দ্রবে বিনাতাপে সঞ্চালন দ্বারা যোগ করিবে, গ্লিশিরিন যোগ করিবে, ছাঁকিয়া যথাবশ্যক ডিষ্টিল্ড ওয়াটার যোগ করিয়া ১ পাইণ্ট সিরপ পূর্ণ করিবে। মাত্রা ॥০—১ তৎ ড্রাম।

টিংচুরা প্রুনাই ভার্জিনিয়েনি। টিংচার অফ্ ভার্জিনপ্রুন

ভার্জিন প্রুনবার্ক ২০ নং পাউডার	৪ আউন্স	২০০ গ্রাম
এলকোহল (৯০ পার্সেণ্ট)	১২॥০ তৎ আউন্স	৬২৫ কি, সে, মি
ডিষ্টিল্ড ওয়াটার	৭॥০ তৎ আউন্স	৩৭৫ কি, সে, মি

ডিষ্টিল্ড ওয়াটার সহ পাউডার যোগ করিবে, আবদ্ধ পাত্রে ২৪ ঘণ্টা রাখিয়া দিবে, এলকোহল যোগ করিবে, মেসিরেশন প্রক্রিয়া শেষ করিবে। মাত্রা ॥০—১ ত২ ড্রাম।

ক্রিয়া—নার্ভসিডেটিভ ওটনিক।

ব্যবহার—যক্ষারোগের ঘর্ম্ম নিবারণ ও কাশি শান্তি জন্য সিরপ ব্যবহার হয়। টিংচার আগ্নেয় ও বল করণ জন্য কলম্বার ন্যায় ব্যবহার হয়। ডিসপেসিয়া।

কুইলেইকর্টেক্স কুইলেইয়া বার্ক।

Quillliaœ cortex. Quillaia Bark.

Synonym—Panama Bark.

কুইলেজা সেপোনেরিয়া বৃক্ষের বার্কের অভ্যন্তর অংশ। ইহার বীর্য—সেপোনিন।

ক্রিয়া—কফঃনিঃসারক ও ইমলসিফাইং দ্রব্য।

লাইকর পাইসিস কার্ব্বনিস প্রস্তুত করিতে ব্যবহার হয়।

ইউকেলিপটস গ্লবিউল সের ব্যবহার। তৈল বাহ্য প্রয়োগে উগ্রতা সাধক। চর্ম্মে প্রয়োগ করিয়া আবৃত রাখিলে ফোস্কা হয়, পিয়রপারল ফিবার, পাইমিয়া ও সেপ্টিসেমিয়া রোগে ব্যবহারে বিশেষ ফলপ্রদ, জ্বরের তাপ হ্রাস করে। এগিউ রোগে উপকারী। ইহা শ্বাস পথে ও মূত্রপথে নির্গত হয় বলিয়া থাইসিস, ব্রঙ্কাইটিস, গনোরিয়া ও সিষ্টাইটিস রোগে বিশেষ ফলপ্রদ। একজেনথিমেটা পার্টুসিস, ডিপথিরিয়া ও ইনফ্লুয়েঞ্জা রোগে রোগীকে ইউকেলিপটস ভেপার মিশ্র ভূবায়ুতে মজ্জিত রাখিয়া চিকিৎসা বিশেষ ফলপ্রদ।

স্থানিক—ইথার ভেপার—ইনহেলেশন—গেনগ্রিন অফ্ দি লস থাইসিস, ওজিনা, ডিপথিরিয়া। ডাইলিউট সলিউশন, কেভিটি ফাউলউণ্ডস ইরিগেট করিতে ব্যবহার হয়, পেসারি করিয়া কেনসার অফ্ ইউটেরস ও রেকটমে উপকারী। গজ্ প্রস্তুত করিয়া এণ্টিসেপ্‌টিক সার্জিকেল ড্রেসিং ব্যবহার হয়।

ইউকেলিপটস গম—কেটিকিউ ও টেনিনের ন্যায় সঙ্কোচক ডায়েরিয়া ও ডিসেণ্ট্রিতে ব্যবহার হয়। গলনলীয় শৈথিল্যতা ও অর্শ রোগে ব্যবহার হয়।

লিগুসিনোসি এরেরোবা Araroba. এরেরোবা Araroba.

Synonyms—Goa Powder গোয়াপাউডার crude Chrysarobin বিমিশ্র ক্রাইস রোবিন।

এণ্ডিরা এরেরোবা বৃক্ষের কাণ্ডের (গুঁড়ি) মধ্যস্থ গর্ত্তে প্রাপ্ত হওয়া যায় যতদূর সম্ভব কাষ্ঠের ক্ষুদ্র২ খণ্ড উহা হইতে অন্তর করিয়া শুষ্ক ও চূর্ণ করা হয়।

ইহার বীর্য্য ক্রাইসরোবিন প্রস্তুত করিতে ব্যবহার হয়।

সেলোল Salol সেলোল Salol

সেলোল বা ফিনাইল সেলিসিলেট, সেলিসিলিক এসিড ও ফিনাইলের প্রতিক্রিয়ায় প্রস্তুত হয়।

বর্ণহীন, দানাকার, ঈষৎ সুগন্ধ, স্বাদ অল্প, জলে প্রায় অদ্রবনীয়। ১০ভাগ শীতল এলকোহলে (৯০ পার্সেণ্ট) দ্রবনীয়। ⅓ অংশ ইথার ও ক্লোরোফর্ম্মে দ্রবনীয়। স্থায়ী ও বায়ী তৈলে দ্রবনীয়। মাত্রা ৫—১৫ গ্রেণ।

ক্রিয়া—অন্ত্রের পচন নিবারক ও এনালজিসিক্ (স্নায়বীয় উত্তেজনা হারক)।

ব্যবহার——তাপাধিক্য নিবারণ জন্য জ্বরে, রিউমেটিজম, সায়েটিকা, নিউরালজিয়া, লম্বেগো, সিষ্টাইটিস, থাইসিস, মাইগ্রেন, এটাক্সিপেন, গলষ্টোন ভ্রাবক, স্থানিক ক্ষতে ব্যবহার হয় ও মুখের পীড়ায় কুল্লি ব্যবহার হয়। কলেরা, ডায়েরিয়া রোগে ব্যবহার অধিক।

প্রাণীজ ঔষধ সকল।

মেমলিয়া—রুমিনেনসিয়া।

মসকস Moschus. মস্ক Musk. মৃগনাভী।

মস্‌কস মস্কিফিরস নামক মৃগের জননেন্দ্রিয়ের নিকটস্থ কোষ বিশেষ হইতে নিঃসৃত দ্রব্য বিশেষ। চীন ও ভারতবর্ষ হইতে আমদানী হয়। এই মৃগ তিব্বত দেশে জন্মে।

মাত্রা ৫—১০ গ্রেণ।

ক্রিয়া—উত্তেজক, আক্ষেপ নিবারক, বায়ুনাশক, মূত্রকারক। কামোদ্দিপক। (ষ্টিমুলেণ্ট, এণ্টিস পাজমডিক, কার্ম্মিনেটিব)।

ব্যবহার—হিষ্টিরিয়া, ইপিলেপ্সি, অবসন্ন অবস্থায় জ্বর নিউমোনিয়া।

সিভম প্রিপারেটম। প্রিপেয়ার্ড স্যুয়েট।

Sevum Præparatum. Prepared Suet.

ওভিস, এরিস বা মেষের উদরের মধ্যস্থ মেদ, দ্রব করিয়া ছাঁকিলে শোধিত হয়।

ক্রিয়া—আর্দ্রকারক (ইমোলিয়েণ্ট)।

অঙ্গুয়েণ্টম হাইড্রারজাইরাই প্রস্তুত করিতে ব্যবহার হয়।

থাইরয়েডিয়ম সিকম। ড্রাই থাইরয়েড।

Thyroideum Siccum. Dry Thyroid.

মেষের সদ্য ও সুস্থ থাইয়রেড গ্লাণ্ড হইতে প্রস্তুত (পাউডার) গুঁড়াদ্রব্য বিশেষ মেষকে হত্যা করিবা মাত্র বাহিরের কনেক-টিভ টিসু ও ফ্যাট দূর করিবে, গ্লাণ্ডকে অনুপ্রস্থভাবে কাটিবে, যাহাতে সিষ্ট থাকে, কিম্বা হাইপারট্রফি অবস্থা প্রাপ্ত বা অন্যরূপ অস্বাভাবিক অবস্থা প্রাপ্ত অংশ অন্তর করিবে। গ্লাণ্ড গুলিকে ক্ষুদ্র২ খণ্ডে বিভক্ত করিয়া ৯০—১০০ ফাঃ তাপে শুষ্ক করিবে। শুষ্ক দ্রব্যকে চূর্ণ করিবে, পিট্রোলিয়ম স্পিরিট যোগে সমুদয় মেদ অন্তর করিবে এবং পুনরায় শুষ্ক করিয়া লইবে।

কটাবর্ণ চূর্ণ। ঈষৎ মাংসবৎ স্বাদ ও গন্ধ, পচাগন্ধ বির-হিত। আর্দ্র হইলে কিম্বা বায়ুতে অনাবৃত থাকিলে সহজে নষ্ট হয়। মাত্রা ৩—১০ গ্রেণ।

লাইকর থাইরয়েডাই। থাইরয়েড সলিউশন।

মেষের সদ্য ও সুস্থ থাইরয়েড গ্লাণ্ড হইতে প্রস্তুত তরল দ্রব্য। সদ্য হত্যাকরা মেষের থাইরয়েড গ্লাণ্ড হইতে বাহিরের ফ্যাট ও কনেকটিভটিসু অন্তর করিবে গ্লাণ্ড আড়ভাবে কাটিবে, ও অস্বাভাবিক অবস্থাযুক্ত অংশত্যাগ করিবে। পাতলা খণ্ডে কর্তন করিয়া কুট্টিত করিবে প্রত্যেক হেলদি গ্লাণ্ড জন্য ৩৪ মিনিম গ্লিশরিন ও ·৫ পার্সেন্ট ফিনোল ডিষ্টিল্ডওয়াটারের সলউশনে ৩৪ মিনিম যোগ করিবে, মিশ্রণ উত্তমরূপে সঞ্চালন করিয়া একটী ফ্লাস্কে রাখিবে, এবং উহার মুখ তুলাদ্বারা বন্ধ করিবে ২৪ ঘণ্টা রাখিবে, পরে কাপড় দিয়া ছাঁকিবে, জোরে

চাপদিতে ছাঁকা দ্রব্যে যথাবশ্যক ·৫ পার্সেণ্ট সলিউশন অফ্ ফিনোল যোগকরিয়া ১০০ মিনিম পূর্ণ করিবে।

গোলাপী বর্ণ ঘোলা তরল দ্রব্য, সদ্য প্রস্তুত করিয়া ষ্টিরিলাইজড ষ্টপার বোতলে রাখিবে।

মাত্রা—৫ ১৫ মিনিম।

মাইঅক্সিডিমা এবং ক্রিটিনিজম রোগে ফলপ্রদ।

সেকেরম ল্যাকটিস। মিল্কসুগার

Saccharum Lactis milk suga .

Synonym—Lactose ল্যাকটোজ।

শ্বেতবর্ণ, দানাকার, কঠিন, ঈষৎ মিষ্ট, ৭ভাগ শীতল জলে দ্রবনীয় ১ভাগ ফুটিত জলে দ্রব হয়।

অন্যান্য ঔষধ সহিত মিলিত ভাবে ব্যবহার হয়।

ফেল বভিনম পিউরিফিকেটম। পিউরিফাইড অক্স বাইল। শোধিত বৃষপিত্ত।

Fel Bovinum Purificatum. Purified ox Bile.

একপাইণ্ট সদ্য বৃষ পিত্ত তাপে ঘন করিয়া আয়তনে এক চতুর্থাংশ করিবে, অৰ্দ্ধ পাইণ্ট এল্ কোহল সহ সঞ্চালন করিবে স্থিরভাবে রাখিয়া দিলে সেডিমেণ্ট সকল নীচে পড়িয়া যাইবে, উপরের পরিষ্কার অংশ ঢালিয়া লইবে, ফিল্টার করিবে ফিল্টারস্থ দ্রব্যকে এলকোহলে দিয়া ধৌত করিয়া ফিল্টার হইতে দিবে। অধিকাংশ এলকোহল ডিষ্টিল করিয়া লইবে, অবশিষ্টাংশকে পর্সিলেন ডিস ওয়াটার বাথে শুষ্ক করিয়া ঘন এক্সট্রাক্টবৎ করিবে। মাত্রা—৫—১৫ গ্রেণ।

ক্রিয়া—মৃদুবিরেচক, পিত্তনিঃসারক, কৃমীনাশক বলকারক।

ব্যবহার—কোষ্ঠ বদ্ধ, অজীর্ণ, পাণ্ডু।

পেপসিনম Pepsinum. পেপসিন Pepsin.

মেষ, বৎস্য, কিম্বা শূকরের স্তন্যপাকস্থলীয় মিউকস লাইনিং হইতে প্রস্তুত হয়। মাত্রা ৫—১০ গ্রেণ।

সচরাচর দুইপ্রকার পেপসিম পাওয়াযায় পেপ্‌সিনা পোর্সাই শূকর হইতে প্রাপ্ত পেপ্‌সিনা বোভাল্‌টস বৎস্য হইতে প্রাপ্ত।

ক্রিয়া—পাচক, বলকারক, পচন নিবারক।

ব্যবহার—অজীর্ণ এক্‌জ্মা।

গ্লিশিরিনম পেপশিনি গ্লিশিরিন মধ্যে উক্ত হইয়াছে। মাত্রা ১—২ ডং ড্রাম। ১ ড্রামে ৫ গ্রেণ পেপসিন আছে।

পেকিডর্ম্মেটা।

এডেপ্স Adeps. লার্ড Lard.

শূকরের শোধিত মেদ। শূকরের উদরের সম্পূর্ণ সদ্য মেদ। মেদকে বায়ুতে প্রসারিত রাখিয়া কয়েকঘণ্টা পরে। ক্ষুদ্র২ খণ্ডে বিভক্ত করিবে, মর্টারে চূর্ণ করিবে উষ্ণ জল বেষ্টিত পাত্রে অনধিক ১৩৫ তাপে দ্রব হইতে দিবে।

মেদ মেম্‌ব্রেনস্ হইতে পৃথক্ ও দ্রব হইলে ছাঁকিবে।

এডেপ্স বেনজোয়েটস্। বেনজোয়েটেড লার্ড।

Adeps Benzoatus. Benzoated Lard.

লার্ড	১পাউণ্ড	৫০০ গ্রাম
বেন্‌জোইন চূর্ণ	২১০ গ্রেণ	১৫ গ্রাম

ওয়াটার বাথে লার্ড দ্রব করিয়া বেনজোইন যোগ করিবে। ২ঘণ্টা তাপ দিবে। অনবরত নাড়িবে, ছাঁকিয়া পরিষ্কার করিবে বেনজোয়েটেড লার্ড শীতল হওয়া পর্য্যন্ত নাড়িতে থাকিবে।

ক্রিয়া—স্নিগ্ধকারক, আবরক।

এডেপ্স লেনি উলফ্যাট।

Adeps Lanæ wool Fat.

মেষের লোমস্থ শোধিত কোলিষ্টেরিণ ফ্যাট।

এডেপ্স লেনি হাইড্রোসস। হাইড্রস উলফ্যাট।

Adeps Lanæ Hydrosus. Hydrous Wool Fat.

ল্যানোলিন (Lanoline) সাধারন নাম। wool Fat.

উলফ্যাট	৭ আং	১৪০ গ্রাম।
ডিষ্টিল্ড ওয়াটার	৩ ত্তঃ আং	৬০ কি, সে, মি।

উলফ্যাট উক্ত মর্টারে রাখিয়া ডিষ্টিল্ড ওয়াটারে ক্রমেঃ যোগ করিবে ও অনবরত নাড়িবে।

উষ্ণ করিলে উপরে তৈলাক্ত স্তর ও নীচে জলীয় স্তর হয়। পীতাক্ত শ্বেতবর্ণ, পচাগন্ধ বিরহিত। মলম প্রস্তুত করিতে ব্যবহার হয়।

সিটেসিয়ম Cetaceum. স্পার্মেসিটাই Spermaceti

স্পারম হোয়েল, ফাইসেটার মেক্রোসিফেলস নামক তিমির মস্তক ও এন্ট্রিক অফ্ হাইমোর হইতে প্রাপ্ত ঘন মেদ, তৈল মিলিত অবস্থায় পাওয়া যায়। মৎস্য প্রশান্ত মহাসাগর ও ভারত মহা সাগরে বাস করে।

অঙ্গুয়েণ্টম সিটেসিয়াই। স্প্যামেসিটাই অয়েণ্টমেণ্ট।

স্প্যামেসিটাই	২০ আউন্স	২০০ গ্রাম।
হয়াইট বীজ ওয়াক্স	৮ আউন্স	৮০ গ্রাম।
আমণ্ড অয়েল	১২ আউন্স	১২০ গ্রাম।
বেঞ্জোইন স্থূল চূর্ণ	২ আউন্স	২০ গ্রাম।

স্প্যামেসিটাই, বীজ ওয়াক্স ও এমণ্ড অয়েল এবং বেন্‌জোইন একত্রে দ্রব করিবে ঘনং নাড়িবে, দুই ঘণ্টা উষ্ণ করিবে। তাপ হইতে অন্তর করিয়া ছাঁকিবে, শীতল না হওয়া পর্য্যন্ত অনবরত নাড়িবে।

ক্রিয়া—আর্দ্রকারক স্থানিক ব্যবহার হয়।

ওলিয়ম মরহুই কড্‌লিভার অয়েল।

Oleum Morrhuœ. Corbur oli.

ওলিয়ম জেকরিস্ এসেলাই।

গেডুস মর্হুয়া (কড্‌মৎস্যের) সদ্য যকৃৎ হইতে অনধিক ১৮০ ক্যাঃ তাপে প্রস্তুত তৈল।

২০ ক্যাঃ তাপে শীতল করিয়া সলিড ফ্যাট অন্তর করা হয়।

মাত্রা ১—৪ ড্রাম।

ক্রিয়া—পরিবর্ত্তক বলকারক, সংস্কারক, পোষক।

ব্যবহার—যক্ষ্মাকাশ, স্ক্রফিউলা, দুর্ব্বলতা, উপদংশ নিউর‍্যাল-জিয়া, চর্ম্মরোগ, রিউমাটিজম, স্কেবিজ কোরিয়া, মৃগী, এম্ফিসিমা। জল, দুগ্ধ, পোর্ট কিম্বা লাইম ওয়াটার সহ ইমলসন করিয়া আহারান্তে সেব্য। বিবমিষা হইলে শয়নকালে সেব্য।

মেল ডেপুরেটম ক্লেরিফাইড্ হনি। শোধিত মধু।

Mel Depuratum Clarified Honey.

বাজারের মধু ওয়াটার বাথের তাপে দ্রব করিবে, উষ্ণ থাকিতে ফ্লানেল কাপড় উষ্ণ জলে আর্দ্র করিয়া তদ্দারা ছাঁকিবে।

অক্সিমেল অক্সিমেল

Oxymel Oxymel

ক্লারিফাইড হনি লিকুফাইড	৪০ আউন্স	৮০০ গ্রাম।
এসিটিক এসিড	৫ আউন্স	১০০ কি, সে, মি
ডিষ্টিল্ড ওয়াটার		যথাবশ্যক।

ক্লারিফাইড হনি এসিটিক এসিড সহ মিলিত করিবে ৫ তৎ আউন্স বা যথাবশ্যক ডিষ্টিল্ড ওয়াটার যোগ করিয়া অক্সিমেল প্রস্তুত করিবে যেন স্পেঃ গ্রেঃ ১·৩২০।

মাত্রা ১—২ তৎ ড্রাম।

ক্রিয়া—শর্করার মত কিন্তু মৃদু বিরেচক, অন্যান্য ঔষধ সহ ব্যবহার হয়।

সিরাফ্লেভা ইওলোবীজ ওয়াক্স। পীতমোম।

Cera Flava Yellow Beeswax

এপিস মেলিফিকা বা মধুমক্ষিকার নির্ম্মিত মধুচক্র হইতে প্রস্তুত হয়।

সিরা এলবা হুয়াইটওয়াক্স, শ্বেতমোম।

Cera Alba White Bees wax.

ইওলো বীজ ওয়াক্স বায়ু, রৌদ্র ও আর্দ্রতায় শুভ্রীকৃত।

অঙ্গুয়েণ্টম সিমপ্লেক্স। সিম্পল অয়েণ্টমেণ্ট।

হয়াইট ওয়াক্স	২ আউন্স	২০ ভাগ।
বেন্‌জোয়েটেড লার্ড	৩ আউন্স	১॥০ ভাগ।
আমণ্ড অয়েল	৩ ত্ৎ আউন্স	১॥০ ত্ৎ ভাগ।

ওয়াটার বাথের তাপে মোম ও চর্ব্বি তৈলে দ্রব করিবে। তাপ হইতে অন্তর করিয়া শীতল হইবার কালে ক্রমাগত নাড়িতে থাকিবে।

হিমপটিরা।

কক্কস। কোচীনীল। কৃমীদানা।

Coccus. Cocheneal.

কক্কসক্যাকটাই নামক স্ত্রীজাতীয়, পতঙ্গ বিশেষ, মেক্সিকো প্রভৃতি স্থানে পাওয়া যায়।

ক্রিয়া—আক্ষেপ নিবারক।

ব্যবহার—হুপিংকফ, এবং অন্যান্য ঔষধ রং করিতে।

টিঙ্চুরা কক্কাই। টিংচার অফ্‌ কোচীনীল।

কোচীনীল পাউডার	২ আং	১০০ গ্রাম
এলকোহল ৪৫ প্যাসেণ্ট	১ পাইণ্ট	১০০০ কি, সে, মি

মেসিরেশনদ্বারা প্রস্তুত করিবে। মাত্রা ৫—১৫ মিনিম।

কেন্থারিস। কেন্‌থারিডিস।

Cantharis. Cantharides.

কেন্থরিস.ভেসিকেটোরিয়া বা ব্লিষ্টার বীটল বা স্পেনিস ফ্লাই নামক পতঙ্গ রুষিয়া, সিসিলি ও হঙ্গেরি দেশে পাওয়া যায়।

ইহার প্রধান দ্রব্য—কেনথারিডিন এসিটম কেনথারিডিস (১০ ভাগে ১ ভাগ)।

অল্পপরিমাণ গ্লেসিয়েল এসিটিক এসিড ও জলদিয়া ২ আউন্স কেনথারিডিস পর্কোলেট করিয়া প্রস্তুত হয়।

ফোস্কাজন্ম বাহ্য ব্যবহার হয়।

এমপ্লাষ্ট্রম কেনথারিডিস। (৩ ভাগে প্রায় ১ ভাগ) ৩॥০ আউন্স কেনথারিডিস চূর্ণ, ২ আং প্রত্যেক ইওলোবীজওয়াক্স, রেজিন ও লার্ড ও ॥০ আং সোপপ্লাষ্টার। ইহাকে ব্লিষ্টারিং প্লাষ্টার বলে। ফোস্কাকারক। সচরাচর ৬ হইতে ৯ ঘণ্টায় ফোস্কাহয়।

এম্‌প্লাষ্ট্রম কেলিফেসিয়েন্স। ওয়ার্মিং প্লাষ্টার।

(২৪ ভাগে ১ ড্রাম)।

৪ আউন্স কেনথারিডিসের ষ্ট্রং ইনফিউশনে, ৪আউন্স প্রত্যেক ইওলোবীজওয়াক্স ও রেজীন ৩।০ পাউণ্ড রেজিন প্লাষ্টার ও ২ পাউণ্ড সোপপ্লাষ্টার। এইগুলি পূর্ব্বে উষ্ণকরিবে, মিশ্রিত করিয়া প্লাষ্টার প্রস্তুত করিবে। উত্তেজক প্লাষ্টার।

টিংচুরা কেনথারিডিস (৮০ ভাগে ১ ভাগ)।

৯০ পার্সেণ্ট এলকোহল ।০ আউন্স কেন্থারিড়িস মেসিরেশন দ্বারা প্রস্তুত করিবে। মাত্রা ৫—১৫ মিনিম, ঘনং ব্যবহার করিলে ২—৫ মিনিম।

অঙ্গুয়েণ্টম কেন্থারিডিস (১০ ভাগে ১ ভাগ)।

১২০ ফাং তাপে ১২ ঘণ্টা পর্য্যন্ত ১ আউন্স কেন্থারিডিস ১০ আউন্স বেনজোয়েটেড লার্ড উষ্ণ করিয়া প্রস্তুত হয়। প্রত্যু-প্রত্যাসাধক।

কলোডিয়ন ভেসিকেনস্। ব্লিষ্টারিং কলোডিয়ন।

।০ আউন্স পাইরকসিলিন ২০ আউন্স বিষ্ট রিং লিকুইড বা লাইকর এপিস পাসটিকা যোগ করিয়া প্রস্তুত হয়।

লাইকর ইপিসপাসটিকম (বিষ্টারিং লিকুইড) ২ ভাগে ১ ভাগ, উজ্জ্বল হরিতাভ তরলদ্রব্য।

১০ আউন্স কেন্থারিডিস এসিটিক ইথার দিয়া পর্কোলেট করিয়া পরিমাণ ১ পাইণ্ট করিবে।

ক্রিয়া—মূত্রকারক, কামোদ্দীপক, উত্তেজক।

স্থানিক—উগ্রতাসাধক, ফোস্কাকারক।

ব্যবহার—পেরাপ্লিজিয়া, ইন্‌কণ্টিনেনস্ অফ্ ইউরিন চর্ম্ম-রোগ, গ্লীট, লুকোরিয়া, ধ্বজভঙ্গ। বিবিধ আভ্যন্তরিক যন্ত্রের প্রদাহ রোগের তরুণ অবস্থারপর প্রত্যুগ্রতা সাধন ও শোষণজন্য যথা নিউমনিয়া, প্লুরিসি এবং পেরি কার্ডাইটিস পেরি অসটাই-টিস, বিবিধ সন্ধির পীড়া, গাউট, রিউমাটিজম, সাইনোভাইটিস্, নিউরালজিয়া সায়েটিকা, মস্তিষ্কে রক্তাধিক্য, বিষ্টার কাচা-রাখিতে অয়েণ্টমেণ্টও কার্টা ব্যবহার্য্য।

হিরুডো, Hirudo. লিচেস, Leeches.

১। সেঙ্গুইশুগা মেডিসিনেলিস—সেভিগ্‌নি The Speckled Leech এবং সেঙ্গুইসুগা অফিসিনেলিস সেভিগ্‌নি The Green Leech.

১। Ventral Surface পেটের দিক হরিতাভ পীতবর্ণ কালহ দাগ বিশিষ্ট। ২। Ventral Surface গলিত গ্রীণ, দাগ বিহীন। রক্ত মোক্ষন জন্য ব্যবহার হয়।

ব্রিটিস ফার্ম্মা কোপিয়ার বহির্ভূত নূতন ও পেটেণ্ট ঔষধাবলি।

এসিডম ফ্লুরিকম ডাইলিউটম। ফ্লুওরিক এসিড। অম্ল-বিশেষ। মাত্রা ১৫—৬০ মিনিম। ইহাতে শতকরা ॥০ ভাগ বি-শুদ্ধ এসিড আছে। ব্যবহার—গইটার, থাইসিস্ ডিফথিরিয়া।

ফ্লুরাইড অফ্ এমোনিয়ম। এক আউন্স ডিষ্টিল্ড জলে ৪ গ্রেণ দ্রব করিয়া ইহা ৫—২০ মিনিম মাত্রায় আহারান্তে সেব্য। ব্যবহার—বিবর্দ্ধিত প্লীহা। ফ্লুওরাইড অফ্ আয়রণ মাত্রা $\frac{১}{২০}$—॥০ গ্রেণ।

ফ্লুরাইড অফ্ কুইনাইন—বিবর্দ্ধিত প্লীহা ও রিকেটস-রোগে বিশেষ ফলপ্রদ।

ব্রোমাল হাইড্রাস। মাত্রা ২—৫ গ্রেণ। ক্রিয়া—বেদনানি-বারক, নিদ্রাকারক।

কেম্ফোরামেন ব্রোমেটা। মাত্রা ২—১০ গ্রেণ। ক্রিয়া নিদ্রাকারক। ব্যবহার ডিলিরিয়মট্রিমেন্স, অনিদ্রা, কোরিয়া, হিষ্টিরিয়া হুপিংকফ, এজমা, ইপিলেপ্সি, কনভলশন্স। শুক্রমেহ।

কলোফাইলিন। মাত্রা ১। ৪ গ্রেণ, মূল হইতে প্রাপ্ত রজনাক্ত চূর্ণ, ক্রিয়া—মূত্র কারক, ঘর্ম্মকারক, কৃমীনাশক, রজঃ নিসারক, জরায়ু সঙ্কোচক, আক্ষেপ নিবারক জরায়ুর উপর ইহার বিশেষ ক্রিয়া আছে ব্যবহার জরায়ুর বিবিধ পীড়া।

এণ্টিথর্ম্মিন। মাত্রা ৮ গ্রেণ। ক্রিয়া-তাপাধিক্য নিবারক। ব্যবহারে পাকাশয়ে বেদনা হয় এজন্য প্রায় ব্যবহার হয় না।

কনভেগেরিয়া মেজেলিস। লিলি অবদি ভেলি। ইহার

টিংচারের মাত্রা ৫—২০ মিনিম। এক্সট্রাক্টের মাত্রা ২—৮ গ্রেণ। লিকুইড এক্সট্রাক্ট ২—১০ মিনিম। ক্রিয়া—প্রবল মূত্র কারক, ডিজিটেলিসের ন্যায় হৃদপিণ্ডের বলকারক। ব্যবহার নানা প্রকার হৃদ্ রোগ।

ইরিডিন। ইরিসিন। মাত্রা—১—৫ গ্রেণ। বৃক্ষের মূল হইতে প্রস্তুত এক্সট্রাক্ট, ক্রিয়া—বিরেচক, পরিবর্ত্তক, মূত্র কারক ব্যবহার—যকৃত পীড়া, পাণ্ডু, কোষ্টবদ্ধ।

পাপেইন। পেপেওটিন। পেপের আটা হইতে প্রস্তুত, মাত্রা ১—৮ গ্রেণ পেপেরশুষ্ক আটা বা দুগ্ধ (Dried pa pow milk) মাত্রা ৩—১০ গ্রেণ। ক্রিয়া—আপের পেপসিনের ন্যায় মাংসাদি জীর্ণ হয়। ব্যবহার—ফাইব্রিণ ইহাতে জীর্ণ হয়। স্থানিক—ডিপথিরিয়া ও ক্রুপ, ওয়ার্ট, করণ, চর্ম্মের দৃঢ়তা ও স্থূলতা। ১ আউন্স জলে ৫০ গ্রেণ দ্রব করিলে লোসন হয়।

ষ্ট্রোফ্যানথস। বৃক্ষেরবীজ। টিংচারের মাত্রা ২—১০ মিনিম। ক্রিয়া—মূত্রকারক হৃদপিণ্ডের বলকারক। ব্যবহার ডিজিটেলিসের ন্যায়।

ডামিয়ানা। Damiana বৃক্ষের পত্র। এক্সট্রাক্টডামিনি লিকুইডম, মাত্রা ১—২ ড্রাম। ক্রিয়া স্নায়বিয় বলকারক। ব্যবহার ধ্বজভঙ্গ, ইন্দ্রিয়শিথিলতা। পেরাপ্লিজিয়া, হেমিপ্লিজিয়া প্রভৃতি পক্ষাঘাত, মিলাঙ্কলিয়া। হাইপোকণ্ড্রায়েসিস।

ব্লাডার রেক, সি রেক। সমুদ্রের চারাগাছ। মাত্রা ৩—৮ গ্রেণ, আহারের পূর্ব্বে সেব্য, ইহার এক্সট্রাক্টের মাত্রা—১—২ ড্রাম। ক্রিয়া—মেদ নাশক, শোষক। ব্যবহার মেদাধিক্য।

কাইট ল্যাক্সিন। বৃক্ষের মূল হইতে প্রস্তুত শুষ্ক এক্সট্রাক্ট।

মাত্রা। ১—৫ গ্রেণ। ক্রিয়া বমনকারক, বিরেচক, পরিবর্ত্তক উপদংশ নাশক, স্কর্ভিনাশক। ব্যবহার উপদংশ, বাত। স্থানিক স্তনে বেদনা, এই রোগে অভ্যন্তরিক ও ব্যবহার হয়, অর্কাইটীস। টীংচারের মাত্রা—৩—১০ মিনিম।

পেনক্রিয়াস—মানবজাতির পেনক্রিয়াসের রসে বা ক্লোমরসে শ্বেতসার তৈল ও অণ্ডলালিক এই ত্রিবিধ খাদ্য পরিপাক হইতে পারে। এজন্ত বৃদ্ধ, দুর্ব্বল ও অজীর্ণ রোগাক্রান্ত ব্যক্তির খাদ্যদ্রব্যের সহিত শূকরের ক্লোমরস মিলাইয়া ব্যবহারে খাদ্য অনায়াসে জীর্ণ হয়। প্রয়োগরূপ ১। এক্সট্রাক্টম পেনক্রিয়েটিস (ফেয়ার চাইল্ডস) এমেরিকা দেশে প্রস্তুত, ইহা তিন প্রকার বিক্রয় হয় (ক) অমিশ্র চূর্ণ ।০ আউন্স ও ১ আউন্স বোতলে বিক্রয় হয়। ব্যবহার কালে বাইকার্ব্বনেট অব্ সোডা যোগ করিতে হয়। (খ) চাক্তি, প্রত্যেকটী ওজনে ৩ গ্রেণ। মাত্রা ১ কিম্বা দুই চাক্তি আহারের ১ ঘণ্টাপরে সেব্য। (গ) পেপ্ট নাইজিং পাউডার কাচনলে আবদ্ধ, প্রত্যেক নলে ৫ গ্রেণ পেনক্রিয়েটীন ও ১৫ গ্রেণ বাইকার্ব্বনেট অব্ সোডাথাকে। ২। পেনক্রিয়েটীন। মাত্রা ২—৪ গ্রেণ। ৩। বেন্‌জার্স লাইকর পেনক্রিয়েটীকস। মাত্রা ১—২ ড্রাম। জলের সহিত আহার কালে সেব্য। ৪। পেনক্রিয়েটীক ইমলসন মাত্রা ১—৩ ড্রাম। ইহা ফার্ম্মাকোপিয়ায় গৃহীত হইয়াছে।

মল্ট, বাইন। যবশস্য ভিজাইয়া রাখিলে অঙ্কুরিত হয়, এই অঙ্কুরিত অবস্থায় শুষ্ক করিয়া নিস্তুক ও চূর্ণ করিলে মল্ট পাউডার প্রস্তুত হয়। ইহা শ্বেতসারিয় খাদ্য পরিপাকের বিশেষ সাহায্য করে। ইহার এক্সট্রাক্ট আছে মাত্রা ১—৪ ড্রাম। মল্ট

পাউডার পাওয়া যায়। মাত্রা ১—২ ড্রাম। ব্যবহার অজীর্ণ, দুর্ব্বলতা।

এককস্ট্রাক্ট অফ্ মিট। লিবিগস এক্সট্রাক্ট। ক্রিয়া—উত্তেজক, বলকারক, পোষক। ব্যবহার—অবসন্ন, দুর্ব্বলতা। মাত্রা একচা চামচের এক চতুর্থাংশ বা ১৫ গ্রেণ, এক ব্রেককাষ্ট কাপফুল বা আট আউন্স স্ফুটিত জলে দ্রব করিলে উত্তম বিফটি প্রস্তুত হয়। ইহাতে ইচ্ছামত সুগন্ধ দ্রব্য ও লবণ যোগ করিয়া ইচ্ছামত সেবন করান যায়। সচরাচর ১ আউন্স জলে ১০ গ্রেন মিলাইয়া পূর্ণ বয়স্কের ১ ডোজ মিকশ্চার করা হয়।

A. C. E. (Alcohol, Chloroform and Ether) এ, সি, ই. মিকশ্চার।

এব সলিউট এলকোহল ১ ভাগ, ক্লোরোফরম ২ ভাগ ও ইথার (স্পে, গ্রে, ·৭২·) ৩ ভাগ মিলিত করিয়া প্রস্তুত হয়। সজ্ঞাহরণ জন্য ঘ্রাণ লওয়ান হয়, কেবল ক্লোরোফরম ব্যবহার অপেক্ষা ইহা নিরাপদ।

এসিডম্ পাইক্রিকম্, Picric or Carbazotic Acid.

ইউরিনে সুগার ও এলবিউমেন পরীক্ষায় ব্যবহার হয়।

১ ভাগ এসিড ২০০ ভাগ জলে দ্রব করিয়া দগ্ধক্ষতে Burns Scalds লিণ্ট ভিজাইয়া ড্রেস করিলে উৎকৃষ্ট ফল প্রদ হয়। একিউট এক্‌জিমা রোগেও লোশন বিশেষ ফলপ্রদ।

পাইক্রেট বা কার্ব্বাজেট অফ্ এমোনিয়া মেলেরিয়া জ্বরে ফলপ্রদ, একজপথালমিক গইটার রোগেও ব্যবহার হয়। মিকশ্চার ও পিলরূপে ব্যবহার হয়।

মাত্রা ½—১॥০ গ্রেণ।

এলেমব্রথ সল্ট, Alembroth Salt. বা এমোনিও মার্কিউরিক ক্লোরাইড।

করোসিভ সবলিমেট সলিউশন ও লাইকর এমোনিয়া মিশ্রিত করিয়া প্রস্তুত হয়। ইহার ত্রিষ্টেলস জলে দ্রবনীয়, সহজে এল্‌বিউমেন সহ মিলিত হয় না, এজন্য করোসিভ সবলিমেট অপেক্ষা এন্টি সেপটিক ড্রেসিং কার্য্যে ইহা শ্রেষ্ঠ।

ইহার গজ ও উল ব্যবহার হয় ইহাতে শতকরা ১ ভাগ সেল্‌ এলেমব্রথ সল্ট এনিলিন ব্লু দ্বারা রঞ্জিত। ঈষৎ গোলাপী রং-ঙ্গের গজ্‌ ও উল ইউকেলম ব্রথ Eucalam broth মধ্যে সেল এলম ব্রথ সহ ইউকেলিপটস অয়েল মিলিত থাকে।

আয়রণ এলম, (এমোনিও আয়রণ এলম) ইহা এলম অপেক্ষা অধিক সঙ্কোচক।

ব্যবহার—বিবিধ রক্তস্রাব বিশেষতঃ হিমাচুরিয়া, এলবিউ-মিনুরিয়া। মাত্রা ৩—১০ গ্রেণ। ১ ড্রাম ৮ আউন্স জলে দ্রব করিয়া লোশন হয়। গল দেশ ও দন্তমাড়ির প্রদাহ ও শিথি-লতা এবং রক্তস্রাবে কুল্লি উপকারী।

এরিসটোল, Aristol.

কটাবর্ণ, গন্ধহীন, অদ্রবনীয় চূর্ণ—(থাইমোল ও আইওডাইড যোগে প্রস্তুত হয়।

ক্রিয়া—আইডোফরমের ন্যায়, উপদংশজ ক্ষত, সোরায়েসিস, একজিমা, ওজিনা, অটোরিয়া রাইনাইটিস, ভেজাইনা ও ইউটেরা-ইন অলসার।

অরাইয়েট্ সোডাই ক্লোরাইডম Auriet Sodii Chloridum স্নায়ুবীয় বলকারক পরিবর্ত্তক, অল্প মাত্রায় অতিশয় উপকারী।

স্পাইনেল স্কিলিরোসিস নিক্রাইটিস, হিষ্টিরো-ইপিলেপ্সি, মিলাঙ্কোলিয়া, সেক্সুয়েল ডিবিলিটি, লেক্সিক্সিসমস. এসমা, কোরিয়া, সিরোসিস অফ্ দি লিভার ওলং, এমিনোরিয়া, ওভেরি ও জরায়ুর পীড়া, উপদংশ, ধ্বজভঙ্গ ও শুক্র তারল্য রোগে বিশেষ উপকারী। মাত্রা $\frac{1}{20}$—$\frac{1}{10}$ গ্রেণ। জলে দ্রব করিয়া কিম্বা পিল ব্যবহার হয়।

বিটোল Betol সেলোলের ন্যায়, রিউমাটিজম ও সিসটাইটিসে ব্যবহার হয়। মাত্রা ১০—১৫ গ্রেণ।

ব্রাইওনিয়া, Bryonia.

ব্রাইওনিয়া এল্বার সদ্য শুষ্ক মূল।

ক্রিয়া—হাইড্রোগগ কেথার্টিক, ড্রপ্সিতে ব্যবহার হয়, সদ্য মূল স্থানিক প্রয়োগে ফোস্কা হয়। সিরস মেমব্রেনের প্রদাহে বিশেষ ফলপ্রদ। একিউট প্লুরিসি, একিউট রিউমাটিজম, তরুণ জ্বরে, একোনাইটের পরিবর্ত্তে ব্যবহার হয়।

টিংচারের মাত্রা ১—১০ মিনিম। ইহার ইন্‌ফিউশন রক্ত রোধিক।

কেনাবিন্ টেনাস, Cannabin Tanas.

পীতাক্ত চূর্ণ, গাঁজা হইতে প্রস্তুত হয়, ক্রিয়া—নিদ্রাকারক। ব্যবহার—অনিদ্রা, উন্মাদ। মাত্রা ৫ গ্রেণ।

চালমুগরা অয়েল, Chaulmoogra Oil.

তৈলের মাত্রা ৫ গ্রেণ। বিবিধ চর্ম্ম রোগে বিশেষ উপকারী কুষ্ঠ রোগে উপকার করে, আভ্যন্তরিক ও বাহ্যপ্রয়োগ আবশ্যক।

কেপসুল মধ্যে ব্যবহার্য্য তৈল। বাহ্যপ্রয়োগে লার্ড বা অন্ত অনুগ্র তৈল সহ মিলাইয়া ব্যবহার হইতে পারে। কুষ্ঠ ব্যাধি আরোগ্য না হইলেও যথাবিধি ব্যবহারে উপশম থাকে।

কোসিলেনা বার্ক, Cocellana Bark.

ইহা উৎকৃষ্ট কফঃ নিঃসারক, শুস্ক কফ তরল করে, ইপিকাক ও এপোমর্ফিনি অপেক্ষা শ্রেষ্ঠ, অল্পেও ও মৃদুবিরেচন গুণ আছে, ব্রঙ্কাইটিস রোগে ২০ মিনিম মাত্রায় লিকুইড এক্সট্রাক্ট কিম্বা ১ ড্রাম সিরপ ব্যবহার হইতে পারে।

কন্‌ভেলেরিয়া মেজেলিস্, Convallaria Majalis.

ক্রিয়া—হৃদপিণ্ডের বলকারক, ও মূত্রকারক, ক্রিয়া ডিজি-টেলিসের স্থায় কিন্তু তদপেক্ষা নিরাপদ।

এক্সট্রাক্টের মাত্রা ৫ গ্রেণ।

কর্নুটাইন, Cornutine.

ক্রিয়া—আর্গটের স্থায় মাত্রা $\frac{১}{৬০}$—$\frac{১}{৮}$ গ্রেণ।

ব্যবহার—মেনরেজিয়া, এণ্ডোমিট্রাইটিস, হেমরেজ। $\frac{১}{৬}$ গ্রেণ মাত্রায় স্পার্মেটোরিয়ায় বিশেষ উপকারী।

কোটো বার্ক, Coto Bark.

ইহা হইতে কোটোইন প্রস্তুত হয়।

ক্রিয়া—অন্ত্রের শোষন ক্রিয়া বৃদ্ধিকরে। ব্যবহার—শিশুদের ডায়েরিয়া, থাইসিস রোগে, ডায়েরিয়া ডেনটিশন্ ও দুর্ব্বল অবস্থার ডায়েরিয়া ইন্‌টেসটাইনেল কেটার, থাইসিস রোগে ঘর্ম্মাধিক্য। কলেরা। অন্ত্রে রক্তাধিক্য, অন্ত্র হইতে রক্তস্রাব অন্ত্রের তরুণ ক্যাটারে নিসিদ্ধ। কোটাইনের মাত্রা ১—২ গ্রেণ।

কিউরেরা, উরেরা, Curara, Wourari.

শুষ্ক এক্সট্রাক্ট বিশেষ। ক্রিয়া—অতিশয় অবসাদক।

ব্যবহার—টেটেনস, কোরিয়া, হাইড্রোফোবিয়া, হাইপোডার্ম্মিক মাত্রা $\frac{1}{12}$ গ্রেণ।

ডেটুরা টেটুলা, Datura Tatula.

ক্রিয়া—ধুতুরার স্থায়।

ব্যবহার—এসমা রোগে ধূম গ্রহণ বিশেষ ফলপ্রদ।

ডর্ম্মেটোল, Dermatol (Basic Gallate of Bismuth.

ক্রিয়া—সঙ্কোচক, পচননিবারক।

ব্যবহার—অল্সার, বারণ্স, ক্রেস উণ্ডস, উইপিং একজিমা, ইণ্টারট্রাইগো।

আভ্যন্তরিক ডায়েরিয়া ও গেষ্ট্রিক অলসার মাত্রা ৮ গ্রেণ।

ডাইউরেটিন, Diuretin.

ইহা সোডিও সেলিসিলিক কম্পাউণ্ড অফ্ থিওব্রোমিন।

ক্রিয়া—কাফিনের স্থায় মূত্রকারক, মাত্রা ১৫ গ্রেণ।

ব্যবহার—ড্রপ্সি, ক্রনিক ও একিউট ব্রাইটস ডিজিজ, কার্ডিয়েক এসমা, কার্ডিয়েক ড্রপ্সি, উষ্ণ নলের সহিত সেব্য।

ইউকেইন হাইড্রোক্লোরাইড, Eucaine Hydrochloride.

দানাকার, শ্বেতবর্ণ। ক্রিয়া—কোকেইনের স্থায় ২—৫ পার্সেণ্ট সলিউশন উপকারী।

ইউকুইনাইন, Euquinine.

স্বাদহীন, দ্রবনীয় লবণ, কুইনাইনের সকল গুণ ইহাতে আছে অথচ কুইনাইনের দোষ বর্জ্জিত, শিশু দিগকে কুইনাইন দিতে

হইলে এই দ্রব্য ব্যবহার্য্য, দুগ্ধ, সুপ,কিম্বা সিরপ সহ ব্যবহার করা যায়। মাত্রা কুইনাইনের দ্বিগুণ।

ফেলোজ সিরপ অফ কম্পাউণ্ড হাইপোফস্ফাইটস।

Fellow's Syrup of Hypophosphites.

ইহাতে হাইপোফস্ফাইট অফ্ আয়রণ, কুইনাইন, ষ্ট্রিকনাইন, সোডিয়ম ও মেগনেসিয়মের গুণ বর্ত্তে। প্রতি ড্রামে হাইপো-ফস্ফাইট অফ্ আয়রণ ১ গ্রেণ, কুইনাইন ১/৩০ গ্রেণ ষ্ট্রিকনাইন ১/৬৪ গ্রেণ, কেলসিয়ম ও মেগনেসিয়ম প্রত্যেক ১ গ্রেণ, পটাসিয়ম যথাসংখ্যক। মাত্রা ১০—৬০ মিনিম!

ব্যবহার—স্নায়বিক দুর্ব্বলতা, শুক্রমেহ, ধ্বজভঙ্গ, হাইপো-কণ্ড্রায়েসিস, ক্রনিক-ব্রঙ্কাইটিস, ক্রনিক ফিবার।

ফেরেটিন, Ferotin.

লৌহঘটিত ঔষধ। ক্রিয়া—অতি মধুর।

মাত্রা ১৫—২০ গ্রেণ।

ফুলার্স আর্থ, Fuller's Earth.

একপ্রকার কর্দ্দম, ইহা অতি উৎকৃষ্ট ইমোলিয়েণ্ট ও শুষ্ক-কারক অধিক রসস্রাবযুক্ত একজিমা শিশুদের ইণ্টারট্রাইগোতে বিশেষ উপকারী। অক্সাইড অফ্ জিঙ্কের ন্যায় ক্রিয়া)

গেলেনোল বা গেলোল, Gallanol or Gallol.

বর্ণহীন দ্রবনীয় দানা, ক্রাইসফেনিক এসিডের পরিবর্ত্তে ব্যবহার হয়। সুবিধা—ইহাতে দাগ হয় না, চর্ম্মে উত্তেজনা জন্মে না। মলম (১—৫)

গোয়েকোল, Guaiacol.

ক্রিয়েজোটের প্রধান দ্রব্য। ব্যবহার—যক্ষ্মাকাশ। এভিন্ন ইহার বিশেষ গুণ এইযে জর রোগে ২০।৩০ মিনিম গাত্রে মর্দ্দন করিলে তাপ হ্রাস হয় এবং ইহা উৎকৃষ্ট স্থানিক স্পর্শাপহারক। স্নায়ুশূলে স্থানিক ব্যবহার হইতে পারে বিশুদ্ধ গোয়কোল দানাকার কঠিন দ্রব্য। মাত্রা তরল ॥০—২ মিনিম।

গোয়েকোল কার্ব্বনেট, Guaiacol Carbonate or Duotal.

বর্ণহীন, দানকার চূর্ণ। ইহার স্বাদহীন ও উগ্রতা গুণ নাই বলিয়া গোয়েকোলের পরিবর্ত্তে ব্যবহার হয়।

মাত্রা ৫—১৫ গ্রেণ।

গোয়েরানা, Guarana.

শুষ্ক পেষ্ট, খণ্ডাকার বীজ হইতে প্রস্তুত হয়, কাফিনি ও থিইনের স্থায় ইহার ক্রিয়া। সিকৃহেডেকে ব্যবহার হয়।

মাত্রা ১০—৪০ গ্রেণ।

হাইড্রসটিন, Hydrustin.

পীতবর্ণ, কঠিন দ্রব্য। ক্রিয়া—বিরেচক, পিত্ত নিঃসারক, আগ্নেয়, বলকারক। স্থানিক—এণ্টিসেপটিক। ব্যবহার—এমিনোরিয়া, গনোরিয়া, লিউকোরিয়া। মাত্রা ২—৬ গ্রেণ।

টিংচুরা হাইড্রসটিস মাত্রা ২০—৬০ মিনিম।

ইকথাওল, Ichthyol.

আলকাতরার স্থায় ঘন দ্রব্য। পচন নিবারক, স্থানিক স্পর্শহারক। ব্যবহার—ক্রনিক রিউমাটিজম, প্লুরাইটিস, সিফিলিস এগ্‌মা, ক্লোরোসিস, স্ক্রফিউলা, থাইসিস, গাউট ব্লাডার

ইনটেসটাইন ও ষ্টমাকের ক্যাটার বিবিধ নিউরালজিয়া, জরায়ু পীড়া, একজিমা, লুপস একৃনি, হার্পিজ, রিং ওয়ারম। মলম ১ ভাগে ৮ ভাগ, উত্তেজনা হয় না। মাত্রা ২—৫ গ্রেণ।

আইওডাইজড ফিনোল, Iodized Phenol.

আইওডাইন ১ আউন্স, বিশুদ্ধ কার্ব্বলিক এসিড ৪ আউন্স ঈষৎ তাপে একত্রে মর্দ্দন করিবে যে পর্য্যন্ত না তরল হয়। বাঘির উপর পাতলারূপ লাগাইলে বসিয়া যায়, কেশাবৃত স্থান ও গাত্রের দদ্রু পীড়ায় উপকারী।

আইওডোল, Iodol.

পীতবর্ণ দানাকার চূর্ণ, গন্ধহীন। ক্রিয়া—আইওডফরমের ন্যায়, ক্ষতাদি ড্রেস করিতে ব্যবহার হয়। আভ্যন্তরিক সেবনে, পটাসিয়ম আইওডাইডের ন্যায়। মাত্রা ১—৩ গ্রেণ।

জাম্বল, Jambul. জাম।

জামের বীজ চূর্ণ ডায়েবিটিস রোগে কোন২ স্থলে বিশেষ উপকার করে। মাত্রা ২—৫ গ্রেণ।

কৌমিশ, Kumiss.

সুস্বাদ, উজ্জ্বল তরল পদার্থ গাভী কিম্বা ঘোটকী দুগ্ধ উৎবোধিত করিয়া প্রস্তুত হয়।

প্রস্তুত করিতে—এক পাইণ্ট টাটকা দুগ্ধ সম পরিমান জল ও ১৫ গ্রেন জার্ম্মণ ইষ্ট সহ মর্দ্দন করিবে, পরিষ্কার চিনি ১ আউন্স যোগ করিবে, একটী সেম্পেন বোতলে রাখিয়া অল্প উষ্ণ স্থানে (৩০ ফাঃ অপেক্ষা অধিক) ২৪ ঘণ্টাকাল রাখিবে তৎপরে উত্তমরূপ কর্ক বন্ধ করিয়া বান্ধিবে ও শীতল স্থানে ৫ দিন রাখিয়া দিলে ব্যবহার যোগ্য হইবে।

ক্রিয়া—পুষ্টিকর, পাচক। ব্যবহার—যক্ষ্মাকাশ, নানা-প্রকার অজীর্ণ, শিশুদের উদরাময়, ক্রনিক ভমিটিং জ্বরের পর দৌর্ব্বল্য, গর্ভাবস্থায় বমন ও অজীর্ণ। মাত্রা—যথেচ্ছা।

লেপটানড্রা, Leptandra.

ক্রিয়া—পডোফাইলিনের ন্যায় বলকারক, পিত্ত নিঃসারক, বিরেচক,। ব্যবহার—জনডিস, ডায়েরিয়া, ডিসেণ্ট্রি, কোষ্ট-বদ্ধ। মাত্রা ১—৩ গ্রেণ।

লাইকোপার্ডন জাইগেনটিয়ম, Lycoperdon Giganteum (Puffball).

স্থানিক প্রয়োগে দুঃসাধ্য রক্তস্রাব রোধ হয়।

লাইকোপোডিয়ম, Lycopodium.

ইহার টিংচার ঘনঃ মূত্রত্যাগ ও ব্লাডারের উত্তেজনায় অতিশয় উপকারী। মাত্রা ২৫—৬০ মিনিম। শিশুদের আক্ষেপিক মূত্রাবরোধ। ইহার বায়ুনাশক ও মৃদুবিরেচক গুণ আছে, এণ্টেরাইটিস ও রিউম্যাটিজমে উপকারী স্থানীক একজিমাতে ছড়ান যায়। পিল প্রস্তুত করিতে উপযোগী।

মেনেকা, Manaca. ভেজিটেবল মার্করি।

উদ্ভিদের মূল—পরিবর্ত্তক, মূত্রকারক, রজনিঃসারক, অধিক মাত্রায় বিরেচক। ব্যবহার—সিফিলিস, রিউম্যাটিজম স্ক্রফিউলা। মাত্রা লিকুইড এক্সট্রাক্ট ২০—৬০ মিনিম।

পেপেইন ও পেপেওটিন, Papain and Papayotin.

পেপের আঠা হইতে প্রস্তুত হয়।

ক্রিয়া—পাচক, দুগ্ধনিঃসারক, স্থানিক প্রয়োগে ক্ষয়কারক। ইহা ক্ষারঔষধ সহিত ব্যবহার হইতে পারে।

ব্যবহার—অজীর্ণ, ক্রনিকগেষ্ট্রাইটিস, অল্সার।

স্থানিক—আচিল, ডিপথিরিয়া, লোষন দুগ্ধনিঃসরন জন্য ও কেনসার অফ্ দি ষ্টমাক। মাত্রা ১—৮ গ্রেণ।

শুষ্ক পেপের আঠার মাত্রা ৩—১০ গ্রেণ।

পেরিস সিরপ, সিরপ ফেরি ফস্কাস কম্পাউণ্ড বা কেমিকেল ফুড।

Parrish's Syrup, (Syrup Ferri Sphosphas Co.) or Chemical Food.

সচরাচর Parish Chemcal Food কহে। ইহার প্রতিড্রামে ফস্ফেট অফ্ আয়রণ ১ গ্রেণ, কেলসিয়ম ২৷৹ গ্রেণ সোডিয়ম ১/১৬ গ্রেণ, পটাসিয়ম ১/২ গ্রেন। শর্করার পাকে মিলিত। মাত্রা ১—২ ড্রাম।

ক্রিয়া—পোষক, রক্তজনক, বলকারক।

ব্যবহার—রিকেটস, দুর্ব্বলতা, এনিমিয়া, পুরাতন জ্বর।

পিট্রোলিয়ম বা রক অয়েল কিরোসিন অয়েল।

Petroleum.

ক্রিয়া—স্থানিক উগ্রতা সাধক, পরাঙ্গপুষ্ট নাশক।

ব্যবহার—বাত, টাক, উকুন, তৈলের সহিত ব্যবহার হয়।

পলসেটিলা, Pulsatilla.

সেনস্থিয়নিক নার্ভসসিষ্টেমের উত্তেজনা ও উগ্রতা হ্রাসকরে।

ব্যবহার—এসমা, হুপিংকফ, ডিসমিনোরিয়া, এমিনোরিয়া,

নিউরালজিয়া, সমুদয় মিউকস মেম্‌ব্রেনের কেটারেলইন্‌ফ্লামেশন, অর্কাইটিস, ইপিডিডিমাইটিস। রিউমাটিজম। টিংচারের মাত্রা ১—৫ মিনিম।

রিসোর্সিন, Resorcin.

ক্রিয়া—কার্ব্বলিক এসিডের ন্যায়।

ব্যবহার—একজিমা, অলসার, গনোরিয়া, অটোরিয়া, লিকোরিয়া, কেন্‌সার লুপস, ওয়ার্টস।

সেলিক্স নাইগ্রা, Salix Nigra.

ক্রিয়া—ব্রোমোইড অফ্ পটাসিয়মের ন্যায়।

ব্যবহার—ওভেরি, ইউটেরাশ প্রভৃতির উত্তেজনা, নিউরালজিয়া, স্পার্ম্মেটোরিয়া, হেমিক্রেনিয়া, ফেসিয়েল নিউরালজিয়া হিষ্টিরিয়া, নিম্ফোমেনিয়া। ফ্লুইড এক্সট্রাক্টের মাত্রা ॥০—১ড্রাম।

সোডিয়ম হাইপোসলফাইট, Sodium Hyposulphite.

শোষন টিনিয়া প্রভৃতি পরাঙ্গপুষ্টজ চর্ম্মরোগে, আভ্যন্তরিক উদরাধ্মান, অজীর্ণ, গেনগ্রিণ অফদি লং। মাত্রা ৫—৬০ গ্রেণ।

সোমেটোজ, Somatose.

ক্রিয়া—পোষক, পাচক, প্রবল দুগ্ধনিঃসারক।

ব্যবহার—গর্ভাবস্থায় বমন, দুগ্ধের অল্পতা বা অভাব।

মাত্রা—২ ড্রাম।

স্পার্টিন, Sperteine.

ক্রিয়া—ডিজিটেলিসের ন্যায় কার্ডিয়েকটনিক। মূত্রকারক।

মাত্রা ১—২ গ্রেণ।

ষ্টিলিঞ্জিয়া, Stillingia or Queen's Root

পরিবর্ত্তক, পিত্তনিঃস্বারক, বলকারক, অধিকমাত্রায় ভেদ ও বমি হয়।

ব্যবহার—উপদংশ, স্ক্রফিউলা, সিরোসিস অফলিভার ব্রঙ্কাইটিস, ড্রপ্সি, অর্শ, অন্ত্রের কোষ্ঠবদ্ধ ও বিবিধ স্ক্রফিউলাজব্যাধি।

মাত্রা এক্সট্রাক্ট ২—৪ গ্রেণ। লিকুইড এক্সট্রাক্ট ২০—৬০ মিনিম।

এইষ্টিলিঞ্জিয়া সংযোগে M. Dade's Succus Alterans. প্রস্তুত হয়, ইহা উপদংশ রোগের অতি উৎকৃষ্ট ঔষধ। ইহাতে ফ্লুইড এক্সট্রাক্ট অফ্ স্মাই লাক্স, ষ্টিলিঞ্জিয়া, লেপামাইনর ফাইটোলক্কা প্রত্যেক ২ আউন্স ও টিংচার অফ্ জেনথক্সিলম ১ আউন্স আছে। মাত্রা ১—৪ ড্রাম।

ষ্টিপ্টিসিন, Stypticine.

মাত্রা ॥০ গ্রেণ, জরায়ু হইতে রক্তস্রাবে বিশেষ উপকারি।

টঙ্গা, Tonga.

নিউরালজিয়ায় বিশেষ উপকারী। লিকুইড টঙ্গার। মাত্রা ॥০—১ ড্রাম।

ভাইবার্ণম প্রুনিফোলিয়ম বা ব্লক হ।

Viburnum Prunifolium or black Haw.

বৃক্ষের বল্কল জরায়ুর অবসাদক, আক্ষেপনিবারক।

ব্যবহার—গর্ভস্রাব নিবারন জন্য, গর্ভাবস্থায় রক্তস্রাব, গর্ভাবস্থায় বমন, জরায়ুহইতে রক্তস্রাব, কষ্টরজঃ, হিষ্টিরিয়া প্রভৃতি রোগে ব্যবহার হয়। লিকুইড এক্সট্রাক্টের মাত্রা ॥০—১ ড্রাম।

ওয়ারবর্গস টিংচার, Warburg's Tincture.

ইহা প্রুভ স্পিরিটের টিংচার, ইহাতে সল্‌ফেট অফ্‌ কুইনাইন ৫০ ভাগে ১ ভাগ, সকোট্রাইন এলোজ ৪০ ভাগে ১ ভাগ, ওপিয়ম ৪০০০ ভাগে ১ ভাগ, রুবার্ব্ব ১২৫ ভাগে ১ ভাগ, কেম্ফর ৫০০ ভাগে ১ ভাগ ও বিবিধ এরোমেটিক। ইহাতে ভেদহয় ইচ্ছা-হইলে এলোজ ত্যাগকরা যাইতে পারে। মাত্রা ১—৪ ড্রাম।

রেমিটেণ্ট ওইণ্টার মিটেণ্টফিবার, মেলেরিয়েল নিউরালজিয়া, জরের তাপাধিক্য নানাপ্রকার কোলাপ্স। প্রথমে কোষ্ঠ পরিষ্কার করিয়া কোনপ্রকার পানীয় দিবেনা, শুন্যোদরে ঔষধ ব্যবহার করিবে, ২ মাত্রা সেবনের মধ্যে কোনপ্রকার খাদ্য বা পানীয় দিবেনা, প্রয়োজন হইলে ব্রাণ্ডি বা বিস্কুট দিবে। প্রথম মাত্রা সেবনের তিনঘণ্টা পরে আর এক মাত্রা ব্যবহার করিতে হয়। ইহাতে অতিশয় ঘর্ম্ম হইয়া জ্বরত্যাগ পায়। ইহাতে বিশেষ প্রকার সুগন্ধ দ্রব্য থাকাতে ঘর্ম্মকারক হয় সুগন্ধ দ্রব্য ঘর্ম্মপথে নির্গত হয় এজন্য ঘর্ম্মে সুগন্ধবর্ত্তে।

ইনোস ফ্রুট সল্টস, Eno's Fruit Salts.

ইহার ক্রিয়া সিডলিজ পাউডারের ন্যায়।

ডিনাফোর্ড, Dinnaford fluid Magnesia.

ইহার ক্রিয়া লাইকর মেগনেসি কার্ব্বনাস ইফার ভেসেণ্ট ন্যায়।

লেজারেসস এসেন্স অফ্‌ চিরতা।

Lazarasus Essence of Chireta.

ইহা বলকারক, আগ্নেয়, জরঘ্ন, পুরাতন জ্বর, অজীর্ণ, দুর্ব্বলতা, যকৃতের ক্রিয়া বৈষম্য উপকারি।

কেলেন ডিউলি ফ্লোরিম, Calendulæ Florum

Marigold Flowers. গেঁদাফুল।

গেঁদাফুল স্থানিক প্রয়োগে রক্ত রোধক পচন নিবারক, রক্ত-স্রাব যুক্ত ক্ষত সাধারণ ক্ষত, কর্ণেপুজ, আভ্যন্তরিক ব্যবহারে রক্ত রোধক। মাত্রা টিংচার ৫—২০ মিনিম।

কলেন পরিটিয়তে (ডি, গুপ্ত আরক) সুধাসিন্ধু প্রভৃতি প্লীহা ও মেলেরিয়া জ্বরের ঔষধ মধ্যে সচরাচর কুইনাইন, সল-ফেট অফ্ আয়রন ডাইলিউট সলফিউরিক এসিড, মেগনিসিয়ম সলফেট ও জল এবং কোন২ টীতে কার্ব্বলিক এসিড ও আইও-ডাইন আছে তাহার প্রমান পাওয়া যায়। বিজয় বটিকা ও সর্ব্বজ্বর গজসিংহ প্রভৃতি বটিকা ঔষধে কুইনাইন, কুইনিডাইন, সিঙ্কোনিডাইন, সিঙ্কোনা ফোব্রিফিউজ, কপার্স, এলোজ, এলো-ইন, পডোফিলিন, ইউনিমিন, লৌহ প্রভৃতির বিশেষ২ সংযোগে প্রস্তুত বলিয়া বোধ হয়। কোন কোন টীতে আর্সিনিক ও নক্স-ভমিকা বা ষ্ট্রীকনিয়া থাকে। এই সকল ঔষধের স্বত্বাধিকারীগণ যথেষ্ট অর্থোপার্জ্জন করিয়াছেন এজন্ম ঔষধের প্রচলন অনেক বলিয়া বোধহয়। ঐসকল ঔষধ মধ্যে কোন২ টীতে অবস্থা বিশেষ২ ফলহইতে দেখা গিয়াছে কিন্তু যেসকল ঔষধের উপাদান ভালরূপ জানা যায়নাই এরূপ কোন ঔষধই কোন সুচিকিৎসক অনুমোদন করেন না।

রুবিনির কেম্ফর স্পিরিট।

কর্পূর সমপরিমান আলকোহলে দ্রব। ক্রিয়া ধারক। ব্যবহার ডায়েরিয়া, কলেরা। মাত্রা ৫—১০ ফোঁটা। চিনির সহিত সেব্য।

ক্লোরোডাইন।

ইহাতে মর্ফিয়া, ক্লোরোফরম, হাইড্রোসিয়ানিক এসিড, রেক্টিফাএড্ স্পিরিট, কেনাবিসইণ্ডিকা, সিরপ, গুড়। কৈহ্ট মধুর সার পেপারমিণ্ট তৈল, লঙ্কামরিচ প্রভৃতি থাকে। ক্লোরোডাইন নানাপ্রকার ইহার উপাদান ও বিবিধ। কিন্তু সকল গুলির প্রধান উপাদান প্রথমোক্ত ৩টী কি ৪টী দ্রব্য। মাত্রা কলিস ব্রাউনের ১০—৩০ ফোটা ১ আউন্স জলে ৩—৪ ঘণ্টান্তরে সেব্য। ক্রিয়া—বেদনা নিবারক, আক্ষেপ নিবারক, বমন নিবারক। ধারক, নিদ্রাকারক।

কড্‌লিবার অয়েল।

কেপলারের মণ্ট এক্সট্রাক্ট সহ ইমলসন ইহা গন্ধহীন। সুমিষ্ট, সহজে জীর্ণ হয়।

স্কটস ইমল্‌সন অফ্ কড্‌লিভার অয়েল, হাইপো ফস্ফাইট অফ লাইম ও সোডাসহ ইমলশন।

ইহাতে কড্‌লিভার অয়েলের দুর্গন্ধ নাই, মিষ্ট, সহজে জীর্ণ হয়। ক্রিয়া—পোষক, পরিবর্ত্তক, বলকারক। মৃদুবিরেচক। মাত্রা ৪ ড্রাম।

গ্রিমণ্টস সিরপ অফ্ হাইপো ফস্ফাইট অফ্ লাইম।

ক্রিয়া—বলকারক। ব্যবহার—থাইসিস ক্রনিক ব্রঙ্কাইটিস। মাত্রা ৪ ড্রাম।

ডুসার্টস্ সিরপ অফ লেকটো ফস্ফেট অফ লাইম।

ক্রিয়া—বলকারক, পোষক। ব্যবহার—স্ক্রফিউলা, দুর্ব্বলতা, রিকেটস, মাত্রা ৪ ড্রাম আহারের পূর্ব্বে সেব্য।

কলেরা পিলস্।

(১) ধারক—আফিম ১ গ্রেণ, হিং ১ গ্রেণ, কর্পূর ১ গ্রেণ, গোলমরিচ চূর্ণ ১ গ্রেণ একত্রে মিশ্রিত করিয়া ১টী বটিকা প্রস্তুত কর। প্রতি দাস্তের পর ১টী করিয়া বা অবস্থা বিশেষে ১।২ কি ৩ ঘণ্টাপর সেব্য। (২) উত্তেজক পিল ধারক পিলের মত কেবল প্রতি পিলে ১ গ্রেণ অহিফেন না দিয়া তৎপরিবর্ত্তে ১ বিন্দু কেজুপটি তৈল দেওয়া হয়। (৩) লেড কলরা পিলস অহিফেন ।০ গ্রেণ, সুগার অফ্ লেড ৩ গ্রেণ মধু যথাবশ্যক এক বটিকা প্রস্তুত করিবে।

দেশীয় ঔষধ।

১। ইশবগুল—ইহা একপ্রকার বৃক্ষের বীজ। বৃক্ষ ভারতবর্ষের নানাস্থানে,বিশেষতঃ আসাম প্রদেশে জন্মে। ক্রিয়া—স্নিগ্ধকারক, মৃদু সঙ্কোচক। ব্যবহার—ডায়েরিয়া, ডিসেণ্ট্রী, অন্ত্রের উত্তেজন, প্রমেহ মাত্রা ২।।০ ড্রাম অর্দ্ধ ড্রাম মিছরির সহিত সেব্য। কেহ২ বলেন শুষ্কবীজ মিছরির সহিত সেবন করিলে উদর মধ্যে জল শোষন করিয়া ক্রমশঃ স্ফীত ও মণ্ডনির্গত হইতে থাকে ঐ মণ্ড অন্ত্রের নিম্ন অংশে সংলেপিত হয়। বীজকে অল্পউষ্ণ করিয়া চূর্ণ করিলে পাউডার প্রস্তুত হয়। মাত্রা ।।০—১।।০ ড্রাম সমপরিমাণ শর্করা সহ সেব্য। ইসবগুল ২ ড্রাম ১ পাইণ্ট জলে আবৃত পাত্রে ১০ মিনিট ফুটাইয়া ছাঁকিবে, এই ডিককশনের মাত্রা ২—৪ আউন্স দিবসে ৩।৪ বার। ইসবগুল শীতল জলে ভিজাইলে ও মণ্ড প্রস্তুত হয়; ইহা বীজ শুদ্ধ অথবা বীজ অস্তর করিয়া

শর্করা সহযোগে পান করান যায়। এই নিয়মে সাধারণ লোকে সচরাচর ইশবগুল পান করে। ইহাতেও উপকার হয়।

২। বিহিদানা—বৃক্ষেরবীজ, কাবুল হইতে আমদানী হয়। ক্রিয়া—স্নিগ্ধকারক। মিউকসমেমব্রেণের প্রদাহ ও উগ্রতা নিবারণার্থ উপকারী শীতল ও উষ্ণ উভয় জলে ভিজালে মণ্ডনির্গত হয়। ইসবগুলের ন্যায় ইহার ২ ড্রাম ১ পাইণ্ট জলে মৃদুতাপে ১০ মিনিট ফুটালে মণ্ড বা ডিককশন প্রস্তুত হয়। ছাঁকিয়া ২—৪ আউন্স মাত্রায় দিবসে ৩। ৪ বার দেওয়া যায়। শীতল জলে ভিজাইয়াও ব্যবহার হয়।

৩। কুঁচমূল—কুঁচফলদ্বারা স্বর্ণকার ও পোদ্দারগণ স্বর্ণ ওজন করিয়া থাকে ৬টাকুঁচ ওজনে একআনা। এই কুঁচবৃক্ষ বঙ্গদেশের অনেকস্থানে জন্মে। কুঁচফল বিষাক্ত কিন্তু ইহার মূলের ক্রিয়া—স্নিগ্ধকারক সর্ব্বমতে যৈষ্টি মধুর ন্যায়। উহার পরিবর্ত্তে ব্যবহার করা যাইতে পারে। সদ্য ও শুষ্ক উভয় অবস্থায় ব্যবহার হয়। কুঁচমূল চূর্ণ করিয়া জলে ১২ ঘণ্টা ভিজাইবে ছাঁকিয়া ফুটাইবে, ছাঁকিয়া তাপে ঘন করিয়া লইবে। মাত্রা ৷৷০—১ ড্রাম।

৪। রামতরুই—ঢেঁড়স। বৃক্ষের ফল। বঙ্গদেশের সর্ব্বত্র জন্মে সচরাচর লোকে ইহার তরকারি খাইয়া থাকে। কাঁচাফলে প্রচুরপরিমাণ পিচ্ছিল মণ্ড (মিউসিলেজ) থাকে। ক্রিয়া—স্নিগ্ধকারক, মূত্রকারক, পোষক। পাতার পুল্টিস হয়। ব্যবহার—শ্বাসযন্ত্রের উগ্রতা ও কাশিরোগে ব্যবহার হয়। কচি ঢেঁড়স খণ্ড খণ্ড কাটা ৪ আউন্স, জল ১ পাইণ্ট ২০ মিনিট ফুটাইয়া ছাঁকিবে। মাত্রা যথেচ্ছা।

৫। বাবুই তুলসী বীজ—বৃক্ষের বীজ। ভারতবর্ষের অনেক

স্থানে জন্মে। ক্রিয়া—স্নিগ্ধকারক, শিথিল কারক, গনরিয়া ও মূত্র নলের শ্লৈষ্মিক ঝিল্লির যাবতীয় প্রদাহ। সর্দ্দি, ডিসেণ্ট্রি, ক্রনিকডায়েরিয়া, প্রসবান্তে হেঁপাল বেদনা, গ্যাষ্ট্রিকইরিটেশন, প্রদাহিত স্থানে স্থানিক। ১ ড্রাম বীজ ৮ আউন্স জলে ২ ঘণ্টা ভিজাইলে মণ্ড প্রস্তুত হয়। মাত্রা যথেচ্ছা। বাবুই তুলসীবীজ জলে ভিজাইয়া রাখিলে ফুলিয়াউঠে তদবস্থায় পাতলা নেকড়ার থলের মধ্যে করিয়া পুল্টিস ব্যবহার করাযায়।

৬। তেওরি মূল—বৃক্ষের মূল। বঙ্গদেশের প্রায় সর্ব্বত্রই জন্মে। ক্রিয়া—বিরেচক, উগ্রতা গুণনাই। ব্যবহার কোষ্টবদ্ধ। শুষ্কমূলের ত্বক চূর্ণের মাত্রা ২০—৪০ গ্রেণ। চিনির সহিত সেব্য। সচরাচর ২০ গ্রেণ ব্যবহৃত হয়। গ্রাম্য লোকে কাঁচামূল ও ব্যবহার করে।

৭। কালাদানা।—লতারবীজ। ভারতবর্ষের সকলস্থানে জন্মে। ক্রিয়া—বিরেচক, ইহা নিরাপদ ও নিশ্চিত। ক্রিয়াক্রত এবং জালাপ ও রেউচিনির মধ্যবর্ত্তী। জালাপের পরিবর্ত্তে ব্যবহার হয়। জালাপপাউডার পুরাতন হইলে অনেকসময় ভেদ না হইয়া পেট গরম ও পেটে বেদনাহয় কিন্তু কালাদানা টাটকা ভাজিয়া চূর্ণ করিলে প্রায় বিফল হয় না। জালাপের ন্যায় ইহাসেবনে বমনেচ্ছা হয় না। ব্যবহার—কোষ্ট বদ্ধ ইত্যাদি। চূর্ণেরমাত্রা ৩০—৫০ গ্রেণ। কালাদানা চূর্ণ ৫ ড্রাম, ক্রিম অফটার্টার ৯ ড্রাম, জিঞ্জার চূর্ণ ১ ড্রাম একত্রে চূর্ণ মিলিত করিয়া, পাতলা কাপড়ে ছাঁকিবে। মাত্রা ৫০—৬০ গ্রেণ।

৮। নাপুলন্দ।—বৃক্ষের বীজ। ভারতবর্ষের উত্তর পশ্চিম অঞ্চলে জন্মে। পাটনা প্রভৃতি স্থান হইতে আমদানি হয়। ক্রিয়া—

বিরেচক, বলকারক। ক্রিয়া মৃদু ও নিরাপদ। চূর্ণের মাত্রা ২০—৩০ গ্রেণ। চর্ম্মরোগে বিরেচনজন্য ব্যবহার হয়। ইহাতে ২।৩ টী দাস্ত হয়। বমনইচ্ছা ও পেটে কামড় হয় না।

৯। হরিতকী।—বৃক্ষের ফল, মহীশূরও বঙ্গদেশে জন্মে। বাল-হরিতকী বা জঙ্গিহরিতকী অপক্ক ফল, ইহার বীজনাই ক্রিয়া বিরেচক। বড় হরিতকী পক্ক ইহা সঙ্কোচক গুণবিশিষ্ট। ক্রিয়া সাধারণতঃ বিরেচক, পাকা ফল সঙ্কোচক। মাত্রা বীজবিহিন অপক্ক হরিতকী চূর্ণের বিরেচক মাত্রা ১—২ ড্রাম। মধু মিলিত, করিয়া সেব্য। হরিতকীফলের মাত্রা ৩—৬ টী।

৬টী হরিতকী চূর্ণ, দারুচিনি কিম্বা লবঙ্গ চূর্ণ ১ ড্রাম, জল কিম্বা দুগ্ধ ৪ আউন্স। ১০ মিনিট ফুটাইবে, ছাঁকিয়া শীতল হইতে দিবে। এই পরিমাণ পূর্ণবয়স্কে সেবন করিলে, পেটে বেদনা বমন ইত্যাদি কোন অসুখ ব্যতীত ৩।৪ দাস্ত হয়। ১২—১৪ বৎসর বয়স্কের জন্য পরিমাণ উহার অর্দ্ধেক। বালক ও শিশুদের জন্য হরিতকী অব্যবস্থা। সকলপ্রকার হরিতকী স্থানিক ব্যবহারে সঙ্কোচক, পক্ক হরিতকী সঙ্কোচক ক্রিয়াজন্য স্থানিক ব্যবহার হয়। বয়ড়া ২ আমলা ৪ ও হরিতকী ১ ভাগ লইয়া জলে সিদ্ধ করিলে ত্রিফলাজল প্রস্তুত হয়। এই জল দন্তমূল ও মুখেরক্ষতে কুল্লি এবং শ্বেত প্রদরাদিতে পিচকারি দেওয়া যায়।

১০। তেঁতুল।—বৃক্ষেরপক্কফল। বঙ্গদেশে বিস্তর জন্মে। ক্রিয়া শৈত্যকারক, মৃদু বিরেচক। পুরাতন তেঁতুল সচরাচর ব্যবহার হয়। বিরেচক মাত্রা ।০ আউন্স।

১১। পটল।—পত্র, ফল ও লতা ব্যবহার হয়। ফল তরকারি, পাতা রোগান্তে দুর্ব্বলাবস্থায় ঝোলরূপে ব্যবহার হয়। ইহার

কন্দ বা মূলের মোটা অংশ অতিবিরেচক, ইহাতে ... ভেদ হয়।

... কুমারী।—দেশী বৃক্ষের নিষ্পেষিত রস শুষ্ক করা ... ইহাকে মুশব্বর বলে। ক্রিয়া বিরেচক। কাঁচাপাতা হইতে প্রস্তুত ... ডিসিলেজ স্নিগ্ধকারক। গনরিয়ায় ব্যবহার ...

১৩ নাটাকরঞ্জা, কটকরঞ্জা।—বৃক্ষের বীজ। বঙ্গদেশে জন্মে। ... ক্রিয়া-বলকারক, জ্বরঘ্ন। ফলমধ্যস্থ শস্যচূর্ণ ১০—১৫ গ্রেণ মাত্রায় ব্যবহার হয়। পালাজ্বরে বিশেষ উপকারক। কুইনাইন অপ্রাপ্য ... হইলে উহার পরিবর্ত্তে ব্যবহার্য্য।

... শস্য গোলমরিচচূর্ণ ১ অংশ একত্রমিশ্রিত ... চূর্ণরূপে আবদ্ধ বোতলে রাখিবে মাত্রা—১০—১৫ গ্রেণ দিবসে ৩ বার, এইপ্রকার ব্যবহারে বিশেষ ফলপ্রদ ও সুগন্ধময়।

১৪ আতিস।—বৃক্ষের কন্দ ভারতবর্ষে জন্মে। ক্রিয়া—তিক্ত, বলকারক, পর্য্যায় নিবারক। ব্যবহার—দুর্ব্বলতা, পালাজ্বর। চূর্ণের মাত্রা ২০—৩০ গ্রেণ পর্য্যায় নিবারক। ৫—১০ গ্রেণ বলকারক।

১৫ রসোত।—বৃক্ষের মূল ও শাখা হইতে জলদ্বারা প্রস্তুত সার নির্য্যাস। হিমালয় প্রদেশেজন্মে। ক্রিয়া—বলকারক, পর্য্যায় ... ব্যবহার—দুর্ব্বলঅবস্থা, পর্য্যায় জ্বর, স্থানিক—চক্ষু উঠাতে অক্ষিপুটে লেপদেয়। মাত্রা ১০—২০ গ্রেণ।

১৬ কালমেঘ।—ঔষধির মূল ও কন্দ। বঙ্গদেশের সর্ব্বত্র জন্মে। ক্রিয়া—তিক্ত ... হয়। রোগান্তে দুর্ব্বলতা ও অজীর্ণ ... ব্যবহার হয় ... চিরাশিয়ার ন্যায়। ॥০ আউন্স কালমেঘচূর্ণ, ৬০ গ্রেণ কমলাত্বক, ৬০ গ্রেণ ধনে ১০ আউন্স ফুটিত

জল আবৃত পাত্রে ১ ঘণ্টা ভিজাইয়া ছাকিবে। মাত্রা ১—২ আং। কালমেঘ খণ্ড২ বিভক্ত ৬ আউন্স, মার ১ আউন্স,এলোজ ১ আউন্স ব্রাণ্ডি ২ পাইন্ট, সপ্তাহকাল আবৃত পাত্রে ভিজাইয়া মধ্যে২ নাড়িবে, ফিল্টার বা পর্কোলেট করিবে। মাত্রা ১—২ ড্রাম বলকারক, উত্তেজক, বিরেচক।

১৭ নিম্ববল্কল।—নিমছাল। ক্রিয়া বলকারক,পর্য্যায় নিবারক অন্নসঙ্কোচক। ব্যবহার—পালাজ্বর, দুর্ব্বল অবস্থা। নিমপাতা সিদ্ধ জলে ক্ষত ধৌতকরিলে উপকার হয়। নিমপাতা বাঁটিয়া লইলে উত্তম পুল্টিশ প্রস্তুত হয়। নিম্ববল্কলের অভ্যন্তর অংশ ২ আং জল ১৷৷০ পাইণ্ট আবৃত পাত্রে ১৫ মিনিট সিদ্ধ করিয়া ছাঁকিয়া লইবে মাত্রা ১—২ আউন্স।

১৮। ছাতিম। বৃক্ষেরত্বক। বঙ্গদেশে অনেক জন্মে। ক্রিয়া—বলকারক, পর্য্যায় নিবারক, সঙ্কোচক। ব্যবহার ক্রনিক ডায়েরিয়া ওডিসেণ্ট্রী, দুর্ব্বলতা মাত্রা—চূর্ণ ৩—৫ গ্রেণ। ছাতিম ২৷৷০ আউন্স প্রুফস্পিরিট ১ পাইণ্ট পর্কোলেশন বা মেসিরেশনদ্বারা প্রস্তুত করিবে। মাত্রা ১—২ ড্রাম। ছাতিম বল্কল ৷৷০ আউন্স স্ফুটিত জল ১০ আউন্স আবৃত পাত্রে ১ ঘণ্টা ভিজাইয়া ছাঁকিবে। মাত্রা ১—২ আউন্স।

১৯। গোলঞ্চ।—দেশীয় লতা। মূলও কন্দ ঔষধে ব্যবহার হয়। ক্রিয়া—বলকারক, পর্য্যায়নিবারক, মূত্রকারক, পরিবর্ত্তক। ব্যবহার—পালাজ্বর, দুর্ব্বলতা, বাত, উদরিও শোথ, যকৃতসংযুক্ত পুরাতনজ্বর, প্রমেহ, উপদংশ। গোলঞ্চ খণ্ড২ কাটা ১ আউন্স শীতল জল ১০ আউন্স, আবৃত পাত্রে ৩ ঘটা ভিজাইয়া ছাঁকিবে মাত্রা ১—৪ আউন্স দিবসে তিনবার। ইনফিউসন সিনামন সমপ

রিমাণ মিলাইয়া ব্যবহারে সেবনে কষ্টহয় না। গোলঞ্চের পাল বা এক্সট্রাক্ট ব্যবহার হয়। ডিককশন সার্জাডিককশনের ন্যায় প্রস্তুত হয়। পাল শ্বেতবর্ণ, ময়দার মত চূর্ণ, অতিশয় তিক্ত।

২০। ভাঁট, ঘেটু।—দেশীয়। বৃক্ষের পাতারয়স। ক্রিয়া—কৃমী নাশক, পর্য্যায় নিবারক, বলকারক, শিশুদের জন্য বিশেষ উপযোগী। প্রাপ্ত বয়স্কের মাত্রা ১—৪ ড্রাম ব্যবহার—কৃমী, রাউণ্ড ও থ্রেড ওয়ারম, পালাজ্বর, অজীর্ণ।

২১ ক্ষেতপাপড়া।—দেশীয় উদ্ভিদ। সমুদয় অংশ ঔষধে ব্যবহার হয়। ক্রিয়া—তিক্ত বলকারক, মূত্রকারক, পরিবর্ত্তক, মৃদু বিরেচক, রক্তশোধক, জ্বরঘ্ন। ব্যবহার—অজীর্ণ,পুরাতনজ্বর, দুর্ব্বলতা পালাজ্বর, যকৃতের ক্রিয়াবিকার ইত্যাদি। ইহা অনেকঅংশে টেরাক্সিকমেরন্যায়, কবিরাজগণ প্রায়ই অন্যান্য ঔষধ সহিত কাথ বা পাচন আকারে ব্যবহার করেন। ক্ষেতপাপড়ার অমিশ্র ডিককশন ও প্রস্তুত করাযায়। ক্ষেতপাপড়া ১ আউন্স, জল ১ পাইন্ট ১০ মিনিট ফুটাইয়া ছাঁকিবে। মাত্রা ১—২ আউন্স।

২২। কণ্টকলিকা।—দেশীয়। বৃক্ষের মূল। ক্রিয়া মূত্রকারক, বলকারক। ব্যবহার—শোথ, পাথুরী। কণ্টকলিকামূল ১ আউন্স জল ১ পাইন্ট সিদ্ধ করিয়া ১৪আউন্স থাকিতে নামাবে। ছাঁকিয়া ব্যবহার করাযায় মাত্রা ॥০—১॥০ আউন্স।

২৩। গোক্ষুরা ফল।—বড় গোক্ষুরা। দেশীয়। বৃক্ষের ফল। ক্রিয়া—মূত্রকারক, বলকারক, স্নিগ্ধ কারক, কামোদ্দীপক। ব্যবহার—প্রমেহ, কাশ, ধ্বজভঙ্গ। মূত্রযন্ত্রের উগ্রতা ইত্যাদি।

২৪ নালতেপাতা।—পাটপাতা। দেশীয়। পাটগাছেরপাতা। পাটপাতা শুষ্ক করিয়া নালতে পাতা নামে বিক্রিয় হয়। ক্রিয়া—

তিক্ত, বলকারক, আগ্নেয়। ব্যবহার—জরান্তে দুর্ব্বলতা, পুরাতন জ্বর, আমাশয় ও উদরাময়ের পর দুর্ব্বলতা, অজীর্ণ। লালতে পাতা।০—॥০ আউন্স পরিষ্কার শীতল জল ১০ আউন্স একঘণ্টা ভিজাইয়া ছাঁকিয়া লইবে। মাত্রা ১—২ আউন্স। সচরাচর পাট-পাতা শীতল জলে সমস্ত রাত্রি ভিজাইয়া প্রাতে ছাঁকিয়া ব্যবহার করিয়া থাকে।

২৫। গন্ধ ভাদুলী।—গাঁদাল। দেশীয়। লতার সমুদয় অংশ ব্যবহায় হয়। অত্যন্ত দুর্গন্ধ বলিয়া এই নাম হইয়াছে। ক্রিয়া—স্নিগ্ধকারক ও মৃদু সঙ্কোচক গুন বলিয়া উদরাময় ও আমাশয়ের রোগীর তরকারি রূপে বিস্তর ব্যবহার হয়। রন্ধন করিলে দুর্গন্ধ অনেক দূর হয়।

২৬। বকম কাষ্ট। শ্যামদেশ জাত। ফরিদপুর প্রভৃতি স্থানেও জন্মে। ক্রিয়া—সঙ্কোচক। ক্রিয়া ব্যবহার ও প্রয়োগরূপ লগউডের অনুরূপ এবং উহার পরিবর্ত্তে ব্যবহার হইতে পারে।

২৭। বাবলাছাল। দেশীয়। ইহার আঠা গম একেসিয়ার পরিবর্ত্তে ব্যবহার হইতে পারে। বাবলাছাল প্রবল সঙ্কোচক, ওকবার্কের পরিবর্ত্তে ব্যবহার হইতে পারে। বাবলার ডিকশন, কুল্লি ও শ্বেতপ্রদরাদিতে যোনী প্রণালী প্রভৃতিতে পিচকারী রূপে ব্যবহারে বিশেষ উপকার হয়। প্রয়োগরূপ ওক বার্কের ন্যায়।

২৮। গাব—দেশীয়। ফলের রসে শতকরা ৬০ ভাগ ট্যানিক এসিড আছে। ক্রিয়া—সঙ্কোচক। গাব ফলের রস বাহির করিয়া ওয়াটার বাথের তাপে শুষ্ক করিলে এক্‌ট্রাক্ট প্রস্তুত হয়। মাত্রা ১—৫ গ্রেণ। ২ ড্রাম এক্‌ট্রাক্ট ১ পাইন্ট জলে দ্রব করিলে

কুল্লি ও পিচকারির জল প্রস্তুত হয়। ব্যবহার ক্রনিক ডায়ে-রিয়া ও ক্রনিক ডিসেণ্টি। স্থানিক—লিকোরিয়া, দন্তমাড়ির স্ফীততা।

২৯। কুরচি। কূটজ। দেশীয়। বৃক্ষের মূলের ত্বক অধিক উপ-যোগী। ক্রিয়া—ডিসেণ্টি নাশক, সঙ্কোচক, পর্য্যায় নিবারক, বলকারক। ব্যবহার—ডায়েরিয়া, ডিসেণ্টি প্রভৃতি উদর-গহ্বরের পীড়া। রক্তামাশয়ে ইহা প্রায় অব্যর্থ, ইহার বীজকে ইন্দ্রযব বলে। ইন্দ্রযব ক্রিমিনাশক। কুরচি মূলের বল্কল চূর্ণ ৪ আউন্স ১ পাইণ্ট জলে সিদ্ধ করিয়া অর্দ্ধেক বা ১০ আউন্স থাকিতে নামাইয়া উষ্ণাবস্থায় ছাঁকিবে। মাত্রা :—২ আউন্স। মূলের বল্কল কাঁচা ও শুষ্ক উভয় অবস্থায় ব্যবহার হইতে পারে। অরাগ্নে দুর্ব্বলতা সহ উদারময় কিম্বা আমাশয়ের সঞ্চার থাকিলে বিশেষ উপযোগী।

৩০। পলাস। কিংশুক। দেশীয়। বৃক্ষের ত্বক হইতে নিঃসৃত গঁদ। ইহাকে বেঙ্গল কাইনো বলে, গ্রীষ্মকালে বৃক্ষের ত্বক ছেদ করিলে লালবর্ণ রস নির্গত হয়, এই রস ক্রমে ঘন হইয়া গঁদ প্রস্তুত হয়। ইহাতে প্রচুর পরিমাণ টেনিক ও গেলিক এসিড আছে। রাসায়নিক উপাদান ও ভেষজগুণ ঠিক কাইনোর ন্যায়। মাত্রা—৪—৩০ গ্রেণ। দারুচিনি সহিত চূর্ণাকারে সেব্য। ক্রিয়া—সঙ্কোচক। ব্যবহার পুরাতন উদারময়, পাইরোসিস ইত্যাদি। সঙ্কোচক ক্রিয়া জন্য বাহ্য প্রয়োগ হয়। পলাসবীজ উৎকৃষ্ট কৃমি নাশক।

৩১। রক্তচন্দন। দেশীয়। বৃক্ষের কাষ্ঠ। ক্রিয়া সঙ্কোচক। কবিরাজগণ রক্তস্রাবাদি রোগে ব্যবহার করেন।

৩২। বহেড়া। দেশীয়। বৃক্ষের ফল। ক্রিয়া—সঙ্কোচক, মৃদু

বিরেচক, বলকারক, আগ্নেয়। ব্যবহার—উদরাময়াদি রোগ। অজীর্ণ। স্থানিক—শ্বেত প্রদরে পিচকারি, মুখগহ্বর ও গলার রোগে কুল্লি।

৩৩। আমলকি। আমলা। বৃক্ষের ফল। ক্রিয়া—সঙ্কোচক। কাঁচ ফল অম্ল ও বিরেচক, স্নিগ্ধকারক, আগ্নেয়। শুষ্ক ফল সঙ্কোচক। ইহার মোরব্বা প্রস্তুত হয়। ব্যবহার—অজীর্ণ, উদরাময়, স্কার্ভি। আমলায় মাথা ঘসিলে, কেশ পরিষ্কার ও সুরভি হয়, আমলার কচিশাখা জলে দিলে জল পরিষ্কার হয়।

৩৪। নাগকেশর। নাগেশ্বর। বৃক্ষের ফুল। ক্রিয়া—সঙ্কোচক। ব্যবহার—অর্শ। মাত্রা শুষ্ক পুষ্প চূর্ণ ২০—৬০ গ্রেণ মাখনের সহিত সেব্য। নাগেশ্বর বীজের তৈলকে নহর অয়েল বলে পাচড়া রোগে উপকারী।

৩৫। সমরাজ। ওষধি। বঙ্গদেশের সর্ব্বত্র জন্মে। বৃক্ষের সকল অংশ অত্যন্ত তিক্ত কিন্তু বীজমাত্র ঔষধে ব্যবহার হয়। ক্রিয়া—তিক্ত, কৃমী নাশক, মূত্রকারক। বীজচূর্ণের মাত্রা ২০ গ্রেণ।

৩৬। পিপুল। লতার শুষ্ক ফল। বঙ্গদেশেজন্মে। ক্রিয়া—বায়ুনাশক, উত্তেজক, পরিবর্ত্তক, মৃদুবিরেচক। ব্যবহার—কফ, কাশি প্রভৃতি শ্বাস যন্ত্রের পীড়া, অজীর্ণ। পিপুল, গোলমরিচ ও আদা একত্রে বাঁটিয়া খাইলে বায়ুজনিত (পেট ফাঁপা) শূলপীড়ায় অতিশয় উপকারী। আমাদের দেশীয় প্রথায় প্রসবের পর যে ঝাল দেওয়া হয় তাহার প্রধান দ্রব্য পিপুল, কফ ও শ্লেষ্মার দমন করিয়া শরীরকে উত্তেজিত রাখিবার জন্য সম্ভবতঃ এই প্রকারে পিপুল ব্যবহার হয়। চূর্ণের মাত্রা ২—৮ গ্রেণ। পিপুল চাটনি, টিংকচার, ইনফিউশন ইত্যাদি আকারে ব্যবহার হয়।

৩৭। বাকশ। বৃক্ষের পত্র ও মূলের বল্কল। ভারতবর্ষে সর্ব্বত্র জন্মে। ক্রিয়া—কফঃ নিঃসারক, আক্ষেপ নিবারক। ব্যবহার যক্ষ্মাকাশ ও তৎসহজ্বর, এজমারোগে অনেক সময় এরূপ আশ্চর্য্য ফলদেয় যে তদ্দর্শনে কেহকেহ ইহাদ্বারা এই রোগের পেটেন্ট ঔষধ প্রস্তুত করিয়াছেন। পালাজ্বরেও ইহারদ্বারা উপকার হয়। মাত্রা পাতার রস ১ ড্রাম দিবসে ২ বার, স্পিরিট সহিত সরুস প্রস্তুত করিয়া ব্যবহার করাযায়। পাতার ও মূলের ইনফিউশন ও ডিককশন এবং সিরপ ব্যবহার করা যাইতে পারে।

৩৮। উলটকমল। বৃক্ষের মূলের বল্কল। পূর্ব্ব ও উত্তর বঙ্গে জন্মে। ক্রিয়া—রজোনিঃসারক, জরায়ুর উপর বিশেষপ্রকার ক্রিয়া আছে। কষ্টরজঃ, রজোলোপ, রক্তের অনিয়মিততা, লিকোরিয়া, গনোরিয়া প্রভৃতি রোগে বিশেষ উপকারক জরায়ু ও ঋতু সম্বন্ধীয় রোগে বন্ধ্যাতা জন্মিলে উলট কমলে প্রায় আরোগ্য হয়। শুষ্ক মূলের বল্কল ১০-১৫ গ্রেণ মাত্রায় গোলমরিচ সহিত জল দিয়া বাটিয়া প্রত্যহ প্রাতে শূন্যোদরে একবার করিয়া ঋতুর তিন দিন পূর্ব্বে খাইতে হয়। একবারে আরাম না হইলে বার ২ এই নিয়মে ব্যবহার্য্য। আমরা সচরাচর বার আনা ওজন কাঁচা মূল (ত্বক ও কাষ্ঠ সহ) ৭টী গোলমরিচ সহিত ৷৹ হইতে ১ ছটাক জলে বাটিয়া ঋতুর ৭ দিন পূর্ব্বে প্রত্যহ খাইতে ব্যবস্থাদিয়া যথেষ্ট উপকার হইতে দেখিয়াছি। কষ্ট রজঃ বা বাধক পীড়াতেই সচরাচর অধিক ব্যবহার হয়। ইহার টিংচার প্রস্তুত হইতে পারে।

কাঁচামূলে যথেষ্ট মিউসিলেজ আছে একিউট গনরিয়ায় বিশেষ উপকারী।

৩৯। মুক্তঝুরি। ক্ষুদ্র বৃক্ষের মূল,পত্রও শাখা। বঙ্গদেশের সর্ব্বত্র

জন্মে। ক্রিয়া—পত্রের রস বমনকারক, কফনিঃশারক। বালক ও শিশুদের জন্য উপযোগী। অবসাদক গুণ নাই। বালক ও শিশুদের কফ কাশী রোগে ব্যবহার্য্য। সরস পত্রের রস সচরাচর ব্যবহার হয়। মাত্রা ১ ড্রাম। পত্র ও মূলের রস মৃদু বিরেচক।

৪০। গন্ধবিরোজা। ইণ্ডিয়েন টেরিবিন্থিনি। গঁদ ও ধূনাযুক্ত নির্য্যাস। বৃক্ষ হিমালয় প্রদেশে, সাহাবাদ ও মধ্য ভারতবর্ষে জন্মে। ক্রিয়া—স্থানিক উত্তেজক, উগ্রতাসাধক। পুরাতন ক্ষত উত্তেজিত করিয়া আরোগ্য করিতে ইহার মলম ব্যবহার হয়। পীত মোম ১ ভাগ, গন্ধ বিরোজা ১ ভাগ তিলতৈল ২ ভাগ, একত্র গলাইলে মলম প্রস্তুত হয়।

৪১। চালমুগরা। বৃক্ষের বিজ হইতে প্রস্তুত তৈল। আসাম প্রদেশে জন্মে। চালমুগরা তৈল স্নিগ্ধকারক, পরিবর্ত্তক। বিবিধ চর্ম্মরোগে স্থানিক ব্যবহার হয়। চালমুগরা তেল একপাইন্ট, প্যারেফিনাম ২ আউন্স মোম ৬ আউন্স তাপে গলাইয়া ছাঁকিলে মলম প্রস্তুত হয়।

৪২। নির্ম্মলী। বৃক্ষের বীজ। ক্রিয়া—জলপরিষ্কারক। একটী বীজ মলিন জলপূর্ণ কলসের মধ্যে ২।৩ মিনিট কাল ঘসিয়া দিলে অল্পকাল মধ্যে জল নির্ম্মল হয়।

৪৩। ভেলা। বৃক্ষের বিজ। ভারতবর্ষের পার্ব্বত্য প্রদেশে জন্মে। ভেলার আঠা কাপড়ে লিখিলে উঠেনা। চুন দিলে আরও পাকা হয়। ভেলার রস তীব্র। উলকী (গোদানী) টিপ প্রভৃতি দ্বারা গাত্রে স্থায়ীদাগ করিতে ব্যবহার হয়। গাত্রে লাগিলে ঘা হয়। ঘা শীঘ্র আরাম হয় না। এই ঘায়ের রস গাত্রের সুস্থস্থানে লাগিলে তথায় ঘা হয়। লিকোডর্ম্মা ও এনিস্থেসিয়া

রোগে অনেকে ব্যবহার করেন। ফল সন্তোষপ্রদ নহে। বাতনা অধিক। ভেলার রস ফোস্কাকারক।

৪৪। জৈস্থি। বৃক্ষ। বঙ্গদেশে বিস্তর জন্মে। ইহার পাতা ঔষধে ব্যবহার হয়। জৈস্থিপাতার পুল্‌টিশ অর্কাইটিস, হাইড্রোসিলের প্রথম প্রদাহ অবস্থা, হাত, পা প্রভৃতি স্থানে গোদ, লিম্ফেনজ্যা-ইটিস প্রভৃতি রোগে সাধারণলোক বিস্তর ব্যবহার করিয়া থাকে। পাতা উষ্ণ জলের সহিত অল্প পিশিয়া বা বাটিয়া পুল্‌টিস ব্যবহার করে। ক্রিয়া—শোষক, বেদনানিবারক।

৪৫। পুদিনা। বমন নিবারক। আগ্নেয়, বায়ুনাশক। সাধারণ লোক বমন নিবারণ জন্য ইহার পাতা ব্যবহার করে।

৪৬। কাকমারি। বৃক্ষের ফল অতিশয়বিশ। চূর্ণ ৮০ গ্রেণ ১আউন্স উষ্ণবসার সহিত মিলিত করিয়া মলমহয়। উকুন রোগে স্থানিক ব্যবহারে উপকারী। মস্তকের চর্ম্মেক্ষত থাকিলে, এবং বিস্তৃত স্থানে ব্যবহার নিষিদ্ধ।

৪৭। শজিনা। সদ্যমূল। গন্ধাস্বাদ ও আকার প্রকার বিলাতী হর্সরেডিসের ন্যায়। ক্রিয়া উত্তেজক, মূত্রকারক। স্থানিকপ্রয়োগে উগ্রতাসাধক, ফোস্কাকারক, লালনিঃসারক। শজিনার মূলের রস মাষ্টার্ড সহিত মিলাইয়া ব্যবহার করিলে ক্রিয়া প্রবল ও দ্রুত হয়।

৪৮। লালচিত্রা। বৃক্ষ। ক্রিয়া—উগ্রতা সাধক, ফোস্কাকারক, মূলের বক্কল বাঁটিয়া চালগুঁড়ার সহিত মিশ্রিত করিয়া লাগাইলে ফোস্কা হয়। ইহাদ্বারা ফোস্কা হইলে অত্যন্ত যন্ত্রণা হয়। ইতর লোকেরা গর্ভপাত জন্য চিতা ব্যবহার করে।

৪৯। জোয়ান্। বৃক্ষের বীজ। ক্রিয়া আগ্নেয়, উত্তেজক, বায়ু-নাশক। ব্যবহার—অজীর্ণ, শূল।

৫০ তাড়ি। তাল ও খেজুরের রস রাখিয়া দিলে পচিয়া ফেনা উঠে—ইহাকে তাড়ি বলে। তাড়ির স্থানিক ক্রিয়া ইষ্টের ন্যায় পচন নিবারক, দুর্গন্ধকারক, উত্তেজক। পচাক্ষত, কাব্বঙ্কল, প্রভৃতিতে তাড়ির পুল্টিশ ব্যবহার হয়। তাড়ি ময়দা কিম্বা চাল গুঁড়া সহিত মিলাইয়া গরম স্থানে রাখিলে ফুটিয়া উটে, উহাকে মৃদু তাপে উষ্ণ করিয়া পুল্টিশ প্রস্তুত করা হয়। তাড়ি বায়ুতে রাখিয়া দিলে সুরাতে পরিণত হয়। উহাকে চুয়াইলে দেশী মদ্য হয়।

APPENDIX.

ইউফর্বিয়েসি শ্রেণী।

কৌচুক Caoutchouc. ইণ্ডিয়ারবার India rubber.

সিফিয়া ব্রেসিলিনসিস বৃক্ষের দুগ্ধবৎ নির্যাস হইতে প্রস্তুত হয়। Pure para rubber নামে বাজারে খ্যাত।

লাইকর কৌচুক। সলিউশন অফ্ ইণ্ডিয়া রবার।

ইণ্ডিয়া রবার	১ আং	৫০ গ্রাম
বেনজোল	১০ তং আং	৫০০ কি, সে, মি
কার্ব্বন বাইসলফাইড	১০ তং আং	৫০০ কি, সে, মি

ইণ্ডিয়া রবার সূক্ষ্মখণ্ডে কর্ত্তন করিয়া, বেনজোল ও কার্ব্বন বাইসলফাইড মিশ্রণ সহ একটা ষ্টপার্ড বোতলে রাখিবে। শীতল স্থানে রাখিয়া মধ্যে২ নাড়িবে যেপর্য্যন্ত না দ্রব হয়। কার্টা-সিনাপিস প্রস্তুত করিতে ব্যবহার হয়।

হেমেমেলিডিয়েসি শ্রেণী।

হেমিমেলিডিস কর্টেক্স — হেমিমেলিস বার্ক

Hamemelidis Cortex. — Hamamelies Bark.

Synonym—Witch Hazel Bark.

হেমিমেলিস ভার্জিনিয়েনা বৃক্ষের শুষ্ক বার্ক।

টিংচুরাহেমিমেলিডিস। টিংচার অফ্ হেমেমেলিস।

হেমিমেলিসবার্ক ২০ নং চূর্ণ	২ আং	১০০ গ্রাম
এলকোহল (৪৫ পারসেণ্ট)	যথাবশ্যক।	

পাউডারকে ১৩৫ আউন্স এলকোহলে আর্দ্র করিবে, পর্কোলেশন কার্য্য সমাধা করিবে। প্রস্তুত টিংচার ১ পাইণ্ট হইবে।

মাত্রা ॥০—১ ড্রাম।

হেমামেলিডিস ফোলিয়া। হেমামেলিস লিভস।

হেমামেলিস ভার্জিনিয়েনার সদ্য শুষ্ক পত্র।

এক্সট্রাক্টম হেমেমেলেডিস লিকুইডম। লিকুইড এক্সট্রাক্ট অফ্ হেমেমেলিস।

হেমেমিলিসলিভস ৪০ নং চূর্ণ	২০ আং	১০০০ গ্রাম
এলকোহল (৪৫ পার্সেণ্ট)	যথাবশ্যক।	

পর্কোলেশনদ্বারা প্রস্তুত করিবে। মাত্রা ৫—১৫ মিনিম।

অঙ্গুয়েণ্টম হেমেমিলিডিস। হেমেমিলিস অয়েণ্টমেণ্ট

লিকুইড এক্সট্রাক্ট অফ্ হেমেমিলিস	।০ আং	১০ কি, সে, মি
হাইড্রস উলফ্যাট	২।০ আং	৯০ গ্রাম মিশ্রিত করিবে।

লাইকর হেমেমিলিডিস। সলিউশন অফ্ হেমেমিলিস

সদ্যহেমেমিলিস লিভস	৫০ আং	১০০০ গ্রাম
জল	১০০৩৫ আং	২০০০ কি, সে, মি
এলকোহল (৯০ পার্সেণ্ট)	১০৩৫ আং	২০০ কি, সে, মি

ইহাদিগকে ২৪ঘণ্টা মেসিরেট করিয়া অর্দ্ধেক ডিসটিল করিবে।

ক্রিয়া—সংকোচক, রক্তরোধক।

ব্যবহার—ইপিসটাক্সিস, হেমেটেমেসিস, হিমপটাইসিস, হিমাচুরিয়া, মেনরহেজিয়া, পাইলসের হেমরেজে বিশেষ ফলপ্রদ, অর্শের উণ্ডস্, অলসারস্, গনোরিয়া, লুকোরিয়া; আভ্যন্তরিক হিমরেজ্ নাশিয়া।

ENGLISH PAPER.

26th Octr. 1891.

Dictation.

Until near the end of the last century, the Santals lived by plundering the adjacent plains. But under British rule they settled down in to peaceful—cultivators. To prevent dispute between them and the villagers of the low lands, over officers set up in 1832 a boundary of stone pillars. But the money lender soon come among them and the simple hill-man plunged into debt. Their strong love of kindred prevented them from running away and they sank into serfs to the Hindu usurers. The poor santal gave up his whole Crop each year to the money-lender and was allowed, just enough food to keep his family at work when he died the life long burden descended to his children for the high sense of honour among the santals compells a son to take upon himself his fathers debt. In 1848 three entire villagers threw up their clearings and fled in dispair to the jungle. In 1885 the santals started in a body of 30,000 man with their bows and arrows to walk to Calcutta and lay their condition before the Governor-General. At first they were orderlys but the way was long they had to live and the hungry ones began to rot. Quarrels broke out between them and the police and within a week they were in armed rebellion, the rising was put down, not without mornful bloodshed, their complaints were carefully inquired into and a very simple system of

government, directly under the Eye of a British officer was granted to them, they are now a prosperous people. But their shyness and superstition make them dread any new thing. A few of them took up arms to risist the sensus of 1881.

Arithmetic.

1. A person whose age is 73, was 37 years old at the birth of his eldest son, what is the sons age.

2. What number multiplied by 86 will give the same product as 163 by 430 ?

3. What number is that from which if you deduct $\frac{8}{9} - \frac{3}{7}$ and to the remainder at the quotient if $\frac{2}{15}$ of divided by $2\frac{1}{2}$ the sum will be $1\frac{8}{63}$?

4. The following drugs are to be purchased at the rate marked opposite each.

lb	oz.		s	d
1	10	ammon Carb.	6	1
"	6	Liquor Lyttee	2	"
1	4	Soda	"	$8\frac{3}{4}$

What should be total cost in Indian money, for every 1s—8*d* worth of medicines I pay Re. 1.

5. Quinine is procurable from the public store at 10℔ 16s. 8*d*. per pound, it is sold 14 percent cheaper in the market where only indian money is used, what should I pay for 4oz. of the drug in purchasing it from the latter place 1s. 8*d*. being equivalent to Re. 1.

6. Find a fourth proportional to the numbers 3, 3·75 and 40.

PROFESSIONAL PAPER·

Anatomy.

1. Name the muscles that are inserted in the following places.

(a) Styloid proess of the radius.

(b) Lesser Tuberosity of the head of the Humerus.

(c) Lesser trochantor of the Femer.

(d) Styloid process of the head of the Fibula.

2. Describe the course of the radial artery and name of its branches ?

3. Describe the position of the heart.

Surgery.

1. Give the prognosis and treatment of Erysipelas.

2. Give the symtoms and diagnosis of carbuncle ?

3. Mention the cosequence of the organic Stricture of the urethra if left untreated.

Medicine.

1. Describe the symptoms, complication and treatment of acute Rheumatism.

2. What are the Physical sign and treatment of the effusion stage of Pleurisy.

3. Deseribe the symptoms and treatment of acute Eczema.

Pharmacy.

1. Give the composition of Tint Chloroformi et

morphinæ, Tinct camphora composita, Seidlitz powder, Liquor Plumbi sub acetatis delutus, Liquor arsenicalis. Mixtura Ferri composita. Pilula Hydrargyri sub chloridi Co. Pulvis opii Co.

Materia Medica.

1. Describe the therapeutic effects of aconite Iodine and Mercury.

2. Name some of the best intestinal antiseptics and their uses and doses.

Medical Jurisprudence.

1. Give the principal diagnostic points of death by hanging.

2. Give the symptoms and treatment of a case of arsenical poisoning with post mortem appearances?

3. What are the post mortem signs that will lead you to inform that a fœtus has or has not breathed.

Vaccination.

1. What are the advantages of vaccination over inoculation.

2. What are the signs of successful vaccination first a fewdays and secondly a month after the operation.

Hospital and General Sanitation.

1. How would you describe the excreta, clothing of a patient suffering from cholera, and the room where he was during the illness.

2. What measure would you adopt on the breaking out of Plague in a large town and preventing its spread to other parts of the country.

ENGLISH PAPER.

17th Apail, 1899

1. Multiply.

(a) [illegible] $\frac{3}{7}$ by 3 $\frac{4}{5}$

(b) Rs 347. 6as. 8p. by 36.

2. How many minims are there in 2 quarts.

3. What are the daily averages and percentages of males, females and children if the total number treated in a dispensary in one year are 32471 males, 26341 females and 10341 children.

If a prisoner is allowed 11 chittacks of rice in one day, how much will 352 prisoner eat in 365 days:

Dictation.

Thus not only it is certain that the chalk is the mud of an ancient sea-bottom ; but it is no less certain that the chalk sea existed during an extremely long period, though we may not be prepared to give a precise estimate of the length of that period in years.

The relative duration may not be definable. The attempt to affix any precise date to the period at which the chalk sea began or ended, its existance is baffled by difficulties of the same kind. But the relative age of the cretaceous epoch may be determined with a great ease and certainty as the long duration of that epoch,

PROFESSIONAL PAPER.

Anatomy.

1. Mention and describe the action of the muscles which are connected in the movements of the hip joint.

2. Describe the course, relations and branches of the femoral artery.

3. Describe the Liver; give its situation, relation and general structure.

Surgery.

1. What is septocœmia, give causes, symptoms and treatment.

2. Give the causes, symptoms, and treatment of Perityphlitis?

3. How would you treat a wound of a large artery?

Pharmacy.

1. Give the composition and doses of Pulvis antimonialis, Liquor arsenicalis. Pilula Hidrargyri subchloridi composita. Extractum opii liquidum, Tinctura camphor composita, Tinctura cinchonæ composita.

Materia medica.

1. Classify the Purgatives contained in the British Pharmacopœa, and indicate the mode of action of each.

2. Give the preparation and doses of atropina, Cinchona, Plumbum and Ipecacahana,

Medicine.

1. Give the causes, symptoms and treatment of abscess of the liver.

2. How would you distinguish a case of ascites from other abdominal swellings.

3. What is Diphthiria. Give symptoms and treatment of the disease.

Medl. Jurisprudence.

1. What is rigor mortis. How is it caused and of what value is it in the estimation of the period which has elpased since death.

2. Give the post mortem appearances in a case of death by drowning.

3. Give the symptoms, treatment and post mortem appearances of poisoning by carbolic acid.

Vaccination.

1. For how long a period does successful vaccination protect against small pox.

2. Why is vaccination superior as a preventative against small pox.

Sanitation.

1. What diseases are conveyed by drinking water.

2. Describe the best methods of purifying drinking water.

3. How would you try to prevent the spread of plague in a village if a case happened to be imported.

English.

23rd Octorber, 189

Dictation.

The subterranean sheet of water is at very different depths below the surface in different soils; sometimes it is only 2 or 3 feet from the surface. in other cases as many hundreds. This depends on the compactness or permeability of the soil, the ease or difficulty of out flow, and the existence or not of an impermeable stratum near or far from the surface. The under ground sheet of water is not necessarily horizontal, and in some places it may be brought nearer to the surface than others by peculiarities of ground. The water is in constant movement, in most cases flowing towards the nearest water courses or the sea; the rate of movement has not yet been perfectly determined. In Munich, Pettenkofer reckons the rate as 15 feet daily, the high water in the Elbe moves the ground water in the vicinity at the rate of about 7 or 8 feet daily.

Arithmetic.

1. From $15\frac{3}{8}$ substract $4\frac{5}{7}$

2. Find the area of a rectangular enclosure 20ft. 6in. long and 15ft. 3in. broad.

3. How would you measure the cubical capacity of an ordinary hospital Ward, and how much superficial and cubic space would you allow for each patient.

4. What sum in sterling will you receive for three hundred Rupees, the rate of exchange being one shilling and three pence half penny per Rupee.

5. The daily average attendance of petients at a dispensary comprises males 75·60 females 35·2 and children 63·26 calculate the ratio per cent of each class?

6. Each of a hundred prisoners receive for his

daily ration 13 chittacks of rice, purchased at the rate of two Rupees and seven annas per maund. What quantity of rice will they consume in one year, and what will be the cost.

PROFESSIONAL PAPER.

Anatomy.

1. What are the anatomical relations of the common form of oblique Inguinal Hernia.

2. Describe briefly the origin, course, relations and distribution of the Portal Vein.

3. Give the origin course and distribution of the ulnar nerve.

Surgery.

1. describe a case of dislocation of the head of the femur on to the dorsum ilii, giving the probable cause, the diagnostic signs and the treatment.

2. Give the causes, symptoms and treatment of acute sinovitis.

3. How would you perform an amputation of the thumb at the carpo metacarpal joint.

Medicine.

1. What are the principle causes and varieties of tropical liver abscess? give the symptoms possible. terminations and treatment of abscess of Liver.

2. Give the causes, pathology, symptoms and treatment of chronic Emphysema.

3. Contrast the two chief forms of chronic Bright's disease, as regards symptoms, and Pathology.

Medical Jurisprudence.

1. What are the symptoms, treatment, post mortem appearances in a case of cobra bite.

2. How are wounds inflicted during life distinguished in the post mortem room, five wounds produced after death.

3. What post mortem appearances indicate that death has been caused by strangulation, and what facts would lead you to form the opinion that the act was homicidal.

৮২

Pharmacy.

1. Give the composition and dose of each of the following prescriptions :—

Enema assafœtidæ.
Confectio Sulphuris.
Pilula Ipecacuanhae cum Scilla.
Pulvis cretæ aromaticus cum Opio.
Donovan's solution.
Mistura Sennœ Composita.

when the preparation contains opium, state the proportion.

Materia Medica.

1. Enumerate the more important stimulating expectorants, giving the dose and mode of action of each? Unite a prescription for a stimulating cough mixture.

2. Give the doses and uses of the following medicines and mention the disadvantages which may attend their continued use.

Digitalis and its preparations, Bromide of Potassium and Hydrate of chloral.

Hospital and General Sanitation.

1. To what causes may an out break of Dysentery among the inmates of a jail be due, and what sanitary measures would you adopt to check it.

2. In the event of a case of a plague being imported into a municipality, how would you diagnose the disease, and what sanitary measures would you recommend.

Vaccination.

1. Describe the operation of vaccinating a calf. What advantages has the use of calf lymph over that of humanised lymph.

2. Before what age should a child be vaccinated. Give reasons for preferring six pocks to four.

'is

অশুদ্ধ সংশোধন।

পৃষ্ঠা	পংক্তি	অশুদ্ধ	শুদ্ধ
১২	১৮	মির্ডকস	মিউকস্
১৪	২৩	ভিষ্টিল্ড	ডিষ্টিল্ড
১৫	২৩	অক্সট্রাক্ট	এক্সট্রাক্ট
২৪	৬	লাইয়া	লইয়া
৩৮	১২	এসেন্সি	এসেন্সিএল
৪০	৬	Tinetnre	Tincture
৪৯	২১	শুন	শুন
৪৯	২২	অপাংরেশন	অপারেশন
৫০	১	হর	হয়
৫১	২১	শুষ্ক	শুষ্ক
৫১	২৩	চর্ণ	চূর্ণ
৬৫	১৬	গ্রাভিটি	গ্রাভিটি
৭২	১১	এলকোল	এলকোহল
৭২	২৩	এলকেলয়েভ	এলকেলয়েড
৭৫	১৪	ওয়াটায়	ওয়াটার
১০১	১৪	ডিল ফট	ডিল ফুট
১০১	১২	উদরার্দ্ধীনে	উদরাদ্ধানে
১০৩	২২	সলিইশন	সলিউশন
১২০	১৭	ডায়েকোবেটিক	ডায়েফোরেটীক
১২৫	২	এললোহল	এলকোহল
১৩২	১৪	এক্সট্রাক্টের	এক্সট্রাক্টের
১৪৪	৫	ভিকিডি	ভিরিডি
১৪৫	৪	এল:কয়েডস	এলকেলয়েডস্
১৪৬	১০	এক্সট্রাক্স:ক্ট	এক্সট্রাক্ট
১৪৭	১	কেম্বর	কেম্ফর
১৪৭	১৯	কি, নে, মি	কি, সে, মি
১৬২	২৩	আবস্ক ক	আবশ্যক

পৃষ্ঠা	পংক্তি	অশুদ্ধ	শুদ্ধ
১৬৪	৪	[illegible]	অয়েল
১৬৫	১৭	বোগ	যোগ
১৬৬	২২	পর্য্যান্ট	পর্য্যন্ত
১৭৮	৩	ব্যবগারে	ব্যবহারে
১৮২	১১	মিনিধ	মিনিট
১৮৭	৮	পর্য্যন্ট	পর্য্যন্ত
২০২	১৪	হইতে	ইহাতে
২১০	১	ইনসহেশন	ইনহেলেশন
২১০	২	দি লস	দি লাং
২১০	১৩	চর্ণ	চূর্ণ
২১১	১০	গন্ধ	মন্ধ
২১৩	৮	Milk suga	Milk sugar
২১৪	২৩	চর্ণ	চূর্ণ
২১৬	১২	Corbur oil	Cod Liver oil
২১৮	১১	ককসক্যাফটাই	ককসক্যাকটাই
২২৩	২৪	এক্সাট্রাক্ট	এক্সট্রাক্ট
২২২	১১	chemcal	chemical
২২৩	৩	করোসিড	করোসিভ
২৩৫	১৮	ক্লকহ	ব্লাক হ
২৩৮	৭	ঘণ্টাস্তরে	ঘণ্টান্তরে
২৪০	১৩	নধুর	মধুর
২৪২	১১	ভাউন্স	আউন্স